সমর্থন করেছেন, সে কথাও তিনি বলেছেন এবং এই সমর্থনের পরিপ্রেক্ষিতে সরকারের নীতিগুলিকে জনগণ গ্রহণ করেছেন, সমর্থনও করেছেন, সে কথাও তিনি বলেছেন। অবশ্য তাঁর এই দাবী সম্পূর্ণভাবে অস্বীকার করার কোন কারণ নাই। এ সত্য আমি স্বীকার করি যে, পশ্চিম বাংলায় বিগত লোকসভা নির্বাচনে বামপন্থী বন্ধুরা বিপুল ভেটে জয়ী হয়েছেন। তারা যদি সমর্থন দাবী করেন, সেই দাবীকে অস্বীকার করার অস্ততঃপক্ষে কোন কারণ আছে বলে আমি মনে করি না। নিঃসন্দেহে তাঁরা আত্মপ্রসাদ লাভ করতে পারেন। একথা বলি যে নির্বাচনে যে রাষ্ট্রীয় যজ্ঞের অশ্বমেধ ঘোডা সারা ভারতবর্ষে উত্তাল বেগে ছুটে চলেছে, নিঃসন্দেহে পশ্চিমবঙ্গে সরকার পক্ষের মানুযেরা সেই ঘোডার গতি রোধ করেছে এবং নিঃসন্দেহে সেই গতি রোধের মাধ্যমে তাঁরা এখানে প্রমাণ করেছে যে তাঁদের সমর্থন আছে। কিন্তু সঙ্গে সঙ্গে যদি দেখতাম যে তাঁদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই, নির্বাচন সষ্ঠভাবে সম্পন্ন হয়েছে, বৈধভাবে শান্তিপূর্ণ ভাবে হয়েছে, এমন কথা যদি বলতে পারতাম, বলার যুক্তি সঙ্গত কারণ থাকত, তাহলে আমি আরও আনন্দিত হতাম এবং সরকার পক্ষের বিজয়কে আন্তরিক অভিনন্দন জানাতাম। কিন্তু দুঃখের সঙ্গে বলছি, তাঁরা হয়ত রিগিং করেননি, হয়ত প্রকাশ্যে অবৈধ নির্বাচনের ব্যবস্থা করেননি, হয়ত অপারেশনের ছরিটা চালাবার সময়, আনাডীর মত হাত চালাননি, কিন্তু বৈজ্ঞানিক যে ভোটারলিস্ট তাঁরা তৈরী করে ছিলেন, যার উপর দাঁডিয়ে তাঁরা নির্বাচন করেছেন, তার সম্বন্ধে বলবার, কোন বক্তবা রাখার স্যোগ নাই, এমন কথা নিশ্চয়ই রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে বলবার কোন যুক্তিসঙ্গত কারণ নেই। কারণ একথা সতা যে, যে ভোটার লিস্টের ভিত্তি করে তাঁরা ভোট পেয়েছেন, জনগণের সমর্থনের কথা वलाइन. এই ভোটাররা জনগণেব একটা বিরাট অংশ থেকে. জননী জঠর থেকে ভমিষ্ঠ হয়নি. আপনাদের দলীয় স্তরে সৃষ্ট হয়েছে। তাতে কোন সন্দেহ নাই এবং সেই মানুষগুলিকে দিয়ে আপনারা ভোট দেওয়াতে চেয়েছেন, সঙ্গে সঙ্গে একথাও সত্য অনেক নাবালককে রাতারাতি সাবালক করে ফেলেছেন, ১২/১৩ বছরের মানুযদেব ভোটার করেছেন এবং তাদের ভোটের মধ্যে আপনারা জনসমর্থন খঁজেছেন, সেকথাও সতা। তার উপর একথা বলতে আমি বাধা, আমার অভিজ্ঞতার ভিতর দিয়ে আমি বলবো শেষ পর্যন্ত ফাইনাল যে ভোটার লিস্ট আপনারা আমাদের কাছে দিয়েছেন, প্রার্থীদের কাছে দিয়েছেন, শেষ পর্যন্ত সেই ভোটার লিস্ট অনসারে ভোট হয়নি। কারণ আমরা বুথে বুথে ঘুরেছি পোলিং অফিসাররা যে ভোটার লিস্ট আমাদের जूल पिराह, भरे ভागित निरम्देत भर्धा मन्त्र्र्ण ভाবে कांग्रेक्टि करत, नान कानि চानिस्य ভিন্ন একটা ভোটার লিস্ট তৈরী করা হয়েছে। সেই কালি চালাল কে, বাদ দিল কে, কোন নিয়মে, কেনই বা দিল, তার কোন জবাব কোথাও পেলাম না। অর্থাৎ ভোটার লিস্টের মধ্যে কারসাজি ছিল এই কথা বলে যদি অভিযোগ করি, সেই অভিযোগকে খন্ডন করার কোন যক্তি আপনাদের নাই।

তবুও আমি বলছি, এই ভোটার লিস্টের পরিপ্রেক্ষিতে আপনাদের জয়কে আমি ছোট করে দেখতে চাই না, আপনাদের জনসমর্থনকে নিন্দা করতে চাই না, আপনাদের জয়কে অভিনন্দন জানাতে চাই, তথাপি বলব, ভোটার লিস্ট সুষ্ঠু করে, সঙ্গত করে, নিয়ম মাফিক করে, সকলের গোচরে এনে যদি আপনারা জয়ী হতেন তাহলে সেই জয়কে আরো অধিক আনন্দের সঙ্গে আমরা অভিনন্দন জানাতে পারতাম, কিন্তু আমরা তা পারি নি। এই ভোটার লিস্টের পরিপ্রেক্ষিতে বিজয়ের মধ্যে দিয়ে আপনারা একটি কথা বলেছেন, রাজ্যপালের

ভাষণের মধ্যেও সে কথার অভিব্যক্তি পাওয়া গিয়েছে যে এই ভোটার লিস্টের মাধামে যে ভোট সেই ভোটের মাধ্যমে নাকি আপনাদের সমস্ত কার্যক্রম সমস্ত নিয়মকানুন, শাসন ব্যবস্থাকে সমর্থন জানিয়েছেন জনগণ। যদি তাই হয় তাহলে আমি মনে করবো, আপনারা বলতে চান, লোকসভার নির্বাচনের ইস্যু আর বিধানসভার নির্বাচনের ইস্যু এক, এই দুয়ের মধ্যে কোন তফাৎ নেই। অতএব লোকসভার নির্বাচনে যদি আপনারা ভোট পান তাহলে তার দ্বারা প্রমাণ হয়ে যাবে যে বিধানসভায় আপনারা যে কার্য পরিচালনা করেন, রাজ্যসরকার হিসাবে আপনারা যা করেন তা জনসাধারণ সমর্থন করেন। কিন্তু তা নিশ্চয় নয়। আজকে তারই যুক্তিতে অনেক বিধানসভা বাতিল হয়ে গেল, সংবিধান পদদলিত হ'ল যে লোকসভার নির্বাচনের ভোট যেহেতু প্রমাণ করে যে সেখানকার রাজ্য সরকারী দল ভোট পান নি অতএব তাদের বিধান সভায় থাকবার, রাজ্য সরকার পরিচালনা করবার অধিকার নেই। নৈতিক বা রাজনৈতিক কোন অধিকারই নেই। এই যুক্তি যদি হয়— অবশ্য পুরানো দিনের কথা এই বিধান সভায় বলা যায়। ১৯৬৭ সালের নির্বাচনের কথা নিশ্চয় আপনারা স্মরণ করতে পারবেন। সেদিনকার নির্বাচনে কেন্দ্রে কংগ্রেসী সরকার ছিল কিন্তু প্রায় সমস্ত ভারতবর্ষের রাজ্য সরকারই অকংগ্রেসী সরকার জনসমর্থনের দ্বারা, ভোটের দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল। সেখানে জনগণ রাজ্য সরকার গঠনের সময় এই সমস্ত অকংগ্রেসী দলকেই সমর্থন করেছিল। তা করেছিল বলে তদানিস্তন কংগ্রেসী কেন্দ্রীয় সরকার কিন্তু পদত্যাগ করতে চান নি, কোন কারণও খুঁজে পান নি। জনমত যে তাঁদের বিরুদ্ধে গিয়েছে এই সমস্ত কোন যুক্তিই তাঁরা স্বীকার করেন নি। তাই আমাদের যুক্তিগুলি স্থির করার সময় ভাবা দরকার যে বিধানসভার নির্বাচন আর লোকসভার নির্বাচন এর মধ্যে আদর্শগও, মূলগত, লক্ষ্যগত কোন পার্থক্য আছে, না নেই। যদি না থাকে তাহলে নিশ্চয় রাজ্যপালের ভাষণ যুক্তিযুক্ত, আমি সে সম্বন্ধে কিছু বলব না। কিন্তু দঃখের সঙ্গে আরো একটি কথা রাজ্যপালের ভাষণ থেকে আমি আপনাদের সামনে রাখতে চাইবো। রাজাপাল মহাশয় তার ভাষণে এই নির্বাচনের কথা বলতে বলতে এ' জনতা সরকার ১৯৭৭ সালে যা প্রতিষ্ঠিত হয়েছিল—তার নাম করে বলেন নি—সেই সরকার বেশিদিন টেকে নি. তার সংবিধান সম্মত প্রমায় সে লাভ করতে পারে নি একথা বলেছেন। পরমায় সে লাভ করে নি তা তো জানা কথা, তা করে নি তাই তো নির্বাচন হয়েছে কিন্তু কেন সংবিধান সম্মত পরমায়ু সে লাভ করে নি তার কথাও নিঃসন্দেহে আজকে চিন্তা করবার কারণ আছে। আজকে আমাদের বামপণ্ডী বন্ধরা, যাঁরা সরকার পরিচালনা করছেন, যার প্রতিভ্রূপে রাজ্যপাল এই ভাষণ রেখেছেন এবং যে ভাষণের পরিপ্রেক্ষিতে আমরা জনতা পার্টির পক্ষ থেকে আমাদের বক্তব্য রাখবার জন্য দাঁড়িয়েছে তাঁদের কাছে আমি জিজ্ঞাসা করি বিবেকের কাছে তারা নিঃসন্দেহে জবাবদিহি করবেন, না করবেন না যে জনতা সরকারের অকাল পতনের জনা কেবলমাত্র দলত্যাগ দায়ী, না তাঁদেরও কোন ভূমিকা ছিল। তাঁরা যদি সেদিন ভিন্ন দৃষ্টিভঙ্গীর পরিচয় দিতেন, তারা যদি সেদিন জনতা সরকারকে তার সম্পর্ণ পরমায় দেবার জন্য প্রস্তুত থাকতেন তাংলে বোধ করি আজকে ভিন্ন দৃশ্য দেখা যেত। আজকে হয়ত কাউকে আর্তনাদ করতে ২'ত না যে স্বৈরতন্ত্র মাথাচাড়া দিয়ে উঠেছে, বলা যেত না, গণতন্ত্র বিপন্ন হয়েছে। কিন্তু তা তো আমরা দেখিনি। অতএব আজকে সেই নীতির কথা ভাববেন, তা ভাববার অবকাশ আছে বলে আমি ব্যক্তিগত ভাবে মনে করি এবং আমি সেকথাই আপনাদের কাছে বলব। মাননীয় রাজ্যপাল

মহাশয় তাঁর ভাষণে এই পরিবর্তিত পরিবেশে নির্বাচন এবং কেন্দ্র, রাজ্য সম্পর্কের কথা আবার বলেছেন। তিনি তাঁর সরকারের পক্ষ থেকে তাঁর বক্তব্য রেখেছেন যে কেন্দ্র রাজ্যের সম্পর্কের পুনর্বিন্যাস হওয়া প্রয়োজন।

## [2-20 - 2-30 P.M.]

নিঃসন্দেহে তাঁর সেই বক্তব্যকে আমরা সম্পূর্ণ ভাবে সমর্থন কবি, অতীতেও করেছি। আজকে পরিবর্তিত পরিবেশের সাথে, এই নির্বাচনের পরিপেরিক্ষিতে নয়, সমস্ত রাজনৈতিক পরিবেশের মধ্য দিয়ে সতাই আমাদের সামনে এটা প্রকট যে যুক্ত রাষ্ট্রীয় কাঠামোকে মর্যাদা **দিতে হবে, কেন্দ্ররাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস** করতে হবে এবং যে দাবী বাজাপাল তাঁর সরকারের প্রতিনিধিরূপে করেছেন যে অধিক অর্থ, অধিক ক্ষমতা রাজ্যের হাতে দিতে হবে, তাতে আমাদের কোন আপত্তি নেই এবং তাঁর কথাকে আমরা সম্পূর্ণভাবে সমর্থন করি। ভারতবর্ষের ভিন্ন ভিন্ন দলীয় সহবস্থান যদি আমাদেব কামা হয়, যদি আমরা এক দলীয় শাসন চালাতে না চাই, আমরা যদি না চাই স্বৈরতন্ত্রী শক্তি মাথা তুলে দাঁডাক, কেন্দ্র রাজা সর্বত্রই একই দলের সরকার, একই নেতৃত্বাধীন সবকার পরিচালিত হবে— এইটা যদি আমরা না চাই—আমরা যদি চাই সমস্ত দলের অধিকাব থাকবে, গণতান্ত্রিক অধিকার থাকবে জনগণের সামনে গিয়ে উপস্থিত হয়ে তাদের বক্তব্য রাখবার, তাদের আদর্শ ব্যাখ্যা করবার এবং তার মধ্য দিয়ে সমস্ত দলের সরকার ভিন্ন ভিন্ন রাজ্যে হতে পাবে, যেমন আমাদের ভারতবর্ষে নানা ভাষা, নানা সংস্কৃতি, নানা রকম চিন্তা, নানা ধর্মের সন্মোলন আছে, তেমনি বিভিন্ন দল তারা যদি পারেন জনমত সমর্থন সংগ্রহ করতে তাহলে তারা নিশ্চয় ভিন্ন ভিন্ন বাজ্যে ভিন্ন ভিন্ন সরকার পবিচালিত করতে পারেন। কিন্তু তাবা অবংগ্রেসী সবকার বলে আজকে যদি কেন্দ্রীয় কংগ্রেস(ই) সরকার তাদের বাতিল করে দিতে চান, যদি কোন কোন অজহাত যক্তি দিয়ে তাদের সম্পূর্ণ ভাবে বাতিল করে আবার তার দলেব সরকার প্রতিষ্ঠার পথ প্রশস্ত করেন তাহলে আমি মনে করি গণতম্ব বিপন্ন হবে, আমাদেব সাংবিধানিক অধিকার পদদলিত হবে. ভারতবর্ষের সংহতি বিপন্ন হবে। কাজেই নিঃসন্দেহে বাজাপালেব এই বক্তবোর সঙ্গে আমরা সম্পূর্ণ একমত। কিন্তু অতীতেও বছবার এই বিধানসভা-কক্ষে বলেছি, আজ আবার বলি যে, কখন কখন কৃতি যদি কিছু লাভ করেন, সুকৃতি যদি অর্জন করেন, সাফল্য অর্জন করেন তার জন্য তখন রাজ্যসরকার দাবী করেন এই সাফলাটুকু আমাদের, আর বার্থতাটুক্ অসাফল্যটুকু তার দায় দায়িত্ব কেন্দ্রীয় সরকারেব ঘাড়ে বেখে যদি অধিক অর্থের কথা বলেন বা সাংবিধানিক সীমাবদ্ধতার কথা শোনান তাহলে নিশ্চয় তা সৃত্ব সং রাজনীতির পরিচায়ক নয়। যেমন গত নির্বাচনে আমরা দেখেছি বামপন্থী বন্ধুরা ভোটারদের কাছে গেছে। কাজের বিনিময়ে খাদা প্রকল্প, ফুড ফর ওয়ার্ক স্কীম—এই স্কীমের সমস্থ কৃতিস্কুট্রক তারা দাবী করেছেন, জনগণের কাছে এর জনা তারা ভোট চেয়েছেন। গ্রামে গ্রামে গিয়ে মানুষকে বুঝিয়েছেন যে যদি আমাদের জয়ী ন। করেন, যদি আমাদের ভোট না দেন তাহলে কাজের বিনিময়ে খাদ্য প্রকল্প বানচাল হয়ে যবে। তারা এই কথা বহু স্থানে বলেছেন। কিন্তু কই তথন তো তারা স্মরণ করেন নি এই ফুড ফর ওয়ার্ক স্কীম এটা আমাদের নয়, এটা কেন্দ্রের জনতা সরকারের স্কীম—কই এই কথা তো বলেন নি? কাজেই কেন্দ্র রাজ্য সম্পর্কেব পুনর্বিন্যাস করবেন, অধিক ক্ষমতা চাইবেন, অধিক অর্থ চাইবেন, আর কেন্দ্রের কাছে যখন কোন ঋণ স্বীকারের

আবশ্যকতা দেখা দেবে তখন নিজেরা অনায়াসে কেন্দ্রকে অম্বীকার করে সমস্ত কৃতিজুটুকু গ্রহণ করবেন, এটা কিন্তু ঠিক নয়। অতএব আমরা নিশ্চয় বলব সমস্ত সম্পর্ক-এর পুনর্বিন্যাস হোক। কিন্তু শুধু সৎ ও বাস্তব সম্মত রাজনীতির উপর দাঁডিয়ে এই সমস্যাব সমাধান করতে চাইবেন। মুনাফা লোটবার মানসিকতা বেশি দিন মানুষ বরদান্ত করেন না, এটা আমাদেব ভাল করে বোঝা দরকার। আজকে রাজাপালের ভাষণের মধ্যে নিতা প্রয়োজনীয় দ্রবামূলা বৃদ্ধির কথা আছে। চাল চিনি কেরসিন প্রভৃতি বস্তু একটা জাতীয় নীতির ভিত্তিতে কেন্দ্র থেকে নিয়ন্ত্রণ ও সরবরাহের কথা রাজ্যপাল ঘোষণা করেছেন। আমরা তাঁর সঙ্গে একমত, এতে কারও কোনও দ্বিমত নাই। এটা সতাই একটা জাতীয় নীতিব দারা পরিচালিত হওযা উচিত এবং কেন্দ্র তার নিশ্চয় করতে পারেন। যদি বন্টন বাবস্থা নিবপেক্ষ হয় সমস্ত বাজাগুলি সমান সুযোগ পায় তাহলে নিশ্চয তার মধা দিয়ে একটা সমস্যা সমাধান হতে পারে। একথা বলা বাছলা যদি এমন ভাবে নিতা প্রয়োজনীয় দ্রবা এমন ভাবে বাড়তে থাকে তাহলে যত ব্যবস্থা করুন না কেন যত ভাতাই দিন না কোন কোন ফল হবে না। আপনারা ভাতার পর ভাতা বাডাচ্ছেন, মায়ীভাতা বাডাচ্ছেন, বেকাব ভাতা বাডিয়েছেন তার সঙ্গে সঙ্গে বিধবা ভাতা, আবার হয়তো সধবা ভাতাও করবেন। কিন্তু যত বকম ভাতাই করন না কেন, আর যত ভাতাই বাড়ান না কেন নিতা প্রয়োজনীয় দ্রব্যের যদি এমন করে মূল্য বৃদ্ধি হতে থাকে তাহলে কোন ভাতা দিয়ে এই সমস্যার সমাধান করতে পারবেন না। মূল্যমানকে স্থিতিশীল করতে হবে ক্রমাগত তাকে কমিয়ে দেবাব বাবস্থা আজকে নিশ্চয গ্রহণ করতে হবে। নির্বাচন প্রাক্তালে ইন্দির্য গান্ধীর দল যখন জয়ী হয়েছিল তখন সংবাদ পত্র থেকে আবন্ড করে চার্বিদিকে এমন ধবনের একটা মনোভাব সৃষ্টি হয়ে গেল যে মাননীয়া ইন্দিবা গান্ধী আসছেন তিনি প্রধান মন্ত্রী হবেন অতএব সব জিনিসের দাম কমে যাবে এবং সংবাদ পত্রেও আমরা দেখেছি দাম সৰ কমে যাছে। কিন্তু আজ তিনি প্ৰধান মন্ত্ৰী হয়েছেন বৰ্তমানে শাসন ভাব গ্রহণ করেছেন—কিন্তু সতা সত্যিই কি জিনিস পত্রের দাম কমছে গান, ক্রমাগত দাম বেডেই চলেছে। আজকে চিনির অবস্থা দেখলে সেই রবীন্দ্র নাথের গানের কথা মনে পড়ে যায়। ''আমি চিনি গো চিনি ওগো বিদেশীনি''। এই পবিস্থিতি আজকে দাঁডিয়েছে। আজকে এই প্রশ্ন জনতা পার্টির নয়, ইন্দিরা গান্ধীর নয়, মাননীয় সাতার সাহেবের কথা নয় কিন্তু একথা অবশাই ঠিক যে দেশের কোটি কোটি মানুষগুলো তারা তাদেব নিতা প্রয়োজনীয় দ্রব্য ক্রয় করতে পারছে না। তার দাম তাদের ক্ষমতার পুরোপুনি বাইবে চলে যাচ্ছে। আজকে তা নিয়ান্ত্রণ করতে হবে এবং তার সমস্ত রকম ব্যবস্থা করবার জনা কেন্দ্রকে বাস্তবানুগ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তা কবা সম্ভব। এই প্রসঙ্গে মাননীয় রাজ্যপাল একটি বিষয়ের প্রতি ইঙ্গিত দিয়েছেন—কিন্তু তিনি স্পষ্ট করে বলেন নি তা জানি না। তিনি বলেছেন এই যে সমস্ত অসাধু ব্যবসায়ী মুনাফাখোর, যারা দাম বাড়িয়ে দেয় সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসের, তাদের বিনা বিচারে আটক আইন নয় এই যে সমস্ত আইন রয়েছে এই সব আইন যদি ভালভাবে প্রয়োগ করা যায় তাহলে তার মধ্য দিয়ে এই জিনিসের মোকাবিলা করতে পারেন। এখানেও আমরা রাজ্যপালের বিরোধিতা করতে চাই না। কারণ বিনা বিচারে মানুষকে আটক করে রাখা এটা জনতা পার্টি সমর্থন করে না। কারণ বিনা বিচারে আটক আইনের ইতিহাস আমরা আমাদের অভিজ্ঞতা দিয়ে দেখেছি। মিসা আইন সমাজ বিরোধীদের আটক করার জন্য তৈরী হোল। কিন্তু দেখা গেল সে আইন বাজনৈতিক কর্মীদের উপর

প্রয়োগ হোল। তা দিয়ে রাজনৈতিক উদ্দেশ্য সাধিত হোল। সমাজ বিরোধীদের সংযত করবার কোন প্রচেষ্টা সেই আইন দিয়ে তেমন হয় নি। কাজেই অসাধু ব্যবসায়ী বিচারহীন ভাবে আটকে থাকুক এটা আমরা চাই না। কারণ সেখানে ভয়ের এবং আশক্ষা করবার যথেষ্ট কারণ আছে। আমরা মনে করি মানুষের গণতান্ত্রিক অধিকার এতে বিপন্ন হবে। রাজ্যপাল মহাশয়ের বক্তৃতার মধ্যে এটা একটা ইঙ্গিত হলেও এটা আমরা সমর্থন করি। কিন্তু একটা কথা নিঃসন্দেহে বলতে পারি যে সমস্ত অসাধু ব্যবসায়ী আছে, মুনাফাখোর আছে যারা দাম বাড়িয়ে দেবার চক্রান্ত করছে জিনিস পত্র বাইরে পাঠিয়ে দেবার চক্রান্ত করছে আজ পর্যন্ত বামপন্থী বন্ধর। কয় জনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছেন।

## [2-30 - 2-40 P.M.]

একজন অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে এই যে সমস্ত বর্তমান আইন আছে তার কোন ব্যবহার করেছেন? করেন নি। কোথাও প্রয়োজনীয় যে সব ব্যবস্থা আছে তা নেবেন না। বর্তমান আইনে সম্ভব বলবেন, তার সুযোগ নেবেন না, আটক আইন তার বিরুদ্ধে বলবেন-এই দুয়ের মাঝখানে আপোষ হয় না। এই আইন হয় প্রয়োগ করুন তাদের গ্রেপ্তার করুন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন এবং দেখান যে হাাঁ, এই আইন প্রয়োগ করতে পারি, আটক আইনের আবশ্যকতা নেই। কিন্তু তাও করবেন না, এও করবেন না। এই দুয়ের মাঝখানে নিশ্চয়ই কোন আপোষ হয় না। রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে আইন শৃঙ্খলার কথা বলেছেন আইন শৃঙ্খলার সম্পূর্ণ ভাবে সম্ভোষ জনক অপরাধ নিয়ন্ত্রনাধীন ইত্যাদি অনেক কথা বলেছেন। আমি বিশদ বলবো না, বলবার অবকাশ এখানে নেই। যদি রাজ্যপালের ভাষণগুলিকে সমর্থন করতে পারতাম, ঘটনা যদি রাজ্যপালের ভাষণকে সমর্থন করতো তাহলে আমি খুশী হতাম। কিন্তু এমন দিন আমি কখনও খুঁজে পাইনি—যদি না প্রাত্যহিক সংবাদ পত্রে অজত্র আইন শুঝুলার বিপর্যয়ের কাহিনী আমাদের সামনে না আনতো। প্রতিদিন অজত্র রাহাজানী, ডাকাতি, খন কত রকম ঘটনার কথা আমরা শুনি। আজকে কাগজে পডলাম পুলিশ অফিসার বলছেন, এজরা থানাতে যে ঘটনা ঘটেছে সেই ঘটনার দায়িত্ব আমাদের বামপন্থী বন্ধদের উপর পুলিশ দিয়েছে। মাননীয় পুলিশ মন্ত্রীর অধীনে পুলিশ অফিসার তারই দলের বিরুদ্ধে এই অভিযোগ এনেছেন। অতএব সব উডিয়ে দেওয়া যাবে না। কোর্টে দাঁডিয়ে ধর্ষিতা নারী সেই সমস্ত অপরাধীদের চিনতে পারছে কিন্তু সনাক্ত করতে সাহস পাচেছ না। এই ২৮েছ রাজনৈতিক পরিস্থিতি। আই. জি'র গাড়ী চুরি হয়ে যায় এবং সেই গাড়ীতে করে যবকরা রিভলবার নিয়ে গিয়ে ডাকাতি করে। আই. জি'র গাডিতে করে ডাকাত চলে যায় পলিশ তাদের ধরতে পারে না, পলিশ তাদের বাধা দিতে পারে না। কালকে যদি শুনি যে মুখ্যমন্ত্রীর গাড়ি চুরি হয়ে গেছে গ্যারেজ থেকে এবং সেই গাড়ি নিয়ে গিয়ে ডাকাতি হয়েছে, খুন হয়েছে তাহলে বিশ্মিত হব না। এই যে অবস্থা, এই অবস্থার প্রতিকার করুন। আমি নিশ্চয়ই এই ভিত্তিতে আইন শৃঙ্খলার কারণে এই সরকারের পতন ঘটাবার, এই বিধানসভা বাতিল করবার জন্য যারা ক্ষেত্র প্রস্তুত করতে চাচ্ছেন তাদের সমর্থনের জন্য বক্তব্য রাখছি না। আমার বক্তব্য আপনাদের কাছে শুধু সমর্থনের জন্য নয়। আমার বক্তব্য হচ্ছে সরকারের কাছে যে এর পরিবর্তন করুন, শান্তি ফিরিয়ে আনুন, মানুষকে আস্বস্ত করুন, মানুষকে নিরাপত্তা প্রদান করুন। আইন শৃঙ্খলার সত্যি সত্যি অবনতি ঘটেছে এটা স্বীকার করে তার

প্রয়োজনীয় উন্নতির জন্য তৎপর হন। নতুবা শুধু কথা বলে বা আমাদের পরিসংখ্যান বিশারদ সরকারী পক্ষের বন্ধু অশোকবাবু একটার পর একটা পরিসংখ্যান দাখীল করে বোঝাবেন যে অন্যান্য সকল রাজ্যের থেকে এখানে খুনের সংখ্যা অনেক কম, ডাকাতির সংখ্যা অনেক কম, ধর্ষণের সংখ্যা অনেক কম, অতএব আইন শৃঙালা সব রাজা থেকে এখানে ভাল। আমি সেই পরিসংখ্যানের মধ্যে যাব না, তুলনা করতেও যাব না—এর চেয়ে অনা কোন রাজ্যে নিকৃষ্ট আইন শৃঙ্খলার পরিস্থিতি—এই সংবাদ আমাকে আম্বস্ত করে না. আনন্দিত করে না, আমাকে তৃপ্তি দেয় না। আমি পশ্চিমবাংলার মানুষ, পশ্চিমবাংলার একজন বিধান সভার সদস্য রূপে আমি নিশ্চয়ই আপনার কাছে এই দাবী উপস্থাপিত করবো যে অনা রাজো যা ঘটে ঘটক পশ্চিমবাংলাকে সৃষ্ট করুন, শান্তিপূর্ণ করুন, মানুষের গণতান্ত্রিক অধিকারকে সরক্ষিত করুন। তা না হলে শুধু আইন শৃঙ্খলা ভাল এই দাবী করে মানুষকে বিভ্রান্ত করে লাভ নেই। এই আইন শৃঙ্খলা পরিস্থিতির মধ্যে রাজ্যপাল তাঁর ভাষণে একটা আত্মতৃপ্তি প্রকাশ করেছেন যা নিঃসন্দেহে বাস্তব সম্মত বলে মনে করি। সঙ্গত কারণেই বলেছেন, এখানে অন্য রাজ্যের, প্রতিবেশি রাজ্যের দিকে দৃষ্টিপাত করে তিনি বলেছেন যে পশ্চিমবাংলায় কোন দাঙ্গা, ভাষাগত দাঙ্গা হচ্ছে না, সেই অশান্তি নেই, অন্যান্য রাজ্যের দিকে দষ্টিপাত করে বলেছেন পশ্চিমবাংলায় হরিজন, অবহেলিত তফসিলী ভাইবোনেদের উপর অত্যাচার হচ্ছে না। তিনি আরও বলেছেন যে সম্প্রদায়গত দাঙ্গা পশ্চিমবাংলায় উল্লেখযোগ্য নয়। যদি কিছু কোথাও ঘটে থাকে আমার পুলিশ তৎক্ষনাৎ তার বাবস্থা করেছেন। আমি এখানে রাজ্যপালের ভাষণের বিরুদ্ধে কোন বক্তবা রাখতে চাইবো না। আসামে যা ঘটেছে. মেঘালয়ে যা ঘটেছে, এমন ঘটনা পশ্চিমবাংলায় নিশ্চয়ই ঘটবে না এবং সেই ঘটনার প্রতিক্রিয়ার এখানে কোন হিংসাশ্রয়ী রূপ অশান্ত রূপ নেয়নি এই কথা সতা। কাজেই এ সম্পর্কে নিশ্চয়ই রাজ্যপাল আত্মতন্তি লাভ করতে পারেন। কিন্তু তার জন্য সরকার যতটুকু দায়ী, আমি মনে করি পশ্চিমবঙ্গের মানসিকতা, পশ্চিমবাংলার ঐতিহ্য, পশ্চিমবাংলার পরস্পরতার জন্য অনেক বেশি দায়ী। কারণ আমাদের দেশে হরিজন সমস্যা কোনও দিন ছিল বলে আমার জানা নেই। হরিজনদের উপর অভ্যাচার তাই এখানে ঘটে না. পশ্চিমবাংলায় ঘটতে পারে না তেমন করে, যেমন অন্যান্য রাজ্যে ঘটে। জাত পাত আমাদের দেশে নেই। পশ্চিমবাংলার সেই ঐতিহ্যের জনা, সেই মানসিকতার জনা আমরা নিঃসন্দেহে সকলে গর্বিত। আমার সরকার গর্ব বোধ করুন আপত্তি নেই কিন্তু এর কৃতিত্ব সবটুকু তাঁরা দাবী করলে সত্যের অপলাপ হবে এই কথাটুকু বলতে চাইবো। কিন্তু আমি জানি না এই বিধান সভায় আসামের এই দাঙ্গা সম্বন্ধে বাঙ্গালী খেদা সম্পর্কে, বাংলা ভাষা ভাষী মানুষের উপর এই অত্যাচার সম্পর্কে তেমন কোন বক্তব্য কেউ রাখতে পারছেন কি না, পারবেন কি না। কিন্তু আমরা কত কাল শুধু এ' ভাবে একটা কথার কথা বলে সংখ্যালঘু ভাষীদের উপর অত্যাচার হচ্ছে এই কথাগুলো বলে ভাষাগত ভাবে সংখ্যালঘু মানুষের উপর নির্যাতন হচ্ছে এই কথাগুলো শুধ বলে যাবো আমরা প্রাদেশিকতা চাই না, সংকীর্ণতা চাই না, একটি মাত্র ভাষায় কথা বলা নিশ্চয়ই চাই না, মাতৃভাষা সম্বন্ধে যত গৌরব আমাদের থাক, তথাপি মাতৃভাষা ছাড়া অন্য ভাষার প্রতি কোন বিরূপ মনোভাব পোষণ করা নিশ্চয়ই আমাদের কর্ত্তব্য নয়, আমরা তা চাইও না। কিন্তু বাংলা ভাষা বলি বলে একটি রাজ্যের মানুষ যদি অত্যাচারিত হয়—এই কটা কথা আজকে এসেছে 'বিদেশী' এই কথাটা নৃতন ভাবে আমদানি করা হয়েছে। অতীতে আমরা বাঙ্গালী খেদা আন্দোলন দেখেছি, আজকে তার নুতন এডিশন বেরিয়েছে, বিদেশী হসাও আন্দোলন। থাসলে সেই বাংলা ভাষাভাষী মানুষের উপর অত্যাচার, বাঙ্গালী খেদা আন্দোলন, এই চলছে। এর বিকদ্ধে নিশ্চয়ই প্রতিবাদ করা প্রয়োজন। প্রয়োজন শুধু বাঙ্গালীর জনা নয়, বাংলা ভাষার জন্য নয়, বাংলা ভাষা কারোর প্রষ্ঠপোষকতার প্রতীক্ষা করে না, এই সতা সর্বজন বিদিত। কিন্তু প্রয়োজন আসামের জনা, মেঘালয়ের জন্য, সারা ভারতবর্ষের সংহতির জনা। এখানে নানা ভাষা ভাষী মানুষ নানা ধর্মাবলম্বী মানুষ, নানা সংস্কৃতি সম্পন্ন মান্য পাশাপাশি থাকে। বিভেদের মধ্যে আমাদের মিলন মহান, এই হচ্ছে ভারতবর্ষের আদর্শ। আজ যদি কোথাও একটি ভাষাভাষী মানুফের উপর অত্যাচার চলে, সেখান থেকে তাদের বিতাডিত হতে হয় তাদের মাতৃভাষাব জনা তাহলে ভারতবর্ষের সংহতি কিন্তু বিপন্ন হবে। শুধু আসামের সীমান্তের মধে। এই মামলার নিম্পত্তি হবে না, এই সমস্যাব সমাধান ভারতবর্ষের অন্য প্রান্তেও খুঁজতে হবে। অতএব যাবা চান ভাবত ভাবতবর্ষ থাক, তাদের সংহতি অক্ষন্ত্র থাক নিঃসন্দেহে এর প্রতিবাদ তাঁব। কবনেন, সংকোচ দেখাবেন না। রাজনীতির কথা ভেবে, ভোটের কথা ভেবে সত্য কথা বলতে দ্বিধাগ্রন্থ হবেন না, এই কথাই আমি বলবো। এই বিধানসভার সদস। রূপে কেন্দ্রীয় সরকারের কাছে এখান থেকে আমার আবেদন, আমার দাবী পৌছে দিতে চাইবো, ওখানে যে এত্যাচাৰ হচ্ছে তাৰ সঙ্গে যদি কেন্দ্রীয় সরকার আপোষ করেন, আসামের মানুষের ভোট পাবার জনা, দলের শক্তি বৃদ্ধির জন্য যদি এমনি ভাবে বাঙ্গালীর উপব অত্যাচারকে তাবা প্রশ্রয় দেন, অবংগলা করেন, তাহলে নিঃসন্দেহে ভাবীকালে আনেক রক্তাক্ত ইতিহাস-এর সৃষ্টি করণ্ড পার্বে, তার দায় দায়িত্ব আজকের কেন্দ্রীয় সরকার কখনও এড়িয়ে যেতে পানবে না। একথা আমি বলে যাব আজকে আমার এই বক্ততার মধ্যে দিয়ে।

### [2-40 - 2-50 P.M.]

তামাদের সামনে বড সমসা। হ০ে —িবিধান সভায় অবশা সেই সমসাার স্বরূপ বোঝা যায় না, কিন্তু বিধান সভায় আসবার আগে প্রত্যেকে নিশ্চয়ই আজকে সকালেও সেই সমসাার কিছু অভিজ্ঞতা-লাভ করেছেন, প্রতি দিন করেন, মাসেব পর মাস করছেন—বিদ্যুৎ সংকট। লোড় শেডিং প্রতি দিন হচেছ, ক্রমাণত বাড়ছে, ঘন্টার পব ঘন্টা হচেছ এবং এই লোড় শেডিং-এর জনা নিঃসন্দেহে সবকার উদ্বিগ্ন বাজাপালের ভাষণের মধ্যে তার ইঙ্গিত আছে। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী পাঁচটি গাসে টাববাইন বসিয়েছেন এবং আরো অনেক চেষ্টা করছেন যাতে বিদ্যুৎ সংকটের সমাধান হতে পারে, বিদ্যুৎ সংকটের তীব্রতাটুকু অন্তত কমিয়ে আনতে পারেন। কিন্তু প্রশ্ন হচেছ গ্যাস টাববাইন তো পাঁচটি বসল, এক এক করে কলকজাও মেরামত হচেছ, কিন্তু তথাপি লোড় শেডিং-এর বহর প্রতি দিন বাড়ছে, কমছে না। লোড় শেডিং-এর বহর বাডেরে, গ্যাস টারবাইনের সংখ্যাও বাডরে, তার জন্য টাকার অঙ্কও বাড়বে, বায় বরাদ্দের দাবীও শ্বীকৃতি হবে। তাহলে এই অবস্থা থেকে করে মুক্ত হব? ১৯৮২/৮৩ সালে নাকি কমবে। সুপার থার্মাল প্ল্যান্ট ফারাক্কায় তৈরী হলে নাকি এই সংকট আর থাকবে না। কিন্তু তত দিন পর্যন্ত এই সরকার যদি থাকেন। সেটা আলাদা কথা, কিন্তু নিঃসন্দেহে বিদ্যুৎ মন্ত্রী গ্যাস টারবাইন তৈরী করে চেন্ত্রা করছেন, তাঁর চেন্ত্রাকে আমি সাধুবাদ দেব। কিন্তু তার সমস্ত চেন্টা সর্বোহন জেয়া কেবা লেড্ শেডিং বেড়ে যাবে, অথচ মজার কথা

এই যে, ইলেকট্রিক-এর বিল ক্রমশঃ বেড়ে যাবে। ইলেকট্রিসিটি পাছিছ না, অথচ বিল অসম্ভব রকমের বেড়ে যাছে। মিটার রিডিং হয় না, মিটার রিডিং কি ভাবে করেন জানিনা, শুনেছি এ্যাভারেজ কষে বিল পাঠানো হছে। এ্যাভারেজ কষে কযে ৩২ টাকার বিল কি করে ১৩২ টাকা হয়, কোন্ এ্যাভারেজে হয় তা আমার জানা নেই, কিন্তু হচ্ছে। আবার বিল দিলেও বলছে, বিল পাঠান, বিল দেননি, টাকা না হলে লাইন কেটে দেব। আবার বিল নিয়ে কম্প্রেন করলে বলেন, আগে বিলের টাকা দিয়ে যান তাবপর আবার আসবেন। এই ভাবে টাকার পর টাকা দিয়ে যাছি, অথচ বিদাৎ পাছি না। মিটাব রিভার হিসাবে কোনো লোকের সাক্ষাৎ পাই না, কখনো কখনো বিল পাই এবং মাণ্ডল হিসাবে বেশি বেশি টাকার অন্ধ বহন করতে হয়, এই আমাদের অবস্থা। এদিকে একটু চেটা করুন। শ্রমিকদের কল্যাণ করবেন ইত্যাদি অনেক কথা বলছেন, বোনাসের কথা বলছেন, নানারকম সুযোগ সুবিধার কথা বলছেন। অথচ বিদ্যুৎ নেই, কল-কারখানা চলছে না, উৎপাদন বাহেত। তাহলে কি ম্যাজিক দিয়ে শ্রমিকদের কল্যাণ করবেন গ কভাবে করবেন, সেই বাবস্থার কথা একটু ভাবুন। সেই কথা না ভেবে শুধু শুধু এই বক্তব্য রেখে লাভ হয় না, আমি সেকথা আপনাদের বলতে চাই।

রাজ্যপাল পুনর্বাসন, বন্যা, খরার কথা, কথা প্রসঙ্গে বলেছেন, তাদের ব্যয় বরাদ্দের কথা বলেছেন, কত টাকা বায় করেছেন বলেছেন। আমরা এতে খবই আনন্দিত এবং উপকত। সেই সমস্ত অভিযোগ, দলবাজীর অভিযোগ আনব না, আনবার আবশ্যকতাও নেই, একই অভিযোগের পুনরাবৃত্তি বছর বছর করে সময় নষ্ট করে লাভ নেই। কিন্তু আমি বলতে চাই যে, সমস্ত করেছেন, কিন্তু হিসাবটা এখনো করেননি। যখন আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী মোরারজী দেশাই, জনতা পার্টীর প্রধানমন্ত্রী হিসাবে হিসাব চেয়েছিলেন তখন আপনারা উত্থা প্রকাশ করেছিলেন, বলেছিলেন হিসাব কিসের; হিসাব দেন নি। কিন্তু আজকে কেউ হিসাব চাননি, কিন্তু চাইতে পারেন নতুন কর্ত্রী, তাই তার ভয়ে হিসাব তৈরী করতে শুরু করেছেন এবং মন্ত্রী মন্ডলী বসে সিদ্ধান্ত নিয়েছেন যে, এটা কবতে হবে এবং ডিস্টিক্ট ম্যাজিস্টেটদের নির্দেশ দেওয়া হয়েছে, হিসাব তৈরী ক'র। কাগজে হাওডাব ডিস্টিক্ট ম্যাজিস্টেট শ্রীমতী লীনা চক্রবর্তীর কথা পড়েছি, আমি তার মধ্যে যাব না। কিন্তু এই যে রেডিমেড হিসাব তৈরী করা—ওয়াছেল মোল্লার পোযাকের মতন রেডিমেড মাস্টার বোল তৈবী করা—এটা কি ভাল ? এতে করে কি সরকারের মর্যাদা বাডবে গ নিশ্চয়ই নয়। আপনারা মর্যাদা যাতে পান সেই রকম মাস্টার রোল তৈরী করুন তাতে করে আমি খুশী হবো, আনন্দিত হবো। টাকা বায় করলে তার একটা হিসাব থাকা চাই এটাই তো নিয়ম। রাজাপাল বলেছেন আমার সরকার প্রতিজ্ঞাবদ্ধ যে, সমস্ত প্রশাসন থেকে দুর্নীতি দূর করে দেবেন, দুর্নীতি-মুক্ত প্রশাসন পশ্চিমবাংলার মানুষকে দেবেন—এই কথাটা শেষের দিকে বলেছেন কিন্তু মাস্টার রোল যদি রেডিমেড হয় তাহলে দুর্নীতি দুর করবেন কিভাবে? আপনারা তো বলেছিলেন যে সমস্ত নিয়োগ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে করবো। আপনারা এমপ্লয়মেন্ট এঞ্চাচেঞ্জকে গুরুত্ব দিতে চেয়েছেন দুর্নীতি-মুক্ত প্রশাসনকে উপস্থিত করবার জন্য। এবারে রাজাপাল বলেছেন প্রতিটি সাব-ডিভিসনে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কারখানা গড়তে হবে কিন্তু তথাপি এই সমস্ত এক্সচেঞ্জের মাধ্যমে কতজনের চাকুরী হয়? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে সরকারী অফিসাররা

নিয়োগ করেন এবং আপনারা করেন। কাজেই আমার প্রশ্ন, আমার এই কথাগুলি শুনে আপনারা উত্তেজিত হবেন না বরং লজ্জা-বোধ করুন, কারণ এই ঘটনাগুলি ঘটেছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে উপেক্ষা করে আর এখানে অসতা বলে চেঁচাচ্ছেন? আমার বন্ধ প্রশান্ত শূর মহাশয় এখানে বসে আছেন। তিনি প্রশোন্তরের সময়ে এখানে বলেছিলেন ১ হাজার ক্যাজুয়াল এমপ্লয়মেন্ট তিনি দিয়েছেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বাদ দিয়ে। এগুলি কোন পষ্টায় দিয়েছেন? দেওয়ার প্রয়োজন ছিল না একথা আমি বলছি না, প্রশান্তবাবু অন্যায়ভাবে দিয়েছেন তাও বলছি না. নিজের লোকদের দিয়েছেন এই অভিযোগও আনছি না শুধু বলছি ১ হাজার লোককে নিয়েছেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম না নিয়ে এই প্রশ্নটি আমি রাখতে চাই। বেকার ভাতা দিচ্ছেন, দিন। আরো ৮০ হাজার বেকারকে বেকার ভাতা দেবেন। আমাদের অবশ্য র্দুভাগ্য যে রাজাপাল ভাষণে এই কথাটি আমরা শুনলাম অথচ এই ঘোষণাটি রাজ্যপালের ভাষণের আগে সংবাদপত্র মারফত আমরা শুনেছি যে আরোও ৮০ হাজার বেকারকে বেকার-ভাতা দেওয়া হচ্ছে। এর আগে আপনারা ২ লাখ কত হাজারের মতন দিয়েছেন আরোও ৮০ হাজারের মতন বেকারকে দিছেন। ভাল কথা, আমরা এর প্রতিবাদ করছি না. এর আর্গেই আমরা সমর্থন জানিয়েছি। কিন্তু প্রশ্ন, বছরের পর বছর বেকার-ভাতা দিয়ে যাবেন—বিধবা ভাতার মতন কটা বেকারের আপনারা চাকরী দিয়েছেন? কতজন মানুষ চাকরী পেয়েছেন? এর হিসাবটা দিতে পারবেন কিং আপনারা চিরকাল বেকার-ভাতা দেবেন, ক্যাডার পুষরেন—এটাই কি বক্তবা? এই কথাটা কি আমাদের বুঝতে হবে? আমি বলবো এইভাবে ৫০ টাকা দিয়ে চিরকালের জন্য কর্মক্ষম করে যুব-শক্তিকে বিপর্যস্থ করবেন না, আপনাদের কাছে এই আমার আবেদন। আমি আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে, স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে রাজাপাল একটি কথা বলেছেন যে, তাঁর সরকার প্রতিষেধক ব্যবস্থার প্রতি অগ্রাধিকার দিয়েছেন, পানীয় জল যাতে সকলে পান তার ব্যবস্থা করেছেন। ভাল কথা, প্রতিষেধক ব্যবস্থা তো দরকার, পানীয় জলেরও দরকার, নিঃসন্দেহে তারজন্য সাধবাদ দেবো কিন্তু আমার প্রশ্ন হলো, প্রতিষেধক বাবস্থা তো করলেন কিন্তু অসুস্থ রোগী যারা হাসপাতালে রয়েছেন তাদের জন্য কি ব্যবস্থা করেছেন?

### [2-50 - 3-00 P.M.]

এমনকি আপনাদের সরকারী হাসপাতালগুলি চলেছে, কিভাবে সেখানে রোগীদের ব্যবস্থা করা হচ্ছে, কিভাবে চিকিৎসকরা হাসপাতালগুলির সঙ্গে যুক্ত থেকেও রোগীদের সঙ্গে কিরকম ব্যবহার করেন তা দেখেছেন। সেখানে সমস্ত রোগীরা অবহেলিত হয়ে যায়। নার্সিংহোমের মাধামে তাঁরা টাকার অঙ্ক লুটছেন অথচ আপনাদের দিক থেকে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। গরীব মানুষের জন্যই হাসপাতাল, কিন্তু সেখানে সরকার পক্ষের বন্ধুদের সার্টিফিকেট ছাড়া, রেকমেনডেসন ছাড়া গরীব সাধারণ রোগী যেতে পারে না। এই রকম ব্যবস্থা দাঁড়িয়েছে অথচ নামে হাসপাতাল। স্বাস্থামন্ত্রী মহাশয় এখানে নেই, একটি হাসপাতাল আছে যার নাম মেয় হাসপাতাল। এই হাসপাতাল সাধারণ গরীব, মুটেমজুরের জন্য। সাধারণ মানুষের জন্য যা তৈরী করা হয়েছিল সেই প্রাচীন হাসপাতাল সরকারী অনুদান পেত। তখনকার যখন ফ্রন্ট সরকার ছিল তখন স্বাস্থ্যমন্ত্রী তাদের লিখেছিলেন আমি এটাকে টেকওভার করে সরকারী

नियुष्धनाधीत नित्य जामव। जर्थाए महकात পরিচালনা করবে। কিন্তু সেই সরকার গেল, এখানকার সরকারের স্বাস্থ্য মন্ত্রী ননী বাবু আছেন কিন্তু এখন তারা সরকারী অনুদান পায় না। সরকারী অনুদান পায় না বলে আজকে চার মাস সেখানকার কর্মচারীরা বেতন পায় না। হাসপাতাল আছে, বড় বড় যন্ত্রপাতি আছে, সুন্দর অপারেশন থিয়েটারে সমস্ত সরঞ্জাম আছে, বড বড় ডক্টর আছেন কিন্তু রোগীদের চিকিৎসার বাবস্থা নেই। এমপ্লয়ীবা মাইনে পায় না চার মাস, এই ব্যবস্থা কি চলবে? গরীবের কথা বলেন, কিন্তু গরীব মানুষের জন্য যে হাসপাতাল সেই হাসপাতালের ব্যবস্থা করবেন এটাই আমি আশা করব। আর একটা কথা বলে মাননীয অধাক্ষ মহাশয় আমি আমার ভাষণ শেষ করব। বিধানসভায় আগের অধিবেশন থেকে শুনছি দেশে এক হাজার প্রাইমারী স্কুল করা হবে, রাজাপালের ভাষণের মধ্যেও তা শুনেছি। ১৯৮০-৮১ সালে ১২০০ প্রাইমারী স্কুল ওঁরা তৈরী করবেন। হাজার, বারশো, দেডহাজার প্রাইমারী স্কুল তৈরী হবে শুনছি, কিন্তু ৩ বছর হতে চলল একটা প্রাইমারী স্কুল কি করতে পেরেছেন? প্রাইমারী স্কুল করবেন এটাই তো আমরা চাই। শিক্ষার উন্নতি করুন, গ্রামে গ্রামে শिक्षांत वावञ्चा करुन, किन्छ ७५ कथा वलायन ना, शांकांत वातरागांत यक रागानायन ना, किन्नू করুন, করলে অভিনন্দন জানাব, নিঃসন্দেহে আমাদের বক্তৃতার মধ্যে দিয়ে প্রশংসা করব। অনেক কথা বলেছেন রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে, সড়কের কথা, সেতুর কথা। কিন্তু মাননীয় আমীন সাহেব সড়ক, সেতুর উপর দিয়ে যা যাবে সেই বাস, পরিবহনের ব্যবস্থার কি করেছেন? আজও হাজার হাজার মানুষ অফিস টাইমে ও অফিস থেকে ফেরবার সময় কাতার দিয়ে লোকে দাঁড়িয়ে থাকে তবু স্টেটবাসের দেখা মেলেনা, যদিও মেলে সম্পূর্ণ তা ভর্তি। লাকসারী বাস ছাড়ছেন গরীবের জন্য? সাধারণ বাস নেই, সড়ক, সেতুর উপর দিয়ে যা যাবে তার দিকে একটু দৃষ্টি দিন। আমার বক্তব্যকে আর দীর্ঘায়িত না করে আজকে রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণভাবে সমর্থন করতে পারলে ভাল হোতো, কিন্তু কিছু বিষয়ের জন্য রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণ সমর্থন করা আমার পক্ষে সম্ভব হল না। ভবিষ্যতে যদি এইগুলির ব্যবস্থা নেন তাহলে আমরা রাজ্যপালের ভাষণকে পুরোপুরি ভাবে সমর্থনের জন্য প্রস্তুত থাকব।

ডাঃ জয়নাল আবেদিন : অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমাদের এ্যামেন্ডমেন্ট গুলো কোথায়?

মিঃ স্পীকার ঃ এ্যামেন্ডমেন্ট তো মৃভ হয়েছে, নিসেসের পর এগুলি দিয়ে দেব।

[3-00 - 3-10 P.M.]

শ্রী গোপাল বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ভবানী বাবু যে প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করছি। রাজ্যপালের ভাষণে কতকগুলি নীতি নির্ধারক বিষয় উপস্থিত হয়েছে এবং সাফল্যের দাবীগুলি খুব সংক্ষেপে বলা হয়েছে। যা গত ১ বছরে হয়েছে তার সমস্তগুলি সেখানে নেই এবং সাড়ম্বরে সাফল্যগুলি তুলবার চেষ্টাও করা হয় নি। এটাই হচ্ছে এই সরকারের বিশেষত্ব। কারণ সাফল্যগুলি আপামর জনসাধারণ দেখছে। এই নির্বাচন সম্পর্কে রাজ্যপালের ভাষণের উপর কিছু কিছু প্রতিবাদ হয়েছে। বৃটিশ

আমলে এবং তারপর অনেক নির্বাচন হয়েছে কিন্তু এবারের লোকসভার নির্বাচনের মত সেগুলি কি সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে হয়েছিলো? এর আগের নির্বাচনে মানুষ ভোট দিতে পারে নি। আর এবারের নির্বাচনে যারা কোন সময়ে ভোট দিতে আসতো না তারা ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে থেকে ভোট দিয়েছে—কারণ ভারা জেনেছে যে কোন বিপদ নেই। এই অবস্থা এই সরকারই সৃষ্টি করতে পেরেছে এবং এবারের ভোট যে অবাধ এবং নির্বিঘ্নে হয়েছে সে কথা সকলে বলেছেন। কিন্তু যখনই রেজাল্ট বের হতে আরম্ভ করলো তখনই কেউ কেউ বলতে আরম্ভ করলেন এই নির্বাচনে কারচপি রিগিং ইত্যাদি দেখা গিয়েছিলো। হরিপদ বাব এর মধ্যে আবার কিছু বৈজ্ঞানিক পত্ন। দেখলেন। এটা ঠিক যে লোকসভা এবং বিধান সভা--মিউনিসিপ্যালিটি বা পঞ্চায়েত নির্বাচন এক নয়। আমি তাকে বলবো এখানকার সরকার একটা বিকল্প ব্যবস্থা নিয়ে চলছেন। অথাৎ কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা আমরা বলেছি, অপারেশান বর্গা, পঞ্চায়েত ব্যবস্থা সম্পর্কে আমরা বলেছি এবং এই গুলি আমরা সারা ভারতবর্ষে ছডিয়ে দেবার জন্য আমবা আমাদের প্রতিনিধি পাঠিয়েছি। মানুষরাও সেই ভাবে আমাদের ভাকে সাভা দিয়েছে। কাজেই রাজ্যপাল যদি বলে থাকেন যে নৃতন ভাবে এই সরকারের নীতি মান্য সমর্থন করেছে তাহলে কি অন্যায় হলো গ্রাদিও বিধান সভার নির্বাচনের সঙ্গে লোকসভার নির্বাচনের কোন সম্পর্ক নেই। তবুও গ্রিপুরা ও পশ্চিমবাংলায় যে ইসুগুলি উঠে ছিলো সেই ইসুগুলি সম্পর্কে মানুষ তাদের মতামত দিয়েছে। এই বিষযটা বোঝবার জন্য আমি তাঁকে বলবো। ভোটার লিস্টে যে ভুল ছিলো না তা নয়। ভুল ইউ. পি.. বিহাব ও মহারাষ্ট্রেও ছিলো। দিল্লীতে রাজেশ্বর দ্যালেব মত একজন লোকের নাম ও তার পরিবারের লোকেব নাম ভোটার লিস্টে ছিলো না। তাহলে কি বলবেন যে সেখানে রিগিং হয়েছে? এখানে জগদীশ দাশ নিজের এবং পরিবারের নাম পর্যন্ত ছিলো না। কিন্ত যখন ভোটার লিস্ট রিভিসান হয়েছিলো সেই সময় যদি না ঘুমিয়ে থেকে চেষ্টা করা হতো ভাহলে এই ভাবে নাম বাদ যেত না। সংবাদপত্রে যে জিনিষ বের হয় সেই জিনিষকে অবলম্বন করে যদি বিচার করা ২য় তাহলে ভুল হবে। দীনেশ মজুমদারের বরাহনগরের জ্যোতি নগরে তাঁর বাডি সেখানে তাঁর নামের পর ৩০০টি নাম বের হলো। খবরের কাগজে বের হলো দীনেশ বাবুর বাডীর ২ খানা ঘরে ৩০০ জন লোক কি ভাবে থাকলো সেটা আমরা অনুসন্ধান করে দেখলাম। দিল্লী এবং কলকাতায় নির্বাচন কমিশনের লোক গিয়ে দেখলো। দীনেশ বাবুর বাড়ী শেষ নম্বব কিন্তু তার পরেও যে বাডীগুলি হয়েছে তার একটারও নম্বর নেই। ঘটনাচত্রে দীনেশ বাবুর বাড়ী শেষ নম্বর বলেই এই জিনিষ হয়েছে। এটা বোঝা সত্তেও কাগজ গুলো যে অপপ্রচাব করেছিলো তা তারা সংশোধন করলেন না। এই ভোটাব লিস্টে ভোট হয়েছে। পশ্চিমবঙ্গকে দোষারোপ কর, গিভ দি ডগ এ ব্যাড নেম, অন্যান্য জায়গায় যেমন কবা হয়েছে এখানে তেমনি কর। কিন্তু এই ভোটার লিস্টে নির্বাচিত হয়ে মন্ত্রী হয়ে তড়পাতে আটকায়নি। কিন্তু এই ভোটাব লিস্ট সম্পর্কে ক্যানার্ড ছড়িয়ে ষড়যন্ত্র করে এই সরকারকে কি কবে অপদস্ত করা যায়, তারজন্য ব্যবস্থা গ্রহণ করা যায় এই তো হল এঁদের গণতন্ত্র। তারপর ল এন্ড অর্ডারের কথা উঠেছে। ল এয়ান্ড অর্ডারের প্রশ্নে এর আগেরকার কেন্দ্রে জনতা সরকারের যে তথা সেই তথা দিয়ে দেখিয়েছিলাম যে পশ্চিমবাংলায় বামগ্রন্ট সরকারের আমলে ল এনভ অর্ডারের যে অবস্থা তা ভারতবর্ষের জন্য কোথাও এত ভাল নয়। কিন্তু তার জন্য কি ভাল? আমি ভাল বলব না। কিন্তু তুলনামূলক ভাবে অন্য যে কোন রাজ্য থেকে পশ্চিমবঙ্গে ল এ্যান্ড অর্ডারের অবস্থা অনেক ভাল। আইন-শৃঙ্খলার প্রশ্ন রাজাপালের ভাষণে তোলা আছে, হরিপদ বাবু সেটা উল্লেখ করেননি। কতকগুলি সামাজিক অভিশাপ থেকে যে অপরাধ প্রবণতা দেখা দেয় তা থেকে ল এ্যান্ড অর্ডারের প্রশ্নটাকে বাদ দেওয়া যায় না। সেই অপরাধ প্রবণতা সমাজ থেকে দুর না হলে ল এান্ড অর্ডারকে আইডিয়াল ল এ্যান্ড অর্ডারে নিয়ে যাওয়া যায় না। সেই দিক থেকে বিচার করলে পশ্চিমবঙ্গের ল এ্যান্ড অর্ডার আইডিয়াল নয়। কিন্তু সরকার চেষ্টা করছেন এটাকে কতটা ভাল করা যায়। কিন্তু ভাল করার উপায় আছে কি এটা হরিপদ বাবুকে জিজ্ঞাসা করি? ল এাান্ড অর্ডারকে ভেঙ্গে দেওয়া, তাকে বিপন্ন করার জন্য একটা ষড়যন্ত্র পশ্চিমবঙ্গে চলছে না কি প্রথম থেকে? বামফ্রন্ট সরকার যাঁদের জন্য কাজ করছেন তাঁরা হচ্ছেন নিপীডিত, দলিত, विश्विष्ठ भानुष। ठाँएनत জना यिन किंदू कता २३ जार्स्ट विख्यांनी याता, याता विश्वनात भेषा থেকে সংগ্রহ করে নেয়, তারা সেটা বরদাস্ত করে না। সূতরাং তাঁরা সেটাকে প্রতিরোধ করেন, ল এ্যান্ড অর্ডারের কোয়েন্চেনকে সেই ভাবে নিয়ে আসেন, এই ফান্ডামেন্টাল কথাটা নিশ্চয়ই হরিপদ বাবু জানেন। তবে তিনি বক্তৃতা যখন দেন তখন সেটা ভুলে যান। সুতরাং জোতদারের কাছে যেটা ল এনন্ড অর্ডার সেটা হচ্ছে জমির ফসল জোর করে তলে নেওয়া. কষক যে নাকি ফসল রোয় সে যখন তার ন্যায়্য পাওনা দাবী করে তথন জোতদার তার ভাগ না দিয়ে ল এনন্ড অর্ডাব-এর প্রশ্নে চিৎকার করে এবং তার সঙ্গে সমস্ত কাগজপত্র এবং তার অনুরাগীরা চিৎকার শুরু করে দেয় যে ল এ্যান্ড অর্ডার গেল গেল। হরিপদ বাবু কি তাঁদের সঙ্গে সর মেলাবেন? এর আগে পশ্চিমবাংলায় ল এ্যান্ড অর্ডার দেখেছি, ১৭ শে। লোক গণতান্ত্রিক আন্দোলনে নিহত হয়েছেন। তখন যাঁরা আজকে ল এ্যান্ড অর্ডারের কথা বলেন তারা কিন্তু বলেননি যে ল এান্ড অর্ডার বিপন্ন হয়েছে। কাশীপরে মাস মার্ডার হয়েছে, তখন ল এ্যান্ড অর্ডারের যাঁরা অধিকর্তা তাঁরা বলেননি ল এ্যান্ড অর্ডার বিপন্ন হয়েছে। বারাসাতে নারী নির্যাতন হয়েছে, তখন এঁরা বলেননি ল এ্যান্ড অর্ডার ছিল না। তখন ওঁদের কাছে ওটাই ছিল ল এাান্ড অর্ডার।

### [3-10 - 3-20 P.M.]

সেটা কি আজকে আছে? না, সেটা নেই। তার আমূল পরিবর্তন হয়েছে। কিন্তু তবুও আপনি দেখুন এই লোকসভা নির্বাচনের আগে ফসল তোলার সময় ২৮ জন লোক নিহত হল। তারা কারা? তারা হচ্ছে ক্ষেত মজুর এবং ভাগচাষী। এই যে লোকগুলো নিহত হল তার কারণ হচ্ছে সেটা ছিল ফসল তোলার সময়। হরিপদ বাবুকে বলছি, আপনাদের ৯টি রাজ্য গেছে। এ ভয়েস্ঃ ওঁদের ৯টি রাজ্য নয়) গণতন্ত্রের ৯টি রাজ্য গেছে। ওই যে ভাগচাষী এবং ক্ষেতমজুররা নিহত হল তাদের বিবোধ ছিল জমির মালিক এবং জোতদারদের সঙ্গে এবং তার ফলে তারা সকলেই মার্ডারঙ হল। আমার একথা শুনলে সান্তার সাহেব হয়ত ক্ষেপে যাবেন, কিন্তু আমাকে এসব কথা বলতেই হবে। এক্ষেত্রেও ল এ্যান্ড মর্ডারের প্রশ্ন জড়িয়ে আছে এবং এইসব ঘটনা ঘটেছে। সেদিন আপনারা রাজ্যপালের সামনে বললেন

এখানে ল এান্ড অর্ডার নেই। কিন্তু আজ পর্যন্ত আপনারা কোন লিস্ট দেননি এবং দিতেও পারবেননা এটা আমরা জানি। আপনারা চিফ মিনিস্টারকেও কোন লিস্ট দিতে পারেননি। প্রশ্ন হল আপনারা দেবেন কি করে? আমরা দেখেছি এই রাজ্যে যথন সিদ্ধার্থশঙ্কর রায় চিফ মিনিস্টার ছিলেন তখন কংগ্রেসের ১৩০ জন লোক মারা গেছে। চন্ডী মিত্র এম. এল. এ. সহ ওঁদের ১৩০ জন লোক মারা গেছে সেই সময়। এই যে মারা গেছে তার সবই দেখছি দলীয় সংঘর্ষ। আমাদের লোক তো মেরেছেই, নিজেরাও নিজেদের মেরেছে। যা হোক, ওই ভাবে ২৮ জন লোককে মেরেছে এবং ইতিমধ্যে আরও কয়েক জনকে মেরেছে এবং সমস্ত ঘটনা শুলোই হচ্ছে সুপরিকল্পিত। স্যার, এঁদের ল এ্যান্ড অর্ডারের প্রশ্ন এখানেই তুলতেই হবে কারণ এই ল এ্যান্ড অর্ডাবের প্রশ্নাই হল ইন্দিরা কংগ্রেসের মূলধন। আমরা জানি ১৯৫৮ সালে কেরালা গভর্ণমেন্টকে ভেঙ্গে দেওয়া হয়েছিল ওই 'বিমোচন সমিতির' নাম করে এবং সেই সময় কংগ্রেসের সভানেত্রী ছিলেন ইন্দিরা গান্ধী। এঁরা জেলের ভেতরে লোকদের মেরেছে এবং তার সংখ্যা হল ৭৯ জন। এঁরা নারী নির্যাতন, নারী ধর্যণ এই ঘটনাগুলো ওভারলক করেছে এবং আইডিয়াল ল এাভে অর্ডারের কথা বলেছে। কিন্তু আপনারা কি জানেন যে, ১৯৭৬ সালের সেপ্টেম্বর এবং অক্টোবর মাসে ৩৬টি নারী নির্যাতনের ঘটনা ঘটেছিল? সত্যবাব আর কথা বলবেন না. সোনারপুরের ঘটনা এখনো জুল জুল করছে। কাজেই এই ঘটনা চলছে। ল এ্যান্ড অর্ডারের কথা এতক্ষণ তো বললেন, আসাম, মেঘালয়ে কোথায় ল এান্ড অর্ডার? আমাদেব প্রধান মন্ত্রী নারায়নপুরে যেতে পারলেন যেখানে অনুন্নত সম্প্রদায়ের উপর অত্যাচার হয়েছে, ইউ. পি.-তে একটা প্রাদেশিক সরকার আছে, সেখানকার ল এ্যান্ড অর্ডারের দায়িত্ব সেখানকার সরকারের তাদেব ডিঙ্গিয়ে তিনি গেলেন অথচ আসামে যেতে উনি সময় পেলেন না যেখানে এখন সীমাবদ্ধ গভর্ণরস রুল। ল এ্যান্ড অর্ডারের কোশ্চেন যদি দেখেন, হরিপদ বাবু বললেন, চাপড়াতে দাঙ্গা হয়েছিল, তার পিছনে কে ছিল তা আপনারা জানেন, সেই দাঙ্গা ৪ দিনের মধ্যে বন্ধ করে দেওয়া হয়েছিল। ল এ্যান্ড অর্ডার এইটা। সংখ্যালঘ্ সম্প্রদায়কে আমরা বাঁচিয়েছি। কোঙ্গা—বারাসাতে মুসলমানরা আমাদের ভোট দিয়েছে ঢেলে, সেটা কি এমনি এসেছে সেটা কাজের মধ্যে দিয়ে এসেছে। মান্য অত বোকা নয়, মানুষ সব জানে, সব বোঝে। হরিপদ বাবু একটা কথা বলেছেন যে লোকসভা ভেঙ্গে গেলে রাজ্যপালের ভাষণে তা নিয়ে উল্লেখ করা হয়েছে। কিন্তু কারা ভাঙ্গলেন? উনি ইঙ্গিতে বললেন, উনি বড় ওঝা, হরিপদ বাবু শিরে সর্পাঘাত বাঁধিব কোথা, বাঁধার কোন জায়গা নেই, তা ভেঙ্গেছে অন্তর দ্বন্দে। তার জনা যদি আমাদের কোন দায় দায়িত্ব থাকে সেটা অন্য কথা, তাঁরা নিজেরাই নিজেদের ভেঙ্গেছিল। কাজেই আজকে নৃতন করে ভাববার সময় এসেছে। আমার অনেক কথা বলবার ছিল, পঞ্চায়েতের কথায় যেতে পারছি না কারণ আপনি বারবার লাল বাতি দেখাচ্ছেন, আমি শুধু এই টুকু বলবো ল এ্যান্ড অর্ডারের ব্যাপারে স্কুল কলেজের দিকে তাকিয়ে দেখুন দেশকে তাঁরা কোথায় নিয়ে গিয়েছিলেন, হরিপদ বাব শিক্ষাবিদ, কোথায় নিয়ে গিয়েছিলেন দ্ধুল কলেজকে? সেখানে শিক্ষা ছিল না, কোন পরীক্ষা হতো না, তাদের কোন আদর্শ ছিল না, নীতি ছিল না, একটা ভ্রষ্টাচার তৈরি হয়েছিল, সেই জায়গায় একটা পরীক্ষা দেবার মত আবহাওয়ার সৃষ্টি হয়েছে। ১৯৭৪-৭৫-৭৬ সালে পশ্চিমবাংলায় কোন মেডিক্যাল ছাত্র পাশ করেনি। কাজেই ল এ্যান্ড অর্ডারের কথা আপনারা বলবেন? হরিপদ বাবু পশ্চিমবঙ্গে এত শৃদ্খলাবদ্ধ লেখাপড়া আগে ছিল কিং

ছিল না। কাজেই বামপন্থী সরকার আর কিছু না করুক এই নবজাগরণ নিয়ে এসেছে শিক্ষার ক্ষেত্রে, একটা জেনারেশন গ্যাপ বন্ধ করে আদর্শ স্থাপন করেছে। কাজেই ল এ্যান্ড অর্ডার যদি পশ্চিমবঙ্গ সরকার নাও করে থাকে তবুও মাত্র এই একটা কাবণে তারা সমর্থন যোগা যে দেশের মধ্যে তারা একটা নবজাগরণ নিয়ে এসেছে।

[3-20 - 4-00 P.M]

কৃষক, মধাবিত্ত, শ্রমিক—সকল শ্রেণীর মানুষেব মধ্যে একটা নৃতন উৎসাহ-উদ্দীপনা তারা জাগিয়ে দিয়েছে এবং তাই দেখেই এরা আতদ্ধিত। তাদেব বাাপার-সাাপার দেখে মনে হয় তারা চিন্তা কবছেন এই সবকারকে ভাঙ্গার জনা। কিন্তু আমি বলে দিই এত সহজ নয়। যাবা এই সরকারকে বঙ্গিয়েছে, অগণিত সংগ্রামী মানুষ, গণতন্ত্র প্রিয় মানুষ তাবা এই সরকারকে রক্ষা করবে। ভাবতবর্ষের রাজনৈতিক গগনে যে ধুমকেতৃর উদয় হয়েছে, যে স্বেরাচারী শক্তি আবার মাথাচাড়া দিয়ে উঠেছে, আমি আবেদন করবাে, স্বৈরাচার বিরোধী, গণতন্ত্র প্রিয় যে যেখানে আছেন, ঐকাবদ্ধ হোন, সংঘবদ্ধ হোন। আমি আহান জানাই হরিপদ বাবুকেও তিনি চিন্তা ককন, ভাবুন, এই যে নৃতন করে বিপদ এসেছে, সে সম্পর্কে। আগেরবার বিপদের সময় জয়প্রকাশ নারায়ণ সারা ভারতকে একত্রিত করেছিলেন এবং করে ঐকাবদ্ধ আন্দোলনে নেমেছিলেন, সেই ভাবে গণ জাগরণ করে যেতে হবে এবং এই বিপদ আমাদের রুখতেই হবে। কে কাকে বঙ্গোপসাগরে ফেলে দেবেং তিন-চারবার কংগ্রেসকে নিক্ষেপ করা হয়েছে ডাস্টবিনে। প্রয়োজন হলে আবার তাকে সেই ভাবে ফেলা হবে। মাথা তুলতে দেওয়া হবে না। গণতন্ত্রকে রক্ষা করবেই এই স্বৈরাচারীশক্তি বিরোধী পশ্চিমবাংলা। এই কথা বলেই আমি আমার বক্তবা শেষ করছি।

(At this stage the House was adjourned till 4 P.M.)

[4-00 - 4-10 P.M.]

### (after adjournment)

শ্রী ভোলানাথ সেন ঃ মাননীয় উপাধাক্ষ মহাশয়, আজকে এই হাউসে আসার পর থেকে অনেকক্ষণ ধরে শুনছিলাম যে ৯টি রাজ্যের বিধানসভা ভেঙ্গে দেওযাটা অগণতান্ত্রিক কাজ হয়েছে। কারা বলছিলেন একথা? ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গ বিধানসভা ভেঙ্গে দেবার পর যাঁরা এসেছেন তাঁরাই আজকে বলছেন, বিধানসভা ভেঙ্গে দেওয়াটা অগণতান্ত্রিক কাজ হয়েছে। স্যার, আমার বেশ মনে পড়ে জ্যোতিবাবু তখন গগনকাটা চিৎকার করে বলেছিলেন, 'এই সরকারের আর ক্ষমতায় থাকাব অধিকার নেই, সুতরাং নতুন করে নির্বাচন করা দরকার।' সেই নতুন করে নির্বাচন করাব জন্য জনতা সরকারকে তিনি ধন্যবাদও দিয়েছিলেন। এবা তাঁদেরই কৃপায় চরণ সিং-এর চরণ ধরে এসে আজও আছেন যদিও চরণ সিং চলে গিয়েছেন। আর তাঁরাই আজকে চিৎকার কবছেন এই বলে যে কেন এই অগণতান্ত্রিক কাজ করা হ'ল। আমি আপনাদের বলি, ভালভাবে কাজ করুন, জনগণের কাজ করুন ভয় পাবার কিছু নেই। ভয় পাবেন না। স্যার, আমরা শুনেছিলাম, নির্বাচন নাকি অবাধ হয়েছে। অবাধ নির্বাচন নিশ্চয় হয়েছে এবং এক একজন লোক অবাধে ১৫/২০/৩০/৪০ টি ভোটও দিয়েছে।

কেউ কখনও বাধা দেয়নি। কাজেই অবাধ নির্বাচন নিশ্চয় হয়েছে। অবাধ নির্বাচন শুরু করলেন এ' পার্টির নেতারা। যখন এনুমারেটারদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হ'ল তখন সেই এনুমারেটারদের কাজ করতে দেওয়া হ'ল না। সেখানে তার পরিবর্তে দলীয় লোকদের এনুমারেটার করা হ'ল যাতে প্রথম থেকেই ভোটার লিস্টে অবাধ নির্বাচনের সুযোগ দিয়ে এক একজনকে দিয়ে ১০/১২ টি করে ভোট দেওয়ানো যায়। স্যার, যে ভোটার লিস্ট তৈরী হল তা হবার পর আমরা দেখতে পেলাম ৪৫ লক্ষ ভোটার বাড়ানো হল। ১৯৭৭ সাল থেকে ১৯৭৯ সাল এই দু বছরেব মধ্যে ৪৫ লক্ষ ভোটার বাড়ানো হল এবং সুপার ক্যাবিনেটের চেয়ারম্যান চিৎকার করে বললেন যে, 'আমি কথা দিচ্ছি, ৪১টি সিটে আমরা জিতবো। আমরা যে জিতবো তার কারণ, আমরা জনগণের অভিমতের উপর নির্ভর করি না, আমরা নির্ভর করি আমাদের সৃষ্ট যে ভুতের ভোট তার উপরে সুতরাং ৪১ টি সিটে আমরা জিওতে পাববো।' স্যার, একমাত্র ভগবান আর বামফ্রটের যিনি মনিব তিনি ছাড়া এটা কেউ জানতেন না।

## (ভয়েস :- সবাই এটা জানতেন)

আমরা জানতাম না। আমরা খালি জানতাম ৪৫ লক্ষ ভোটার যোগ করা হয়েছে। সেখানে হ'ল কি? এক এক জায়গায় ৭ লক্ষ ভোটার, ৬ লক্ষের উপর ভোট পডলো। এক এক জায়গায় মানুষ ঢুকতে পারে না সেখানে সন্ধ্যা সাতটা পর্যন্ত ভোট চললো। এক এক জাযগায় প্রিসাইডিং অফিসারের হাতে একটি তালিকা, আর ক্যানডিডেটের এজেন্টের হাতে অনা তালিকা, এও আমরা দেখেছি। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গ সরকার একটি একজিবিসন করলেন। কোথায়? রাইটার্স বিলডিংসে। রুচিবিহীন, কংসিত সমস্ত ছবি দিয়ে তারা একজিবিসন করলেন, শুধু শহরের চারিদিকে নয়, রাইটার্স বিলডিংসের মধ্যে। ১১ই জানয়ারী, ১৯৮০ সনের 'পশ্চিমবঙ্গ পত্রিকায় ৫৫৫ পাতা থেকে ৫৫৭ পাতা অর্বধি সেই ছবিগুলি ছাপা হল—কালো হাত, খুন, জখম, খুনী ইন্দিরার কালো হাত, যুবরাজ অনেককিছু ইলেকসান ২য়ে যাবার পরে আপনারা যারা এই পশ্চিমবঙ্গ পত্রিকা পেয়েছেন তারা দেখবেন এই ছবিওলি আর নেই। এই ছবিওলি ভয়ে তুলে নেওয়া হয়েছে এবং আমার কাছে যেটা পোষ্টে আসে তাব মধ্যে এই চার পাতা নেই, অথচ যেটা আমি প্রথমে পেয়েছিলাম তার মধ্যে এই চার পাতা ছবি ছাপা আছে, রাইটার্স বিলডিংসে একজিবিসন হচ্ছে। এত ভীতু হয়ে গেলেন যখন দেখলেন সতি৷ ইন্দিরা গান্ধী ক্ষমতাসীন হয়েছেন মানুষের আশীর্বাদের ফলে, তখন সঙ্গে সঙ্গে চার পাতা নষ্ট হল। আমি প্রশ্ন করতে চাই, আমাদের টাকায় সরকার কি অধিকারে দলবাজী করেছেন পশ্চিমবঙ্গ পত্রিকায়? সরকার কোন অধিকারে এবং সিডিউল্ড ৭-এর কোন অধিকারে আমাদের টাকা খরচ করেছেন? তারা মারুতি কমিশনের রিপোর্ট ছাপালেন ডিসেম্বর মাসে। ১ লক্ষ বাংলায় আর ১০ হাজার কপি ইংরাজীতে ছাপলেন, আমি যতদূর দেখেছি। কোন সাংবিধানিক অধিকারে ইলেকসানের ঠিক আগে এই জিনিস ছাপা হয়েছিল? যে রিপোর্ট পার্লামেন্টে পর্যন্ত প্লেস হয়নি, কোন অধিকারে সরকারী পয়সায় এই ছবি ছাপা হয়েছিল? হ্যান্ড পোস্টার দেওয়া হয়েছিল স্বৈরতন্ত্র ও সাম্প্রদায়িকতা দেশের শক্র-কোন্ অধিকারে এটা দেওয়া হয়েছিল? জ্যোতিবাবু এবং প্রমোদবাবুর ভাগ্য ভাল যে আপনাদের মত চীৎকার করার কিছু লোক ওদের এখানে আছে বুঝে না বুঝে। আমি জানতে

চাই কোন্ অধিকারে এই সব রুচিবিহীন ছবি ছাপানো হয়েছিল এবং বিলি করা হয়েছিল ইলেকসানের সময় সরকারী খরচে?

## [4-10 - 4-20 P.M.]

আমি জানতে চাই কোন অধিকারে যখন রাজনৈতিক নির্বাচন হয় সবকার সেই নির্বাচনে নেমে পড়ে। আইনের কোন অধিকারে সরকার এটা করেন। কোন অধিকারে পামপ্লেট ছাপান, পোস্টার ছাপান কোন অধিকারে ইলেকসনেব ফিল্ম তোলা হয়? এই সরকাব ২চ্ছে দবিদ্রতম মানুষের সরকার। এদিকে নূনের দাম করে দিলেন ৮০ পয়সা, ১২ আনা সেলস টাক্স করে দিয়ে আর সেই টাকা দিয়ে আপনারা দলবাজী কববেন গ এই সব দবিদ্র মানুষ যে। টাকা দিয়েছে ওঁদের দলবাজী করবার জন্য? ওঁদের কি সেই অধিকাব আছে? সংবিধান সৃষ্টি হয়েছে সবাইয়েব জন্য, এই সবই সংবিধানের অনুষ্ঠান, এই সমস্ত আাসেম্বলী এ সবই সংবিধানের অনুষ্ঠান। কিন্তু এই টাকা নিয়ে কেন দলবাজী কবা হয়েছেল সেটা আমি জানতে চাই।

# (এ ভয়েস :- আপনারা কি করেছিলেন?)

আমরা এই রকম কুরুচিপূর্ণ কাজ কখনও করি নি। একমাত্র এই সরকার এই কাজ করছে। ফিল্ম দেখানো হোল কারণ সি. পি. এম-এর মিটিংয়ে লোক হয় না তাই এই ব্যবস্থা। এরা হিটলারকেও ছাডিয়ে গেছে। উৎপল দত্ত কি কোটি পতি নয়? মিটিংয়ে নানা বকম যাত্রা থিয়েটার এই সব দেখানো হোল। উৎপল দত্ত টিকিট কেটে থিয়েটার দেখান। সেই টাকা কোন খাত থেকে দেওয়া হোল। জ্যোতিবাবুর মিটিংয়ে লোক হয় না তখন তো এই সব কবতেই হবে। তাই দরিদ্র মানুষের টাকা সেখানে খরচ করা হোল। আপনার। যতই চাৎকাব করুন সতাকে ঢাকতে পারবেন না। আপনাদের তো যা বলবেন তাই আপনারা করবেন। যদি বলেন চীৎকার কবতে তাহলে চীৎকার করবেন আবার যদি বলেন চুপ করে বসে থাকতে তাই আপনার। করবেন এ পরিচয় বহুবার আমরা পেয়েছি। জ্যোতিবাব বলে অগণতান্ত্রিক। কিন্তু আমি প্রশ্ন করতে চাই মরিচঝাঁপিতে খবরের কাগজের প্রতিনিধিকে যেতে দেওয়া হয় নি বিধান সভার সদস্যদের যেতে দেওয়া হয় নি। এটা কি গণতান্ত্রিক গকনসেনট্রেসন ক্যাম্প করতে দেওয়া হোল না সেখানে। আবার তারাই বলছেন গণতন্ত্রের কথা তিনি বলছেন অবাধ নির্বাচনের কথা। একটা লোক বাব বাব ২০/৫০ বাব ভোট দিয়েছে। আবার কবপোবেশন ইলেকসন আসছে। এখন এম. এল. এ. ইলেকসনের সমহ সহ সংখ্যক ভোটাব ছিল আজকে ১৮ বছর বয়স্ক নারী-পুরুষের ভোটাধিকাব থাকা সঙ্গেও সেখানে ভোটার সংখ্যা কমে গেল। রাতারাতি কি করে কমলো, কি যাদুতে তা হোল ত। বুঝতে পার্রছি না। কর্পোরেশন ইলেকসনে যাকে সেখানে অকমিউনিস্ট না যেতে পারে তাব বাবস্থা তারই পথ প্রশস্ত করা হচ্ছে। বড় বাজারে যেখানে ওঁদের কেউ কোন দিন জিততে পারে নি সেখানে ওয়ার্ডের সংখ্যা কমিয়ে দেওয়া হোল আর যেখানে ওঁরা জিততে পারেন এ' টালিগঞ্জ ঢাকরিয়াতে যেখানে লোক যেতে পারে না ওঁদের গুভাদের জন্য সেখানে ওয়ার্ড বাডিয়ে দেওয়া হোল। গণতম্ব হত্যা করার নানা উপায় আছে। আপনারা গণতম্ব হত্যা করতে পারেন। কিন্তু আপনারা গদিতে আছেন বলে ধরাকে সরা জ্ঞান করছেন। কিন্তু আপনাদের মালিক আপনাদের এ' নেতা তার বুক শুকিয়ে গিয়েছে। তাই ওঁরা পশ্চিমবঙ্গ পত্রিকার কয়েকটি ছবি কেটে ফেলে

### দিয়ে বিলি করছেন।

তাই এরা ওভার ডাফ্ট ফেরৎ দেবার জন্য রাতারাতি টাকা ফেরত দিয়ে দেন। তাই এঁরা চীৎকার করছেন—আমরা সহযোগিতা করব, আমাদের মেরোনা, আমাদের তাডিও না এত কালা কেন? বরকত সাহেবকে দেখে চেয়ার ছেডে উঠে যাচ্ছেন, বলছেন—আমরা সহযোগিতা করবো, সহযোগিতা করবো, আমাদের তাডিও না। বলছেন—পশ্চিমবঙ্গের সবাই আপনাদের ভোট দিয়েছে। কেন দিয়েছে? পিয়াজের দাম ৬ টাকা তাই ভোট দিয়েছে? আলুর দাম ১.৮০ টাকা সেজন্য ভোট দিয়েছে? নুনের দাম ৯০ পয়সা, সেজন্য ভোট দিয়েছে? চাকুরি একটাও হয়নি, দলীয় লোকদের ছাড়া, সেজন্য ভোট দিয়েছে? বিদ্যুৎ আসছেনা, সেজন্য ভোট দিয়েছে? আপনাদের কীতির জন্য ভোট দিয়েছে? সবাই সব বঝতে পারে, আপনাদের দলের লোক বুঝতে পারে না। কত ঘটনা ঘটছে, তা সবাই জানে। আমরা প্রতিহিংসা চাই না। কিন্তু আমরা চাই—য়ে, আমাদের মত অনুসারে, কেন্দ্রীয় সরকারের মত অনুসারে আপনারা চলবেন, यिन हालन रहा (वेर्रा) थाकरनन এवः यिन ना हर्लन এवः छाएमत मरहा महाराशिका ना करतन তো জনগণ আপনাদের সহা করবেনা, একথা বলে দিলাম, আপনাদেব লোকেরা সহা করতে পারেন কিন্তু জনগণ সহ্য কববেন না। আপনাদের কীর্তি প্রমাণিত হয়ে যাচ্ছে। (নয়েজ) এগ্রিকালচারে টাকা খরচ হয় না। এডকেশনে ডিপাটমেন্টের পর ডিপাটমেন্টে খরচ হয় নি. ডেভেলপমেন্ট প্রজেক্টে টাকা খরচ হয় না। এত বড সরকার এত বড সরকারী মেশিনারী, জ্যোতিবাবু তার উপরে আছেন, টাকা খরচ হয় না। কিন্তু আপনাদের ক্যাডাররা, আপনাদের কন্ট্রোলে আছে, প্রমোদবাব আছেন, তাদের টাকাব অভাব পড়ে। পঞ্চায়েতে টাকা খরচের অভাব নাই, ফ্লাড়ে টাকা খরচেব অভাব নাই, অভাব হয় না খরায় টাকা খবচের, অভাব नारे याथात होकात रिभाव नारे। किन्ध याथात रिभाव हारे स्थात थतह रह ना। याथात হিসাব চাই না, দেওয়ার প্রয়োজন বোধ করেন না সেখানে খরচ হয়ে যায় সবার আগে। কেন, সেটা সবাই বঝতে পারে। (সবকারী পক্ষের জনৈক সদস্য ঃ আপনি তার অংশ পেয়েছেন?) আপনি কি কিছ অংশ পেয়েছেন? নিশ্চয়ই আপনাদের বন্ধ বান্ধব অংশ পেয়েছে. তাই আপনার এত আপত্তি, কথা শুনতে আপত্তি। দেবব্রতবাব বলেছেন হিসাব দিন, জ্যোতিবাব বলেছেন হিসাব দিন, প্রমোদ দাশগুপ্ত মহাশয় বলছেন হিসাব দিন। অর্থাৎ হিসাব দেওয়া হয়নি। আপনারা হিসাব দিতে রাজী নন। আমাদের এখানে বিদ্যুতের অভাব, আমাদের এখানে কয়লার অভাব। এটা সবাই জানেন যে কয়লা কেন্দ্রীয় সরকার থেকে সাডে সাতটাকা করে পেয়েছেন, সেই কয়লা আমাদের পশ্চিমবাংলায় ১৫ টাকা করে বিক্রী হচ্ছে। অতান্ত জনদরদী সরকার কিনা, তাই এখানে পি ডি এাক্ট চলবেনা, কালোবাজারীদের বিরুদ্ধে কোন কিছ করাও চলবে না। সাড়ে সাত টাকার কয়লা শতকরা একশত পারসেন্টের বেশি দরে বিক্রী হচ্ছে অকারণে, কোন এক্সপ্লানেশন নাই, কোন কারণ দেখাবার তার জনা প্রয়োজন নাই। কোন পি ডি এ।। ই মানবেননা। এখানে বিদ্যুৎ পাওয়া যায় না, সারা ভারতবর্ষে এভারেজ প্রডাকশন যা এখানে তাব চেয়ে কম প্রডাকশন। তাই এখানে বিদ্যুৎ পাওয়া যায় না. কলকারখানা বন্ধ। কিন্তু এই সরকার কাজ করছেন আর সবাই ওঁরা বলছেন, এই সরকারকে সাপোর্ট করছে। কলকারখানা বন্ধ, চাকুরি হয় না লোকের, একটাও নতন কলকারখানা এখানে হয়নি। আমি আপনাদেরই একটা বই থেকে একটা জিনিস দেখাচ্ছি ডবলিউ ডি আই ডি সি-এর ছাপান বই, তাতে আছে স্ল্যাক সিমেন্ট আজ পর্যন্ত হয় নি।

## [4-20 - 4-30 P.M.]

অশোকা সিমেন্ট কোম্পানী তারা শ্লাক সিমেন্ট কিনছে ইসকো থেকে এবং কিনে বেচে দিচ্ছে ডবলিউ. বি. আই. ডি. সিকে। মাালারিক এানহাইড্রাইট করে হবে ভগবান জানেন। টাংগসটেন ফিলামেন্টও কবে হবে ভগবান জানেন, আজও পর্যন্ত ওরু হয়নি। ওয়াচ ফ্যান্টরী আন্তার কনস্টাকশান এটা করে হবে জানি না। অটোমোবাইল টায়াবস এলভ টিউবস হবে না। অথচ বড বড় বক্তৃতা দেওয়া হয়েছিল। শিপিং হবে না। এই সম্পর্কেও বড বড় বক্তৃতা শুনেছিলাম। এ্যালয় স্টীল এ্যাবানডান্ড। (ভয়েস ঃ কোথা থেকে পডছেন ?) এটা ডবলিউ বি আই ডি. সি থেকে পড়ছি। এবারে হয়ত বলবেন, এটা কেংথাকার বই। নিউজপ্রিন্ট আন্ডার নেগোসিয়েশান—আজও চলছে, হয় নি। কটন ইয়ার্ন ডিলাইসেনসড লাইসেন্স পাবার পর ডিলাইসেনসড, তাতেও কিছু হল না। সরকাব বসে আছেন। পেট্রো কেমিক্যালস, হলদিয়ার বিপোর্ট দেবার কথা ছিল নভেম্বরে কিছ্ম এখন তারা বলছেন যে মে মাসে রিপোর্ট দেবেন। लिंगेत अव देनतिन निता वत्म आहम, वावमा द्वा ना। এर दल एवलिए वि आरे. ७. সি। তারা কি করছে গতারা ৮ কোটি টাকা ব্যাক্ষে রেখে তার স্দটাকে প্রফিট হিসাবে দেখাছে। তাবা ব্যবসায় খাটাবে না। আট কোটি টাকার উপর ন্যাশানালাইজড ব্যাঙ্কে রেখে তাদের সাহায্য করা হচ্ছে। সেই সুদের উপর লাভ। সেই সুদ না পেলে ১ কোটি টাকার উপর লোকসান হত। একটাও পাবলিক আন্ডার টেকিংস নেই যেটা লাভ করেছে। আমাদের সময়ে দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডে ৪ কোটি টাকা লাভ হয়েছিল। কিন্তু আপনাদের সময়ে প্রত্যেকটিতে লোকসান। সব থেকে বেশি সংখ্যক ফ্যাক্টরী আমাদেব দেশের ক্লোজড এগভ সিক। (শ্রী গোপাল বস :- কবে থেকে বলুন? আমাদের সময় হয়নি।) এই সরকাব আসাব পর সব চেয়ে কম উৎপাদন হয়েছে পশ্চিমবাংলায় ইলেকটিসিটি। অথচ এই রাজনীতিব জন্য, এই স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে ভাগ করা হয়েছে। কোন উন্নতি হবে না। একটা নৃতন ইউনিয়ন করার জন্য। জেনারেশান একটা ভাগে হবে, আর ডিস্টিবিউশান আব একটা ভাগে হচ্ছে এবং এটা কে করলেন? একজন এাডিমিনিস্টেটর-ডাইরেক্টর এ্যাপয়েন্ট কবা হল। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন যে স্টেট প্লানিং বোর্ডেব একজন মাত্র টেকনিকালে লোক আছেন, তিনি মিঃ এস. কে. কসু। সাত জনের জায়গায় ৬ জন আছে। আর একজন যিনি চেয়ারমান, দাস গুপ্ত, তাকে ১৯৭৭ সালে আনা হয়। তিনি ফ্যাবাডে হাউসের ডিপলোমা হোল্ডার। তাকে আনা হয় এছে এটন এটিমনিষ্টেটন নট এটিজ এটেকনিকাল মান। আব একজন জ্যোতি বাবুব পরিচিত লোক এাাডমিনিস্টেটনে এসেছিলেন। তিনি এসেই ভাগাভাগী আরম্ভ করেছেন। এখন ওর নাম বদলে দেওয়া হয়েছে। এখন বলা ইয়েছে Electric Expert, সেই একই চেয়ারম্যান, যাকে দেওয়া হয়েছিল। আর দু'জন আই. এ. এস অফিসার আছেন। মুর্শেদ চলে গেলেন। মুর্শেদ থাকলেন না কেন? না, অশোক মিত্র অপমানিত হয়েছিলেন টাসক ফোর্সের ব্যাপারে। এখন এসেছেন ভার্মা। আর একজন ফাইন্যান্স সেক্রেটারী কট্রি. আর একটা সিট খালি আছে। এই হচ্ছে আমাদের দেশেব স্টেট প্লানিং বোর্ডের হর্তা কর্তা বিধাতা। এখানে কি হবে? খালি রাজনীতি, দলবাজী আর কি করে ইউনিয়ন ধ্বংস করবো। জ্যোতি বাবু প্রথম যখন মন্ত্রী হয়েছিলেন, তখন তিনি খুব গালাগাল দিয়েছিলেন, কংগ্রেস সব ধ্বংস করেছে, অমুক করেছে, তমুক করেছে। তখন একটু ইন্টারেস্ট দিয়েছিলাম, ভেবেছিলাম, উনি কিছ করবেন। কিন্তু জ্যোতি বাবু কতদিন দিল্লীতে গেছেন, কদিন প্ল্যান্ট

সম্পর্কে আলোচনা করেছেন বা কদিন প্লান্টে গেছেন, হিসাব দিতে পারেন কি? এমনকি মিটিং-এ পর্যন্ত যেতেন না। যে কোন ব্যবসায়ীকে জিজ্ঞাসা করুন, তার ব্যবসা কি করে চলছে? সে কেন তার ব্যবসা এক্সপ্যান্ড করতে পারছে না সে কেন ফাাক্টারী বসাতে পারছে না, প্রশ্ন করুন তাকে, সে বলবে ইলেকট্রিসিটির ক্ষমতা থাকা সত্তেও অল ইন্ডিয়া এ্যাভারেজে. লোড শেডিং এর কোন সিসটেম নেই, যখন তখন ইলেকট্রিসিটি বন্ধ হয়ে যাচ্ছে। যাদের জেনারেটার কেনবার ক্ষমতা নেই, সাধারণ ব্যবসায়ী, তারা মার খাচ্ছে। সূতরাং নৃতন কিছু राष्ट्र ना। जोरेन मुख्ना प्रश्वास जात कि वनाता। जवना एय एनएन कन्नात्त ताकच हनाए, সেই দেশে যে বাঘে ভেডাকে খাবে. এটাই তো নিয়ম, সেখানে তো এটা বিশঙ্খলা নয়। সূতরাং এই ব্যাপারে আমরা হাল ছেড়ে দিয়েছি। প্রতিদিন কাগজে দেখছি নানা ঘটনার খবর। এক একটা স্কলে দু তিনটে করে হেডমাস্টার। একটা একটা করে ইউনিভার্সিটিগুলো টেকেন ওভার হয়ে যাচ্ছে। কুটির শিল্প আমাদের এখানে নজরে পড়ে না। দু বছর আগে এাপ্লিকেশন গ্রান্ট হয়েছে. সেই টাকা ডিসবার্স করার জন্য দুবছর লাগে। কারোর কোন ইচ্ছে নেই। একটা নুতন প্রজেক্ট পি. ডবলিউ. ডি. তে বলুন, সি. এম ডি. এ তে বলুন পাবেন না। হেল্থ ডিপার্টমেন্টের ব্যাপার দেখুন। আমরা হাসপাতালের বিল্ডিংগুলো করে গিয়েছিলাম, ডাক্তার আমরা এ্যাপয়েন্ট করেছিলাম, কিন্তু সেখানে ওযুধ পাবেন না। অপারেশন হচ্ছে, লোড শেডিং रस्य राम । অজ্ঞाন ना करतरे स्नारे कता रहिंद, कार्त्र অজ্ঞाন कर्त्रवात या अपूर्व स्निरे। এই কি হাসপাতাল? শুধু ইমারত গড়ে গেলাম, হাসপাতাল হয়ে গেল? স্কুলে হান্ডেড অব প্রাইমারী টিচার্স এর নাম এমপ্যানেলমেন্ট করা হয়েছিল, এক হাজাব, না, ১২ শ স্কুল হবে শুনেছিলাম, একটাকেও চাকরি দেওয়া হচ্ছে না। ১৯৭৭ সাল থেকে এমপ্যানেশুল্ড হয়ে রয়েছে. সেই সব পদ খালি পড়ে রয়েছে, কিন্তু তাদের ক্যাডার পাচ্ছে না বলে চাকরি দেওয়া যাচ্ছে না। আমার বক্তব্য হচ্ছে, যদি আপনারা ক্ষমতাসীন থাকতে চান আগামী দু বছর, তাহলে আইন মোতাবেক কাজ করুন, দেশে আইন শৃঙ্খলা, শান্তি ফিরিয়ে আনুন, সর্বোপরি আমাদের সরকারের যে নীতি, সেই নীতি পালন করে চলুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

#### [4-30 - 4-40 P.M.]

অথচ সরকার গঠন করার পরে এক মাসের মধ্যে তিনি তাঁর অগ্নি শর্মা মূর্তি আবার ধরলেন। তিনি শুধু মূর্তি ধরলেন না, তাঁর চেলা চামুণ্ডা নন্দী ভূঙ্গি রাজ্যের বিভিন্ন নেতা, তারা তাঁর মূর্তির চেয়েও বড। এখানে যেভাবে ভোলাবাব, সুনীতি বাবুরা যেরকম ভাব ভঙ্গী আচরণ করছেন তাতে এটা পরিষ্কার যে সংসদীয় গণতন্ত্রের সমস্ত রীতি নীতি সব কিছই তারা ধ্বংস করতে চাইছেন। যেমন একবার তারা বিপন্ন করেছিলেন ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত—তারই পদক্ষেপ আবার নেবার জন্য এগিয়ে আসবার চেষ্টা করছেন। এই আশব্ধা সারা ভারতবর্ষে দেখা দিছে। আমাদের এখানে তারই ছাপ বিধানসভার ভিতরে, বাইরে পড়েছে। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব মাননীয় মুখামন্ত্রী উপস্থিত করেছেন ৯টি বিধানসভা বাতিল করার প্রশ্নে প্রতিবাদ জানাই—এটা একটা গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং এটা একটা খব বলিষ্ঠ প্রতিবাদের প্রস্তাব। বিধানসভা থেকে এই প্রস্তাব যাবার প্রশ্নে আমাদের দল সি. পি. এম. এর প্রস্তাব, সেই প্রস্তাবকে আমি সর্বাস্তকরণে সমর্থন করছি। আমি এই প্রসঙ্গে দু একটি কথা উল্লেখ করতে চাই। ভোলাবাব তার বক্তব্যে উপস্থিত করার চেষ্টা করলেন যে জনতা সরকার যখন থেকে ঐ বিধানসভাগুলি বাতিল করার চিম্ভা করলেন—কংগ্রেস নির্বাচিত সরকারগুলি বাতিল করার কথা উল্লেখ করলেন তাকে আমরা সমর্থন করেছিলাম এবং তিনি উদ্ধৃতি দেবার চেষ্টা করলেন সরোজ মুখার্জী বলেছেন বলবার চেষ্টা করলেন—আমাদের মুখ্যমন্ত্রী, পার্টির নেতা প্রমোদ দাশগুপ্ত কি বক্তব্য রেখেছিলেন বিশ্রেড প্যারেড গ্রাউণ্ডে সেটা তিনি পড়ে শোনাবার চেষ্টা করলেন। একট লক্ষা করলে দেখবেন তাতে পরিষ্কার আছে---আমাদের পার্টির পক্ষ থেকে পরিষ্কার ভাবে বলা হয়েছিল যে কংগ্রেসের বিরুদ্ধে, ইমার্জেন্সীর বিরুদ্ধে সারা দেশের মানুষ রায় দিয়েছে,। এই রাজ্যের মানুষও রায় দিয়েছে, অতএব কংগ্রেসের উচিত হচ্ছে পদত্যাগ করা, রিজাইন করা—আমরা বাতিল করার কথা বলিনি. রিজাইন করার কথা বলেছি। আমরা অত্যন্ত সঠিক যথার্থভাবেই বলেছি যে রিজাইন কর। আমরা পদত্যাগ দাবী করেছি। আমরা খব স্বাভাবিকভাবে. গণতান্ত্রিকভাবে দাবী করেছি। আমরা এই বিষয়ে সম্পূর্ণ সম্পুষ্ট পরিষ্কার যেকোন ধরনের অগণতান্ত্রিক হস্তক্ষেপের বিরুদ্ধে। আমাদের বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষমতায় আসার পরে আপনারা লক্ষ্য করেছেন আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে যে চিঠি দেন তাতে ভারতীয় সংবিধানের সেই যুক্তরাষ্ট্রীয় ভাবমূর্তি যাতে থাকে এবং সাংগঠনিক ক্ষেত্রে সেই ভাবমূর্তি অনুসারে যাতে কাজ হয় সেই জন্য সংবিধানে গণতন্ত্র বিরোধী যে ধারাগুলি আছে, ফেডার্য়াল স্ট্রাকচার বিরোধী যে সমস্ত বক্তব্য আছে তাকে বাতিল করে নতুন করে সংবিধান সংশোধনের প্রস্তাব করেছেন। সেই প্রস্তাবের মধ্যে ৩৫৬ ধারা, যার ফলে ৯টি রাজ্য বিধানসভা এক কলমের খোঁচায় বাতিল করা হল, মেই ৩৫৬ ধারা পরিবর্তন করার কথা, বাতিল করার কথা আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে চিঠিতে জানিয়েছেন। আমরা আগেও বলেছি জনতা সরকারের সময়ে বলেছি, এখন আবার বলছি ঐ ৩৫৬ ধারা থাকলে পরে যুক্ত

রাষ্ট্রীয় কাঠামো চলে যাবে—গোটা দেশের সংবিধান কিছু থাকতে পারে না। তারই জন্য আমরা প্রতিবাদ করেছিলাম, এখন আবার করছি। এই ধরনের ঘটনা যেখানেই ঘটবে নিশ্চয় তার প্রতিবাদ আমরা করব এবং পশ্চিমবাংলায় যে অবস্থার মধ্যে আমরা এসে উপস্থিত হয়েছি-ক্রমে ক্রমে বাম পন্থী আন্দোলনের শক্তি সঞ্চয় করতে করতে আমরা আজকে যে জায়গায় এসে দাঁডিয়েছি তাতে এতবড তথাকথিত ইন্দিরা গান্ধীর মুখে দাঁডিয়েও পশ্চিমবাংলার মানুষ বামপন্থী আন্দোলনের পক্ষে, স্বৈরতন্ত্রের বিরুদ্ধে—এই স্বৈরতন্ত্রের বিরুদ্ধে পশ্চিমবাংলার মানুষ রায় দিয়েছে। পশ্চিমবাংলার বামপন্থী আন্দোলনে শক্তিশালী ইন্দিরার রথচক্র ফুটো হয়ে ভেসে গেছে, আর বেশি দূর এগোতে পারে নি। যেখানে বামপছী আন্দোলন দূর্বল আছে সেখানে এদের শক্তি। আপনি লক্ষ্য করে দেখুন ভারতবর্ষের মানচিত্রটা সৌরাষ্ট্র থেকে শুরু করে আসাম পর্যন্ত, হিমালয় থেকে শুরু করে কন্যাকুমারিকা পর্যন্ত বিরাট ভারতবর্ষের ২২ টি রাজ্যের মধ্যে বিভিন্ন ভাষাভাষি মানুষের মধ্যে বামপন্থী আন্দোলনের প্রভাব যেখানে বেশি আছে সেখানে স্বৈরতন্ত্রী শক্তিকে পরাজিত করে গণতান্ত্রিক শক্তি সুসংহত হয়েছে এবং স্বৈরতন্ত্রী শক্তির সম্পর্ণ বিপর্যয় হয়েছে। আমি বুঝতে পারছি না ওরা আনুষ্ঠানিকভাবে বিধানসভা বয়কট করে চলে গেলেন, না কি করলেন, নাকি ওদের বক্তব্য বলা শেষ হয়ে গেছে বলে আর কানে শুনতে পারছেন না। সনীতিবাব যেটা করছিলেন সংসদীয় গণতন্ত্রে এই জিনিস হতে পারে? বিধানসভার মধ্যে একজন নেতা কান ধরে বসে রইলেন। একটা অস্বাভাবিক চিত্র, রীতি নীতি, সমস্ত কিছই তারা রচনা করছেন। কেউ অস্বাভাবিকভাবে বিধানসভার ভিতরে এই জিনিস করতে পারে বিশেষ করে ক্ষমতা দখলের জন্য—''ব্ঝেছো উপেন, এ জমি লইব কিনে" বলে শ্রীমতী গান্ধী ভারতবর্ষের সমস্ত জমি করায়ত্ত করবার চেষ্টা করবেন, এই সন্দেহ করা আমাদের কাছে কিছু অমূলক নয়।

# [5-10-5-20 P.M.]

তাই অস্বাভাবিকভাবে এই চেষ্টাকে বিরত করার জন্য দলমত নির্বিশেষে সমস্ত ভারতবর্ষের সমস্ত গণতান্ত্রিক শক্তিকে এগিয়ে আসার আহ্বান এই প্রস্তাবে আছে। আমরা এই প্রস্তাব আজকে নয়, ১৯৭২ সালে মাদুরাইতে আমাদের পার্টি কংপ্রেস হয় সেই অনুষ্ঠানে আমরা একথা বলেছিলাম। ১৯৭১ সালে এখন ওঁরা বিজয় বৈজয়স্তী ওড়ান এখন স্বৈরতন্ত্রের বীজ বপন করে সেই বিষ বৃক্ষের এখন শিশু থেকে কৈশরে শুরু হতে চলেছিল তখন আমরা এই সতর্ক বাণী উচ্চারণ করেছিলাম। পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষের গণতন্ত্রকে এখন ওঁরা ছোরা বোমা পিস্তলের সাহায্যে শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং সিদ্ধার্থ শব্ধর রায় ধ্বংস করার চেষ্টা করেছিল। অতএব যদি দলমত নির্বিশেষে গণতন্ত্রকামী সমস্ত মানুষ ঐক্যবদ্ধ হয়ে না আসে তাকে নতুন করে ঠেকাবার না চেষ্টা করে পশ্চিমবাংলার ভৌগলিক সীমার মধ্যে এই বিপদ আবদ্ধ থাকবে না এই বিপদ সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়বে। ১৯৭২ সালের সেই জরুরী অবস্থা কালো দিনগুলিকে টেনে আনার মধ্য দিয়ে সারা ভারতবর্ষকে শৃদ্ধলিত করেছিল। দেশের মানুষ ধীরে ধীরে কি দেখল? দেখল যে এই গণতন্ত্রকে রক্ষার কথা ১৯৭২ সালে পশ্চিমবাংলার বামপন্থীরা আন্দোলন করেছিল। তারপর ১৯৭৪ সালে প্রফুল্ল সেন মহাশয় বললেন, ১৯৭৫ সালে জয়প্রকাশ নারায়ণ বললেন ১৯৭৪

সালে সারা দেশের মানুষ বলতে শুরু করল গণতন্ত্র বিপন্ন গণতন্ত্র প্রয়োজন। এবং এর মধ্য দিয়ে স্বৈরতন্ত্রের বিপর্যন্ত এবং তারই মধ্য দিয়ে গণতন্ত্র সনিশ্চিত। যে কারণেই হোক রাজনৈতিক ঘটনাবলীর প্রতিক্রিয়া এবং অন্যানাভাবেই হোক প্রতিক্রিয়া ঘটার ফলে যে শাসক দল ছিলেন সেই জনতা পার্টি তাঁদের ভুল বোঝাবুঝির ফলে যে ঘটনার সৃষ্টি হল সেই আবর্তের স্যোগ নিয়ে শ্রীমতী ইন্দিরা গান্ধী আবির্ভৃত হলেন এবং আজকে তিনি চণ্ডী মূর্তি ধরার চেষ্টা করছেন। এই রকম অবস্থায় আবার নতুন করে গণতন্ত্রের সামনে ভারতবর্ষের গণতন্ত্রপ্রিয় মানুষের জাতির সামনে উপজাতির সামনে সকলের সামনে একটা গভীর সমস্যা একটা বিকট সংকটের ছায়া এসে নেমে পড়েছে। স্বাভাবিকভাবে আমরা খুব আনন্দিত আমরা খুশী যে অনেক বিলম্বে হলেও জনতা দল তাঁদের পক্ষ থেকে হস্ত প্রসারিত করেছেন স্বৈর তম্ত্রের বিরুদ্ধে সংগ্রামের প্রশ্নে। আমি তাঁদেরকে স্বাগত জানাচ্ছি। শুধ পশ্চিমবাংলার বকে নয়. সারা ভারতবর্ষের বকে এই যে অগণতান্ত্রিক কার্যকলাপ এই যে জঘন্য নজির সৃষ্টি করা হচ্ছে তার প্রতিবাদ শুরু হয়ে গেছে। আগামী দিনে সমস্ত অগণতান্ত্রিক কাজকে প্রতিহত করার জন্য দলমত নির্বিশেষে সমস্ত গণতন্ত্রপ্রিয় মানুষ সমস্ত রাজনৈতিক গোষ্ঠী ঐক্যবদ্ধ হয়ে কাজ করবে। এবং তারই ইঙ্গিত এই প্রস্তাবের মধ্যে আছে। এই প্রস্তাবকে সমর্থনের মধ্য দিয়ে বিভিন্ন রাজনৈতিক দলের মনোভাব দেশের মানুষ বুঝবে। পশ্চিমবাংলার মাটিতে এই ধরনের খৈরতান্ত্রিক আক্রমণকে কংগ্রেস-ই দলের কয়েকজনকে বাদ দিয়ে দলমত নির্বিশেষে সমস্ত মানুষ একে প্রতিহত করার জন্য ঐক্যবদ্ধ হবে। ভোলানাথ সেন মহাশয় ছমকি দিচ্ছেন এই রাজ্যে যেটা ব্যাপার আইন শৃঙ্খলার ব্যাপার নিয়ে। কিন্তু এখানে ঐ ফরমূলা চলবে না। এই যে ফরমুলায় অন্য রাজ্যগুলিকে বাতিল করেছেন সেটা এখানে চলবে না আমাদের মুখ্যমন্ত্রী তাঁর বিশ্লেষণের মধ্য দিয়ে তিনি সেটা উপস্থিত করেছেন। দু একটা রাজ্য বাদ দিয়ে আমরা দেখছি বেশিরভাগ রাজ্যে যখন অন্যরা সংখ্যাগরিষ্ঠ সেখানেও এই অগণতান্ত্রিক কাজ করা হয়েছে। ওঁরা শতকরা ৪২ টি ভোট পেয়ে সারা ভারতবর্ষের দয়ের তিন আসন পেয়েছেন। নির্বাচনের যেভাবে ব্যবস্থা আছে তার মধ্যে দিয়ে মাত্র ৪২টি ভোট পেয়ে ৩৫১ টি আসন পেয়েছেন। এটা মূলত ভারতবর্ষের ৬৫ কোটি মানুষের ম্যানডেট তাদের পক্ষে নেই ভারতবর্ষের ৬৫ কোটি মানষের মত হচ্ছে ৩৫১ টি পাওয়া সত্তেও বাস্তব সত্য হচ্ছে তাদের মনোভাবের প্রতিফলন হচ্ছে ইন্দিরা কংগ্রেস বিরোধী, স্বৈরতন্ত্রের বিরুদ্ধে। এটা হচ্ছে বাস্তব, আমি আশা করি ৫৮ জন মান্য ইন্দিরা গান্ধীকে ভোট দিয়েছে। সেইরক্ম ভারতবর্ষে দাঁডিয়ে আনষ্ঠানিকভাবে দেখতে পাচ্ছি তিনি ধরাকে সরা জ্ঞান করছেন। ইতিমধ্যেই হুমকী দিচ্ছেন আইন শঙ্খলার ধুয়ো তুলছেন। আমরা দেখছি কি ধরনের নাটক—নাটকেও বোধ হয় এ জিনিস হয় না। বানারসী দাসকে তিনি চিঠি পাঠালেন তিন পষ্ঠার চিঠি বানারসী দাস বোধ হয় পডবারও সময় পান নি। রাত্রি বেলায় শুনে ফেললেন যে তাঁর মন্ত্রীসভা বাতিল, বিধানসভা বাতিল। পরিহাস করতে একটু সময় লাগে, সেই সময়টুকুও দেওয়া হয়নি। এই রকম ঘটনা, এই রকম নাটকীয় ভাবে আক্রমণ যে কোন সময়ে, যে কোন অবস্থাতে হতে পারে। কারণ এটা নির্ভর করছে মর্জির উপর, এটা নির্ভর করছে ইন্দিরা গান্ধীর খেয়াল-খুশির উপর। তারা যেহেতু দেশের মানুষের কাছে বলবার সুযৌগ পাচ্ছে না সেহেতু তারা মনে করছে যে দুই দিন যাক, তিন দিন যাক আর একটা ঘটনা ঘটিয়ে দেব। এই রকম পটভূমিকায় দাঁডিয়ে পশ্চিমবাংলা সম্পর্কে এবং ভারতবর্ষের গণতন্ত্রপ্রিয় মানুষ সম্পর্কে আমাদের ঐক্যবদ্ধ ভাবে

নিশ্চয়ই কিছু করণীয় আছে। আমি শুধু এইটুকু বলতে চাই যে পশ্চিমবাংলার জল, তার আবহাওয়ায় গণতন্ত্রপ্রিয় যে মানুষ, যে মানুষগুলি অসংখ্য আন্দোলনের মাধ্যমে, সংগ্রামের মধ্য দিয়ে যে ইতিহাস রচনা করেছে, পশ্চিমবাংলার বামপন্থী আন্দোলনের যে ভিড, যে ঘাটি সেই ঘাটি আজকে কারো করুণার, কারো দয়ার দান নয়। এটা শ্রীমতী ইন্দিরা গান্ধী বা ভোলা সেনের সার্টিফিকেটের উপর নির্ভর করবেং ওদের সার্টিফিকেটের উপর নির্ভর করবে পশ্চিমবাংলার বিধানসভা, পশ্চিমবাংলার মন্ত্রিসভা? আর সেই সার্টিফিকেট নিয়ে পশ্চিমবাংলায় বামপন্ত্রী টিকে থাকবে? পশ্চিমবাংলা তার নিজের কোমরের জ্বোরে গণতন্ত্রকে রক্ষা করবে। পশ্চিমবাংলার গণতান্ত্রিক আন্দোলনকে অন্য রাজ্যে বাডতে সাহায্য করবে। এই রক্ম অবস্থায় দাঁড়িয়ে আমি এই কথা বলতে পারি যে কথা বিশ্বনাথ মুখার্জী মহাশয় বলেছেন, যে কথা আমাদের পক্ষ থেকে সকলে বলেছেন এবং আশাকরি সকলেই বলবেন। এটা নিয়ে খেলা করবেন না, কারণ কোন কিছু স্থায়ী নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এখন বসে আছেন তখন আপনার দেহের মধ্যে পরিবর্তন হচ্ছে এবং আমাদের মধ্যেও পরিবর্তন হচ্ছে। প্রতি মুহুর্তে নতুন জীবকোষ জন্ম নিচ্ছে, প্রতি মুহুর্তে পুরাতন জীবকোষগুলি মরে যাচ্ছে এবং তার মধ্য দিয়ে পরিবর্তন হচ্ছে। ভোলা সেন মহাশয় এখানে উপস্থিত নেই. তার দেহের মধ্যেও পরিবর্তন হচ্ছে। তিনি যদি আজ্ঞকে বাডি ফিরে যান এবং বাডিতে গিয়ে ১০ বছর আগের কোন ছবি দেখেন তাহলে সেই ছবিতে তার নিজেকে চিনতে অসুবিধা হবে কারণ অনেক পাল্টে গেছে। প্রতিটি ক্ষুদ্রাতিক্ষুদ্র অণু-পরমাণু থেকে শুরু করে বিশ্ব ব্রহ্মাণ্ড পর্যন্ত প্রতি মুহর্তে, প্রতি নিরম্ভন একটা পরিবর্তন হয়ে যাচ্ছে। ভারতীয় সমান্ত, ভারতীয় সভ্যতা এই পরিবর্তনের বাইরে নয়। তাই, আজকে যদি স্বৈরতান্ত্রিক শক্তি মনে করে যেহেতু ক্ষমতা হাতে আছে সেহেতু या देळ्या ठाँदे करत याता जारल পात (পয়ে यातन ना। এकটা कथा विन য়ে মানুষ সভ্যতার ইতিহাসে অনেক ঘাত প্রতিঘাত, অনেক দ্বন্ধ, অনেক সংঘর্ষ, অনেক উত্থান-পতনের মধ্য দিয়ে এগিয়ে চলেছে। কিন্তু শেষ পর্যন্ত গণতান্ত্রিক পক্ষের শক্তি, স্বাধীনতার পক্ষের শক্তি, সাম্রাজ্যবাদী বিরোধী শক্তি, একচেটিয়া পুঁজি বিরোধী শক্তি, সামন্ত্রতান্ত্রিক বিরোধী শক্তি, তার জয় ক্রমশঃ এগিয়ে যাচ্ছে এবং এটা নিশ্চিত যে পৃথিবীর মানচিত্রে তার স্থান এগিয়ে যাচ্ছে এবং যাবে। আজকে বামপন্থী আন্দোলন গণতন্ত্র রক্ষার পক্ষে, গণতান্ত্রিক অধিকার রক্ষার পক্ষে যে সংগ্রামের বেদিমূল রচনা করেছে, তাকে অবলম্বন করে সারা ভারতবর্ষের মানুষ রায় দিয়েছে। শতকরা ৫৮ জন মানুষ ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে কথা বলেছে। আজকে তারা ঐক্যবদ্ধ হয়ে স্থৈরতন্ত্রকে পর্যুদন্ত করে ভারতবর্ষের সংসদীয় যে গণতন্ত্র আছে. তাকে যে ভাঙ্গবার চেষ্টা করছে তাকে রুখাবার চেষ্টা করছে। আমি এই কথা বলতে চাই. ্য হমকি ভোলাবাবু দিয়েছেন, যে হমকি সুনীতি চট্টরাজ দিয়েছেন—এত সহজ নয়। হাতি, মোড়া গেল তল ভেড়া বলে কত জল-এত সহজে কিছু করতে পারবেন না। আমি এই প্রস্তাবকে সমর্থন করে এবং স্বাগত জানিয়ে সমস্ত রাজনৈতিক দল, সমস্ত রাজনৈতিক গোষ্ঠী এবং গণতন্ত্রপ্রিয় ব্যক্তিবর্গের কাছে আবেদন জানাতে চাই যে স্বৈরতান্ত্রিক প্রতিটি পদক্ষেপের বিরুদ্ধে ঐকাবদ্ধ ভাবে এগিয়ে আসন যাতে পশ্চিমবাংলার গণতন্ত্র শুধ নয়, সারা দেশের

গণতন্ত্রকে পুনরুদ্ধার করা যায়, পুনরুদ্ধীবিত করা যায় সেই সংগ্রামে আমরা ঐক্যবদ্ধ ভাবে এগিয়ে যাই।

শ্রী নির্মাণ বোস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৫ই ফেব্রুয়ারি ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী জ্ঞানী জৈল সিং রাজ্যসভায় একটি বিবৃতি দিয়েছিলেন। রাজ্যসভায় মাননীয় সদস্য শ্রী এ. জি. কুলকার্ণির, একটা মন্তব্য সম্পর্কে তিনি যা বলেন সেটা পরের দিন সমস্ত পত্রিকায় প্রকাশিত হয়েছে। আমি সেটা এখানে পড়ছি—'The Home Minister, Shri Jail Singh to-day denied in Rajya Sabha the allegation that the Centre was trying to dissolve the State Assemblies. Mr. Jail Singh, however, asked if any of them was collapsing under its own weight, how Centre could save it."

[5-20--5-30 P.M]

তিনি পরিষ্কার করে বলেছিলেন, তাঁরা কোন রাজ্য বিধান সভা ভাঙ্গছেন না। যদি তারা निष्क्रापत मामत हो हो अर्था । या मन जानातात त्यना इतियाना, कर्नी है कि अर्था अर्था अर्था । সফল হয়েছিল, সেই জিনিস তাঁরা ভেবেছিলেন সফল হবে। তাই তারা নিশ্চিন্ত ছিলেন, এবং সংসদে বিবৃতি দিলেন যে রাজ্য বিধানসভাকে তারা ভাঙ্গবেন না ৫ই ফেব্রুয়ারি। বিবৃতি পত্রের কালি শুকোতে না শুকোতে ১১/১২ দিন পরে ১৭ই ফেব্রুয়ারি সব বিধানসভা ভেঙ্গে দিলেন। ভারতের দুর্ভাগ্য যে এই আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী। প্রধানমন্ত্রী হবার পর সাংবাদিকদের কাছে ইন্দিরা গান্ধী বিবতি দিলেন I always belive in reconciliation with the opposition. এই হচ্ছে রিকনসিলিয়েশানের চেহারা, এই আমাদের প্রধানমন্ত্রী। মাননীয় অধাক্ষ মহাশয়, এই যে কাণ্ডটা ঘটল, এটা ভারতবর্ষে নতুন কিছু নয়। ১৯৫৭ সাল থেকে একের পর এক হয়ে আসছে সংবিধানের ৩৫৬ ধারা অনুযায়ী। কিন্তু আজকের ভারতের পরিবর্তিত পরিম্বিতিতে ১৯৭৭ সালের লোকসভার নির্বাচনের পরে ভারতের রাজনৈতিক চিত্র যা দাঁড়িয়েছে, প্রকত একটা যক্ত রাষ্ট্রীয় চেহারায় পরিণত হতে চলেছে. সেই পরিপ্রেক্ষিতে এই ঘটনা গণতন্ত্রের প্রতি আঘাত, যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার প্রতি আঘাত, এই কথা আমাদের বলতেই হবে। মাননীয় মখামন্ত্রী পরিষদের নেতা এর প্রতিবাদ করে যে প্রস্তাব এই সভায় উত্থাপন করেছেন. সেটা আমি সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ভোলানাথ সেন এখন উপস্থিত নেই, তিনি এখানে যা তাঁর বক্তব্য রাখলেন, তা নতুন কিছু নয়, এই বক্তব্যই বিধানসভা, মন্ত্রীসভাগুলো ভেঙ্গে দেবার পর স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, প্রধানমন্ত্রী বলেছেন। রাষ্ট্রপতির वयात किছ तरे. किन्ह भन्नीता नाना खत वलाइन, जातत मूल कथा वर्षा, त्रिण इल खनजा পার্টি ১৯৭৭ সালে সরকারে আসার পর ভেঙ্গে দিয়েছিলেন—তাঁদের বক্তব্য, এই ভাঙ্গার বিরুদ্ধে সূপ্রীম কোর্টে মামলা করা হয়েছিল, সূপ্রীম কোর্ট এর রায়ে এই ভেঙ্গে দেওয়াটা সমর্থিত হয়েছিল। সূতরাং এবারও ঠিক কাজ হয়েছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সূপ্রীম কোর্ট কি বলেছে? আজকে আউট অব কনটেক্সট দু চারটে লাইন পড়ে দিলে চলবে না।

সূপ্রীম কোর্টের যে রায়, তাতে এই কথাটাও আছে, Probing of any greater depth into the reasons given by the Home Minister is to enter a field from which judges must scrupulously keep away. That field is reserved for the Politicians and the Courts must avoid tresspassing into it.

সেদিন স্প্রীম কোর্ট রাজনৈতিক ঔচিত্যের প্রশ্নে আসেনি। তারা ৩৫৬ ধারা আইনগত বিদ্রোষণ করে একই কথা ১৯৫৭ সাল থেকে বলছেন, নতুন কিছু বলেননি। রাষ্ট্রপতি যদি স্যাটিসফাইড হন, যে according to the provision of the Constitutions. শাসন চলছে না, তাহলে ভেঙ্গে দেবেন। কেন স্যাটিসফাই হচ্ছেন, এটা বলবার দরকার নেই। এটা জাস্টিসিয়েবল ক্রম্জ নয়। রাজনৈতিক প্রশ্নে তারা ঢোকেননি, তিনি বলেছেন, এটা রাজনৈতিক নতাদের ব্যাপার। তাই এই প্রশ্নের মিমাংসা আদালতে হয়নি। আর জনতা পার্টির সরকারের আচরণ—বেশ তো এবারের লোকসভার নির্বাচনে জনতা পার্টি তো ঢাকী শুদ্ধ বিসর্জন হয়ে গছে, ইন্দিরা পদ্মীদের মতে তো দেশবাসী জনতা সরকারকে তাদের নীতির, তাদের আচরণের विकृष्क ताग्र मिरग्रह। তাহলে যে আচরণের বিকৃष्क জনগণ রায় मिरग्रह वनहून, সেই আচরণ তারা অনুসরণ করছেন কেন? জনতা সরকারের আচরণই তারা অনুসরণ করছেন। লোকসভার নির্বাচনের ফলের কথা বারবার বলা হচ্ছে—লোকসভার নির্বাচনের রায় বিরুদ্ধে গেছে। এখানে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্ততায় বলেছেন যে, উত্তর প্রদেশে ইন্দিরা কংগ্রেস দল শতকরা ৩৫.৭৪ ভাগ ভোট পেয়েছে, বিহারে শতকরা ৩৬.০৪ ভাগ ভোট পেয়েছে। তাহলে ৫০ ভাগের অনেক কম ভোট পেয়ে ভেঙ্গে দিলেন। আর গতবার জনতা পার্টি উত্তর প্রদেশে. বিহারে কত ভাগ ভোট পেয়েছিল? শতকরা ৬০ ভাগেরও বেশি ভোট পেয়েছিল। সূতরাং তাদের একটা বলবার যুক্তি ছিল যে, অধিকাংশ মানুষ আমাদের পক্ষে রায় দিয়েছে, কংগ্রেসের বিরুদ্ধে রায় দিয়েছে। কিন্তু এবারে অধিকাংশ মানুষ কংগ্রেসের পক্ষে রায় দেয়নি। আর একটা বড কথা হচ্ছে, যে কোনো নির্বাচনই কয়েকটি প্রধান বিষয় বা কোন একটি মুখ্য ইস্যুর উপর দাঁড়িয়ে হয়। গতবারের নির্বাচনের মূল ইস্যু ছিল জব্ধরী অবস্থা এবং জরুরী অবস্থায় অত্যাচার। জনতা পার্টি এবং বাম-পন্থী দলগুলি সারা ভারতবর্ষে এটাকে প্রধান ইস্যু করেন এবং বলেন, ভোটদাতাগণ, আপনারা রায় দিন, এই জরুরী অবস্থা এবং জরুরী অবস্থার অত্যাচারকে আপনারা সমর্থন করেন কি নাং তাঁরা রায় দিয়েছিলেন. ঙ্গরুরী অবস্থা এবং জরুরী অবস্থার অত্যাচারকে আমরা সমর্থন করি না। তাতেই কেন্দ্রের পরিবর্তন হয়েছিল। আর অধিকাংশ রাজাগুলিতেই জরুরী অবস্থার আগে থেকেই কংগ্রেসী রাজত্ব ছিল এবং তারা জরুরী অবস্থার সময়ে অত্যাচার করেছে, সূতরাং জ্বরুরী অবস্থার মত্যাচারে তাদেরও দায় দায়িত্ব ছিল। সূতরাং জরুরী অবস্থার বিরুদ্ধে অধিকাংশ মানুষ এখন ায় দিলেন তখন আর ঐসব রাজ্য সরকারগুলির সেখানে থাকবার আর কোনো যুক্তি ছিল না। কিন্তু এবারে লোকসভার নির্বাচনে কি ইস্য ছিল? ইন্দিরা কংগ্রেসের পক্ষ থেকে ইস্য দওয়া হয়েছিল, কেন্দ্রে স্থায়ী সরকার চাই, স্টেবিলিটি চাই। এই ইস্যু অনেক মানুষ মেনে

নিয়েছেন, তাঁরা দেখেছেন জনতা পার্টি স্থায়ী সরকার দেয়নি, লোকদল স্থায়ী সরকার দিতে পারবে না। আমরা মেনে নিচ্ছি জনগণ স্থায়ী সরকার চেয়েছে, কেন্দ্রে স্থায়ী সরকার এসেছে। কিন্তু যে রাজ্য সরকারগুলি ভেঙ্গে দেওয়া হল সেগুলিতে কি স্থায়িত্ব ছিল না, সেগুলিতে কি এই সমস্যা ছिল? ताक्कञ्चात कि ञ्चाग्रिएवत সমস্যা ছিল? উড়িষ্যায় कि এই সমস্যা ছিল, মধ্যপ্রদেশে কি স্থায়ী সরকার ছিল না? তাহলে? স্টেবিলিটির প্রশ্নে নির্বাচনে মানুষ রায় দিয়েছেন, স্টেবিলিটি চাই। সে সরকারের এই ইস্যু, সেই ইস্যুতে কিন্তু এইসব রাজ্যগুলিকে ভাঙ্গা যায় না। তা ছাড়াও এখানে বলা হচ্ছে—তখন কেন্দ্রীয় আইনমন্ত্রী শ্রী শান্তিভূষণ ২২শে এপ্রিল তারিখে অল ইণ্ডিয়া রেডিওর স্পটলাইটে একথা বলেছিলেন যে, যে কয়টি বিধানসভা ভেঙ্গে দেওয়া হল তার মধ্যে উত্তর প্রদেশ বাদে সব কয়টিরই ৫ বছরের কার্যকাল শেষ হয়েছে। জরুরী অবস্থার সময়ে অন্যায়ভাবে বিরোধী সদস্যদের জেলে রাখার সুযোগ নিয়ে ৪২-তম সংবিধান সংশোধন করা হয়েছিল এবং তাতেই ৫ বছরের জায়গায় ৬ বছর করা হয়েছিল। আজকে ঐ সমস্ত যুক্তি বাদ দিয়ে যেহেতৃ কংগ্রেস দল অধিকাংশ ক্ষেত্রে ভোট ভাগাভাগির ফলে বেশি আসন পেয়েছেন, সেইহেতু ভেঙ্গে দেওয়া হল। মানুষকে চোখে ধুলো দেবার এই চেষ্টা কখনই সফল হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেসব বিধানসভা ভেঙ্গে দেওয়া হল তার মধ্যে গুজরাট অন্যতম। অথচ গুজরাটে জুন মাসে নির্বাচন হওয়ার কথা, জুন মাসে সেখানকার ৫ বছরের কার্যকাল শেষ হওয়ার কথা ছিল, আর ফেব্রুয়ারি মাসেই তাকে ভেঙ্গে দেওয়া হল। কেন ভেঙ্গে দিলেন, না, জনগণ তাদের বিরুদ্ধে রায় দিয়েছেন, সুতরাং তাদের নতুন করে রায় নিতে হবে। তা ভাল কথা জুন মাসে জনগণের রায় নিতেন, জ্বিততেন বা হারতেন, কিন্তু তার আগেই কেন ভেঙ্গে দিলেন? কারণ অত্যন্ত সোজা তখন নির্বাচন করলে গুজরাটে সরকার থেকে যাবে, গুজরাট সরকারটা নিজেদের হাতে রেখে নির্বাচন করতে চান, তাই এই কাজ করেছেন। আসল কথা ক্ষমতায় আসার জন্য ওঁরা আর এক মুহুর্তও চুপ করে বঙ্গে থাকতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোক সভার নির্বাচন হওয়ার পর মুহুর্তেই ওঁরা ঠিক করেছিলেন যে, কেবল কেন্দ্রীয় সরকারে থাকলে চলবে না, সব রাজ্য সরকারগুলিও চাই। প্রথমে ভেবেছিলেন বিধানসভা ভাঙ্গলে জনগণের মধ্যে প্রতিবাদ উঠবে, তাই প্রথমেই ওপথে যাননি। তাই প্রথমে কি পথ নিয়েছিলেন? দল ভাঙ্গার, ডিফেকসন করার, আয়া-রাম গয়া-রাম-এর খেলার নীতি নিয়েছিলেন। ভোলা বাবু কি করে থাকবেন এখানে এবং সেকথা কি করে বলবেন উনি তো নিজেই কিছদিন আগে কংগ্রেস (ইউ)-তে ছিলেন, এখন ইন্দিরা কংগ্রেসে এসেছেন। তাই উনি আর দল ভাঙ্গার কথা কি করে বলবেন। এইভাবে ইন্দিরা কংগ্রেস হরিয়ানা ভেঙ্গেছে, হিমাচল প্রদেশ ভেঙ্গেছে। মহারাষ্ট্র ভাঙ্গবার চেষ্টা করছিলেন, ভাঙ্গতে পারেননি। যশপাল কাপুর নামে এক ব্যক্তি গিয়েছিলেন ভূবনেশ্বরে। তিনি ভূবনেশ্বরে কিসের জ্বন্য গিয়েছিলেন এবং সেখানে কি বলেছিলেন ?

[5-30-5-40 P.M.]

তিনি ভূবনেশ্বরে গিয়েছিলেন কিসের জন্য? কি করে লোকদলের সদস্যদের নিয়ে এসে সরকার ভাঙ্গা যায় তারজ্ঞন্য। ২৪ শে জানুয়ারি সাংবাদিক সম্মেলনে তিনি বলেছিলেন If they wanted to continue in the government they must approach it. অর্থাৎ কংগ্রেস-আই এর সঙ্গে। কোন রকম লজ্জা-সরম নেই এদের। তিনি বলেছেন নীলমনি রাউত মহাশয়কে তোমরা আমাদের সঙ্গে থাকো অর্থাৎ উডিয্যার জনগণ তোমাদের সেখানে আয়া-রাম গুয়ারামের খেলা হয়েছে। এখানে আসামের কথা বারে বারে উঠেছ সেখানকার আইন-महामा तरे। यामता कि प्रथमाम—उँखत श्रुप्तानत ताषाशामक मतिए। प्रिया प्रथात धम. त्रि.-क नित्य जामा क्व। किन्न जामात्मत ताजाशानक मताए वना क्व ना। यमशान কাপর এবং শঙ্করদয়াল শর্মা গিয়েছিলেন আসামের সমস্যা বঝতে। অর্থাৎ সেখানে এম. এল. এ-দের কেনা-বেচা করতে গিয়েছিলেন। তাঁরা ইন্দিরা গান্ধীকে লিখেছেন যদি সম্ভব হয় তাহলে এ্যনিমেটেড সাসপেনশান থাকবে আর যদি না হয় হয়তো ভেঙ্গে দেবো। সূতরাং এটা একটা মারাঘ্যক কথা। ১৯৫৭ সাল থেকে বারে বারে রাষ্ট্রপতির শাসন হয়েছে কিন্তু একথা এখনও পর্যন্ত কেউ বলেন নি যে সংবিধান ভেঙ্গে পড়ছে সেইজন্য রাষ্ট্রপতি ভেঙ্গে দিয়েছেন। এবারে জৈল সিং বলেছেন কেন্দ্রীয় সরকারের প্রগতিশীল নীতির সঙ্গে সহযোগিতা করা হচ্ছে না। আজকে যদি কেন্দ্রীয় সরকার বঙ্গেন মার্কিন সাম্রাজাবাদকে সমর্থন করতে তাহলে বামফ্রন্ট সরকারকে কি সমর্থন করতে হবে? তা নাহলে ভেঙ্কে দেবে? আমরা তাই বারে বারে বলেছি কেন্দ্র রাজ্য সম্পর্কের পরিবর্তন চাই। ৩৫৬ ধারা থাকতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কংগ্রেসের বক্ততা শুনেছি—আমাকে একজন বন্ধ বলছিলেন ভোলাবাব ভাল ব্যারিস্টার এবং ভাল বক্তা किन्तु এ कि হলো? कान युक्ति तन्हें, कान तक्य ভाल कथा तन्हे। ठांत কথায় পরিষ্কার বোঝা যাচ্ছে গায়ের জ্বোরে ক্ষমতা পেয়েছি এবং ক্ষমতা নেবো। ভোলাবাব বক্ততা করবার সময়ে অত্যন্ত সাংঘাতিক কথা বলে দিয়েছেন—তিনি ধান ভানতে শিবের গীত গেয়েছেন। আলোচনা হচ্ছে কেন্দ্রীয় সরকার বিভিন্ন মন্ত্রীসভা ভেঙ্গে অন্যায় করেছেন—তিনি সেই আলোচনায় গেলেন না এবং না গিয়ে তিনি বলতে আরম্ভ করলেন পশ্চিমবাংলায় আইন-শঙ্খলা নেই। তিনি বলতে আরম্ভ করলেন এখানে কি হচ্ছে? বিশ্ববিদ্যালয়কে কেডে নেওয়া হয়েছে, মধ্যশিক্ষা পর্যদকে কেডে নেওয়া হয়েছে, জ্যোতদারদের ফসল কেটে নেওয়া २एक्ट এবং তারপর বললেন কেন্দ্রে শক্তিশালী সরকার চাই এবং সব শেষে বললেন সাবধান—বক্ততা করতে আর হবে না—এই বলে হুমকি দেখালেন। আমি বলি এই হুমকি আমাদের দেখাবেন না। অনেক অভিজ্ঞতার মধ্য দিয়ে আমরা এসেছি। ১৯৬৭ সালে রাষ্ট্রপতির শাসন দেখেছি, ৬৭ সালে দেখেছি, ৭১ সালে দেখেছি, ৭২ সালে দেখেছি—এইসব স্তর পার रहा এসেছি। দিন না ভেঙ্কে—ইন্সট্যাবিলিটি সৃষ্টি করে, অফিসারদের ডি-মরালাইসড করে এবং আন-সার্টেনটি সৃষ্টি করে দিন না ভেঙ্গে, সাহস থাকে তো দিন---সারা পশ্চিমবাংলার জনসাধারণ—আপনারা এখন বোধ হয় ১৯ টি কি ২০ টি আসনে আছেন তখন শুন্য হয়ে যাবেন—একজ্বনও ফিরে আসতে পারবেন না—এটা মনে রাখাবেন—এটা পশ্চিমবঙ্গ।

श्री रिवशंकर पान्डे : माननीय अध्यक्ष महोदय तानाशाही ढंग से ६ राज्यों के विधान सभाओ को खतम करने के विरूद्ध में माननीय मुख्यमन्त्री ने जो प्रस्ताव सदन के सम्मुख रखा है, मैं उसका समर्थन करता हूँ। साथ ही साथ पश्चिमवंग विधान सभा को भी भंग करने की प्रचेप्टा हो सकती है। अतएव मै यहाँ की सरकार और पश्चिमवंगाल की जनता को सावधान कर देना चाहता हूँ।

कंग्रेस आई के नेता बरकत साहव पूरी तरह से प्रचेष्टा में हैं कि कैसे पश्चिम बंगाल के वामपन्थी मोर्चा को वंग महासागर में डुवो दिया जाय? उनकी मन्या है कि जल्द से जल्द यहाँ की सरकार को खत्म कर दिया जाय। इनकी सवके वड़ी कुदृष्टि उत्तर प्रदेश पर नहीं रही है, हरियाना पर नहीं रही है, अगर रही हो तो केवल पश्चिमवंगाल पर। लेकिन उन्हें इतनी ताकत नहीं मिली कि इसलिए थोड़ा दूर हो गए। तानाशाही तरीके से काम करने वाले मजदूर ने पश्चिमवंगाल विधान सभा को घेर रखे हैं। लेकिन उन्हें ख्याल रखना होगा कि अगर यहाँ कि विधान सभा की भंग करने को कुचेष्टा की गई तो यहाँ की जनता इन कंग्रेस (आई) के नेताओ को वंग महासागर में डुवो देंगी। केवल पश्चिमवंगाल ही नहीं सारे भारतवर्ष के लोग कंग्रेस आई के नेताओ को वंग महासागर में ढकेल देंगे।

अध्यक्ष महोदय, दुसरी वात यह है कि नारायणपुर की घटना को लेकर वड़ा प्रचार किया जा रहा है। आसाम की घटना को न देखकर श्रीमती इन्दिरा गाँन्धी उत्तर प्रेदश के एक ग्रामकी घटना को देखना शुरु कर दिया इसका कारण यह था कि उसके पीछे उनके वेटे का हाथ था। नारायणपुर ग्राम कल्याणगंज थाने के अन्दर में पड़ता है। वहाँ के थानेदार लक्ष्मीनारायण चतुर्वेदी है। ये थानेदार साहव कंग्रेस (आई) का प्रचार कर रहे थे। इसी सिलसिले में वे नारायणपुर भी, गऐ थे। किन्तुं वहाँ की जनता ने उनकी वातों की परवाह नहीं की। उस ग्राम में ६० प्रतिशत मुसलमान निवास करते

हैं। इसके अलावा सिराज महम्मद नामक एक व्यक्ति उसी ग्राम में रहते हैं, जो पुराने सोशालिस्ट है। और अव लोकदल में हैं। लोकदल के एम एल ए ने मुख्यमन्त्री से शिकायत की थी कि थानेदार कंग्रेस (आई) का प्रचार कर रहा है। किन्तु मुख्य मन्त्री वनारसी दास कुछ कर नहीं सके क्योंकि अफिसरो की ट्रान्सफर वन्द था। इसलिस संजय का चेला वनकर वहाँ का थानेदार और जोरों से कंग्रेस (आई) का प्रचार करना शुरु कर दिया। उसकी बात जव गाँव वाले नहीं माने तो वह गाँव वालों को पीटना आरम्भ कर दिया। वड़ी निर्दयता के साथ वच्चे बुढ़ों और औरतों की पीटा। वहाँ मोहनवाबु लोकदल के मन्त्री भी थे। कंग्रेस (आई) के लोगों ने पुरा अत्याचार और आतंक का साम्राज्य फैला रखा था। यह सारी कारवाई संजय के इशारे पर किया गया था। और आज कंग्रेस (आई) के लोग वनरसी दास की सरकार को दोषी ठहरा रहे हैं।

अध्यक्ष महोदय, जनतन्त्र का सबसे बड़ा काम है देश को उत्थान की दिशा की और को जाना। और पहले की जनता सरकार, लोकदल और वामपंन्थी मोर्चा की सरकार विशेषकर गाँव की तरकी के लिए, अधिक विकेन्द्रीयकरण के लिए, राजनैतिक विकेन्द्रीयकरण के लिए पूर्ण प्रयास किया था। उन सरकारों की यह प्रवल इच्छा थी कि कैसे दिल्ली के धन को गाँवों तक पहुंचाया जाय? ग्रामों की कैसे तरक्की की जाय? यह हमेंशा ध्यान रखा गया कि सारा धन दिल्ली में ही न रह जायं। परन्तु आज इन्दिरा गाँनधी गाँव की तरकी के लिए विकेन्द्रीय करण को भुला कर सारा धन दिल्ली में ही जमा करके रखना चाहती हैं। आम जनता को फायदा पहुँचाने की बात नहीं सोच रही हैं। यहाँ तक कि तानाशाही गद्दी को अपने चापलूसो चेला चामुण्डें ओर बेटे को इकट्टा करके वाँट देना चाहती हैं। इसी मक्सद से उन्होने ६ विधान सभाओं को भंग कर दिया है।

1978 की वात को मैं कह रहा हूँ जवकि जनता पार्टी की सरकार वनी थी। उस समय चौधरी चरण सिंह ने सभी राज्यों

के मुख्य मंन्ती यों को बुलाकर कह दिया था कि आपलोगो का कार्यकाल समाप्त हो रहा है, अतएव जल्द से जल्द इस्तोफा दे दीजिए। मगर इन्दिरा गाँन्धी ने तो इन राज्यों के मुख्य मन्त्री को कुछ कहने का मौका ही नहीं दिया ओर एकाएक विधान सभाओ को भंग कर दिया। उसके पीछे एक रहस्य है और वह रहस्य यह ही कि वे अपने चापलूसो को गद्दी पर वैठना चाहती हैं। जैसे इमजेन्सी के समय में हेमवतीनन्दने वहुगुना को हटाकर नारायण दत्त तिवारी को वैठाया जो चापलूसी करने के साथ संजय गाँन्धी को चपक्षे पहनाया करते थे। राज्य के शासन का कोई कार्य नहीं करते थे।

जनतन्त्र का यह तकाजा है कि हिन्दू अपनी पूजा मन्दिरों में कर सकें, मुसलमान अपनी नमाज मस्जिदों में पढ़ सकें और क्रिश्चियन गिरजा धरों में बाइविल पाठकर सकें। वैसे ही जनतंत्र के लिए ही मन्दिर हैं—एक विधान सभा और दुसरा लोक सभा। अगर विधान सभा और लोक सभा में अच्छे देवताओं की प्रतिष्ठा नहीं होगी तो जनतन्त्र पर कुठाराधात होगा और जनतंत्र ढ़ह जायेगा और जनतन्त्र का गला काटना शुरू कर देगा। आज ईन्दिरा गाँन्धी उसी का फायदा उठाकर भ्रष्टाचारको सहारा लेकर तानाशाही कार्यकर रही हैं। इस चुनाव में मात्र 43 प्रतिशत वोट पाकर ही गई। पर वैठी हैं। और अव भानमाना काम करना शुरू कर दिया है।

महात्मा गाँन्धी ने जनतन्त्र का मतलव वताया था कि जनतन्त्र एक परिवार की भाँति हैं। अगर एक परिवार के 4-5 आदमी का काविल हो जाँये तो उसका फायदा न उठाओ। पुरे देश को काविल वनाकर फायदा उठाओ। पश्चिमवंगाल की जनता को उटकर उनका मुकाबला करना चाहिए और सीधे खड़ा होकर कहना चाहिए कि अगर वरकत साहव आप वंग महासागर में फेंकने की कोशिश करेंगे तो उसके पहले हम लोग आपको वंग महासागर में फेंक देंगे। इसतरह से जैसे ये विधान सभाओं को भंग कर दिया है, वेसे वंगाल की विधान सभा को भंग करने की चेष्टा नहीं कर सकेंगे।

[5-40-5-50 P.M.]

শ্রী অমলেন্দ্র রায় ঃ মাননীয় স্পীকার মহাশয়, মখামন্ত্রী যে প্রস্তাব এখানে এনেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। এটা আমাদের বোঝা দরকার যে এই প্রস্তাব একটা মামলী প্রস্তাব নয়। শুধু আমাদের বিধানসভা আজকে সারা ভারতবর্ষে এই প্রস্তাবের মর্মার্থ ভাল ভাবে অনুধাবন করতে হবে। আসলে মামলাটা কি সেটা হচ্ছে আমাদের দেশে ইন দি টুয়েস্ট সেল অফ দি টার্ম কেন্দ্রে কোন ফেডারেল গভঃ থাকবে কি না? আসল মামলা হচ্ছে ফেডারেল গভঃ এর পরিবর্তে আমাদের দেশে কেন্দ্রীয় সরকার হিসাবে কোন ওয়াস্ট টাইপ অফ ইউনিটারি ফর্ম অফ গভঃ থাকবে কি না? এই মামলা আজকে আমাদের সামনে আছে। আপনি জ্ঞানেন যে গণ পরিষদে এই বিষয়টা নিয়ে কি ভাবে নিষ্পত্তি হয়েছিল ৩০ বছর আগে। তখন অধ্যাপক কে. পি. সাহা, হরিবিষ্ণ কামাথ, শিবনলাল সাকসেনা প্রভৃতি যখন সেদিনকার গণ পরিষদে এই আর্টিক্যাল পাশ করান হচ্ছিল ওভার রাইডিং পাওয়ার অফ দি ইউনিয়ান গভঃ ওভার দি স্টেট তখন তাঁরা যে সব যুক্তি দেখিয়েছিলেন তা মনে করতে হবে। এই যেখানে ছিল মূল মামলা সেই মামলায় স্টেট অটোনমিকে ফার্সে পর্যবসিত করার যে প্রচেষ্টা সেদিন চলছিল তখন তার বিরুদ্ধে সবল প্রতিবাদ গণ পরিষদে প্রতিধ্বনিত না হলেও অত্যন্ত দর্বল কঠে হলেও কামাথ ও অধ্যাপক সাহা যে কথা গুলি সেদিন বলেছিলেন তা মনে রাখার মত। আজকে ইন্দিরা গান্ধী অথবা তাঁর স্বরাষ্ট্রমন্ত্রী কি গর্হিত কাজ করছেন তা বিচার করতে হবে। অর্থাৎ তাঁরা গণতম্বকে কি ভাবে হত্যা করতে চলেছেন সেটা যদি বৃথতে হয় তাহলে সেদিন গণ পরিষদে যে আশ্বাস যে প্রতিশ্রুতি সারা ভারতবর্ষের কোটি কোটি মানুষকে দেওয়া হয়েছিল সেগুলির ভেতরে যাবার প্রয়োজন আছে। আমি তাই এখানে তার ভারবেটিং কোট করতে চাই। আর্টিক্যাল ২২৫ থেকে আরম্ভ করে একের পর এক কি ভাবে অসাংবিধানিক ধারা মতে এই ৯টা বিধান সভাকে ভেঙ্গে দেওয়া হয়েছে তা দেখাতে চাই ভোলা বাবর বক্ততার মধ্য দিয়ে এটাই বুঝলাম যে সংবিধান হয়-গায়ের জোরে আমরা ভেঙ্গে দেবো—এবং লোকসভা বিধানসভার কি দরকার আছে? এই মামলার বিচার রাস্তায় হবে। পলিটিক্যালি যদি আর্গু করতে চান আমরা সে ভাবে করতে জানি। পলিটিক্যাল দূরের কথা কনস্টিটিউসনালি আর্গু করুন। আশা করেছিলাম যে ভোলাবাবু সেদিক দিয়ে যাবেন। কিন্তু তিনি সবে চরণামৃত পান করতে আরম্ভ করেছেন বলে আমরা বৃঝতে পারলাম না আসলে তিনি কি বুঝাতে চান যে সংবিধানের কোন ধারা মতে এই কাজ করা হয়েছে। আপনারা রাস্তায় যদি মীমাংসা করতে চান তাহলে আমাদের ভয় দেখাবেন না, কারণ আমরা জ্ঞানি রাস্তায় কি ভাবে মীমাংসা করতে হয়। কিন্তু এটা রাস্তার লড়াই নয়। এখানে সংবিধানকে কোট করে দেখাতে হবে কোন আইন ও আর্টিক্যাল বলে এই এ্যাকসান নিলেন যাতে আপনারা জাস্টিফাই করতে পারবেন। ডাঃ আম্বেদকর কনস্টিটিউয়েন্ট এ্যাসেম্বলীর সেই ড্রাফটিং কমিটির চেয়ারম্যান ছিলেন। ৩০ বছর আগে ২৫ নভেম্বর তারিখে এই সব ওভাররাইডিং আর্টিকাালগুলি একের পর এক পাশ করান হচ্ছিল। আপনি জানেন যে আমাদের কনস্টিটিউসানের আর্টিক্যাল এর ২৪৫ থেকে ২৯০ (এ) পর্যন্ত রিলেসান সেন্টার এণ্ড স্টেট এবং ডিসট্রিবিউসান অফ পাওয়ার কি ভাবে হবে তা সেখানে লিপিবদ্ধ করা আছে। এই ধারাগুলি এখন গ্রহণ করা হচ্ছিল তখন এই সমস্ত চার্জ আসায় ডঃ আম্বেদকর সেই চার্জ এ্যডমিট করে বলেছিলেন ওভাররাইডিং করার প্রশ্নটা আমি জানি। কিন্তু তার পরিপ্রেক্ষিতে আজকে গণ পরিষদে এই কথা ঘোষণা করতে চাই যে Those overriding powers did not conform to the normal feature of the Constitution. Their use and operation was explicitly confined to emergency only. তারপর তিনি যা বলেছিলেন তা আমি একটু পরে বলছি। এই বক্তব্যকে সমর্থন করে গণ পরিষদের সেদিনের যিনি সভাপতি ছিলেন ডঃ রাজেন্দ্র প্রসাদ বলেছিলেন Centre to act within the sphere of States only in emergency wheather politically, financially or economically. There should not be any tendency on the part of the Centre to grab more power. ক্ষমতা কুক্ষিণত করার যে প্রবণতা ইন্দিরা গান্ধীর মধ্যে দেখা দিয়েছে তার বিরুদ্ধে সেদিন তাঁরা এইভাবে সারা দেশের সামনে গণপরিষদে প্রতিশ্রুতি দিয়েছিলেন।

[5-50-6-00 P.m.]

এবং ডঃ আম্বেদকর আরো পরিষ্কার করে বললেন "It had already been agreed that the new Constitution of India should be a federal Constitution. It meant that the States should be sovereign in their field which was left to them by the Constitution. That being so if the Centre was to interfere with the administration of a State that interference must not be wanted arbitrary or unauthorised by law."

ডঃ আম্বেদকর অম্বীকার করেননি তাই নয় যে হাাঁ, এ্যাবিউজ করা হতে পারে, পলিটিক্যাল পারপাস নিয়ে এ্যাকিউজ করা হতে পারে এই পাওয়ারটা। সেইজন্য তিনি পরিষ্কার করে বলেছিলেন যে এইসব আর্টিক্যালে ওভাররাইডিং পাওয়ার্স ইউনিয়ন নিয়ে নিলেন হাতে। আর প্রতিশ্রুতির কথা বললেন ঐসব ফেডারেল গভর্ণমেন্ট নয়, কোয়াসী ফেডারেল নয়, আই ড নট এপ্রি কোয়াসী ফেডারেল, সিউডো ফেডারেল। ভোলা বাবুর মুখ থেকে যে জিনিস বেরিয়ে গেছে, উনি কি বলতে চেয়েছেন, সেটা হচ্ছে ওয়ারসট টাইপ অব ইউনিটারী ফরম অব গভর্ণমেন্ট ভারতবর্ষে প্রয়োজন আছে এবং ভারতবর্ষে সেই রকম গভর্ণমেন্ট তৈরী হবে শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতত্তে। কিন্তু গণ পরিষদে সেদিন যে আলোচনা হয়েছিল, যে প্রতিশ্রুতি জাতির সামনে রাখা হয়েছিল—একথা বলা হয়নি যে ওভাররাইডিং পাওয়াবস ব্যবহার করা হবে না, শুধু এমারজেনির ক্ষেত্রে ব্যবহার করা হবে, নর্মাল ফিচারে নয়, এই কথা সেদিন কনস্টিটিউসানে ঘোষণা করেছিলেন। এ্যাজ্ব এ লাস্ট রিসর্ট এই সমস্ত ধারা সরকার ব্যবহার করবেন। লাস্ট রিসর্ট কথাটার মানে কি—তার মানে হচ্ছে কেন্দ্রকে যে রাজ্য সরকার মানছে না, রাজ্য সরকার সেই ধারার বাইরে যাচ্ছে সেখানে নানা পদ্ধতি আছে, নানা পদ্মা আছে, একের পর এক পদ্মা অবলম্বন করে সংকট নিরসনের জনা চেষ্টা করবেন প্রথমে, কিন্তু যদি তাঁরা সংকট নিরসন করতে না পারেন, কনস্টিটিউসন্যাল ক্রাইসিস যদি দেখা দেয় যে সংকট নিরসনের উপায় আর কোনভাবে করা যাচ্ছে না, ক্রাইসিস সেই রকম থাকলে তবে লাস্ট রিসর্ট হিসাবে ব্যবহার করতে পারবেন। লাস্ট রিস্টের মানে এইটুকু আমি বুঝি। এই হচ্ছে পটভূমি। এই পটভূমিতে তাঁরা কি করলেন, তাঁরা ৩৫৬ ধারা প্রয়োগ করলেন ৯টি বিধানসভা ভেঙ্গে দেবার জন্য। আমি জানি না প্রোকলামেশানে কি

আছে, সাপ আছে, না ব্যাঙ আছে, প্রোক্লামেশানে কি লেখা আছে আমি জানি না, আমাদের জানার কোন অবকাশ নেই, তবে যেটা মুখ্যমন্ত্রী বললেন অন্তুত ব্যাপার। পৃথিবীর ইতিহাসে কখনও কোথাও কর্মনেটিটান্যাল ল-তে এত বড় বড় পণ্ডিত জন্মেছেন বলে আমি জানি না যে এক একজন মন্ত্রী এক এক ভাষায় প্রোক্লামেশানে কি আছে সেটা দেশের সামনে উপস্থাপিত করেছেন। জৈল সিং দিল্লীতে টেলিভিশানে ইন্টারভিউ দিয়েছেন সেই ইন্টারভিউ-এ দৃটি কারণ বলেছেন—একটা হচ্ছে Ruling parties this has lost peoples mandate আর একটা কারণ বলেছেন The ruling Parties were not co-operating with the Centre in implimentation of its programme and policies.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই আজকে দেশের সামনে সমূহ বিপদ এইজন্য যে দুর্জনের ছলের অভাব হয় না এটা আমরা অন্যান্য ক্ষেত্রে খুব ভাল করে জানি। কিন্তু একটা দেশের শাসন ব্যবস্থায় যদি এই রকম দুর্জন বসে তাহলে তারা কনস্টিটিউসান ছুঁড়ে ফেলে দেয় ছলনার মধ্যে এই রকম যুক্তি খাঁড়া করে, গণতন্ত্রকে হত্যা করবার জন্য একের পর এক স্টেটকে ভেঙ্গে দেয়, বিধানসভাকে ভেঙ্গে দেয়। আজকে ফেডারেল গভর্গমেন্ট হয়নি সেই কথা ডঃ আম্বেদকর বলে গেছেন সারা দেশের কাছে দুনিয়ার কাছে। ইন টাইমস অব ক্রাইসিস এরা ক্ষমতা কুক্ষিগত করবে।

আজকে অর্থনৈতিক সংকট সারা দেশে যেভাবে ছড়িয়ে পড়েছে তাতে উপায় নেই। নিও ফ্যাসিস্ট অথবা ফ্যাসিস্ট এবং একটা ওয়ার্স্ট টাইপ অব ইউনিট্যারি ফর্ম অব গভর্ণমেন্ট কায়েম করে দেশের মানুষের আন্দোলন, দাবীদাওয়াকে ধূলিস্যাৎ করা ছাড়া ওঁদের আর কোন পছা নেই। কিন্তু আমাদেরও একটা পছা আছে। আমরা জানি এর বিরুদ্ধে কিভাবে প্রতিবাদ করতে হয়, আমরা জানি একে কি করে প্রতিরোধ করতে হয়, আমরা জানি কিভাবে ইন্দিরা গান্ধীর মোকাবিলা করতে হয়। আমরা ইতিহাস জানি, হিটলার, তোজো এবং মুসোলিনির স্থান হয়েছে ওই ইতিহাসের আবর্জনার স্তপে। আমি বিধানসভায় একথা ঘোষণা করছি ইন্দিরা গান্ধী যদি তাদের পদাংক অনুসরণ করে ক্ষমতা কুক্ষিগত করবার চেষ্টা করেন, জনগণকে পদদলিত করবার চেষ্টা করেন তাহলে তারও ঠাই হবে ওই ইতিহাসের আবর্জনার স্তপে। ভারতবর্ষের জনগণ এটা প্রমাণ করে তবে ছাড়বে।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় স্পীকার মহাশয়, শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং তাঁর সরকার ভারতবর্ষের ৯টি বিধানসভা, জনগণের দ্বারা নির্বাচিত বিধানসভা ভেঙ্গে দিয়ে যে অগণতান্ত্রিক এবং স্বৈরতান্ত্রিক পদক্ষেপ গ্রহণ করেছেন তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ এবং নিন্দা জ্ঞাপন করে ইতিপূর্বে এই সভায় আমি একটি মূলতুবি প্রস্তাব আনতে চেয়েছিলাম। কিন্তু আজকে সরকারের তরফ থেকে সেই মর্মে এখানে প্রস্তাব এসেছে বলে স্বাভাবিকভাবে আমি আমার দলের পক্ষ থেকে অত্যন্ত দৃঢ়তার সঙ্গে সমর্থন করে এখানে বক্তব্য রাখব। আজকে ইন্দিরা সরকার যেভাবে যে পদক্ষেপ গ্রহণ করেছেন তার দ্বারা গণতান্ত্রিক রীতিনীতি, আচার-আচরণ স্বাধিকার এবং সংবিধানে যুক্তরান্ত্রীয় কাঠামোর অবশিষ্ট বলতে যা কিছু ছিল সমস্ত কিছুই যেভাবে পদদলিত করা হয়েছে, ধূলিসাৎ করা হয়েছে তাকে ব্যক্ত করবার উপযুক্ত ভাষা ঠিক এই মূহুর্তে আমি খুঁজে পাচিছ না। একে কমপ্লিট বুচারি অব ডেমোক্রেসী বলব,

নাকি সংসদীয় গণতন্ত্রের সমাধি রচনা করা হল বলব, নাকি ফ্যাসিবাদ প্রতিষ্ঠা করবার একটা নতুন উপায় হিসেবে একে গ্রহণ করব আমি সেটা ঠিক বুঝতে পারছিনা। জনগণের দ্বারা নির্বাচিত বিধানসভার ক্ষেত্রে জনগণের কোন তোয়াক্কা না করে যদি এইভাবে বিধানসভা ভাঙ্গা হয় তাহলে দেশের অভ্যন্তরে গণতন্ত্রের আর কিছু অবশিষ্ট রইল কি না সেটা আমার জ্ঞানা নেই। শ্রীমতী ইন্দিরা গান্ধী যে যুক্তি খাঁড়া করেছেন বা তাঁরা যেটা বলেছেন সেটা হচ্ছে, বিগত লোকসভার নির্বাচনের ফলাফলের পরিপ্রেক্ষিতে যেহেতু জনগণ ওই সমস্ত প্রদেশে ইন্দিরা কংগ্রেসের পক্ষে রায় দিয়েছে সেহেতু ওই সমস্ত প্রদেশের অকংগ্রেসী বিধানসভাগুলোর আর সরকারে টিকে থাকার কোন উপায় নেই। স্যার, এই নজির অত্যন্ত মারাত্মক। কারণ লোকসভার নির্বাচনের ফলাফলের পরিপ্রেক্ষিতে যদি বিধানসভার নির্বাচনের ফলাফলের পরিপ্রেক্ষিতে বিধানসভার নির্বাচনের ফলাফলের পরিপ্রেক্ষিতে লোকসভার নির্বাচনের ফলাফলের করীকার করা হয় তাহলে কখনও হয়ত আবার এই নজির টেনে বিধানসভার নির্বাচনের ফলাফলের পরিপ্রেক্ষিতে লোকসভার নির্বাচনকে অস্বীকার করা হবে।

### [6-00-6-10 P.M.]

শোকসভা, বিধানসভা নির্বাচনের ফলাফলের নজির টেনে অন্যান্য স্বায়ন্তশাসন যে প্রতিষ্ঠানশুলো আছে অর্থাৎ মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েত, তারও ফলাফলকে অস্বীকার করা চলতে পারে। ফলে কোন সীমা-পরিসীমা নেই। সেইজন্যই এই জিনিস চলতে পারে না। এটা সংবিধানের ফেডারেল স্টাকচারের অর্থাৎ যুক্তরাষ্ট্রীয় কাঠামোর কনসেপ্টের বিরোধী। এটা হল ইউনিটারী ফরম অফ গভর্ণমেন্টের। এছাড়া যে যুক্তি ইন্দিরা গান্ধী তলেছেন, যে যুক্তির কথা বলে তিনি বিধানসভা ভাঙ্গলেন, সেই যুক্তিতে হরিয়ানা, কর্ণাটকের ক্ষেত্রেও তো এইটাই করা উচিত। সেখানে ভাঙ্গলেন না—যেহেতু দলত্যাগ করে ইন্দিরা কংগ্রেসের সঙ্গে যোগ দিল। এটা কি গণতন্ত্রের প্রতি মর্যাদা দেখানো। এটা তো ওয়ার্স্ট অপারচুনিইজম। যারা পাওয়ারের জন্য রাতারাতি দলত্যাগ করে, তারা তো করে শেয়ার ওয়ারস্ট অপারচুনিজম। এই অপারচনিজ্ঞিমকে মর্যাদা দেওয়া কি গণতন্ত্রের প্রতি মর্যাদা দেওয়া। ফলে এর বিরুদ্ধে সারা ভারতবর্ষের শুভবৃদ্ধি সম্পন্ন মানুষ, গণতন্ত্রপ্রিয় মানুষ তীব্র ধিক্কার দিচ্ছে। প্রতিবাদ শুধু নয়, প্রতিরোধের জন্য এগিয়ে আসতে প্রস্তুত। কিন্তু আজকে একথাও ঠিক দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে কিছদিন আগে জনতা সরকারও এই রকম করেছিলেন। ইতিপূর্বে ইন্দিরা গান্ধী সেই নজীর টানছেন। জনতা সরকার তারা তো ৯টি রাজ্যে এই রকম ভেঙ্গে দিয়েছিল ১৯৭৭ সালে। শ্রীমতী গান্ধী বলছেন, সূতরাং আমরা করবো না কেন। এই যুক্তি তিনি তুলছেন। হাাঁ. জনতা সরকারও ভেঙ্গে দিয়েছিল এবং তখন আমাদের দলের পক্ষ থেকে তার তীব্র প্রতিবাদ করেছিলাম ১৯৭৭ সালেই। কিন্তু আমার প্রশ্ন সেটা নয়। কেউ যদি চুরি করে থাকে, তাহলে আমাকেও চুরি করতে হবে? না, আমাকে ডাকাতি করতে হবে? এর কোন যুক্তি থাকতে পারে না। নীতিগত প্রশ্নে আদর্শগত প্রশ্নে এটা সমর্থন করা যায় না। সেখানে তাদের কিছ বলার নেই। ফলে বাস্তবিকই আজকে অত্যন্ত সংকটজনক মুহর্তে আমরা এসে দাঁড়িয়েছি। গোটা ভারতবর্ষ আজকে বিপন্ন, সংসদীয় গণতন্ত্র আজকে বিপন্ন। ফলে এটা আজকে অত্যস্ত সংকটজনক পরিস্থিতি। এই রকম সংকটজনক মৃহুর্তে আমরা মনে করি, ভারতবর্ষের সমস্ত বাম এবং গণতান্ত্রিক শক্তিগুলি ঐক্যবদ্ধভাৰে গণতন্ত্রের উপর এই যে চরম আঘাত নেমে এসেছে. একে প্রতিরোধ করবার জন্য তারা এগিয়ে আসবেন। এই উদ্দেশ্যে আজকের সমস্যাটা

একট ভাল বোঝা দরকার। এই কাজটা আসল কাজ। আমরা দেখলাম ইন্দিরা কংগ্রেস যেডারেল স্টাকচারসের কনসেপ্টকে নস্যাৎ করলো। এটা নতুন নজির নয়। ইতিপূর্বে জনতা দলও এটা করেছে। তাহলে জনতা দল, ইন্দিরা কংগ্রেস দলের যে পদক্ষেপ এর মধ্য থেকে একটা ট্রথ বেরিয়ে আসে, একটা সত্য বেরিয়ে আসে। আজকে ভারতবর্ষের সমস্ত বুর্জোয়া দল মখে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে বলে সংসদীয় রাজনীতিতে জায়গা করে নিচ্ছে, কিন্তু করছে স্বৈরতান্ত্রিক কাজ। এই সংকটগ্রস্ত পুঁজিবাদী যুগে ক্ষয়িষ্ণ পুঁজিবাদ স্বৈরতন্ত্রের পথ ছাডা চলার উপায় ति । यात क्रमा क्रमण मलरक এই পথ निष्ठ रसिष्ट्रिन। हेम्मिता कः ध्विमत्क प्रति । हास्य । সমস্ত বুর্জোয়া দল এবং বুর্জোয়া অর্থনীতি সংকটজনক অবস্থায় এসে পৌছেছে, তাই এই অবস্থা থেকে চরম অর্থনীতি সংকট থেকে বাঁচবার জন্য এই অর্থনীতির হাত থেকে রক্ষা পাবার জন্য জনবিক্ষোভ জনরোষ দেখা দেবে, তাই পুঁজিবাদী আঁতাত গণতান্ত্রিক অধিকারকে খর্ব করে চলবে। ক্রমে স্বৈরতন্ত্রের পথে যাবে। আজকে এই স্বৈরতন্ত্র থেকে বাঁচতে হলে বর্জোয়া দলের সঙ্গে আঁতাত নয়, আঁতাত করে সুবিধা হবে না, এই স্বৈরতন্ত্রকে প্রতিরোধ করা যাবে কিভাবে সেই কথাই আজকে বামপন্থী বন্ধুদের ভাববার জন্য অনুরোধ করব। অন্য কোন পথে নয়, যে পথে যে দৃষ্টিভঙ্গিতে দাঁড়িয়ে গণতন্ত্রকে রক্ষা করতে হবে, স্বৈরতন্ত্রের হাত থেকে বাঁচতে হবে, সেটা হচ্ছে সমস্ত বামপছীদের গণতান্ত্রিক শক্তির ঐক্য গড়ে তোলা এবং সেই ঐক্য গড়ে তুলে একটা মানুষের মত দাঁড়িয়ে প্রতিবাদ গড়ে তোলার জন্য, আজকে শুধু প্রস্তাব গ্রহণ করে নয়, শুধু সমাবেশ গড়ে নয়, জানতে হবে স্বৈরতন্ত্রের কি ভয়ানক রূপ, যে রূপ দেখেছি আমরা জরুরী অবস্থার সময়। যদি পুঁজিবাদী স্বৈরতান্ত্রিক অত্যাচার থেকে জনজীবনকে বিপর্যন্থ থেকে রক্ষা করতে হয়, তবে পালটা শক্তি গড়ে তুলতে হবে। এবং সেটা হচ্ছে গড়ে তুলতে হবে গণতান্ত্রিক আন্দোলন, জনগণের মধ্যে গণতান্ত্রিক চেতনা। গণতান্ত্রিক মূল্যবোধ, ন্যায়নীতিবোধ এগুলি সজাগ করা দরকার, জাগিয়ে তোলা দরকার এবং এই ন্যায়নীতি বোধ এবং গণতান্ত্রিক মূল্যবোধেই গণতান্ত্রিক আন্দোলন হয়। এই যে গণতান্ত্রিক আন্দোলনকে শক্তিশালী করার কথা হচ্ছে, সেই বামপন্থী গণতান্ত্রিক আন্দোলনকে যদি শক্তিশালী করতে পারি, তাহলেই একমাত্র স্বৈরতন্ত্রের ভীতি প্রতিরোধ করতে পারি কিন্তু এখানে অত্যন্ত দৃঃখের সঙ্গে বলতে হচ্ছে ১৯৭৭ সালে এই রকমভাবে ৯টি বিধানসভা ভেঙ্গেছিল জনতা সরকার, তখন তাতে আজকের বামপন্থী সি. পি. এম. বন্ধুরা সহযোগিতা করেছিলেন, সমর্থন জ্ঞানিয়েছিলেন, এবং তার প্রতিবাদ করেননি। আমরা কিন্তু প্রতিবাদ করেছিলাম। যাই হোক সেই সব প্রশ্ন এখানে এখন তুলতে চাইনা। আজকে এই রকম একটা সংকটজনক মুহুর্তে, দেরী হলেও, গণতন্ত্রের উপর আঘাত হতে দেখে, অতীতের ভূল ভ্রান্তি ভূলে যদি আমরা বামপন্থী শক্তি গড়ে তুলতে পারি, বামপন্থী পার্টিগুলি ঐক্যবদ্ধ হতে পারি, তাহলে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারব। গণতান্ত্রিক শক্তিই একমাত্র বিকন্ধ। বুর্জোয়া দলের সঙ্গে সুবিধাবাদী আঁতাতের দ্বারা স্বৈরতন্ত্রকে আজকের যুগে কুখা যাবে না। একথা বলে সরকারি প্রস্তাবকে আমাদের দলের পক্ষ থেকে পূর্ণ সমর্থন জ্ঞাপন করছি।

শ্রী বিমলানন্দ মুখার্কী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারি তরফ থেকে কেন্দ্রীয় সরকারের অগণতান্ত্রিক এবং স্বৈরতন্ত্রী কান্ধ সম্পর্কে যে প্রস্তাব আনা হয়েছে জ্যোতি বসু মহাশয়ের দ্বারা, আমি সেই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করছি। জনসাধারণের ভিতর যাদের চেতনা কম,

তাদের অনেকের স্মৃতি ক্ষণস্থায়ী হয়। কিন্তু রাজনৈতিক দল বা নেতা যাঁরা, তাঁদের স্মৃতি ক্ষণস্থায়ী হলেও বিপদে পড়ে প্রধান শত্রু যে স্বৈরতন্ত্র, সেটা ১৯৭৭ সালে অনেক ঘা খাবার পরে অনেকের মনে বোধগম্য হল।

[6-10-6-20 P.M.]

किन्तु किन्नुमिन यारा ना याराउँ এই या विश्रम এটা অনেকের মনে রইল না।

মিঃ স্পীকার ঃ আমাদের যে নির্ধারিত সময় এরজন্য আছে দেখা যাচ্ছে সেই সময়ের মধ্যে এটা শেষ করা যাচ্ছে না। আমি তাই আরো এক ঘন্টা সময় এরজন্য আপনাদের কাছ থেকে চেয়ে নিচ্ছি।

শ্রী বিমলানন্দ মুখার্জী : যে বিপদটা ১৯৭৭ সালে অনুভব করে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে জনসাধারণের মেজাজটা লক্ষ্য করে বিরোধীরা একটা জায়গায় দাঁড়িয়ে পরাস্ত করেছিলেন স্থৈরতন্ত্রকে। কিছকাল পরে দেখা গেল অনেকেই লক্ষ্যটা ভূলে গেলেন এবং মিত্রশক্তি যারা তাদের সঙ্গেও বিরোধ বাধালেন। এই বিধানসভায় দুদিন আগেও দেখেছি, লোকসভার নির্বাচনের আগেও দেখেছি এক হয়ে গিয়েছেন জনতা ও দুই কংগ্রেস, তারা এক সুরে বলছেন। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট-সি. পি. এম. ইত্যাদিদের সেই সময় পরাস্ত করাই তাদের প্রধান কাজ হয়েছিল। এটা করতে গিয়ে তারা নিজেদের সর্বনাশ করলেন, কেন্দ্রেও সর্বনাশ হল অন্য কারণে। অর্থাৎ বিপদটা কোথা থেকে প্রধানত আসতে পারে, কোন পথে এটা মনে না থাকার জন্য আজকে বাস্তবে আবার যখন আঘাত আসছে, চেহারাটা বদলাচ্ছে—জ্যোতিবাবু সবিধাবাদের কথা বলছেন। ইন্দিরা গান্ধী বা তার সরকার যে পর্থটা নিয়েছেন সেটা সবিধাবাদের পথ। একটা বিশেষ শ্রেণী, একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থেই তিনি কাজ করেন। একটা স্থায়ী সরকার, একটা শক্ত সরকার কেন্দ্রে প্রয়োজন দেশের মানুষের বিক্ষোভ এবং শোষণের বিরুদ্ধে তাদের আন্দোলনকে দমন করার জন্য সেকথাই বলে গেলেন তাদের প্রতিনিধি শ্রী ভোলা সেন মহাশয়। সেই শক্ত সরকারের জন্য গণতন্ত্রের যুক্তি টুক্তির কোন প্রয়োজন নেই। এটা তারা করবেন। শব্দু সরকার, প্রবল সরকার কেন্দ্রে প্রয়োজন এইসব কাজ তাদের করবার জনা একথা তারা বললেন। এখানে হয়ত সকলে সব সংবাদ জানেন না, আমি জানি আসামে কি ঘটেছে। সেখানে কি শ্লোগান উঠেছে সেটাও আমি আপনাদের জানাচ্ছি। ইউ. এস. এর নাম শুনেছেন—সেটা ইউনাইটেড স্টেট অব আমেরিকা বলেই আমরা জানতাম। এখানে আর একটা ইউ. এস. এ'র শ্লোগান উঠেছে সেটা হচ্ছে ইউ. এস. এ. (ইষ্ট) এবং ইস্তাহারের মাধ্যমে ছমকি দেওয়া হচ্ছে যে যদি আমাদের এই আন্দোলনকে দমন করার চেষ্টা করা হয় তাহলে গ্রেট পাওয়ারস আছে। সূতরাং বুঝুন সেখানে বিচ্ছিন্নতা কোন পর্যায়ে যাবার চেষ্টা করছে এবং কারা তার পেছনে আছে। আমরা জানি আসামের সাধারণ লোকের অনেক সমস্যা আছে—কৃষকের জ্বমির সমস্যা আছে, চাকরির সমস্যা আছে শিক্ষিত বেকারদের, তাদের যক্তি সঙ্গত আন্দোলনের প্রশ্ন আছে কিন্তু সেই আন্দোলন—গণতান্ত্রিক আন্দোলন এবং দাবীকে বিকত পথে নিয়ে যেতে যেতে আজকে সেখানে এইসব প্রশ্ন এসেছে। প্রাক্তন এক আসামের ৫টি রাজ্ঞাকে নিয়ে ফেডারেশান, কো-অর্ডিনেশান কমিটি গড়ে উঠেছে এবং সেখানে শ্লোগান এসেছে ইউনাইটেড স্টেট অব আসাম (ইষ্ট) এবং যদি সেটা ভাঙ্গাবার চেষ্টা করা হয় তাহলে বলা হচ্ছে গ্রেট পাওয়ারস আছে।

[6.20-6.30 P.M.]

এইসব কথা বলা হয়েছে। সেই জায়গায় প্রধানমন্ত্রীর সবল হাত গেল না। সেখানে বিচ্ছিন্নতার দাবী-সেটাকে বন্ধ করাবার জন্য সর্বাগ্রে কেন্দ্রীয় ক্ষমতা নিয়ে শ্রীমতী গান্ধীর সরকার গেল না। তিনি কৌশল জানেন। কোথায় আগে আঘাত করলে ভাঙবে সেটা তিনি ভान कात्मन। राथात्न সহজ ভাবে প্রতিবাদ প্রতিরোধ উঠবে না সেখানটাই তিনি ধরলেন। ধরলেন কি ভাবে? জনতা সরকার ভেঙ্গে যাবে—জনতা সরকারের অভ্যন্তরে কারা দুর্বল শক্তি. সেটা ভালভাবেই জানতেন। তিনি একজন ভাল রাজনৈতিক খেলোয়াড। কোথায় কখন আঘাত করতে হয় সেটা তিনি জানেন। তিনি সকৌশল জানেন এটা আমরা বঝি। দর্বলের সঙ্গে যা করবার করছেন এবং এখন তিনি প্রথম হাত দিয়েছেন এমন জায়গায় যেখানে প্রতিবাদ হয়ত দুর্বার হতে পারবে না। কালকে ধরবেন যেখানে জনসাধারণের রায়ে প্রতিষ্ঠিত জনসাধারণের আস্থাভাজন সরকার আছে এই পশ্চিমবাংলায়। এই পশ্চিমবাংলায় অনেক ঝড বয়ে গেছে। ১৯৭১ সালে সারা ভারতবর্ষে ইন্দিরা গান্ধীর দল লোকসভার নির্বাচনে বেশি পেয়েছিলেন ভোট? তখন তো পান নি. ১৯৭৭ সালে পান নি. ১৯৮০ সালেও পান নি। তারই শ্লোগানে মন্ত্রী হয়েছেন কেন্দ্রে—তিনি তো বঙ্গোপসাগরের জলে ফেলে দেবেন বলেছিলেন. ফেলতে পারেন নি। এই পশ্চিমবাংলায় নির্বাচনে তারাই অতলে তলিয়ে গেছেন, অতল জলে ডবে গেছেন। যেখানে এত ইন্দিরা হাওয়া--কেরলে হয়ত তাদের ভাসিয়ে নেবে, জাহাজে করে, হয়ত উড়ো জাহাজে করে আকাশে নিয়ে যাবে, নিয়ে যায় নি, সেখানেও জলের তলায়। অতএব তারা তাড়াতাড়ি চান, বেশি দিন গেলে অন্য কিছু হতে পারে। তারা বড় বড় কথা বলেছেন, জিনিসের দাম বেডেছে বামফ্রন্ট সরকারের আমলে, জনতা আমলে, আমরা কমিয়ে দেব। আমরা বেকার সমস্যার সমাধান করব, প্রত্যেক পরিবারের একজন করে লোককে কাজ দেব। এইগুলি দুদিন পরে পঁজিবাদী বাবস্থায় এখন অসাড প্রতিপদ্ন হবে তখন পারবেন না। কাজেই বেশি দিন যেতে দেব না, তার আগেই ভেঙ্গে দাও। গণতান্ত্রিক পথে দেশকে যেতে দেব না। স্বৈরতান্ত্রিক পথ ছাড়া পঁজিবাদী শোষণকে টিকিয়ে রাখা যায় না অতএব সেই পথে যাবার চেষ্টা করছেন। ভোটের রায় তিনি নেবেন কিনা জানি না। তাদের উচিত অগণতান্ত্রিক কান্ধ যা করেছেন তাতে যত তাডাতাডি পারেন ভোটের রায় নিন। ভোটের রায় যদি উল্টে याग्र—क्वरल या जामा करतिक्रलन का घर्ष्टीन। काम यपि विश्वत, इँछ, भि. विधानमञ् নির্বাচনের রায় তাদের বিরুদ্ধে যায়, সেখানে যদি বিরোধীরা যুক্ত হয়ে লডাই-এ জেতে তাহলে কি বলবেন? সেই সমস্ত জায়গায় লোকসভার সদসাদের পদত্যাগ করতে বলবেন কি? এটা একটা নিশানা—অতএব কেন্দ্রীয় সরকার পদত্যাগ করুন। তারা করবেন কি? তারা করবেন না। অতএব তাদের একমাত্র কান্ধ হচ্ছে তারা এটা চাইছেন যে অবৈধ স্বৈরতন্ত্র প্রতিষ্ঠা করা একচেটিয়া পুঁজিপতিদের শোষণ বজায় রাখার জন্য। সূতরাং এই যে অগণতান্ত্রিক কাচ্চ তারা হাতে নিয়েছেন তার বিরুদ্ধে যে প্রস্তাব এখানে এসেছে আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তবা শেষ করছি।

শ্রী সম্ভোষ রাণা । মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৯ টি অকংগ্রেসী রাজ্য মন্ত্রীসভা ভেঙ্গে দেবার নিন্দা করে মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমাদের পার্টির পক্ষ থেকে আমি আন্তরিক ভাবে অভিনন্দন জানাই। প্রস্তাব আলোচনা কালে কংগ্রেস দলের সদসারা যে মনোভাব ব্যক্ত করলেন তাতে বিধানসভার সকল সদস্যই এই অগণতান্ত্রিক এবং স্বৈরতন্ত্রী কাজের নিন্দায় সোচ্চার হয়েছেন। এই বিধানসভা গঠিত হয়েছিল সারা দেশ ছুড়ে ফ্যাসিবাদের বিরুদ্ধে সংগ্রামকে রূপ দেবার ফল হিসাবে। সুতরাং আজকে পুনরায় এখন আবার ফ্যাসিবাদের কালো মেঘ দেখা দিয়েছে সেই সময় এই বিধানসভার সদস্যগণ তার নিন্দায় যে মুখর হচ্ছেন এটা খুবই আনন্দের বিষয়।

আরও আনন্দের বিষয় এই যে অনেকে বুঝতে পেরেছেন যে আজকে ফ্যাসিবাদের অন্তভ শক্তি যে দিল্লীতে ক্ষমতায় ফিরে যেতে পেরেছে তার কারণ সেই সেই সৈরতন্ত্র বিরোধী শক্তিশুলির মধ্যেকার ভাঙ্গন। এই উপলব্ধি ক্রমাগত আরও বেশী লোকের মধ্যে এসেছে এবং ফ্যাসিবাদ বিরোধী শক্তিগুলির মধ্যেকার এবং স্থাপনের প্রয়োজনীয়তা আছে। এই ঐক্যের প্রবণতা খানিকটা আমরা উপলব্ধি করতে পেরেছি। এই প্রবণতাকে আমি অভিনন্দন জানাই এবং এই কারণে জানাই যে ৯টি রাজোর মন্ত্রীসভাকে ভেঙ্গে দেওয়া হোল। ব্যাপারটা কিন্ধ এই রকম নয়, ব্যাপারটা হচ্ছে সেই পরানো স্লোগান যে এক দেশ এক জাতি এক পার্টি এক নেতা একই স্বৈরতান্ত্রিক ব্যবস্থা সারা ভারতবর্ষের উপর চালিয়ে দেওয়া হবে। আজকে ইন্দিরা গান্ধী সেই পথে ভারতবর্ষকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আজ্বকে যদি তাকে রুখতে হয় তাহলে সমস্ত ফ্যাসিবাদ বিরোধী শক্তিগুলির মধ্যেকার যে ঐকা সেই ঐকা একে রুখতে পারবে তাকে আটকাতে পারবে। এছাডা একে আটকানো যাবে না। সতরাং সকলে যদি আজকে ঐক্যবদ্ধ হয় যে ঐক্যের প্রবণতা দেখতে পাচ্ছি এটা অভিনন্দন জানানোর ব্যাপার আনন্দিত হবার ব্যাপার। কিন্তু আমার মনে শঙ্কা থেকে যাচ্ছে এই কারণে যে আমি এখনও জানি না ১৯৭১ সালের মত বাান্ধ জাতীয়করণ, কয়লাখনি জাতীয়করণের মত দ একটা চমকপ্রদ পদক্ষেপকে আবার প্রগতিশীল পদক্ষেপ বলে অভিনন্দন জানাবেন কিনা। আমি এখনও জানি না সেই ১৯৭৫-৭৭ সালের যে জরুরী অবস্থার অন্ধকারময় দিনগুলি যাকে মস্কো থেকে প্রগতিশীল সার্টিফিকেট দেওয়া হয়েছিল যে কারণে প্রগতিশীল সার্টিফিকেট দেওয়া হোল পুনরায় কেউ ভোল পাল্টাবেন কিনা। আমি এখনও জানি না এই দেশে স্বৈরতান্ত্রিক রাজত্বে প্রতিবেশী কোন দেশ মৃক্তি যুদ্ধ বলে অভিনন্দন জানাতে ছুটে যাবেন কিনা। আমি এখনও জানি না সেই মস্কো কি উদ্দেশ্যে পুনরায় স্বৈরতন্ত্র শক্তিগুলির মধ্যে ফাটল ধরানোর প্রক্রিয়া চালাবেন কিনা। এই অভিজ্ঞতা আমাদের অতীতে হয়েছে। আমি আশা করবো এগুলির যেন পুনরাবৃত্তি হবে না। আমি আশা করবো অতীতের ভলগুলি থেকে শিক্ষা গ্রহণ করা হবে। আর যাই বলুন না কেন এইটাই আজকে বাস্তব অভিজ্ঞতা। স্বৈরতন্ত্রী বিরোধী শক্তিগুলিকে তার মধ্যে দিয়ে সম দুরত্বের লাইনে গ্রহণ করা হয়। স্বৈরতন্ত্রী বিরোধী শক্তিগুলিকে যদি আসনে বসানো হয় তাহলে স্বৈরতন্ত্রকে শক্তিশালী করা হয়। এইটাই পৃথিবীর ইতিহাস এবং সাম্প্রতিক কালের অভিজ্ঞতা এটাই প্রমাণ করেছে। পশ্চিমবাংলার গণতম্ব প্রিয় মানুষ যে পার্টিকে সবথেকে বেশী ভোট দিয়েছে, যে গ্রামবাংলার ক্ষেতমজ্জুর, গরীব চাষী শ্রমিক শ্রেণী যারা এখনকার সংগ্রামের মূল শক্তি তাদের সুবিপুল সমর্থন ভোগ করছে এই পশ্চিমবাংলার বামফ্রন্ট এবং তাদের যে প্রধান শরিক পার্টি। আমরা অতীতে যে ভূলগুলি করেছি তা থেকে যেন আমরা শিক্ষা গ্রহণ করি। আমি আশা করবো আপনারা আত্মসমালোচনা করবেন যে ভুল অতীতে হয়েছে যেগুলি আমরা বুঝতে পারিনি এবং সত্যিকারের একটা ফ্যাসিবাদ বিরোধী ঐক্য যাতে গড়ে তোলা যায় সেইদিকে আপনারা

এগিয়ে যাবেন। এই বলে আমি পুনরায় মুখ্যমন্ত্রীর আনীত যে প্রস্তাব সেই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রাম চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মুখ্যমন্ত্রীর প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি এই কথাই বলছি যে এই মাত্র শুনে আসছি একজন বলছে 'কার অন্তরালে পথে প্রান্তরে এলো বৃঝি রক্তিম ধারা।' এই কথা শুনে আসছি আজকে। আশে-পাশে সব বলাবলি করছে জেলখানার ভিতর রক্তঝরার দিন ঘনিয়ে আসছে। জানি না এটা ঠিক কিনা। কারণ আমরা যারা এই পশ্চিমবাংলার বামপদ্বী দলগুলি তারা অনেক আগেই বলেছিলেন যে যদি ইন্দিরা গান্ধী এ দেশে পাওয়ারে আসে তাহলে আবার সেই আগের মত চলবে। কিন্তু অনেককে শুনেও শোনেননি। তার পর দেখা গেল সত্যিসতিটে পাওয়ারে এলেন। পোহালো শবরী বণিকের মান দন্ড দেখা দিল রাজদন্ডরূপে। আসতে না আসতেই দেড মাসের ভেতর রাত পোহাতে না পোহাতেই ৯টি রাজ্যকে ভেঙ্গে দিলেন। তার পর যেখানে যাচ্ছি বলছে বামবাব আর ক দিন? গোপের ফাঁকে ফাঁকে ফিক ফিক করে হাঁসি। এই অবস্থা যেন কারও দয়ায় আমরা এখানে বসে আছি। যেন কারো জমিদারিতে বসে আছি। সুন্দর হাসি। অনেক দিন হাসি নি তো, তাই, গোমরা মুখে হাসি ফুটেছে। কিন্তু মুসকিল কিং এই পশ্চিমবাংলায় আমরা কি ভাবছিং গরীব মানুষগুলি দুটো খাচ্ছে, তাদের মুখে একটু হাসি দেখা যাচেছ, সেই মানুষগুলি আবার ভীত হয়ে পড়েছে। তারা বলছে, এই রে আবার বুঝি এল, তাদের মুখ শুকিয়ে যাছে। পাভুয়াতে ফ্যান্সি ক্লাব বলে একটা ক্লাব ছিল। সেখানে যে সমস্ত ক্ষেতমজুর ছিল তাদের কাজই ছিল ক্ষেতমজ্রী এবং চাষ করা। সেদিন সেখানে গিয়ে দেখি যে তারা ঠক ঠক করে কাঁপছে। তাদের জিজ্ঞাসা করতে তারা বললো যে মুরগীটাও থাকবেনা বাবু, কচি পাঁঠাটাও থাকবে না কারণ আবার ওরা আসছে। যাই হোক, আজকে আমরা ভীত নই। কারণ সন্ত্রাসের জন্ম এই পশ্চিমবাংলায় এবং ষডযন্ত্রের কোলে আমরা জন্মছি। কাজেই এতে খুব বেশী আমরা ভীত নই। আমরা যে এমার্জেন্সি দেখেছি—তবে হাাঁ, সেই গতবারের মত মার্চ করা চলবে না। এখন এখানে সংগঠিত বামপন্থী দল, এরা কেউ আলাদা নয়। সে জন্য এ জিনিস চলবে না। আর আমরা মনে করি যে পশ্চিমবাংলার মানুষ গোটা ভারতবর্বের ৯টি প্রদেশের পাশে আছে। কারণ সেই পশ্চিমবাংলার মানুষ প্রানো কথাতে ঠাই দিয়েছেন। মহামতী গোখেল একদিন বলেছিলেন, হোয়াট বেঙ্গল থিছ টুডে, ইভিয়া থিছ টুমরো। আজকে ঠিক সেই জিনিস হতে চলেছে। আজকে পশ্চিমবাংলা যা করছে, যা ভাবছে, কালকে ভারতবর্ষ সেই ভাবনা ভাববে। সে জন্য ভয় আমাদের নেই। আজকে যারা ভূল করে চলে গেছেন, প্রলোভনে চলে গেছেন, তারা বাজার সম্বন্ধে বলেছেন যে বাজার দর অগ্নি মূল্য। হাঁা, হয়েছে। কিন্তু কারা করেছে? এটা কি আমরা করেছি? তেল কোণা থেকে আসে? ওদের ওখান থেকে এগুলি আসে। যাই হোক, এই সব হওয়া সন্তেও আমি মনে করি পশ্চিমবাংলাতে এই ধরনের আঘাত করতে সাহস করবে না। পশ্চিমবাংলায় সাহস করা উচিত নয়. এটা লচ্ছা কর ব্যাপার। কারণ যেখানে কিছ পেলেন না, কোন রকমে অভায় গভায় চলে গেলেন, এখন তারা আবার চেঁচাচ্ছেন। যাই হোক, তারা কেউ নেই। আমি সে জন্য মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে পুরোপুরি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**জী কিরণময় নন্দ :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এখানে এনেছেন

সেখানে কিছু শিল্প সম্পদ আছে এবং কি কি খনিজ সম্পদ আছে সার্ভে রিপোর্টের মধ্য দিয়ে সেগুলি বেরিয়ে আসবে। এই সম্পদগুলি যদি বাঁকুড়ায় কাজে লাগানোর চেষ্টা করা হত তাহলে ওখানে অনেক কিছু শিল্প গড়ে উঠতে পারত। এখান থেকে খনিজ সম্পদ নিয়ে গিয়ে অন্য জায়গায় কারখানা চলছে, এই কথা আনি সেদিন রেজলিউসানের আলোচনার সময় বলেছিলাম। ওখানে কয়লা খনি আছে, চায়না ক্লে, টাংগস্টেন আছে। বিভিন্ন কোম্পানী ওখান থেকে তাদের কাঁচামাল নিয়ে চলে যাচছে। ওখানে ফরেস্টের বিভিন্ন প্রোডাক্টস আছে, এদিয়ে কারখানা গড়ে উঠতে পারত। বাঁকুড়াতে শ্রমজীবি মানুষ আছে, কাঁচামাল আছে। পূর্বতন সরকার যদি এইদিকে যথাযথ দৃষ্টি দিতেন তাহলে বাঁকুড়াতে কলকারখানা গড়ে তোলার প্রচুর সম্ভাবনা ছিল। অথচ ওখানকারই কাঁচা মালে দুর্গাপুরে কলকারখানা গড়ে উঠেছে। দুর্গাপুর এলাকায় বিরাট জঙ্গল ছিল এবং সেই জঙ্গল পরিদ্ধার করে তার দশ ভাগের এক ভাগ জায়গায় কারখানা গড়ে তোলা হয়েছে। বাকি জায়গায় জঙ্গল নষ্ট করে ফেলা হয়েছে। পুরুলিয়া, বাঁকুড়ার সম্পদ এখানে বয়ে এনে কারখানা গড়ে তোলা হয়েছে। রাণীগঞ্জ এলাকায় কয়লাখনি আছে। দামোদর নদীর অপর পারে বাঁকুড়া জেলাতেও প্রচুর

কয়লা আছে। বাঁকুড়া জেলায় প্রচুর ফাঁকা জায়গা ছিল, সেগুলিকে কাজে লাগানো হল না, বাঁকুড়ার মেটিরিয়্যালস ওখানকার কাজে লাগানো হল না, দুর্গাপুর, রাণীগঞ্জ এলাকায় চলে আসছে। বামফ্রন্ট সরকার আগেকার রিপোর্ট স্টাডি করে দেখছেন, বাঁকুড়াতে শিল্প গড়ে তোলার চেষ্টা করছেন। যে সমস্ত মৌজায় চাযনা/ক্রে ইত্যাদি সম্পদ আছে বিভিন্ন কোম্পানী আগে থেকে সেগুলি প্রাইভেট লিজ নিয়ে অন্যান্য জেলার কারখানায় এইগুলি ব্যবহারের জন্য নিয়ে চলে যাছে। ফরেস্ট প্রোডাক্টস কাগজ কারখানায় সাপ্লাই দেওয়া হচ্ছে। এই সরকারের আমলে একটা প্রচেষ্টা শুরু হয়েছে, যাতে করে বাঁকুড়া জেলায় কারখানা গড়ে উঠতে পারে। কয়লাখনি এলাকায় থার্মাল পাওয়ার স্টেশন যাতে গড়ে তোলা যায় রাজ্যপালের ভাষণে সেটা উদ্লেখ করা হয়েছে। এই বাজেটেই সেটা যাতে গ্রহণ করা হয় তার দাবী জানিয়ে আমি রাজ্যপালের ভাষণকৈ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সভারপ্রন বাপদী: মাননীয় স্পীকার, সাার, রাজাপালের সমস্ত ভাষণটা পড়ে এক কথায় আমার মনে হল বামফ্রন্ট সরকারের এটা একটা ধাপ্পা ছাডা আর কিছই নয়। আমার মনে হয় রাজ্যপালের ভাষণের মধ্যে কিছই নেই। খবই পরিতাপের বিষয় রাজ্যপালের ভাষণ নিয়ে যে বিতর্ক হচ্ছে সেই বিতর্কের মধ্যে একটা নতনত্ব কিছ হয়েছে - সেটা কিং রাজ্যপালের ভাষণ নিয়ে যখন আলোচনা চলছে সেই সময় রীতি বহির্ভত ভাবে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী একটা রেচ্চলিউসান আনলেন কেন্দ্রের বিরুদ্ধে। কারণ কি? না, কেন্দ্রে অগণতান্ত্রিক এবং স্বৈরতন্ত্রী মাথা চাড়া দিয়ে উঠেছে। ইন্দিরা গান্ধীর জয় নাকি অগণতান্ত্রিক হয়েছে এবং স্বৈরতন্ত্রী নাকি মাথা চাড়া দিচ্ছে। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর মাথায় হঠাৎ এইরকম একটা নতন পরিম্বিতি উদ্ধব হবার কারণ কি ঘটল রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে সেটা আমি ঠিক বঝতে পারলাম না। আমি ঠিক অনুধাবন করেও উঠতে পারলাম না। তবে একটা কারণ ঘটেছে - রাজাপালের মাধামে তিনি বিধানসভায় যে বক্তবা রাখার জন্য বক্তব্য পেশ করেছেন তাতে দেখা গেছে কিছু অসঙ্গতি আছে, কিছু ক্রটি বিচাতি আছে, কিছু অসতা আছে -এইগুলি চাপা দেবার জন্য তিনি মাঝখানে একটি বক্তব্য রাখতে চেষ্টা করলেন। তিনি ভেবেছিলেন বোধ হয় এই বিধানসভায় রাজ্যপালের ভাষণ শেষ হবেনা। ইন্দিরা গান্ধী হয়ত পশ্চিমবাংলা ভেঙ্গে দেবেন, এই ভয় পেতে দেখেছি এবং তার জনা তাড়াতাড়ি একটা রেজ্বলিউশান আনা হয়েছে। রাজ্যপালের ভাষণে প্রথমে থাকা উচিত ছিল যে ইন্দিরা গান্ধীর জয়ের পরে তাঁকে স্বৈরতান্ত্রিক এবং অগণতান্ত্রিক বলার জন্য পশ্চিমবাংলার বামফ্রন্টের মুখ্যমন্ত্রী যে অন্যায় করেছেন তার জনা সরকারের পক্ষ থেকে তিনি ক্ষমা চেয়েছেন। গত লোকসভার যে নির্বাচন হয়েছে সেই নির্বাচনে তার সরকার যে কারচুপী করেছেন, এটাও থাকা উচিত ছিল। রাজ্যপালের ভাষণের মধ্যে থাকা উচিত ছিল যে খরা এবং ত্রাণ তহবিলে কেন্দ্র যে ১৫৫ কোটি টাকা দিয়েছে তার কোন হিসাব দিতে পারেন নি আত্মসাৎ করা হয়েছে, তার জন্য কেন্দ্র যেন ক্ষমা করেন। এটা থাকা উচিত ছিল যে এই বামফ্রন্ট সরকার কেন্দ্রে ইন্দিরা আসার জন্য ভীত হয়ে পড়েছেন। এই বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা রক্ষা করতে ব্যর্থ হয়েছেন - এটাও থাকা উচিত ছিল। পশ্চিমবাংলায় এই সরকার বিদ্যুতের ক্ষেত্রে কিছু করতে পারেন নি সেটা থাকা উচিত ছিল। কাজেই যে সমস্ত জিনিস থাকা উচিত ছিল সেগুলি রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। সে জন্য এই রাজ্যপালের ভাষণকে আমাদের পক্ষে

সমর্থন করা নিশ্চয়ই সম্ভব নয়। আমি বামপষ্টী দলের যে সমস্ত বিধান সভার সদস্য আছেন, তাদের বিবেকের কাছে অনুরোধ করছি যে আপনারাও ভেবে দেখুন যে এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করা যায় কিনা। রাজ্যপালের ভাষণের মধ্যে বলা হয়েছে যে রাজ্যের আইন শৃখ্বলার পরিস্থিতি নাকি উন্নত হয়েছে। আমি যে কথাগুলি বলছি তাতে হয়ত অনেকের উত্থার কারণ হতে পারি কিন্তু সত্য কথা বলার প্রয়োজন আছে। আজকে বিধানসভায় हिश्कात करत नांच तारे। कात्र हिश्कात करत करखारमत कर्छ ताथ करा यात्र ना। এটা একটা রিচ্ছিওন্যাল পার্টি নয়। এটা একটা সর্বভারতীয় দল এবং সব চেয়ে বড দল। আপনাদের চিৎকার হয়ত দু'এক বার আসবে কিন্তু কিছুদিন পরে শুকিয়ে যাবে। এটাও বেশি দিন থাকবে না। — আজকে রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে রাজ্যে নাকি আইন শৃঙ্খলা খুব ভাল আছে। অথচ বিধানসভার যে সমস্ত সদস্যরা আছেন, তারা বলছেন যে অমুক জায়গায় ডাকাতি, অমুক জায়গায় খুন, অমুক জায়গায় রাহাজানি, অমুক জায়গায় নারী ধর্ষণ হচ্ছে। এমন কি বিধানসভার সদস্যা, শ্রীমতি ছায়া ঘোষ, তিনি যে বক্তব্য রেখেছিলেন, যে বক্তব্যে সরকারের মুখে চুন কালি মাখিয়ে দেয়, সেই সত্যকে সরকার স্বীকার করেনা। তার একটা কারণ হচ্ছে বিধানসভার প্রসিডিন্স খুললে দেখা যাবে যে সমস্ত চুরি, ডাকাতি, খুনের কথা বলা হয়েছে সেটা সরকার পক্ষের থেকে বলা হয়েছে, বিরোধী দলের বলতে হয়নি। সূতরাং সে দিক থেকে যদি বিচার করেও দেখা যায় তাহলে মনে হয় আইন শৃঙ্খলা বলে কিছু নেই। ওঁরা বলেন যে কংগ্রেস থেকে চেষ্টা করা হচ্ছে, আইন শৃঙ্খলার প্রশ্ন দেখিয়ে এই রাজ্যকে ভেঙে দেবার জন্য। কিন্তু আমাদের প্রয়োজন হবেনা। আপনারা যে সমস্ত ঘটনা এখানে বলছেন, সেই ঘটনাগুলি যদি এক জায়গায় করা যায় তাহলে রাজ্যপালের ভাষণ যে সত্য নয় সেটা আপনাদের কথা থেকেই তুলে ধরা যায়।

# [ 3-00 -- 3-10 P.M. ]

এই বামফ্রন্ট সরকার এই রাজ্যে আইন শৃঙ্খলা রক্ষায় বার্থ হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে তা নেই। আদালতে কাঠগোড়ায় দাঁড়িয়ে ধর্ষিতা রমণী সাক্ষী দিতে উঠে সত্যি কথা যেখানে বলতে পারে না। সত্যি কথা বলতে পারেনা, কারণ তারা জানে সরকার পক্ষে যারা আছে, তাদের লোক আসামীর কাঠগোড়ায় দাঁড়িয়ে ধর্ষিতা নারী আদালতে দাঁড়িয়ে সত্য কথা বলার যেখানে সাহস রাখেনা, সেখানে আইন শৃঙ্খলা আছে বলে কি স্বীকার করতে হবে? ধর্ষিতা নারী যেখানে সত্য কথা বলতে ভয় পায়, এই সরকারের কাছে আইন শৃঙ্খলা খুব ভাল ভাবে পশ্চিমবাংলায় চলছে বলে আমাদের মেনে নিতে হবে? তাই আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধানসভার সদস্যদের বলতে চাই, আপনারা সত্য কথা চেপে যাবার চেষ্টা করবেন না। একজন বিচারপতি তাই বলেছেন যে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে, রবীন্দ্রনাথের এই উক্তি তাঁকে করতে হয়েছে। একজন ধর্ষিতা মহিলা সত্য করতে কথা বলতে পারছেন না আদালতে। আজকে হালিম সাহেব এখানে নেই, ধর্ষণ হয়, সেটাও নাকি রাজনৈতিক কারণে। আমি জানিনা তিনি কোন স্কুল, কলেজ থেকে পড়াশুনা করেছেন, কোথা থেকে শিক্ষা লাভ করেছেন, ধর্ষণ নাকি রাজনৈতিক কারণে হয়। আজকে আমি জানি যে পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলা বলতে কিছু নেই। আইন শৃঙ্খলা বদি থাকতো তাহলে ডি আই.জি'র গাডিতে চডে ডাকাতরা ডাকাতি

করতো না। ডি.আই.জি'র গাড়িতে চেপে একদিনে পাঁচটি ডাকাতি হয়েছে। পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলা আছে কি করে বলবো? আজ্পকে আইন শৃঙ্খলার প্রশ্ন দেখা দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যাঁরা আজকে চিৎকার করছেন, তাঁদের জানা উচিত পশ্চিমবাংলার মানুষ জात (य পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা নেই, নিরাপত্তা বলতে কিছু নেই। আমরাও জানি, কারণ আমরা পর্যন্ত আমাদের এলাকায় ঢকতে পারছি না। তার কারণ সি.পি.এম. এর যে সমস্ত শুন্তা আছে তাদের ভয়ে এবং সি.পি.এম. এর গুন্তাদের অত্যাচারে পশ্চিমবাংলার মানুষ পরিষ্কার করে কিছ বলতেও পারছে না। দিনের পর দিন পুলিশকে সামনে দাঁড় করিয়ে রেখে সি.পি.এম. কমরেডরা গ্রামাঞ্চলে গত ধান কাটার মরশুমে যে সমস্ত অত্যাচার, অবিচার করেছে, তা ইতিহাসের পাতায় নেই, কিন্তু থানার খাতায় লেখা আছে। পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার কত সুন্দর চলছে দেখন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি আর একটা কথা বলবো, ওরা চিৎকার করে বলছিলেন যে কারচুপি হয়নি। ওরা বলেছিলেন যে কারচপি হওয়ার কোন ক্ষেত্র নেই। সেদিন সান্তার সাহেব তাঁর বক্তব্য রাখবার সময় রিগিং হয়েছে তা প্রমাণ করবার জন্য কয়েকটি ব্যালট পেপার এনে দেখিয়েছিলেন কিন্তু তিনি সেইগুলো জমা দেননি। আমি আজকে কতকগুলো ব্যালট পেপার এনেছি, সেইগুলো আপনার কাছে জমা দেব। আমি জানি কি ভাবে ওরা ভোটার লিস্ট সংশোধন করেছিলেন। আমরা জানি ওরা রিগিং করেছেন, কিভাবে এনিউমারেটার এ্যাপয়েন্ট করেছেন। যখন এনিউমারেটার এ্যাপয়েন্টমেন্ট হয় তখন আমি এই বিধানসভার চত্বরে দাঁডিয়ে বলেছিলাম যে পশ্চিমবাংলায় রিগিং শুরু হয়ে গেছে। সি.পি.এম. কমরেড সি.পি.এম. এর প্যাডে চিঠি লিখে বি.ডি.ও.কে জানিয়েছে যে আমরা যে যে নাম দেব তাদের এনিউমারেটার হিসাবে এ্যাপয়েন্ট করতে হবে। আমি সেদিনই এই বিধানসভার চত্বরে দাঁডিয়ে বলেছিলাম যে রিগিং শুরু হয়ে গেছে। ১২/১৩ বছরের ছেলেদেরও ভোটার করা হয়েছে এবং কংগ্রেস এলাকায় পাডাকে পাডা বাদ দিয়ে দেওয়া হয়েছে। দ্বিতীয়তঃ যে সমন্ত বুথে প্রিসাইডিং অফিলার নিয়োগ করা হবে তাদের যেন কোঅর্ডিনেশন কমিটির মাধ্যমে নিয়োগ করা হয় এই কথা ডি.এম. দের জ্যোতি বাবু জানিয়ে দিয়েছিলেন। সেখানে বলে দেওয়া হয়েছিল যে, রিটার্নিং অফিসার হিসাবে যে-সমস্ত বি.ডি.ও. থাকবেন, তাঁরা যেন কো-অর্ডিনেশন কমিটির সমর্থক হন। তারপর আমরা দেখেছি পঞ্চায়েত অফিসারদেরও দেওয়া হয়েছে, কিন্তু তারাও কো-অর্ডিনেশন কমিটির মেম্বার হিসাবে কাজ করেছে। তাই আমরা বলছি যে, আপনারা ভোটার তালিকা প্রণয়ন করা থেকে আরম্ভ করে ভোটের দিন পর্যন্ত সুন্দরভাবে রিগিং করেছেন এবং সেটা পশ্চিম বাংলার মানুষ জানে। কেননা আজকে দেখা গেল যে, লক্ষ লক্ষ মানুষ ভোট দেওয়া সত্ত্বেও কংগ্রেসকে পরাজিত হতে হয়েছে। আপনারা আজকে চিৎকার করছেন, কিন্তু হিসাবটা একবার দেখুন। ৪২-টি কেন্দ্রে ৪৫ লক্ষ নতুন ভোটার করেছেন। আজকে আপনারা ভোট পেয়েছেন ১ কোটি ৭৭ লক্ষ, আর কংগ্রেস রিগিং-এর পরেও ভোট পেয়েছে ১ কোটি ৭১ লক্ষ। সূতরাং ব্যাপক রিগিং হওয়া সত্ত্বেও মাত্র ৬ লক্ষ ভোটের ব্যাবধান। আপনারা এত রিগিং, কারচুপি করা সত্ত্বেও মানষ আপনাদের এইভাবে জবাব দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে হাতের ছাপ দেওয়া ব্যালট পেপার জমা দেব, তাতে প্রিসাইডিং অফিসারের সিল পর্যন্ত দেওয়া আছে এবং তা সি.পি.এম-এর ক্যাডারের বাডি থেকে বেরিয়েছে. তার ১২-মেসে চাকর সেখান থেকে সংগ্রহ করে আমাদের দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে পশ্চিমবাংলায় বহু নির্বাচন হয়ে গেছে, কিন্তু এই হাউসে কি এই রকম কোনও ঘটনা ঘটেছে? কোনও সদস্য কি কখনো রাস্তা-ঘাট থেকে ব্যালট পেপার সংগ্রহ করে হাউসে এনে উপস্থিত করেছে? জ্যোতিবাবু তো বহুদিন বিরোধী দলের নেতা ছিলেন, এক দিনও কি একটিও ব্যালট পেপার হাউসে এনে হাজির করতে পেরেছেন? অথচ আজকে আমি এনে দেখাছি, গতদিনে সাত্তার সাহেব দেখিয়েছেন।

#### (গোলমাল)

শ্রী হরমোহন সিংহ । অন এ পরেন্ট অফ অর্ডার, স্যার উনি কি বে-আইনীভাবে ব্যালট পেপার এখানে আনতে পারেন? আমার মনে হয় এই অপরাধের জন্য ওর শাস্তি হওয়া উচিত।

শ্রী সুভাষ চক্রবর্তী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ঐ ব্যালট পেপারটি অবিলম্বে আপনার কাছে জমা দেওয়ার জন্য ওঁকে অনুরোধ করছি।

শ্রী সত্যরপ্তান বাপুলী । মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বক্তৃতা দেওয়ার আগেই আমি এটা আপনার কাছে জমা দিয়েছি।

মিঃ ডেপুটি স্পীকার: The ballot paper is in my custody now.

(অনেক সদস্য এক সাথে বলবার জন্য দাঁড়িয়ে ওঠেন।)

শ্রী সত্যরঞ্জন বাপুলী : Sir, I do not want to be disturbed by these members.

মিঃ ডেপৃটি স্পীকার ঃ আমি আপনাদের ইনফরমেশনের জন্য বলেছি যে, উনি যে ব্যালট পেপারটি হাউসকে দেখিয়েছেন, সেটি আমি আমার কাছে রেখে দিচ্ছি এবং আমি এবিষয়ে নিজে এনকোয়ারী করে, তারপর যা করবার আছে তা করব।

শ্রী সুভাষ চক্রবর্তী : এসম্পর্কে সঠিক তদন্ত করতে হবে যে, এই ব্যালট পেপার এই হাউসে এলো কি করে।

মিঃ ডেপ্টি স্পীকার : আমি তো বলেছি যে, আমি এ বিষয়ে তদন্ত করে দেখব।

শ্রী সত্যরপ্তান বাপূলী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমিও এই বিধান সভায় অনেক দিন আছি, আমি জানি এই বিধান সভার সামনে কিছু উপস্থিত করলে সেটা বিধান সভার সম্পদ হয়ে যায়। আমি একজন সদস্যর দায়দায়িত্ব সম্পর্কে যথেষ্ট অবগত আছি। আমরা ১৩-জন সদস্য বলে বিধানসভাকে জাল বলে বর্জন করিনি। আমি সরকার পক্ষের মাননীয় সদস্যদের বলতে চাই যে, এরপর যখন এনকোয়ারী কমিশন হবে তখন আজকে আপনাদের যেটি দেখালাম সেটি হবে আপনাদের মারণ অন্ত্র।

## [ 3-10 — 3-20 P.M. ]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের একটি জ্ঞায়গায় আছে My Government will give honest and clean administration... সত্যিই তো, অত্যন্ত পরিচ্ছন

প্রশাসন - তাদের রাজনৈতিক ৩৬ দফার কর্মসূচীতে ছিল কিং না, আমরা কিছুই দিতে পারবো না, শুধু পরিচ্ছন্ন প্রশাসন আপনাদের উপহার দেবো। আমি আপনার মাধ্যমে পরিচ্ছন্ন প্রশাসনের নমুনা দিতে চাই। গতবারের বিধানসভায় যখন বিরোধী দলের কেউ উপস্থিত নেই এমনকি এস.ইউ.সি পর্যন্ত নেই ঠিক সেই সময়ে ক্যালকাটা ইউনির্ভারসিটি বিল অত্যন্ত নির্লক্ষের মত এই বিধানসভা থেকে পাশ করিয়ে নেওয়া হলো। সরকার পক্ষের সাহস হলো না বিরোধী দলের উপস্থিতিতে ক্যালকাটা ইউনির্ভারসিটি বিলটি পাশ করাতে। যখন সমস্ত অপোজিশান নেই তখন পাশ করিয়ে নেওয়া হলো। ওরা জানেন না, ডাঃ রায়ের আমলে একবার এইরকম হয়েছিল কিন্তু আবার সেই বিলকে এনে পাশ করানো হয়েছিল। কিন্তু আপনাদের সেই সাহস নেই, আপনাদের পরিচ্ছন্ন প্রশাসনের নমুনা হচ্ছে ক্যান্সকাটা ইউনিভারসিটি নিয়ে নিলেন, যাদবপুর নিয়ে নিলেন, সেকেন্ডারি বোর্ড নিলেন, প্রাইমারী কমিটি ভেঙে দিলেন, স্কুলে স্কুলে ২জন করে হেডমাস্টার এ্যপয়েনমেন্ট করলেন - স্বাধীনতার পর পশ্চিমবাংলায় এর চেয়ে আর কেউ এমন উপহার দিতে পারেন নি. সবচেয়ে বেশি আপনারা উপহার দিয়েছেন। এই বামফ্রন্ট সরকার সমস্ত অগণতান্ত্রিকভাবে পরিছন্ত্রের নামে অপরিছন্ত্র প্রশাসন সৃষ্টি করেছেন। আর কি হয়েছে, এখানে অবশ্য জঞ্জাল মন্ত্রী উপস্থিত নেই তাই বলতে পারছি না, থাকলে দেখিয়ে দিতাম। যাই হোক, আপনাদের কাছে হান্ধির করছি, কলকাতা করপোরেশনের ৪৭ নম্বর ওয়ার্ডে পার্লামেন্টারী ইলেকশানে টোটাল ভোটারের সংখ্যা ছিল ২৩ হাজার ৯৪৫ জন। আর এবারে বয়স কমে গিয়ে ১৮তে দীডিয়েছে। পার্লামেন্টারী ইলেকশানে যেখানে ২৩ হাজার ৯৪৫ জন ভোটার ছিল সেখানে বয়স কমে গিয়ে এবারে ভোটারের সংখ্যা पौज़िराराष्ट्र ১৮ राष्ट्रात । সূতরাং কি রকম জালিয়াতি সূক্ষ হয়েছে। আমি করপোরেশনের रेलिकमात्नत ভाটात निम्टे मत्त्र करत এনেছি, এই निम्टे भावनिम करत प्रख्या रुखहा। আমার প্রশ্ন হচ্ছে, বয়স কম করে দেওয়া হলে ভোটারের সংখ্যা বাড়ে না কমে? এরা কোন স্কুল কলেজে পড়েছেন তা আমার জানা নেই ২৩ হাজার ৯৪৫ জন ভোটার যখন ২১ বছর বয়স ছিল আর ১৮ বছর বয়সে কমে যখন এলো তখন ভোটারের সংখ্যা দাঁভালো ১৮ হাজার অন্তত ব্যাপার পশ্চিমবাংলার মানুষ আপনাদের ক্ষমা করবে না, এই কথা এখানে আমি বলে দিতে চাই যদি আপনারা কারচুপি করেন তার ফল আপনারা পাবেন। আপনাদের কারচুপি কি করে প্রতিরোধ করতে হয় কংগ্রেস সেটা জ্ঞানে এবং তারই জ্ববাব ক্যালকাটা করপোরেশন ইলেকশানে পাবেন। (সোরগোল) ... স্যার, এইসব সদস্যরা ভাবছেন যে এরা সবাই বুঝি থেকে যাবেন কিন্তু আপনারা জ্ঞানেন না - আপনাদের নেতারা দে আর কাউনটিং ডেজ, দে আর কাউনটিং মিনিটস প্রহরা গণনায় রত। একজন সি.পি.এম এম.এল.এর সঙ্গে কথা বলছিলাম। তিনি বললেন ফিরে আসবার সময়ে সরকারী টিকিটে ফিরে আসতে পারবো তো. যদি না পারা যায় তাহলে আপনাকে টিকিটের পয়সা ফিরিয়ে দিতে হবে।

আমরা আপনাদের পাঁচটা বছর ওখানে বসিয়ে রাখব যদি আপনারা আইন-শৃদ্ধলা বজায় রাখতে পারেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফুড ফর ওয়ার্ক - ওঁদের গলার জ্ঞার দেবার কার্নণ আছে, ফুড ফর ওয়ার্কের ট্রাকা এখন পর্যন্ত কোন হিসাব নেই,, কালকে আমি একটি অঞ্চলে গিয়েছিলাম দেখলাম অঞ্চল প্রধান রাত্রে দরজ্ঞা বন্ধ করে হিসাব তৈরী করছেন, শুনলাম এখন প্রত্যেক জ্ঞায়গায় ঐ অবস্থা রাত্রে দরজ্ঞা বন্ধ করে হিসাব তৈরী করতে হচ্ছে, এই হিসাব তৈরী করার কারণ আলীমুদ্দিন ষ্ট্রীট থেকে ফতোয়া গেছে হিসাব দেবার জ্বন্য, কারণ এখন আর কেন্দ্রে জনতা সরকার নেই যে এড়িয়ে যাবে, কেন্দ্রে এখন ইন্দিরা গান্ধী এসেছেন যেখানে প্রত্যেকটি হিসাব দিতে হবে। আজকে এখানে একটু আগে অর্থমন্ত্রী ছিলেন, তাঁর এখন আর আগেকার সুর নেই, যখন জ্বনতা সরকার ছিল তখন তিনি বলতেন যে সুপ্রীম কোর্টে কেস করব, আজ আর কেস করার হুমকী নেই, এখন ইন্দিরা গান্ধীর অর্ডার তামিল করতে ব্যস্ত। ওভারড্রাফট শোধ করে দিতে ব্যস্ত যাতে চাকরী না চলে যায়।

#### [ 3-20 — 3-30 P.M. ]

আজ তিন বছর ধরে আপনারা যে পাপ সঞ্চয় করেছেন এবং তা পশ্চিমবঙ্গের মানুবের কাছে দিয়েছেন, এর চেয়ে বড় অপরাধ আর হয়না। আপনাদের শ্বরণ করিয়ে দিতে চাই যে আপনাদের ৩৬ দফা কর্মসূচীর এক জায়গায় বলেছেন যে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র আপনারা সব জায়গায় মানুবের কাছে পৌঁছে দেবেন, কিন্তু কেউ বলতে পারবেন আপনাদের প্রতিশ্রুতি মত কোন জায়গায় নিত্যপ্রয়োজনীয় জিনিস পৌঁছে দিতে পেরেছেন? এই যে স্টেটমেন্ট গভর্ণর এ্যাড্রেসে এই কথা বলা হয়েছে, আমি তাই বলছি যে এই সরকার ভাওতাবাজ। গভর্ণর এ্যাড্রেসে এই কথা বলা হয়েছে, আমি তাই বলছি যে এই সরকার ভাওতাবাজ। গভর্ণর বলেছেন আমার গভর্ণমেন্ট ৩৬ দফা কর্মসূচী রূপায়ণে এগিয়ে গেছে, ৩ বছরে কি হল? তেল ১৪ টাকা, চিনি সাড়ে ছয় টাকা, কেরোসিন তেল পাওয়া যায়না, ডিজেলে লাইন। ডিজেল নেই অথচ জ্যোতিবাবু ৪টে গাড়ি চেপে ঘুড়ে বেড়াচ্ছেন। প্রত্যেকটি মন্ত্রীর জন্য ২ খানা করে গাড়ি আছে। বিপ্লবী নেতা শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায়ের পরিত্যক্ত ডি.এইচ.ই. এয়ার কনডিশন গাড়িতে তিনি আজও চেপে বেড়াচ্ছেন। এই তো জনদরদী কর্ম্যানিস্টদের কর্ম্যানিজমের অবস্থা। প্রত্যেক মন্ত্রী পিছনে পুলিশ ভ্যান, আগে দুখানি গাড়ি পিছনে পুলিশ ভ্যান, লগে দুখানি গাড়ি

#### (গোলমাল)

আপনার গলাটা খারাপ, আপনি আমার সঙ্গে গলার জোরে পারবেন না। এখানে খাঁটা জিনিস আছে, আপনারা ভেজাল। আজ সারা ভারতবর্ষে ইন্দ্রিরা গান্ধীর যে মুক্তি সূর্য এসেছে তাই আপনাদের ভয় পাবার কারণ হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় আজকে এখানে নেই তিনি হয়তো ভাষণ দেবেন, আজকে সাঁওতালভি নন্ট হয়ে যাচ্ছে, বিদ্যুতের অভাব, সেই বিদ্যুতের অভাব মেটাবার জন্য সপ্তাহে দুবার করে বিদ্যুৎ মন্ত্রী আবদুল গণিখান চৌধুরী মহাশয় দিল্লী কলকাতা করছেন, আর জ্যোতিবাবু তিনি পার্টির কাজের জন্য ৩২৬ বার বিভিন্ন রাজ্যে ঘুরে বেড়াচ্ছেন। অর্থমন্ত্রীকে প্রশ্ন করছি পার্টির কাজের জন্য কত টাকা মুখ্যমন্ত্রীর পেছনে ব্যায় করা হচ্ছে তার হিসাব দিন? সরকারী টাকায় কম্যুনিজম বাড়াবার জন্য মুখ্যমন্ত্রী বিভিন্ন রাজ্যে যাচ্ছেন। গরীব মানুষের টাকায় এই কাজ তিনি করছেন। আজ শুনলাম সেলস ট্যান্ধ বাবদ কোটি কোটি টাকা আদায় হয় নি। আবার কয়েকদিন বাদে এর জন্য বাজেটের উপর ট্যান্ধ করা হয়েছে। ক্যাবারে ড্যান্সের উপর ট্যান্ধ করে মন্ত্রীদের গাড়ি চাপার কোন বাঁধা নেই। আজ অপসংস্কৃতির নামে আমি বলতে চাই না পার্ক হোটেলে কে কার কোমরে হাত দিয়ে নাচছে। আমি বলতে চাই না যে মখামন্ত্রীর কোন আখীয় ডেপটি

এডভোকেট জেনারেল হতে পারেন কিনা? ১৬ লক্ষ টাকা ব্যান্ত থেকে নিয়ে কমলা বেকারী হতে পারে কিনা তা বলতে চাই না। এসব কথা বলতে গেলে গায়ে লাগবে। আপনার এই চিৎকার বিধানসভার মধ্যে সীমাবদ্ধ থাকবে না. এটা ৬ কোটি লোকের মধ্যে যাবে। তেল ডিজেন, নুন ইত্যাদি পাওয়া যাচ্ছে না - এর জন্য কেন্দ্র দায়ী অর্থাৎ কেন্দ্রের উপর দায় দায়িত্ব চাপিয়ে দিয়ে নিধ্নেদের অপদার্থতা ঢাকার চেষ্টা করছেন কিন্তু আমি প্রশ্ন করি রাজ্যপালের ভাষণে এসব নেই কেন? আপনার হাতে লোকের মাথা কাটার জন্য কেন্দ্রের টাকা আত্মসাৎ করার জন্য, ১৬ লক্ষ খরচ করে পার্টির বাডি করার জন্য অধিক ক্ষমতা চাইছেন। আমরা কেন্দ্রের কাছে বলব টাকা দাও, ক্ষমতা দাও কিন্তু কোন অপদার্থ সরকারকে নয়। অর্থাৎ যে সরকার রাজ্য চালাতে পারে আইন শৃঙ্খলা বজায় রাখতে পারে, অগণতান্ত্রিক পদ্ধতিতে স্কুল करलक ना ভাঙে, ভোটের সময় কারচুপি না করে ক্যাডারদের টাকা পাইয়ে না দেয় তাদের হাতে ক্ষমতা দেওয়া উচিত। আপনাদের উত্মার খব কারণ আছে জানি। কিন্তু আপনারা যদি আর ২ - ১ বছর থাকেন তাহলে আপনাদের আর উন্মা থাকবে না। আপনারা ইতিমধ্যে नाना तकम लार्रेन मिरा व्यात्रष्ठ करतरहन। कात मर्स्य शिरा निर्वाचन कता यार्त स्मर्टे लारेन খলে দিয়েছেন। আপনাদের চরিত্র আমাদের জানা আছে। কেরলে কংগ্রেসের সঙ্গে হাত মিলিয়ে সরকারে বসে আছেন। এখানে জনতার আশির্বাদ নিয়ে এসেছিলেন। আপনারা পশ্চিমবাংলার মানুষকে ধোঁকা দিয়েছেন। তাই সারা ভারতের লোক রায় দিয়েছেন যে একটা শক্ত ও শক্তিশালী নেতৃত্ব চাই, স্থায়ী সরকার চাই। সেইজন্য ইন্দিরা গান্ধীকে তারা ভোট দিয়েছেন। তাঁরা চায় সং ও নিষ্ঠাবান সরকার। সেজন্য বলছি অবাধ ও স্বাধীন নির্বাচনের ৬ মাস আগে মুখ্যমন্ত্রী পদত্যাগ করবেন। অর্থাৎ মুখ্যমন্ত্রী বিধানসভায় স্বীকার করেন যে অবাধ নির্বাচন যাতে হতে পারে তার জন্য নির্বাচনের ৬ মাস আগে আমি পদত্যাগ করব। তাহলে তখন কিন্তু দেখা যাবে আপনাদের হাসি স্লান হয়ে যাবে। এই রাজ্যে শ্মশানের শাস্তি বিরাজ করছে। আইন শৃদ্ধলা নেই। এই রাজ্যের জনসাধারণ এক অতীব দৃঃখ কন্টের মধ্যে আছে। এইসবের জন্য আমরা বড আদালতে গিয়ে রায় নেব। সেখানে তারাই তখন আপনাদের ধিক্কার দেবে। আপনাদের শান্ত সুবোধ ফাইনান্স মিনিস্টার নেই, বিশ্বজিৎ বোস বলে একটা ছেলে চাকরি করতো - কংগ্রেসের ছেলে তাই ফাইনান্স মিনিস্টারকে দিয়ে তার চাকরী রাখা যায় নি। তার বাবা রিটায়ার্ড করে ছিলেন, তাঁকে আমরা চাকরি দিয়েছিলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাকে চিঠি দিয়ে এক্সটেনসান করা হল সেই এক্সটেনসান পিরিয়ডের মধ্যে এই বিশ্বজিৎ বোস কে টারমিনেট করে দেওয়া হলো। কারণ জানতে পারলো যে সে কংগ্রেসের ছেলে এই অপরাধে তার চাকরি গেল। আমি বলবার সময় প্রত্যেকটা কাগজ দলিল নিয়ে এসেছি। আপনাদের কো-অর্ডিনেশান কমিটি ৪র্থ শ্রেণীর কর্মচারীদের কাছ থেকে ট্রান্সফারের ७য় দেখিয়ে মাসে ২ টাকা আদায় করেন। আমার কাছে রসিদ আছে। রসিদ নং ২১.৭৪৬। का-অর্ডিনেশান কমিটি ২ টাকা করে চাঁদা নেয়। তারা এই টাকা দেয় পার্টি ফান্ডে ভয়ে, কেউ হাসতে হাসতে দেয় না, আপনাদের ট্রান্সফার, অবিচার, অত্যাচার সাসপেন্ড এর ভয়ে টাকা দেয়, ভক্তিতে কেউ দেয় না। মাননীয় : উপাধ্যক্ষ মহাশয়, আজ্বকে জলপাইগুড়িতে শীতলকুচি এবং বিভিন্ন থানায় এক বছরে ২৪টা রাহাজানি ডাকাতি হয়েছে তারমধ্যে ৪টি খুন লিখিত আছে। আমার এই তথ্যের প্রত্যেকটি কাগজ আপনার কাছে জমা দেবো। কারণ এই সত্যবাদী যুধিষ্ঠিররা যারা এখানে বসে আছেন তাঁরা বলবেন যে আপনি তো জমা দেন নি সেইজন্য

আমি জমা দেবো। শুধু আপনাদের চিৎকার নয় আপনাদের চরিত্র এবং আপনাদের মুখোশ জনসাধারণের কাছে খুলে দেবার জন্য দীর্ঘ ৩ বছর ধরে আপনারা যে স্টীম রোলার চালিয়েছেন লোকের উপর তা প্রতিরোধ করার জন্য তারা প্রস্তুত। এই অপদার্থ সরকারের রাজ্যপালের ভাষণ আমি স্বীকার করে নিতে পারলাম না কারণ এতে সত্য কথা নেই। তাই আমি এই ভাষণের পূর্ণ বিরোধীতা করছি।

[ 3-30 — 4-00 P.M. ]

শ্রীমতী ছায়া ঘোৰ : অন এ পয়েন্ট অফ পারসোনাল এক্সপ্লানেশান স্যার উনি আমার নামে অসত্য কথা বলেছেন, উনি ব্রিটিশ ডিভাইড এন্ড রুল চালাবার এখানে চেষ্টা করেছেন। দৃদ্বতকারি কারা বলে যে আমি বক্তব্য রেখেছিলাম পশ্চিমবঙ্গের মানুষ দৃদ্বতকারি কারা তা তারা জানে। আমি কংগ্রেস আই এর বিরুদ্ধে স্পষ্ট বক্তব্য রেখেছি। উনি বামফ্রন্ট সরকার ও এম এল এদের হেয় করবার জন্য অসত্য কথা বলেছেন। আমি বিধান সভায় এই কথা বলবাে যে ওনার নাম সত্য বাপুলীর পরিবর্তে অসত্য বাপুলী রাখা হোক।

শ্রী শটীন সেন ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় যখন এখানে চিৎকার করে গলা হাঁকিয়ে তাঁর বক্তব্য রাখছেন ঠিক সেই সময় খবর এসেছে যে শ্রীরামপুর কেন্দ্রে বামফ্রন্ট প্রার্থী এখনও পর্যন্ত ১০ হান্ধার ভোটে এগিয়ে আছে সত্য বাপুলী আসলে মিথ্যা বাপুলী।

শ্রী সুমন্ত কুমার হীরা । মাননীয় ঃ উপাধ্যক্ষ মহাশয়, আমাকে পয়েন্ট অফ অর্ডার বলার সুযোগ দেওয়ার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখবার সময় আমরা দেখলাম তিনি একটা ব্যালট পেপার নিয়ে বলছেন। কয়েক দিন আগে দেখেছিলাম তাঁদের দলের নেতা ভোলা সেন ও সাস্তার সাহেব মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে এক বাভিন্স ব্যালট পেপার দিয়েছেন। আজকে তিনি আবার ব্যালট পেপার হাতে নিয়ে বলছেন। আমি আপনার কাছে জানতে চাই এবং আপনাকে অনুরোধ করছি এটা আপনি দেখুন যে একজন মাননীয় সদস্য যদি কোন ব্যালট পেপারটি কুড়িয়ে পান, তাহলে সেটা সংগ্রহ করার সঙ্গে সঙ্গের স্থানীয় থানায় ইনফরমেশান দেওয়া উচিত এবং সেই কাজে লিগাল এ্যাক্সান নেওয়ার জন্য সরকারকে সাহায্য করা উচিত। আমাদের সন্দেহ হয়, আমরা জানতে চাই যে এই ব্যালট পেপারগুলি তাঁরা কার কাছ থেকে পেয়েছেন ও কিভাবে পেয়েছেন, এটা ম্যানুফ্যাকচার করা হয়েছে না চরি করা হয়েছে সেটা জানান উচিত এই সভাকে।

শ্রী দীনেশ মজুমদার : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনাকে অনুরোধ করবো ঐ ব্যালট পেপারটি আপনি মুখ্যমন্ত্রীর কাছে তদন্তের জন্য পাঠাবেন।

শ্রী সত্যরঞ্জন বাপুলী । মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পারসোনাল এক্সপ্লানেশান দিতে উঠেছি। শ্রীমতি ছায়া ঘোষ বক্তৃতা দেবার সময় বলেছেন যে আমার নাম পাল্টে দেওয়া ভাল। উনি যখন বক্তৃতা দিয়েছিলেন আমি তখন ছিলাম না। আমার বক্তব্য হচ্ছে আইন শন্ধলার অবস্থাকে খারাপ করতে পারে সমাজ বিরোধীরা। যে কেউ করুক না কেন আইন

শৃষ্খলা প্রশ্নেই আমি বলেছি। আমি যেটা বলেছি সেটা পূর্ণ দায়িত্ব নিয়ে বলেছি। আমি আপনার মাধ্যমে বলছি যে আমার নাম রেখেছেন আমার শ্রন্ধের পিতা। সূতরাং আমার নাম পাশ্টাব কিনা সেটা শ্রীমতী ছায়া ঘোষ নির্দেশ দিতে পারেন না। তিনি তাঁর নিজ্ঞের নাম পাশ্টান এবং স্বামী ও ছেলের নাম পাশ্টান।

মিঃ ডেপুটি স্পীকার ঃ আমি সত্য বাবুর ব্যালট পেপারটি নিয়ে নিচ্ছি এবং এই ব্যালট পেপার মুখ্যমন্ত্রীর কাছে রেফার করছি এনকোয়ারি করার জন্য। এনকোয়ারি করার পর আবার যখন আসবে তখন হাউসের কাছে প্লেস করে দেব।

শ্রী অনিল মুখার্জি: মাননীয়: উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে তা হচ্ছে সান্তার সাহেব এর আগে কিছু ব্যালট পেপার জমা দিয়েছেন, আমরা চাচ্ছি এগুলি মুখ্যমন্ত্রীর কাছে পাঠান হোক।

মিঃ ডেপুটি স্পীকার : Mr. Mukherjee, please take your seat, I will not allow any more discussion on ballot paper. I have already given my ruling on this point.

The House will again meet at 4.05 p.m.

(At this stage the House was adjourned till 4.05 p.m.)

(After adjournment)

[ 4-05 — 4-20 P.M. ]

শ্রী ননী কর ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের প্রায় ১০ হাজার সদস্য মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করবার জন্য এ্যাসেম্বলীর দিকে আসছিল কিন্তু পুলিশ তাদের আটকে দিয়েছে। তাদের দাবী হচ্ছে ৫ বছর পর্যস্ত তাদের নাম থাকে তারপর তাদের নাম বদলে যায়, তারা আর কাজ পায়না। অতীতের মুখ্যমন্ত্রী বলেছিলেন, বিভিন্ন ডিপার্টমেন্টে সার্কুলার দিয়েছিলেন যে, ওদের জন্য পুলিশ ফোর্সে ১৫ পারসেন্ট রিজার্জ চাকুরী থাকবে। তারা এই ব্যাপারে আজকে এখানে এসেছে কাজেই আমি অনুরোধ করছি কোন প্রবীন মন্ত্রী তাদের সঙ্গে দেখা করে তাদের সমস্যার সমাধান যাতে হয় তার ব্যবস্থা করুন।

শ্রী দেবরপ্তান সেন ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর মন্ত্রী মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। এবং এই প্রসঙ্গে বলতে চাই যে, মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণের মধ্য দিয়ে যে সমস্ত কথা বলেছেন সেই সমস্ত কথা বামফ্রন্ট সরকারের ৩৬ দফা কর্মসূচীকে রূপ দিতে গিয়ে বিগত ৩২ মাস ধরে বামফ্রন্ট সরকার কি কি কাজ করেছেন সেই কাজের কথা উদ্রেখ করেছেন এবং আগামী দিনে এই সরকার কি কি পরিকল্পনা নেবেন এবং কোন পথে গিয়ে সেই সমস্ত কর্মসূচীকে রূপ দেবেন সেটা জ্ঞানার জন্য এই বিধানসভার অধিবেশনে তিনি মাননীয় সদস্যদের আহ্বান জ্ঞানিয়েছেন। মহামান্য রাজ্যপালের ভাষণের উপর আজ্ঞ ৩ দিন ধরে আলোচনা হচ্ছে এবং আজ্ঞকে কংগ্রেস সদস্য সত্যবাবু যে কথা বলেছেন সে সম্বন্ধে আমি দু-চারটে কথা বলতে

চাই। আজকে তিনি প্রথমেই বলবার চেষ্টা করেছেন রাজ্ঞাপাল তার ভাষণে ধারা দিয়েছেন এবং অসতা কথা বলেছেন। আমি তাঁর এই কথার তীব্র প্রতিবাদ করে বলছি, তিনি রাজাপালের ভাষণ পরোপরি পডেননি এবং এই সরকার যে সমস্ত ক্ষেত্রে স্বার্থকতা দেখাতে পেরেছেন, সরকার তার কর্মসূচী এবং পরিকল্পনা মাফিক যে সমস্ত কাজ করেছেন সেগুলো তিনি ইচ্ছাকতভাবে গোপন করেছেন এবং অপরপক্ষে সম্ভা কথা বলে এই সভায় বাহবা নেবার চেষ্টা করেছেন। কংগ্রেস সদস্য সেই চেষ্টা করতে পারেন, কিন্তু আমরা জ্ঞানি বামফ্রন্ট সরকার বিগত ৩ বছর ধরে যে সমস্ত কাজ করেছে তার মূল্যায়ন হয়ে গেছে এবং তার একমাত্র প্রমাণ বিগত লোকসভার নির্বাচনে বামফ্রন্ট প্রার্থীরা বিপুলভাবে ভোটে জয়লাভ করেছেন। যেখানে ৯টি রাজ্যে কংগ্রেস (আই) ব্যাপকভাবে নির্বাচনে জয়ী হয়ে সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে ঠিক তেমনিভাবে এই পশ্চিম বাংলায় এসে কংগ্রেস (আই) নির্বাচনে অত্যন্ত পর্যদন্ত হয়েছে এবং পর্যদন্ত হবার পর আমরা দেখেছি এই লোকসভা নির্বাচনের প্রার্থী প্রণব মুখোপাধ্যায়, তিনি বোলপুর নির্বাচন কেন্দ্র থেকে দাঁড়িয়েছিলেন এবং সেখানে পরাজিত হয়ে ইন্দিরা গান্ধীর পষ্ঠপোষকতায় তিনি মন্ত্রীরূপে শপথ গ্রহণ করে আজকে কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে ভারতবর্ষের কেন্দ্রীয় রাজনীতিতে প্রবেশ করবার জন্য চেষ্টা করছেন, তিনি মন্ত্রী হবার পর দিন থেকেই এই আস্ফালন করে যাচ্ছেন যে পশ্চিম বাংলার সরকারকে কি করে উৎখাত করতে পারা যায় এবং এই প্রসঙ্গে আমি একটা কথা বলি গত ১৫/২০ দিন আগে বোলপুর শহরে প্রণববাবু একটা জনসভা করেছিলেন কংগ্রেসীদের ডাকে। সেই জনসভায় দাঁডিয়ে তিনি প্রকাশ্যে বলেছেন যে আমরা ১৫ দিনের মধ্যেই এই বামফ্রন্ট সরকারকে উৎখাত করে দেবো এবং যে মন্ত্রীরা সন্ধাবেলায় রাইটার্স বিশ্ভিং থেকে বেরিয়ে যাবেন তাঁরা পরদিন সকাল বেলায় ফিরে এসে দেখবেন আর তাঁদের গদী নেই। এই রকম দম্ভোক্তি প্রণব বাব একটা সভায় দাঁডিয়ে প্রকাশ্যে ঘোষণা করেছেন। আমরা জানি যে, ষডযন্ত্র আমাদের विकृत्क छक रहा शिराह, ठकाछ आमात्मत विकृत्क छक रहा शिराह, य ठकाछित मध দিয়ে, যে ষভযন্তর মধ্যে দিয়ে এই বামফ্রন্ট সরকারকে ভাঙ্গবার একটা চেষ্টা তাঁরা করে যাচ্ছেন তাই আজ সত্যরঞ্জন বাপুলি মহাশয় জোর গলায় বলবার চেষ্টা করেন যে ৩ধু দিন নয় মৃত্যুক্ষণ এগিয়ে আসছে, যেকোন সময়ে আমরা এই ঘটনা ঘটিয়ে দিতে পারি, যে কোন মহর্তে আমরা এই সরকারকে উৎখাত করে দিতে পারি। কিন্তু এই সত্যবাব, প্রণববাবর দল জানেননা বামফ্রন্ট সরকার যার সহযোগিতায়, যাদের আশির্বাদে এই সরকারের দায়িত্ব নিয়েছেন তারা আজকে দেশের খেটে খাওয়া মান্য, গরীব মান্য, মধ্যবিত্ত মানুষ, মেহনতী মানুষ, তারা জানে যে তাদের স্বার্থে, তাদের অধিকার রক্ষা করার জন্য, তাদের লডাই জ্বোর করে দেবার জন্য, আজকে বামফ্রন্ট সরকারকে তারা হাতিয়ার তৈরি করতে পেরেছে, আগামী দিনে এই বামফ্রন্ট সরকারকে হাতিয়ার করে তারা বৃহত্তর সংগ্রামে লড়াই করতে পারবে একথা আজকে বাংলা দেশের মানুষ জানে। তাই আজকে কংগ্রেস(আই)রা অত্যন্ত ভীত, অত্যন্ত সন্তব্ধ। আজকের এই বিধানসভার অধিবেশন রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে শুরু হয়েছে. এই ডাক এবং এই বিধানসভার অধিবেশনের আগে যে বিধানসভার অধিবেশন হয়েছিল এই দটির মাঝখানে লোকসভার নির্বাচন হয়ে গেল এবং লোকসভার নির্বাচনে জনতা দল পর্যদন্ত হল, লোকদল আরো পর্যদন্ত হল, কংগ্রেস(আই) সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে দিল্লীর লোকসভায় নির্বাচিত হয়ে সরকার তৈরি করেছেন, তাই আমাদের রাজ্যপালের ভাষণে আছে যে পরিবর্তিত

রাজনৈতিক অবস্থার মধ্যে আজকে বামফ্রন্ট সরকারের এই রাজ্যপালের ভাষণ দিয়ে আমরা শুরু করছি এবং সেই ভাষণের মধ্যে দিয়ে তিনি দেখাতে চেয়েছেন যে পরিবর্তিত রাজনীতির মধ্যেও পশ্চিম বাংলায় তাঁর যে সরকার, তাঁর সরকারের মধ্যে যেসমস্ত দল আছে যারা বামফ্রন্ট সরকার তৈরি করেছে, তারা তাদের নির্দিষ্ট কর্মসূচী নিয়ে; ৩৬ দফা কর্মসূচী নিয়ে এগিয়ে চলেছে তার প্রকৃষ্ট প্রমান, জ্বাজ্জলাময় উদাহরণ হচ্ছে এই বিগত লোকসভার নির্বাচনে বামফ্রন্ট প্রার্থীরা বিপুলভাবে জয়যুক্ত হতে পেরেছেন, ইন্দিরা কংগ্রেসের প্রার্থীদের পর্যুদম্ভ করে হারাতে পেরেছে। তাই তাঁর সরকার বিগত ৩২ মাস থেকে যে কর্মসূচী রূপ দেবার চেষ্টা করছে বা রূপ দিয়েছে ক্ষেত মজ্বরের স্বার্থে, ভাগচাষীদের রেকর্ড করাবার স্বার্থে, কলকারখানার শ্রমিকদের স্বার্থে, মানুষের গণতান্ত্রিক আন্দোলনের অধিকার করার স্বার্থে, এই সমস্ত দিক দিয়ে তারা প্রমাণ করেছে যে বামফ্রন্ট সরকার তার কর্মসূচী অনুযায়ী এগিয়ে চলেছে। এই কর্মসূচীর মধ্যদিয়ে তারা আগামী দিনে পশ্চিম বাংলায় এমন একটা শাসন ব্যবস্থা প্রচলন করতে চান যার মধ্যে দিয়ে আগামী দিনে যে অবস্থা সৃষ্টি হবে, যে অবস্থার দিকে লক্ষ্য রেখে আগামী দিনে অন্যান্য রাজ্যে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে তার যে একটা প্রতিক্রিয়া হবে সেই প্রতিক্রিয়ার মধ্যে দিয়ে আগামী দিনে ভারতবর্ষে আমরা গণতান্ত্রিক আন্দোলনের মধ্যে দিয়ে এই বামদ্রুন্ট সরকারকে আরো বর্ধিত করতে পারবো এবং পশ্চিম বাংলার বাইরে, ত্রিপুরার বাইরে, কেরালার বাইরে, অন্যান্য রাজ্যে এই বামফ্রন্ট সরকারকে প্রতিষ্ঠা করবার জন্য আমরা আরো এগিয়ে যেতে পারবো। এই বিষয় নিয়ে আজ্বকে এই বামফ্রন্ট সরকার তার কর্মসূচী নিয়ে এগিয়ে যাবার চেষ্টা করছে। মাননীয় সদস্যগণ, আপনারা জ্ঞানেন যে আজকে এই রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে তিনি বলেছেন যে তাঁর সরকার গত বন্যায়, গত খরায়, কিভাবে তাঁরা তার মোকাবেলা করতে পেরেছেন, গত বন্যায় এবং খরায় সারা পশ্চিম বাংলায় ২৮৬ কোটি টাকার ফসল নষ্ট হয়েছে। বামফ্রন্ট সরকার একমাত্র সরকার তার মোকাবেলা করতে পেরেছেন জনসাধারণের সহযোগিতা নিয়ে। এত বড় বন্যা, এত বড় খরার মধ্যে দিয়েও আজকে वांश्नात (चंटी चांउत्रा मान्य, मान्य, मान्य, मध्यविष्ठ मान्य, कमकातचानात्र यात्रा काक करत তারা আজ্পকে বামফ্রন্টের পিছনে এসে দাঁডিয়েছে ও বামফ্রন্টের ভিতকে আরো শক্তিশালী করবার জন্য তারা আজকে সচেষ্ট হয়েছে। একটাই প্রমাণ করেছে, আজকে বামফ্রন্ট সরকার তার কর্মোদ্যোগ নিয়ে কান্ধ শুরু করতে পেরেছেন বলেই আন্ধকে ৩৬ দফা কর্মসূচী অনেকখানি রূপ পেয়েছে। আমার বিশ্বাস বামফ্রন্টের আরও যে সময়টা বাকি আছে, তার মধ্যে বাকি কাজ সম্পূর্ণ করার চেষ্টা করবে, এবং বিশ্বাস রাখি বামফ্রন্ট সরকারের সেই কাজ সম্পূর্ণ সার্থক হতে পারবে। আন্ধকে রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে বারবার ঘোষিত হয়েছে. কৃষিক্ষেত্রে আমরা যথেষ্ট উন্নতি সাধন করতে পেরেছি। আমরা দেখেছি কৃষি কর্মসূচীর মধ্য দিয়ে, ফুড ফর ওয়ার্কের মধ্য দিয়ে ১৯৭৯ সালে সেপ্টেম্বর মাস পর্যন্ত আমরা অনেক কাজ করতে পেরেছি। এরজন্য গ্রাম বাংলার ফলন বাড়াতে পেরেছি। ৩০ বছরের কংগ্রেস আমলে দেখেছি। কি অপরিসীম দুর্দশা মানুবের ঘটেছে। আজকে ৩২ মাসে ফুড ফর ওয়ার্কের মাধ্যমে, পঞ্চায়েতের মাধ্যমে আমরা গ্রাম বাংলার অন্ততঃ কিছুটা দৃঃখ ঘোচাতে পেরেছি। আরও আরও চেষ্টা করে যাচ্ছি এবং তারই ফলশ্রুতি দেখতে পাচ্ছি গ্রামবাংলায় খেটে খাওয়া মানুষ, ক্ষেত মজুর, যারা বছরের মধ্যে ৪/৫ মাস কান্ধ করতেন, বাকি সময়টা জোতদার-জমিদারদের অনুকম্পার উপর নির্ভর করে থাকতে হত, আজকে সেই জ্বিনিসের পরিবর্তন

হয়েছে। আজকে ক্ষেত মজুরেরা ন্যায্য মজুরী পাচ্ছে, ন্যায্য মজুরী পেয়ে বিকল্প চাবের দিকে এগিয়েছে। সরকার যে পরিকন্ধনা নিয়েছেন তার ফলে তারা কান্ধ পাছে। সেই কান্ধের মধ্যে দিয়ে গ্রাম বাংলার চেহারাটা প্লাল্টাতে পেরেছি। এই সরকার বারোশোর মতো নৃতন ফ্রি প্রাইমারী স্কুল করবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই পরিকল্পনার মধ্য দিয়ে আগামী দিনে ১৯৮০-৮১ সালে ২ লক্ষ ২০ হাজার ৬ থেকে ১১ বছর বয়স্ক অতিরিক্ত ছাত্রকে শিক্ষার অধিকার দিতে সক্ষম হবো। অপারেশান বর্গার মধ্য দিয়ে গত ১৯৭৯ সালের নভেম্বর মাস পর্যন্ত আমরা ৭ লক্ষ ৭৩ হাজার বর্গাদারের নাম রেকর্ডভক্ত করতে পেরেছি এবং ১৯৮০ সালের জুন মাসের মধ্যে আরও বেশি সংখ্যক নাম রেকর্ডভক্ত করার সিদ্ধান্ত নিয়েছি। বর্গাদারেরা দীর্ঘকাল ধরে উপেক্ষিত হয়ে ছিলেন। আজকে তারা জমির অধিকার ভোগ করতে পারবেন। তিরিশ বছরের কংগ্রেসী শাসনে যে অধিকার থেকে তারা বঞ্চিত আঙ্ককে বামফ্রন্টের আমলে এই বর্গাদারেরা নাম লেখাবার সুযোগ পেয়েছেন। বামফ্রন্ট সরকার বর্গাদারদের পাশে দাঁড়িয়ে তাদের নাম রেকর্ডভূক্ত করার দায়িত্ব নিয়েছে। বর্গাদারদের শরিক হয়ে মাঠে-ময়দানে লড়াই করে বর্গাদারদের নাম রেকর্ড করাচ্ছে এবং তাদের স্বার্থে লড়াই করছে। রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে বর্গাদারদের আর্থিক সাহায্য দেওয়ার কথা বলা হয়েছে। প্রায় ৫০ হাজার জনকে গত বছর এই সরকার আর্থিক সাহায্য দিতে পেরেছেন। <mark>আমরা জ্ঞানি মাত্র ৫০</mark> হাজার বর্গাদারকে সাহায্য দেওয়া এটা অত্যন্ত কম সংখ্যক বর্গাদারকে সাহায্য দেওয়া। কিছ এই সরকারই সর্বপ্রথম বর্গাদারদের ঋণ দিয়ে, অন্যান্য রকম সাহায্য দিয়ে ফসলের পরিমাণ এবং মান বাডাবার চেষ্টা করেছেন। সরকার সর্বপ্রথম এই পরিকল্পনা নিয়েছেন। বর্গাদারেরা এইজন্য ঋণ পাচ্ছেন, অনুদান পাচ্ছেন এবং তার পরিমাণ হচ্ছে কম**পক্ষে ৫০ হান্ধা**র।

#### [4-20 — 4-30 P.M.]

এই সরকার আরও সিদ্ধান্ত করেছেন যে, বর্গাদারদের সাহায্যের পরিমাণ বাড়াতে হবে এবং সেই সাহায্যকে আরও ব্যাপক করে তুলতে হবে। সেই কর্মসূচী বামফ্রন্ট সরকার নিয়েছেন এবং সেকথা মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে পরিষ্কাররূপে ফুটে বেরিয়েছে। আপনি জানেন যে গত বন্যায় এবং খরায় আমাদের সরকারের তরফ থেকে ১০ লক ৪৬ হাজার মিনিকিট বিতরণ করা হয়েছে এবং তার মূল্য হচ্ছে ৩ কোটি ৬১ লক্ষ টাকা। এই সরকার যা করেছেন তা বিগত ৩০ বংসরের ইতিহাসে নাই। ৩ কোটি ৬১ লক টাকার মিনিকিট বিতরণ করেছেন গরীব চাষীদের প্রান্তিক চাষীকে সাহায্য করার জনা। তাই এই সরকার গর্ব করতে পারেন এবং সেই গর্ব করার অধিকার তাদের আছে। বর্তমান রাজ্য সরকার গরীব মানুষদের উন্নতির জন্য, গরীব চাষীদের উন্নতির জন্য যেখানে এগিয়ে গিয়েছেন, সেখানে সত্যবাপুলি মহাশয় বলছেন মাননীয় রাজ্যপাল নাকি অসত্য কথা বলেছেন। আজকে জনতা পার্টি থেকেও অনেক কথা বলতে পারেন, কিন্তু আমি তাঁদের কাছে এই আবেদন করবো যে আজ্বকে যে দিন এসেছে, তাতে আপনারা সরকারের সঙ্গে সহযোগিতা করুন, আগামী দিনে তার সঙ্গে সামিল হোন যাতে স্বৈরতন্ত্র এখানে মাথাচাড়া না দিয়ে উঠতে পারে: যাতে ইন্দিরা গান্ধীর সরকার কিছতেই পশ্চিমবঙ্গে স্বৈরতন্ত্র প্রতিষ্ঠা না করতে পারে। আপনারা এগিয়ে আসুন, এসে ভারতবর্ষের পশ্চিমবঙ্গে স্বৈরতন্ত্রকে ধ্বংস করে যাতে এখানে গণতন্ত্রকে সূপ্রতিষ্ঠিত করতে পারেন, এই আবেদনই আমি জনতা পার্টির কাছে জানাই। মাননীয় ডেপটি

স্পীকার মহাশয়, আপনি জ্বানেন মহামান্য রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণের মধ্য দিয়ে গত এই সরকার কি কৃষিঋণ দিয়েছেন, তার উল্লেখ করেছেন। গত বছর কৃষিঋণ সরকার দিয়েছেন ১২ কোটি টাকার। এই সরকার যতটা পারছেন তাঁরা সীমিত ক্ষমতার মধ্য দিয়ে কৃষির উন্নতি করার চেষ্টা করছেন, কৃষিজীবির উন্নতির চেষ্টা করছেন, শুধু তাই নয় গরীব চাষীর উন্নতির জন্য, তাদের সাহায্য করছেন, প্রান্তিক চাষীকে সাহায্য করছেন, ক্ষেতমজুরদের সাহায্য করছেন, সীমিত আর্থিক ক্ষমতার মধ্য দিয়ে যতটা সম্ভব করার চেষ্টা করছেন এবং এগিয়ে যাচ্ছেন। আগামী দিনে যদি আরও টাকার সংস্থান হয় তাহলে এই সরকার গরীব এবং প্রান্তিক চাষীকে আরও বেশি সাহায্য করতে পারবেন এবং পশ্চিমবঙ্গের কৃষিক্ষেত্রে একটা আমূল পরিবর্তন আনতে পারবেন, পশ্চিম বাংলাকে খাদ্যে স্বয়ংশ্বর করে তুলতে পারবেন। তাই সরকারের তরফ থেকে যে সমস্ত কৃষি পরিকল্পনা নেওয়া হয়েছে, সেই কৃষি পরিকল্পনাকে আমি সাধুবাদ জানাই। রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্য দিয়ে বলা হয়েছে যে ৮৪৬টি लोंटेंট পাম্প দেওয়া হয়েছে গত বৎসর। কৃষিক্ষেত্রে সাহায্যের জন্যই এই পরিকল্পনা নিয়েছে। এ ছাড়া টিউবওয়েল এবং ট্যাঙ্ক ইমপ্রভমেন্ট পরিকল্পনা নিয়েছেন। এই করে গোটা পশ্চিম বঙ্গে অন্প্রসর এলাকায় এবং অগ্রসর এলাকায় - যেখানে এক ফসলী হয় এবং যেখানে দু ফসলী হয়, সেখানে যাতে উৎপাদনের আরও উন্নতি হয় তার জন্য তৃতীয় ফসল উৎপন্ন করতে পারে, তার জন্য সরকারের তরফ থেকে চেষ্টা করা হচ্ছে। সত্য বাপুলি মহাশয় বললেন রাজ্যপালের ভাষণ অসত্যে পূর্ণ। এর চেয়ে দুর্ভাগ্যের কথা আর কি হতে পারে। তিনি সম্ভায় বাহবা পেতে চান। আমরা জানি এই সরকার নানা বাধা বিপত্তির মধ্য দিয়ে, অভাব অনটনের মধ্য দিয়ে বামফ্রন্টের কর্মসূচীকে রূপ দেবার চেষ্টা করছেন, চেষ্টা করে চলেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আপনি জানেন যে এই সরকারই সর্বপ্রথম শস্য বীমা প্রবর্তন করেছেন, যা অতীতের কোন সরকার করতে পারেননি, বৃদ্ধ কৃষকদের পেনসনের ব্যবস্থা করেছেন, যে বৃদ্ধ কৃষক হাল ধরতে পারেনা, গরু ঠেলতে পারেনা, ভবিষ্যতে যে कमिन वाँচर्त পृथिवीरक कष्ठ ना दश जात छन्। সরকার বৃদ্ধদের জন্য পেনসনের ব্যবস্থা करतिष्ट्रन । এই यেখানে ব্যবস্থা হয়েছে, সত্য বাপুলি বলতে পারেন রাজ্যপালের ভাষণ অসত্যে পূর্ণ। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার কাছে এটা নিবেদন করতে চাই যে মাননীয় রাজ্ঞাপাল মহাশয়, তাঁর ভাষণের মধ্য দিয়ে বিগত ৩২ বছরের শাসনের হিসাব নিকাশ করার চেষ্টা করেছেন। আগামী দিনে সরকার কি করতে যাচ্ছে তার রূপ রেখা দেবার চেষ্টা করেছেন। এই সঙ্গে আমি এইকথা বলবো যে আমাদের রাজ্যে শিল্পের অবস্থা কি। সেদিন শুনলাম মাননীয় ভোলা সেন মহাশয়, কংগ্রেস সদস্য, বলে গেলেন শিল্পে নাকি এই সরকার চরম বার্থতার পরিচয় দিয়েছেন। কিন্তু সেকথা অসতা। মহামানা রাজ্ঞাপালের ভাষণে তা প্রকাশ করা হয়েছে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জ্ঞানেন, এই বামফ্রন্ট সরকারের রাজত্বকালে কেন্দ্রীয় সরকার ১০৫ টি শিল্প পরিকল্পনা মঞ্জুর করেছেন। পশ্চিমবাংলায় ১৯৭৯ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ডব্লু, বি.ডি.আই.সি ৩৯ কোটি ৭৮ লক্ষ টাকা ১৭৮টি শিল্প ইউনিটকে সাহায্য হিসাবে দিয়েছে। কল্যানীতে ডলোমাইট প্রজেক্ট টুং-এ ছড়ির কারখানা এইসব কাজে হাত দেওয়া হয়েছে। খড়গপুরে ম্যালিক এ্যানহাইড্রাইড প্রজেক্ট, বার্গপুরে স্ল্যাগ প্রানুলেসানের

কারখানা স্থাপনের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে। এই সমস্ত কাজ এগিয়ে যাওয়া সত্ত্বেও यि ভোলাবাবু বলবার চেষ্টা করেন যে পশ্চিমবাংলায় শিল্পের উন্নতি হয়নি, পশ্চিমবাংলায় শিল্পকে বাডাবার কোন পরিকল্পনা সরকার নেয়নি তাহলে আমি বলব, এর চেয়ে অসত্য কিছু হতে পারে না। স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে একথা বলা হয়েছে যে সরকারী পরিচালনায় ইলেকট্রো-মেডিক্যাল এয়ান্ড এ্যালায়েড ইন্ডাস্ট্রিক্স লিমিটেড, ওয়েস্ট বেঙ্গল সিরামিক্স ইউনিট এই দৃটি ইউনিট অত্যন্ত সুন্দরভাবে কাজ করে চলেছেন। আজকে হাইপাওয়ার এক্সরে প্রজেক্ট, স্যানিটারি ওয়ার প্রজেক্ট এই দৃটি প্রজেক্ট বিদেশী সংস্থার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের অনুমতি পেয়ে- এই সমস্ত প্রজ্ঞেক্টের কাজ শুরু হতে চলেছে। স্যার, কংগ্রেসীদের তরফ থেকে বলবার চেষ্টা করা হয়েছে যে পশ্চিমবাংলায় সরকারী পরিচালনাধীন বছ কলকারখানা আছে যেগুলিতে লোকসানের বহর অত্যন্ত বেশি। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে কল্যানী স্পিনিং মিল ১৯৬১ সালে তৈরি হবার পর সেখানে কোন মেরামত করার কাজ হয়নি, কোন যন্ত্রপাতিরও পরিবর্তন করা হয়নি বা তার চেষ্টা করা হয়নি। এই বামফ্রন্ট সরকার আসার পর সেখানে আজকে এই সরকারের তরফ থেকে এক নং ইউনিটটি সম্পূর্ণভাবে মেরামত করা হয়েছে। ১৯৭৮ সালে ৭৬ লক্ষ টাকা সেখানে তিনটি পর্যায়ে খরচ করার সিদ্ধান্ত করা হয় এবং প্ল্যান প্রোগ্রামের মাধ্যমে ১৯৭৯/৮০ সালে সেখানে খরচ করার জন্য ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর ফলে সেখানে সুফলও দেখা গিয়েছে। অতীতে যেসব টাকা কংগ্রেসী সরকার দিয়েছেন তাতে আমরা দেখেছি শুধু মাহিনা দেওয়া হত এবং কোন সূষ্ঠ পরিকল্পনা সেখানে ছিল না। এই বামফ্রন্ট সরকার আসার পর পরিকল্পনা করে ফেব্রুওয়াইজ টাকা দিয়ে তাকে পুনরুদ্ধার করে তার ক্যাশলস কমাবার পরিকল্পনা করা হয়েছে এবং তার ফলও লাভ করতে পারা যাচেছ। তারপর ডব্র.বি.এ.আই.সি এগ্রিকালচারাল ইমপুটসের আরো ञ्चानक (क्षावाम निराह)। वानकनारक प्रकानिकाम कम्प्राम्य भ्राम्य विमराह। कनकारा पृष्टि বসানো হয়েছে। এখন প্রতিদিন সেখান থেকে ৫০ মেট্রিক টন করে কমপোস্ট সার পাওয়া যাচ্ছে। এ ছাড়া আরো তিনটি প্রজেক্ট আগামীদিনে চালু করবার চেষ্টা করা হচ্ছে। দিনহাটাতে সিগারেট ও চুরুটের কারখানা হয়েছে। এর ফলে সেখানকার উৎপাদিত তামাক উত্তরপ্রদেশ, মাদ্রাজ, কেরলে যাচ্ছে না। সেখানে কারখানা হওয়ার ফলে শ্রমিকদের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। তারপর এই সরকারের তরফ থেকে বর্ধমানে সলভেন্ট অয়েল প্ল্যান্ট তৈরি করা হচ্ছে। এসব হলে আরো বছ বেকারের কর্মসংস্থান হতে পারবে। তারপর স্যার, আপনি জানেন, এই সরকার যখন দায়িত্ব নেন তখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, তার পাওয়ার প্লান্ট, দুর্গাপুর প্রজেক্ট এইসবগুলি কিভাবে অকেজে হয়ে পড়েছিল। বিদেশ থেকে স্পেয়ার পার্টস এনে সেগুলিকে পুনরুজ্জীবিত করে পুনরায় প্রতিষ্ঠিত করে নতুন ভাবে জেনারেশান স্টার্ট করা হয়েছে। আমাদের বিশ্বাস আগামী এপ্রিল মাসের মধ্যে পশ্চিমবাংলায় এই জেনারেশানের কাজ আরো তরান্বিত হতে পারবে বা আরো বাডতে পারবে। আর তা হলে আগামী গ্রীম্মে পশ্চিমবাংলায় বিদ্যুৎ সরবরাহ ঠিকমত হতে পারবে। স্যার, এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[ 4-30 — 4-40 P.M. ]

🕮 বিশ্বনাথ মুখার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের

কার্যকলাপ যে রাজ্যপালের ভাষণে বিবৃত হয়েছে সেই কার্যকলাপ মোটের উপর প্রগতিশীল এবং সাধারণ মানুষের সমর্থনযোগ্য। সেই সঙ্গে নিশ্চয় ত্রুটি বিচ্যুতি আছে সেগুলি সমালোচনাযোগ্য এবং সেগুলি সমাধানের চেষ্টা করা উচিত। প্রথমে আমি রাজ্য কেন্দ্র সম্পর্ক সম্বন্ধে রাজ্যপালের ভাষণে যে কথা বলা হয়েছে সেটা সমর্থন করছি। আজকে ভারতবর্ষের অবস্থা খুব খারাপ সব দিক দিয়ে। আর্থিক দিক দিয়ে পুঁজিবাদী ব্যবস্থায় তীব্র সংকট চলছে. মানুষের মধ্যে দারুণ বিক্ষোভ, কিন্তু সমস্যার কোন সমাধান নেই, হচ্ছে না। সমস্ত বাম গণতান্ত্রিক শক্তি জ্বনগণের এই বিক্ষোভকে প্রগতিশীল সংগ্রামের পথে উদ্বন্ধ করবার. পরিচালিত করবার চেষ্টা করছেন এবং করবেন যাতে সমাধানের দিকে দেশ এগোতে পারে। তেমনি সমস্ত প্রতিক্রিয়াশীল শক্তি, বিচ্ছিন্নতাবাদী শক্তি, সাম্প্রদায়িকতাবাদী শক্তি এগুলি ব্যবহার করবার চেষ্টা করছেন জনগণের মধ্যে বিভেদ আনবার জন্য এবং দেশের মধ্যে বিভেদ আনবার জন্য। এই পরিস্থিতিতে নির্বাচনের ফলে ইন্দিরা গান্ধী কংগ্রেসের যে জয় হয়েছে তাতে কেন্দ্রে ওদের সরকার প্রতিষ্ঠিত হয়েছে। তাদের প্রথম কাজ হল ৯টি রাজ্য সরকারকে বাতিল করে দেওয়া—সূতরাং খুব জোরের সঙ্গে আবার আমাদের রাষ্ট্রীয় কাঠামোর প্রশ্নটা উঠেছ—প্রথম থেকে যে ধারণা এদেশে চাল করা হয়েছিল আমাদের কন্সটিটিউয়েন্ট এ্যাসেম্বলীর আলোচনায় পশ্ভিত স্কহরলাল নেহেরু. তিনি আমাদের দেশে নেতৃস্থানীয় বুর্জোয়া রাজনীতিবিদ ছিলেন, তিনি উত্থাপন করেছিলেন ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের অটোনমি, স্বায়ত্বশাসনের অধিকার সেটা অত্যন্ত শুরুত্বপর্ণ—কিন্তু সংবিধানে সেটা ঠিকমত রূপায়িত হয়নি। একদিকে যেমন সারা ভারতবর্বে সমস্ত নাগরিকদের সমান অধিকারের প্রশ্ন আছে, সর্বত্রই তারা বসবাস করতে পারে, নিচ্ছেদের ভাষায় শিক্ষালাভ করবার, কথা বলবার অধিকার আছে ইত্যাদি, তেমনি অপর দিকে প্রতিটি রাজ্য তাদের ডেভেলাপ করবার জন্য তাদের উন্নয়নের জন্য, তাদের রিসোর্সের তাদের ব্যবহার করবার জন্য, দেশের রিসোর্সেসের উপযুক্ত অংশ পাবার জনা এবং তাদের জনসাধারণের অভিপ্রায় অনুসারে অগ্রসর হবার জন্য তাদের যে ক্ষমতা প্রয়োজন, অর্থনৈতিক ক্ষমতা প্রয়োজন এবং আইনের ক্ষেত্রে, রাষ্ট্রীয় ক্ষেত্রে যে ক্ষমতা প্রয়োজন সেটা কম গুরুত্বপূর্ণ নয়। আজকে একদিকে যেমন এই গভর্ণমেন্ট বিভিন্ন রাজ্য বিধানসভা বাতিল করেছেন এবং খুব জোরের সঙ্গে এই প্রশ্ন তুলেছেন যে সংবিধানের এই ধারা ভারতবর্ষের যে ফেডার্যাল কাঠামো তার সঙ্গে আদৌ সংগতিপূর্ণ কিনা, চলবে কিনা—কিছু কিছ মন্ত্রী হমকি দিচ্ছেন যে আমরা কেন্দ্রীয় সরকার যে হকুম দেব তোমাদের সব তামিল করতে হবে এবং পশ্চিমবাংলার বিরুদ্ধে সেই হমকি আসছে। অপর দিকে আসামে যে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন চলছে, সেখানকার অসংখ্য নাগরিক জীবন সম্পত্তির যে বিপদের আশঙ্কা দেখা দিয়েছে—তাদের নাগরিক অধিকার থাকবে কিনা, ভোটাধিকার থাকবে কিনা, সেই नित्र य সংশয়, তার কোন সমাধান ইন্দিরা সরকার করতে পারেন নি। সূতরাং কেন্দ্র রাজ্ঞা সম্পর্কের প্রশ্ন পুনর্বিবেচিত হওয়া প্রয়োজন। একদিকে বিভিন্ন রাজ্যে অসম বিকাশ, আর একদিকে পঁজিবাদী ব্যবস্থা থাকার জন্য এই সমস্ত বিকাশ খব ধীর গতিতে হওয়া অথবা না হওয়া-এই পরিম্বিভিতে এই প্রশ্ন খুবই গুরুত্বপূর্ণ এবং এর ক্রত সমাধান নাহলে ভারতবর্ষে একটা এক্সপ্লোসিভ সিচয়েসন একটা বিন্দোরক অবস্থা সৃষ্টি হতে পারে বলে আমি মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্পায়নের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে বলেছেন। এখানে অংক দিয়ে কোন লাভ নেই। তবে এ কথা ঠিক যে ভারতবর্ষে, আমাদের রাজ্যে শধ

नय़, निकायन राष्ट्रक ना वनाराने हान। चूर प्रमुद शिक्षा जापान। राष्ट्रक धरा जात सना राप्रम এই ব্যবস্থা দায়ী তেমনি রাজ্য সরকারদের পক্ষে নানা অসুবিধা আছে। তারা যদি তাদের রাজ্যে রাষ্টায়াত্ব অংশটুকুতে শিক্ষ বাড়াতে চান তাহলে অর্থের প্রয়োজন। সে দিক থেকে বহ বাধাবিপত্তি আছে। অপর দিকে তারা পুসভ হয়ে যাচ্ছেন। বিদেশী বহু জাতির যে সমস্ত একচেটিয়া পুঁজি এবং দেশীয় এক চেটিয়া পুঁজি তার উপর নির্ভরশীল হয়ে পড়ছেন, এটা আমরা জানি। আমাদের দেশকে বিপুল ভাবে তারা শোষণ করছে, দারুণভাবে মুনাফা করছে। কিন্তু শিল্পায়ন বিশেষ কিছু করেনি। সুতরাং কিছু আশু লাভ সামান্য কিছু লোকের হতে পারে। তার জন্য আমাদের ভবিষ্যত আরো বিপন্ন করা উচিত কিনা সেটা চিন্তা করা দরকার। এই যে পুসড হয়ে যাচ্ছি, এটা ঠিক কিনা সেটাও ভেবে দেখা দরকার। আমাদের অর্থনীতির উপর তাদের কন্দ্রা রয়েছে এবং বিশেষ করে পশ্চিমবাংলায় একচেটিয়া পুঁজির কন্ধ্রা আমাদের শিক্ষের উপর দারুন। এটাকে আরো বাডতে দেওয়া মানে রান্ধনীতিতে তাদের যে প্রভাব সেটা আরো বৃদ্ধি পেতে পারে। কাজেই এটা হতে দেওয়া উচিত কিনা আমাদের চিন্তা করা দরকার। সেই সঙ্গে রাষ্ট্রায়ত্ব অংশ যদি বাড়াতে হয় তার জন্য একদিকে অর্থের প্রয়োজন, আর এক দিকে সেগুলিতে লাভজনক করা প্রয়োজন এবং ভালভাবে চালাবার ব্যবস্থা করা দরকার এবং সেখানে এ্যাডমিনিস্ট্রেশানের প্রশ্ন আছে। আমি এর আগে দু'বার তুলেছি এবং আবার তুলছি যে আমাদের দেশের শ্রমিক কর্মচারীদের রাষ্ট্রায়ত্ত শিল্প বাণিজ্য সম্পর্কে দায়িত্বশীল করা—এটা গভর্ণমেন্ট এবং বামফ্রন্টের সমস্ত প্রগতিশীল দল, ব্যক্তির কর্তব্য কিনা এবং দায়িত্বশীল করা এইভাবে হতে পারে, তার জন্য তাদের সুযোগ দেওয়া দরকার, তাদের ক্ষমতা দেওয়া দরকার, তাদের মাহিনার ক্ষেত্রে বিভিন্ন অধিকারের প্রশ্ন আছে। সেই সঙ্গে ম্যানেজমেন্টে কি করে তারা যাতে বেশী অংশ গ্রহণ করতে পারে এবং এই রাষ্ট্রায়ন্ত অংশ যে তাদের এবং এই বামফ্রন্ট সরকার রাষ্ট্রায়ন্ত অংশ যত ডেভন্সপ করতে পারে সে বিষয়ে এই বামফ্রন্ট সরকারকে সাহায্য করা তাদের কর্তব্য। এটা আমাদের বামফ্রন্ট সরকার, সমস্ত ট্রেড ইউনিয়ন, সমস্ত প্রগতিশীল রাজনীতবিদদের কর্তব্য বলে মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সকলে জানি যে এখন দেশের সামনে, সাধারণ মানুষের কাছে সব চেয়ে বড় সমস্যা হল ब्रिनिস পত্রের দাম এবং পাওয়া না পাওয়া। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে প্রধান দায়িত্ব কেন্দ্রীয় সরকারের সে বিষয়ে কোন দ্বিমত থাকতে পারেনা। তবে কেউ যদি করতে চান করতে পারেন। কিন্তু সারা ভারতের অর্থনীতি এবং সারা ভারতের প্রোডাক্সন এবং সরবরাহ, সেই সম্পর্কে দায়িত্ব স্বভাবতঃই কেন্দ্রীয় সরকারের। তারা যদি ঠিকমত সরবরাহ না করেন পাবলিক ডিস্ট্রিবিউশান সিসটেমে তাহলে জ্বিনিস পত্রের দর কমানো কিম্বা ন্যায্য দরে সরবরাহ করা অসম্ভব ব্যাপার। সেই সঙ্গে আমি রাজ্য সরকারকে এই কথা বলতে চাই যে, তার জন্য যেমন প্রচন্ড চাপ দেওয়া দরকার কেন্দ্রের উপর। রাজ্য সরকারের পক্ষ থেকে ক্রমাগত চাপ দেওয়া দরকার, গণ আন্দোলনের মাধ্যমে চাপ দেওয়া দরকার, তেমনি সঙ্গে সঙ্গে রাজ্য সরকারের পক্ষে যতটুকু করা সম্ভব সেটুকু করা উচিত। লোকের মনে এই প্রশ্ন আছে। বামফ্রন্টকে এবং তার সহযোগী হিসাবে কম্যুনিস্ট পার্টিকে ভোট দিয়েছে গত নির্বাচনে, তাদেরও মনে এই প্রশ্ন আছে যে নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের এটা প্রধান দায়িত্ব, তাকে দিয়ে করাতে হবে, ঘাড় ধরে করাতে হবে। কিন্তু সেই সঙ্গে আমাদের রাজ্য সরকার যতটুকু করতে পারেন তা কি তাঁরা করছেন? আমি একটা কথা বলবো, এই যে

বাইরে থেকে আমাদের জিনিসপত্র আসে, যার উপর আমরা এত নির্ভরশীল, যারা হোলসেলারদের আমদানি করে, তারা কতটা আমদানি করেছে, কতটা ডিস্ট্রিবিউশন করছে, কি ভাবে আমদানি করেছে, তার উপর খবরদারী রাখা এবং বিভিন্ন স্তরে এইগুলো বিক্রির ব্যাপারে দেখা, হোর্ডিং হচ্ছে কি না এবং মজুত্দারী হচ্ছে কি না, মুনাফাখোরী হচ্ছে কি না, সেটা দেখা, সেটাকে চেক করা, তার জ্বন্য কি আমরা বিভিন্ন স্তরে, প্রাদেশিক স্তরে, জ্বলা স্তরে, স্থানীয় স্তরে গভর্গমেন্ট কি ভিজিলেন্স কমিটি সাধারণ মানুষের প্রতিনিধি নিয়ে করতে পারেন নাং সাধারণ মানুষ কতটা পরিমাণে এর সঙ্গে ইনভলভ্ হচ্ছে,

[4-40 - 4-50 P.M.]

এই ব্যাপারে জ্বডিত করতে কি তাঁরা পারেন না? সেটা করা উচিত। রাজ্যের মধ্যে যে সরবরাহ বিভাগ কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান আছে, কর্পোরেশন আছে, তাদের পক্ষ থেকে অন্ততঃ কৃষিজ্ঞাত যেসব জিনিস আমরা ব্যবহার করি, সেইগুলো যে সব রাজ্যে উৎপাদিত হবার পর খুব সস্তায় বিক্রি হয়, চাষীরা তো দর পায় না, ব্যবসাদারদের হাতে চলে যাবার পর দর বাডে। সেইগুলো কি আরও বেশী পরিমাণে সংগ্রহ করে এখানে রাজ্যের তরফ থেকে কি সরবরাহ করা যায় না, সেটা রাজ্য সরকারের পক্ষ থেকে ভেবে দেখা দরকার এবং সেই বিষয়ে চেষ্টা হওয়া উচিত। একটা কথা বলি, রাজ্যসরকার যে বলেছেন, এই লোকসভা নির্বাচনে যে বিপুল সাফল্য সেটা এই গভর্ণমেন্টের মধ্যে যে সব রাজনৈতিক শক্তি আছে. তাদের পিছনে সমর্থন আছে বলেই সম্ভব হয়েছে। আমরাও সেই জয়ের একটুখানি অংশীদার हिमाम। सिर्टे कथार आमि योष्टि ना। आमि वलहि. कि मिथा शिष्ट এই निर्वाहतः? मिथा গেছে, গ্রামাঞ্চলে গরীব মানুষের প্রায় সকলেই একজোট হয়ে বামফ্রন্ট এবং সি.পি.আই. কে সমর্থন করেছে। শহরে গরীবদের মধ্যে বেশীর ভাগ করেছে। কিন্তু সঙ্গে সঙ্গে এটাও লক্ষ্য করা দরকার যে গ্রামাঞ্চলে ছোট চাষীরা অনেক জায়গায় অনেকেই বামফ্রন্টকে সমর্থন করেনি। কোন জায়গায় মেজরিটি সমর্থন করেছে, কোন জায়গায় মেজরিটি সমর্থন করেনি। মাঝারী চাষীরা বেশীরভাগ জায়গায় সমর্থন করেনি। শহরে, মধ্যবিত্তদের ভিতর যে একটা শিফট—যে একটা মনোভাবের পরিবর্তন হয়েছে, সেটা খানিকটা লক্ষ্য করা গেছে কলকাতা শহরের মত জায়গায়। যে সামান্য ভোটে বামফ্রন্ট দৃটি ক্ষেত্রে বিজয়ী হয়েছে এবং সামগ্রিক ভাবে ২১টি এ্যাসেম্বলি কনস্টিটিউয়েন্দির ভিতর মেজরিটি বামফ্রন্ট এবং সি.পি.আই. এর যুক্ত চেষ্টাতেও হয়নি। এর কারণটা একটু বোঝার দরকার আছে। এই যে গ্রামের এবং শহরের নিম্ন মধ্যবিত্ত এবং মধ্যবিত্ত, ছোট চাষী, মাঝারী চাষী, তারা সমর্থন করেছে অনেকেই। কিন্তু আগের মত কি তারা সমর্থন করেছে? তার কিছু কারণ আছে। সেটা অনুসন্ধান করা উচিত। এবং সেটা অতিক্রম করার চেষ্টা করা উচিত। যেমন ধরুন শহরে, শহরের মান্যের কাছে সবচেয়ে বড সমস্যা হয়ে দাঁড়িয়েছে বিদ্যুৎ এবং পরিবহন। অনেক সমস্যা আছে, জিনিস পত্রের সরবরাহ এবং তার দাম, এইগুলো হচ্ছে সাধারণ সমস্যা। কিন্তু বিশেষ সমস্যা হচ্ছে বিদ্যুৎ এবং পরিবহন। বিদ্যুৎ হচ্ছে দীর্ঘদিনের সমন্যা, তার দীর্ঘস্থায়ী সমাধানের দিকে যদি এগোতে হয় তার জন্য কেন্দ্রের কাছ থেকে প্রচুর সহযোগিতা চাই, এই কথা ঠিক।

যে সমস্ত মেশিন-পত্র দিয়ে এগুলি হয়েছে তার ভেতরে অনেক গলদ আছে। আমাদের এখানকার দুর্গাপুরের এ.ভি.বি. যে পাইপ সরবরাহ করেছে সে পাইপ প্রায়ই লিক হচ্ছে,

সারালে আবার লিক হচ্ছে। এসব ঠিক, এ সমস্তর সংশোধন প্রয়োজন, এ্যাডমিনিষ্টেশনের এ সমস্ত উপলব্ধি করা দরকার। কিন্তু শ্রমিকদেরও কিভাবে বিদ্যুতের উন্নতির কাজে নিযুক্ত করতে পারি, সে বিষয়ে চিন্তা করতে হবে। এ সম্বন্ধে অনেক খবরের কাগজ শ্রমিকদের আক্রমণ করছে। এ আক্রমণ কডটুকু সমর্থন যোগ্য তা তাদের ইউনিয়ন নিশ্চয়ই বলবে এবং গভর্ণমেন্ট বিচার করে দেখবেন। কিন্তু বামফ্রন্ট সরকার একটি প্রগতিশীল গভর্ণমেন্ট, তাঁর ভাবা দরকার যে, এ সমস্যার সমাধানের জন্য শ্রমিকদের কতখানি টানবার দরকার আছে জুড়ে নেবার দরকার আছে, ক্র্যট্টেট্টেরে কতখানি টানবার দরকার আছে এবং জুডে নেবার দরকার আছে। সেটা কি হয়েছেং সেটা যদি না হয়ে থাকে, তাহদে কেন হচ্ছে নাং আমি এ ব্যাপারে একটা সাজেসন গতবারের রাজ্যপালের ভাষণের ওপর দিয়েছিলাম, এবারেও দিচ্ছি। যদিও এর ফলে সমাধান হয়ে যাবে না। তথাপি আমি বলব যে, বামফ্রন্ট সরকারের কর্তব্য শুধু একস্পার্টদের ওপর নির্ভর না করে, অফিসারদের ওপর নির্ভর না করে সমস্যাটি আরো ভালভাবে বোঝবার জন্য সকলকে টেনে এনে, বিদ্যুৎ শিল্পের সমস্ত টেড ইউনিয়নের প্রতিনিধিদের টেনে এনে এবং বিদ্যুৎ শিক্সের সঙ্গে সংশ্লিষ্ট শিল্প গুলির ট্রেড ইউনিয়নের প্রতিনিধিদের এবং কিছু কিছু ইঞ্জিনিয়ারদের নিয়ে একটা আলোচনা করা দরকার। দরকার হলে সেই আলোচনা এক দিন, দু'দিন, তিন দিন ধরে করা দরকার। তা যদি করা যায় তাহলে কিছু কিছু সমস্যাকে আইডেনটিফাই করা যায়। সরকার কি করতে চায় এবং তারা কি করতে চায় সে সম্বন্ধে একটা আন্ডারস্ট্যান্ডিং বা বোঝাপড়া হওয়া দরকার। তাদের বক্তব্য থেকে সরকারের কিছু বোঝা দরকার এবং সরকারের বক্তব্য থেকে তাদেরও কিছু বোঝা দরকার যে, তাদের সরকারের প্রতি. দেশের প্রতি জনগণের প্রতি কি দায়িত্ব এবং কি কর্তব্য। আজকে সরকারী ক্র্যাক্রিরেরে বোঝা দরকার যে, তাদের কি কর্তব্য। তাদের অর্থনৈতিক দাবী-দাওয়া গভর্ণমেন্ট মেনে নিচ্ছেন, কেন্দ্রীয় হারে ভাতাও দিচ্ছেন, তাদের মাইনে সম্পর্কে কমিশন বসিয়েছেন, তাদের অভিযোগ সরকার শুনছেন। এগুলি সরকারের দেখা নিশ্চয়ই দরকার। কিন্তু সেই সঙ্গে শ্রমিক-কর্মচারীদের ভেতর একটা সেন্স, একটা ফিলিং, একটা অনুভূতি আনা দরকার যে, এই সরকার আমাদের সরকার, এই সরকারের কার্যকলাপে যাতে উন্নতি হয়, তার এ্যাডমিনিস্ট্রেশন যাতে উন্নত হয় এবং লোকে যাতে আগের চেয়ে বেশী সম্ভুষ্ট হয় সেটা দেখা আমাদের কর্তব্য। যাই হোক বিদ্যুৎ সম্পর্কে আমি আমার সাজেসনের কথা বল্লাম।

আজকে ট্রান্সপোর্টের যে সাংঘাতিক অবস্থা হয়েছে, তা আর বলবার নয়। গাড়ীর মাথায় পেছনে চেপে মানুষ যাতায়াত করছে। বাসের চালেও আজকে মানুষ জায়গা পাছে না। কালকে আমি মেদিনীপুর থেকে খড়গপুর যাছিলাম, কিন্তু বাসে ওঠা একেবারে অসম্ভব হয়ে পড়েছিল, চেনাজানা লোকেরা ছিল, তারা ঠেলে-ঠুলে কোনরকমে জায়গা করে দিয়েছিল। এ বিষয়ে আমি জানি অসুবিধা আছে। কিন্তু অসুবিধা আছে বললেই কি হবে? অসুবিধার সমাধানের জন্য কি করা হয়েছে, কত দূর আমরা অগ্রসর হয়েছি, সেটা চিন্তা করতে হবে।

[ 4-50 — 5-00 P.M. ]

সেই সঙ্গে আমাদের প্রামের ছোট-চাষী, মাথারী চাষীদের সমস্যাণ্ডলি চিস্তা করা দরকার। সেখানে স্থানীয় কর্মীদের কিছু কিছু সংকীর্ণতা অথবা হঠকারীতার ফলে সেই কাজ দারুণভাবে বিঘ্লিত হচ্ছে। কিন্তু সোটা কথা নয়। আজকে ধরুন আলুর দর—অনেকে ভাবছেন, মশাই

রাজ্যপালের ভাষণে আলুর কি আছে? কিন্তু আলু আমাদের এখানকার চাষীদের একটা বড় উৎপাদন। কিন্তু ৩০/৩৫ টাকা কুইন্টাল দরে যদি চাষীকে আলু বিক্রি করতে হয়, তাহলে তারা কি করে ন্যায্য দাম পাচেছ? তারা ৭৫ টাকা কুইন্টাল চেয়েছে, কিন্তু আপনারা ৬৫ টাকা দেবেন, না ৬০ টাকা দেবেন, সেটা অন্য কথা, তারা যাতে ন্যায্য দাম পেতে পারে তার ব্যবস্থা করতে হবে। পাটের অবস্থা, আপনারা সকলেই জানেন যে, একচেটিয়া পুঁজিপতি চটকল মালিক যারা তারা কি বিরাট মুনাফা করেছে এ বছর। পাট-শিক্সজাত পণ্য তারা দেশে বিদেশে সর্বত্র বেশী দামে বিক্রি করে তারা প্রচুর মুনাফা করেছে। অথচ চাষীরা বিক্রি করছে কি দামে? চাষীরা দাম বাডাতে চেয়েছিল এবং চাষীদের মধ্যে এ বিষয়ে প্রচন্ড বিক্ষোভ রয়েছে। এটা ভারত সরকারের এক্তিয়ারে এবং তারা যে দাম বাডিয়েছে সেটা নানতম দাম মোটেই নয়, তার চেয়ে কম। কিন্তু সেই দামও যদি তারা পেত তাহলেও না হয় কথা ছিল, সেই দাম-ও তারা পাচ্ছে না। একটা দাবী অফিসাররা করেছেন যে, ক্যানালাইসড ব্যবস্থা कत्रा इट्ट. ठेंकिटल मानिक्ता मतामति शाँ किनए भात्रात्न ना। ठेंकिटल मानिक्ता করপোরেশনের কাছ থেকে পাট কিনতে হবে। এই ক্যানালাইসড না করলে আপনারা তাদের সাহায্য দেওয়ার ব্যবস্থা করতে পারবেন না। সেন্ট্রাল গভর্ণমেন্ট যদি না করেন তাহলে রাজ্ঞ্যসরকার করুন—মহারাষ্ট্রে যেমন তুলো কেনবার ব্যবস্থা করপোরেশন করেছেন তেমনি পাট কেনবার ব্যবস্থা রাজ্যসরকার করতে পারেন এবং তার জন্য যে অর্থের প্রয়োজন সেটা রিষ্পার্ভ ব্যান্ধ এ্যারেঞ্জমেন্ট করবে এবং এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছেও দাবী করতে পারেন। এটা যদি করা হয় তাহলে পাট চাষীদের কিছু দাম দিতে পারেন রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মহাশয় অবশ্য প্রতিশ্রুতি দিয়েছেন এ বছরে এই রকম দূর্দশা হবে না। গভর্ণমেন্ট কিভাবে কিনবেন তা আমি জানি না তবে পাট কেনাবেচা করপোরেশনের হাতে ক্যানালাইসড করতে হবে, রাজ্যসরকারকে মনোপলি পারচেজের ব্যবস্থা করতে হবে। এ ছাড়া ছোট চাষীদের মধ্যে একটা বড় বিক্ষোভের কারণ েখা দিয়েছে। ১৯৭১।৭২।৭৩।৭৪।৭৫ সালের মধ্যে অনেক ফসল হানি হয়েছে. প্রায় দুর্ভিক্ষের অবস্থা হয়ে এসেছিল—চাষীরা যে সমস্ত ঋণ নিয়েছিল সরকারের কাছ থেকে এমারজেনির সময়ে ইন্দিরা গান্ধী রাজ্য সরকারকে একটা সার্কুলার পাঠালেন ফিনানসিয়াল ডিসিপ্লিন ফিরিয়ে আনন, গ্রামের ক্ষকেদের কাছে যা কিছ পাওনা আছে সমস্ত কিছু গায়ের জোরে আদায় করন যদি না দেয়—এমনিতেই এমারজেনির সময়ে মানুষের মনে একটা আতঙ্কের ভাব ফুটে উঠেছিল এবং তৎকালীন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ রায় সরকার সেই চেষ্টা করেছিলেন—ব্যাপকভাবে নোটিশ পাঠিয়েছিল গ্রামে গ্রামে যে করেই হোক চাষীদের কাছ থেকে টাকা আদায় করো. গায়ের জ্ঞোরে, সম্পত্তি ক্রোক করে, টেনে হিন্ধতে যেভাবে পারো আদায় করো। আমি একটি আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলাম এবং वरमिहिमाभ रय ना, এ হবে ना, এবারে ফসল হানি হয়েছে দর্ভিক্ষের অবস্থা হয়েছে—যারা দরিদ্র তাদের ক্ষেত্রে ঋণ মকুব করা হোক আর বাকি যে সমস্ত চাষীরা আছেন তাদের সদ ছেডে দিয়ে কিন্তীবন্দীতে আদায় করা হোক। গভর্ণমেন্ট আমার কথা মানেন নি এবং তার ফলে চারীদের উপর অনেক অত্যাচার হয়েছে অনেক চারীকে মারা হয়েছে—এ সমস্ত ঘটনা তো তখন খবরের কাগন্ধে স্থান পায়নি কেননা এমারন্ধেলি চলছিলো। আমি এর প্রতিবাদ স্বরূপ আইন সভার কাছে ২০ হাজার লোকের মিছিল নিয়ে এসেছিলাম এবং একটি পিটিশান কমিটির কাছে সাবমিট করেছিলাম—পিটিশান কমিটি এই দাবী মেনে নিয়েছিলেন। আমি

कामर्क गनमाभ कृषकरमंत्र कार्ष्ट जावात नािंग मिराहि— ১৯৭১ সাল থেকে ১৯৭৫ সাল পর্যম্ভ যারা ৫০ টাকা লোন করেছিলো তাদের কাছে দাবী করা হয়েছে ৮০ টাকা ৯০ টাকা চক্রবৃদ্ধি হারে সৃদ চাওয়া হয়েছে। চাষীরা ভাবছে ব্যাপার কি হলো? সিদ্ধার্থ বাব যা করেছিলো এমারজেনির সময়ে আবারও কি সেই রকম হুমকি দেওয়া হচ্ছে, আবারও কি সেই রকম জলম হবে? আমি এইদিকে দৃষ্টি আকর্ষণ করছি—এইসব ক্ষুদ্র চাষীদের যে সব সমস্যা আছে সেইদিকে গভর্ণমেন্টের দৃষ্টি দেওয়া দরকার। যে সমস্ত গরীব লোক সামান্য সামান্য লোন নিয়েছিল তাদের ক্ষেত্রে ছাড দেওয়া উচিৎ আর বাকী ক্ষেত্রে এই যে অসম্ভব সদ এই সদকে বাতিল করে বিভিন্ন ইন্টালমেন্টে মানে ক্ষেপে ক্ষেপে আসল আদায় করা উচিত। আমি আর একটি কথা বলি সেটা হচ্ছে, ইন্দিরা গান্ধীর জয়লাভের ফলে আমাদের *(मार्स* कारामी सार्थत *(नारकता উৎসাহিত হয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই*। বিডमा এই ইলেকশানের পরে সামান্য একটা অজ্বহাত দিয়ে কেসোরাম কটন মিল লক-আউট করে দিলো এবং আজও পর্যন্ত তার মিমাংসা হয়নি। সেই লক-আউটের কিছদিন পরে বিডলা গুভাদের দিয়ে ওখানকার ইউনিয়নের নেতা অরুন সেনকে এাবডাকট করবার জন্য নানারকম চেষ্টা করছিল এবং এর ফলে ধাক্কা-ধাক্তি, চিৎকার চেঁচামেচি, জ্বিনিসপত্র নিয়ে টানা-টানি হতে আরম্ভ করলো। এই সময়ের মধ্যে শ্রমিকেরা খবর পেয়ে সঙ্গে সঙ্গে সেখানে গিয়ে উপস্থিত হয়েছিলো এবং এ ব্যাপারে পূলিশ ৩ জনকে এ্যারেস্ট করে সঙ্গে সঙ্গে তাদেরকে বেলে ছেডে দেয়। আজ পর্যন্ত এ বিষয়ে কিছুই করা হয়নি। পশ্চিম-দিনাজপুর থেকে একটি কেসের খবর পেয়েছি, সেখানে একজন রেকডেড ভাগচাষীর জমির ধান জোর করে জোতদার কাটবে—সেই ভাগচাষীকে সমর্থন করেছে সি.পি.এম. সি.পি.আই. আর.এস.পি.। তা সত্তেও সেখানকার থানা জোতদারের পক্ষে হয়ে এই সমস্ত রাজনৈতিক দলের কর্মীদের এবং কষক কর্মীদের বিরুদ্ধে ওয়ারেন্ট বার করেছে. তাদের এারেন্ট করেছে. প্রসিকিউট করেছে। আজ এইমাত্র আমার কনস্টিটয়েলি তমলক থেকে টেলিগ্রাফ পেলাম—সেখানে পরিবহন কর্মীদের ইউনিয়ন লিডার—পন্ট নাম তাকে কংগ্রেস অইয়ের লোকেরা—অবশ্য তারা লিখেছেন টেলিগ্রাফ গুন্তা বলে—মারধোর করেছে। এর কারণ কিং কারণ হচ্ছে বিগত ভোটের সময়ে ওখানে সি.পি.এমের হয়ে প্রকাশ্যে কান্ধ করেছে সমগ্র পরিবহনের কর্মচারীরা—যে কোন কারণেই হোক—মারপিট করেছে, হাসপাতালে গেছে--পলিশের কাছে ডায়েরী করা হয়েছে, পলিশ কোন একশান নেয়নি। এই যে পলিশের ভিতর এবং কিছু অফিসারদের ভিতর এবং কায়েমী স্বার্থের লোকেদের ভিতর এই যে উৎসাহ দেখছি—অবশ্য স্বাধীনতা নিশ্চয়ই থাকবে—স্বাধীনতা মানে অনাায় বিচার নয়, নাায় বিচার করুন তাতে আপত্তি নেই।

তাঁরা নিরপেক্ষ থাকুন, আপন্তি নেই। আমরা সব সময় চাই পুলিশ এ্যাডমিনিস্ট্রেশন নিরপেক্ষ থাক, কিন্তু সঙ্গে কায়েমী স্বার্থ দূর করার বিষয়ে যেসব অনেক রকম বাধা আছে সেদিক থেকে আমাদের গভর্গমেন্টের চিন্তা করা উচিত। আমি আর একটা কথা বলতে চাই, গভর্গমেন্টের যেমন নিজের পক্ষে বলবার অনেক কিছু আছে তেমনি অনেক সমস্যা যদিও তার সব সমাধান করার ক্ষমতা নাই তবুও সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেই তার কি করা যায় না যায় সে বিষয়ে তাঁদের চিন্তা করা উচিত এবং তার জ্বন্য জ্বনসাধারণের ভিতরে ইমপ্রেসন ক্রিয়েট করা দবকার এবং গভর্গমেন্টকে তার জ্বনা চেষ্টা করতে হবে বা গভর্গমেন্টের সেক্ষনা

চেষ্টা করা উচিত। আমার শেষ কথা এই ব্যাপারে ভিজ্জিলেন্স কমিশনে নাগরিকদের জড়িয়ে নেওয়া দরকার, প্রব্যমূল্য বৃদ্ধির ব্যাপারে রাষ্ট্রায়ত্ব শিল্পে শ্রমিকদের জড়িয়ে নেওয়া দরকার। ট্রান্সপোর্ট, বিদ্যুৎ প্রভৃতি বিভিন্ন বিষয়ের পরিচালনার ব্যাপারে শ্রমিক ও জনসাধারণের সাজেসান নেওয়া দরকার এবং ইমপ্রেসন ক্রিয়েট করে জনসাধারণের বিভিন্ন অংশকে জড়িয়ে নেওয়া দরকার। গভর্গমেন্ট সমালোচনা, আত্মসমালোচনার ভিতর দিয়ে যতটা সম্ভব প্রাকটিক্যাল ভাবে যদি চেষ্টা করেন তাহলে পশ্চিমবঙ্গের উন্নতি হবে, আর্থিক পরিস্থিতির সুরাহা হবে, মানুষ সম্ভষ্ট হবে, পরিপূর্ণ সম্ভষ্ট হওয়া অসম্ভব তবে হবে। এই বলে আমি মহামান্য রাজ্যপালের বক্তব্যের উপর যে প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি।

শ্রী মনোহর টিরকে: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের যে ভাষণ এবং তাঁর ভাষণের মধ্যে যে আলোচনা হয়ে গেল তাতে অংশগ্রহণ করে আমি এই ভাষণকে সমর্থন জানাছি। মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর সুচিন্তিত, সুপরিকল্পিত ভাষায় সুন্দর বক্তব্য রেখেছেন এই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সম্বন্ধে। পশ্চিমবঙ্গের জনপ্রিয় বামফ্রন্ট সরকারের অতীতের কাজ এবং আগামী দিনের কাজকে তিনি যে রকম সুন্দরভাবে উপস্থিত করেছেন তা স্মরণীয়। বামফ্রন্ট সরকারের ৩৬ দফা কর্মসূচীকে জনসাধারণের সামনে রেখে ক্ষমতায় প্রতিষ্ঠিত হয়েছে এবং এই ৩৬ দফা কর্মসূচী বিশেষ করে যার অর্থনৈতিক দিক থেকে অনুন্নত শ্রেণীর জনা তাদের সুবিধার দিকে দৃষ্টি রেখে রচনা করা হয়েছে। এই ৩৬ দফা কর্মসূচীর মধ্যে দিয়েই তাদের আশা আকাজ্জাকে ঢেলে সাজান হয়েছে। সেইজনাই গ্রামের সাধারণ মানুষ শ্রমজীবি মানুষ সকলে বামফ্রন্ট সরকারকে সমর্থন জানিয়েছেন এবং সহযোগিতা করেছেন।

[5-00 - 5-10 P.M.]

বিগত কংগ্রেস শাসনে সাধারণ মান্য, কৃষিজীবিদের জন্য উন্নয়নমূলক কিছু কাজ হয় নি. বরং তাদের শোষণের মধ্যে ফেলে দেওয়া হয়েছিল। এরকমে আমাদের দেশে একটা বিরাট সমস্যার সৃষ্টি হয়েছিল। এই সমস্যাকে এখন আমাদের সরকারকে মোকাবিলা করতে হচ্ছে। যার অন্ধ জমি ছিলো সে এখন বিক্রি করে দিয়ে বর্গাদার হয়ে গেছে, যে বর্গাদার ছিল সে তার জমি চাষ থেকে উচ্ছেদ হয়েছে এবং যে কৃষিজীবি ছিল তারা কাজ না পেয়ে বেকার হয়ে এদিক ওদিক ঘুরে বেড়াচ্ছে। এর ফলে গ্রামে একটা দুঃখের পরিবেশ সৃষ্টি হয়েছে। সেই জন্য এই সরকার ৩৬ দফা কর্মসচিকে কি ভাবে রূপ দেওয়া যাবে সে কথা তাঁর ভাষণের মধ্যে আছে। কংগ্রেসের মালিক শোষণ নীতির ফলে প্রমন্তীবি মানষেরা কান্ধ পাচেছ না। কারখানা বন্ধ হয়ে যাচেছ এবং চাকরী থেকে বঞ্চিত হচেছ। আমি নিজে ডয়ার্সের চা বাগানের শ্রমিক। কংগ্রেসের রাজত্বে শিল্প সম্পর্কে যে অবস্থা ছিল তাতে আমাদের সরকার হবার পর শ্রমিকরা নিজেদের অধিকার প্রতিষ্ঠা করতে পেরেছে। সে সময় যারা ইউনিয়ন করত তাদের যুব কংগ্রেসের সদস্যরা কি ভাবে নিগ্রহ করত তা সকলের জানা আছে। এর ফলে চা বাগানের ওয়াকার্স ইউনিয়নের হাজার হাজার কর্মী এদের দ্বারা খুন হয়েছিল, আন্দোলন করতে গেলে চাকরী গেছে। বিরোধীদের পক্ষ থেকে বলা হচ্ছে শিল্পে শাস্তি নেই। কিন্তু আমি দেখেছি এই সরকার হবার পর মাইনে বাড়িয়ে দেওয়া হয়েছে। বোনাস আট শতাংশ থেকে কৃড়ি শতাংশ পাচ্ছি। কংগ্রেসের সময় গরিবী হটানোর নামে শ্লোগান দেওয়া

হয়েছিল ''বাতে কম, কাজ জাদা তলব আধা, বোনাস হজম''। কিন্তু এই সরকার হবার পর থেকে চা বাগানের শ্রমিকের মাইনে বেড়েছে। এই সরকারকে আন্দোলনের হাতিয়ার করে তারা আন্দোলন করছে। কংগ্রেসের সময় চা বাগানের শ্রমিকের একজনের বেতন ছিল দৈনিক ৪ টাকা থেকে ৪ টাকা ৫০ পয়সা। কিন্তু এখন এই সরকার করেছেন ৬ টাকা ৩০ পয়সা। মালিকরা আগে বোনাস দিত না, এখন এই সরকার আসার পর তারা বোনাস ঠিক ভাবেই পাচ্ছে। এই সরকার আসার পর ১৪ হাজার শ্রমিক চা বাগানের কান্ধ পেয়েছে এবং অনেক বন্ধ চা বাগান খোলা হয়েছে। সেইজন্য আমাদের ভুয়ার্স অঞ্চলে শ্রমজীবি মানুষের আস্থা এই বামফ্রন্টের প্রতি আছে। নর্থ বেঙ্গলের জঙ্গলে যারা কান্ধ করেন—ফরেস্ট যারা রক্ষা করেন যে ফরেস্ট থেকে সরকার কোটি কোটি টাকা আয় করেন সেই ফরেস্টের শ্রমিকরা কংগ্রেসী রাজত্বে মার খেয়েছে, সেইজন্য সেই সাধারণ শ্রমজীবি মানুষরা ভোট দিয়ে বামফ্রন্ট সরকারকে প্রতিষ্ঠিত করেছে। তাই ৩৬ দফা কর্মসূচী ওদের জন্যই আছে। মাননীয় রাজ্যপালের ভাষণে সুন্দরভাবে সেই সব কথা উত্থাপন করা হয়েছে। স্যার, রাজ্যপালের ভাষণে কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বলা হয়েছে। কেন্দ্র রাজ্য সম্পর্ক ১৯৮০ সালের লোকসভার ইলেকশানের পর খুবই শুরুতর হয়ে দাঁড়িয়েছে। ১৯৮০ সালে যে রাজনৈতিক পরিবর্তন হলো তাতে ভারতীয় যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় অসুবিধার সৃষ্টি হবে। আমাদের ভারতীয় রাষ্ট্র কাঠামো যুক্তরাষ্ট্র কাঠামোর মধ্য দিয়ে চলে। আমাদের সংবিধানে অনেকগুলি আইন আছে যে আইন দ্বারা রাজ্য সরকারকে ঠুঁটো জগন্নাথ করে রাখা হয় এবং ঠুঁটো জগন্নাথ করে রেখে তাকে কেন্দ্রের অনুগত করা হয়। তার ফলে কেন্দ্রের সাথে রাজ্যের বিরোধ হয়, প্রয়োজ্বনীয় আর্থিক সাহায্য না দিয়ে নিজের খেয়াল খুশী মত রাজ্যগুলিকে তছনছ করে দেবার চেষ্টা চলে। যেমন, কেন্দ্র এখন ৯টা রাজ্য বিধানসভাকে ভেঙ্গে দিয়েছেন। স্যার, অর্থনৈতিক ও বাণিজ্ঞ্যিক সকল ক্ষমতাই কেন্দ্রের হাতে আছে এবং কেন্দ্রের দয়া দাক্ষিণ্যের উপর রাজ্য সরকারকে চলতে হয়। সেইজন্য রাজ্য সরকারের উপর ভীষণ চাপ, তাই জনসাধারণকে কেন্দ্রীয়করণের বিরুদ্ধে আমাদের এককাট্রা করতে হবে—যাতে কেন্দ্রীয় ক্ষমতা রাজ্য সরকারের মধ্যে বিকেন্দ্রীকরণ করা হয়। সেইজন্য আমাদের বামফ্রন্ট সরকারকে লড়াই করতে হবে। বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন আমাদের পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা নাকি খারাপ হয়ে গেছে—যার জন্য অন্যান্য রাজ্যের মত পশ্চিমবঙ্গের বিধানসভা ভাঙ্গতে হবে।

যারা এই কথা বলছেন তাদের অনুরোধ করবো তাঁদের দৃষ্টি যেন আসামের দিকে ফরান। আমাদের সীমান্ত যে এলাকা আসামের সীমান্ত - ভূটানের সীমান্ত সেখানকার জঙ্গল গাহাড় দিয়ে আমাদের এই পশ্চিম বাংলার জলপাইগুড়ি জেলার আলিপুর ডুয়ার্সে হাজার গোক তাদের সমস্ত জমি জমা আসামে ছেড়ে দিয়ে চলে এসেছে। ওখানে তেল - উজেলের হাহাকার উঠেছে। ন্যাশানাল হাইওয়েতে ৩।৪ মাইল লাইন দিয়ে গাড়ি দাঁড়িয়ে মাছে ডিজেলের জন্য। এই ডিজেলের অভাবে গাড়ি চলে না নানারকম সমস্যা ওখানে দেখা দয়ছে। সমস্ত দেশে যখন ইলেকশান ডিক্রেয়ার করা হলো তখন ওখানে যে আন্দোলন লছে সেই আন্দোলন ওখানে ইলেকশান করতে দিলো না। ওখানে নিত্য প্রয়োজনীয় দ্রব্য যমন সিমেন্ট, ডিজেল, তেল, পেট্রল ইত্যাদি সরবরাহ ব্যবস্থা বিপর্যন্ত করা হয়েছিলো। মর্থনৈতিক সুযোগ সুবিধা রোধ করার চেষ্টা করা হয়েছিলো। এইরমক নানান রকম চক্রান্ত

করার মধ্য দিয়ে বামফ্রন্ট এর উপর জনসাধারণের যে আস্থা আছে তা নষ্ট করার চেষ্টা করা হয়েছিলো, কিন্তু পশ্চিমবঙ্গের জনগণ সে বিষয়ে যথেষ্ট সজাগ আছেন। কেন্দ্র এই যে বৈরাচারী নীতি চালিয়ে যাঙ্গেছন পশ্চিমবঙ্গের মানুষ তার যোগ্য জবাব দেবে যেমন দিয়েছে লোকসভা ও গণ নির্বাচন পঞ্চায়েতের মাধ্যমে। পশ্চিমবঙ্গের সাধারণ খেটে খাওয়া মানুষ চা বাগানের ফরেস্টের শ্রমজ্ঞীবি মানুষ কেন্দ্রের এই স্বৈরাচারী নীতিকে কখনই সমর্থন করবে না তারা রুখে দাঁড়াবেই। জনগণের আস্থার উপর দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার ৩৬ দফা কর্মসূচীর আশ্বাস দিয়েছেন এবং সেই কর্মসূচীর মধ্য দিয়ে এই সরকার এগিয়ে যাবেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জ্বানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অনিল মুখার্জি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এসপ্লানেডের কাছে প্রায় ১০।১৫ হাজারের উপর লোক এসে জমায়েত হয়েছে। তারা মার্কসিস্ট ফরোয়ার্ড ব্লক ও অন্যান্য বামপন্থী দল থেকে এসেছেন। তারা জমায়েত হয়েছেন আসামের বিচ্ছিন্নতাবাদী এবং স্বৈরুতন্ত্রের বিক্লজে বিক্লোভ জানাবার জন্য। ওখানে মাননীয় মন্ত্রী ও অন্যান্য নেতাদের ভাষণ রাখার জন্য আমি অনুরোধ করছি।

[5-10 - 5-20 P.M.]

খ্রী বিমলানন্দ মুখার্জি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করতে গিয়ে অন্ধ কথায় আমি দৃ-একটা কথা वनव। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যে যে কর্মসূচীগুলি নিয়েছেন, আর কি কি দিতে চান তার একটা সংক্ষিপ্ত রূপরেখা এই ভাষণে দেওয়া হয়েছে। আমি খুব বড কথার মধ্য দিয়ে কিছু বলব না এবং সরকারও কোন বড় কথা বলেননি। একটা চিত্র পরিবেশন করা হয়েছে এবং এটা ঠিক যে একটা বিরাট মৌলিক পরিবর্তন বর্তমান কাঠামোতে সম্ভব নয়। একটা কুদ্র রাজ্য খভিত হবার পর লোকসংখ্যা বিশাল এবং প্রভৃত সমস্যা এই রাজ্যের ঘাডে এসে উপস্থিত হয়েছে। তথু তাই নয়, সেই সমস্যাতলো ক্রমাগত বেড়েছে এবং সেটা বাড়ার ফলে মানুষের অসম্ভোষও বেড়েছে। এর আগে এখানে যে সরকার ছিল অর্থাৎ কংগ্রেস সরকার তাঁরা এর সমাধান করেননি এবং তাঁদের চেষ্টাও ছিলনা। তারপর এখানে কংগ্রেস বিরোধী সরকার হয়েছিল যেটাকে ভেঙে দেওয়া হয়েছিল এবং তারপর আবার বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে এই বামফ্রন্ট সরকার এসেছে এই সমস্যাবছল রাজ্যে জনগণের সমস্যাশুলো দুর করবার জন্য। একটা জিনিস আমরা দেখছি যে, এখন দৃষ্টিভঙ্গীটা বদলেছে। বিরাট কিছ না, শুধ বদলেছে দৃষ্টিভঙ্গীটা। ছোট ছোট কতগুলি কাজ করবার চেষ্টা করা হয়েছে এবং নজরটা দেওয়া হয়েছে গ্রামের গরীব মানুষ, কৃষক এবং ক্ষেতমজ্ঞ্রের দিকে এবং শহরে ওই শ্রমিক এবং মধ্যবিত্তের দিকে। প্রধান জ্ঞার শহরে এবং গ্রামে এদের দিকেই দেওয়া হয়েছে যে কিছু সুযোগ এদের করে দেওয়া যায় কিনা এবং তার ভেতর দিয়ে এই সমস্ত মানুষগুলোকে আত্ম মর্যাদায় প্রতিষ্ঠিত করা যায় কিনা এবং সেটা করা গেছে। বিরাট উন্নয়ন কিছ ঘটেনি এবং সেটা সম্ভব নয় এই পুঁজিবাদী কাঠামোর মধ্যে। তবে মানুষ ছোটখাট যে কাজ পেয়েছে তারজ্বন্য এই সরকারের প্রতি তারা আরও আস্থাশীল হয়েছে এবং সেই আস্থা আরও সম্প্রসারিত হয়েছে। তার প্রমাণ পেলাম এই যে লোকসভার একটা অকাল নির্বাচন হয়ে গেল সেই নির্বাচন প্রমাণ করল এই যে ছোটখাট কান্ধ করা হয়েছে সেগুলো জনসাধারণের

পক্ষে গেছে এবং ধনিক, মালিক শ্রেণী এবং মুনাফাখোরদের বিরুদ্ধে গেছে। সম্ভবতঃ এইসব কাজ করতে গিয়ে কতগুলো প্রশ্ন উঠেছে। একটা প্রশ্ন হচ্ছে গরীব মানুষের স্বার্থ করবার জন্য যাদের বিরুদ্ধে কাজ করা হয়েছে যে যে পদ্ধতিগুলো নেওয়া হয়েছে তাতে দেখছি মালিক শ্রেণীর বিরুদ্ধে আঘাত হানতে হয়েছে। যেমন ধরুন, গ্রামে ওই ভাগচাষি এবং বর্গাদারদের স্বত্ব স্বীকার করে নেওয়া হয়েছে। কিন্তু এটা করতে গিয়ে প্রামে দেখেছি ওঁরা জ্ঞোতদারদের সঙ্গে গিয়ে জুটেছে এবং শহরে দেখছি কলকারখানার শ্রমিক শ্রেণীর স্বার্থ রক্ষা করবার ব্যাপারে তারা মালিকের সঙ্গে গিয়ে ছুটেছে। তারপর বলা হয়েছে এখানে আইন শৃশ্বলা বিপদ। আমরা কাজ করতে গিয়ে কিছু কিছু অসুবিধা ভোগ করেছি। আমাদের প্রশাসনিক ক্ষেত্রে যে অফিসার মহল রয়েছেন, তাই এ এস্ এবং আই পি-এস্ অফিসার, তাঁরা কেন্দ্রীয় সরকারের অধীন. পশ্চিমবঙ্গ সরকারের আওতার বাইরে। তাঁদের আমরা বড্জোর ট্রান্সফার করতে পারি, অন্য কিছু করতে পারিনা। আমরা দেখেছি তাঁরা যদি জনবিরোধী কাজ করেন তাহলে তাঁদের বিরুদ্ধে কিছু করা যায়না। আমাদের টাকার অভাব রয়েছে এবং নানা দিক থেকে পশ্চিমবাংলা একটি ঘাটতি রাজ্য। অন্য রাজ্য থেকে যদি জিনিসপত্র এখানে না আসে তাহলে এই রাজ্য চলে না। একসময় বাংলাদেশ খাদ্যের দিক থেকে স্বয়ংসম্পূর্ণ ছিল, কিন্তু পূর্ববঙ্গ চলে যাওয়ায় এখন আমাদের খাদ্যও বেশীরভাগ আমদানী করতে হয়। অতএব প্রশ্ন উঠেছে কেন্দ্র যদি সরবরাহ না করে. কেন্দ্র যদি না দেয়

# [5-20 - 5-30 P.M.]

চিনি কেন্দ্র যদি না দেয়, কেরসিন কেন্দ্র যদি অর্ধেক দেয় মহারাষ্ট্র থেকে তাহলে কি করে হবেং সূতরাং প্রশ্ন এসেছে যে অধিকতর ক্ষমতা রাজ্যের হাতে দেওয়া হোক। অন্য দিক থেকে তুলেছে যে শ্রেণী আহত হয়েছে, আমরা যখন গরীব মানষের স্বার্থকে রক্ষা করবার জন্য, তার স্বার্থের বিকাশ ঘটাবার জন্য সামান্যতম আইন, সামান্যতম সুযোগ সৃষ্টি করেছি তখনি চিৎকার উঠেছে আইন শৃত্যুলার। আইন শৃত্যুলা একটা সমস্যা ঠিকই, আইন শৃত্যুলার সঙ্গে জড়িত আজকে একটা সামাজিক ব্যবস্থা দুর্নীতির সঙ্গে জড়িত, একটা সামাজিক ব্যবস্থা সেই সামাজিক ব্যবস্থার সঙ্গে যুক্ত, আইন শৃত্বলাতে চুরি ডাকাতির প্রশ্ন এসব তো আছেই, কেউ একথা বলতে পারবে না যে নেই, আমরা এই গৌরবটা করতে পারিনা, অকারণ এই অহমিকা করা সাজেনা যে চুরি ডাকাতি নেই। আছে। কিন্তু যেটা মারাম্মকভাবে থাকে ধনিক শ্রেশীর সরকার থাকলে সেখানে আমরা এটা নিয়ন্ত্রণে অনেকটা আনতে পেরেছি। কিন্তু এই আইন শৃঙ্খলাকে বিপদ্ন করার জন্য আজকে দারুণভাবে চেষ্টা করা হচ্ছে। ধরুন এই বিধানসভার ভিতরে রাজ্যপালের ভাষণ আলোচনা হবে, এই রাজ্য সরকারের কতকগুলি কথা, কি কর্মসূচী নিচ্ছেন, কি হয়েছে তা আলোচিত হবে, এখানে রাজ্ঞাপালের ভাষণকে পড়তেই দেওয়া হলনা। কেন প্রচন্ড বাধা সৃষ্টি করা হল বোঝা গেলনা। তাঁর প্রথম অংশটা যতক্ষণ না বিরোধী পক্ষের কংগ্রেস (আই) বেরিয়ে চলে গেলেন ততক্ষণ কোন শব্দই শোনা গেলনা। এইভাবে তাঁরা আইন শৃঙ্খলার পরিচয় দিলেন। যে পরিচয় তাঁরা দিলেন এই বিধানসভা ভবনে সেই পরিচয় তাঁর বাইরেও দিচ্ছেন এবং তাঁরাই আইন শৃষ্খলার প্রশা তুলছেন যে पार्टेन मृद्धमा विभन्न किन्तु, ठारल मानुष क्वन यपि पार्टेन मृद्धमा এउই विभन्न रहा ठारल এই লোকসভা নির্বাচনের ভিতর দিয়ে শতকরা ৫৩ ভাগ মানুষ বামফ্রন্ট এবং সহযোগী

সি.পি.আই-এর পক্ষে রায় দিলেন। স্তরাং অসত্য কথা তাঁরা বলছেন, মানুষকে বিভ্রান্ত করবার জন্য তাঁরা চেষ্টা করছেন কিন্তু এই চেষ্টা তাঁদের ফলপ্রস হবে না। তবুও এটা ওঁদের করে যেতে হবে। কেন? না. এই জায়গাতে সারা ভারতবর্ষের ভিতর-ত্রিপরা কেরলের কথাও তার সঙ্গে আছে, পশ্চিমবাংলা দীর্ঘ লড়াই-এর মধ্যে দিয়ে একটা উচ্ছ্রল সম্ভাবনার সৃষ্টি করেছে যে সম্ভাবনার দিকে তাকিয়ে আছে সারা ভারতবর্ষের মানব। এখানে বললেন বিরোধী পক্ষের কংগ্রেসী পক্ষ থেকে যে স্থৈরতম্ব বলা হয়েছে অতএব ক্ষমা চাইতে হবে এ' গভগোলের ভিতর থেকে শোনা গেল, আজো তাঁরা বললেন যে ক্ষমা চাইতে হবে। কিন্তু কেন? এখানে যদি রায়ের কথা বলা হয় তাহলে এই পশ্চিমবাংলার মান্য রায় দিয়েছে। আমরা তো ষৈরতন্ত্রের বিরুদ্ধেই মানুষের কাছে গিয়েছিলাম যে, ষৈরতন্ত্রকে পরাস্ত করতে হবে। তাহলে স্বৈরতন্ত্রকে যদি এখানে পরাস্ত করা হয়ে থাকে এই লোকসভা নির্বাচনে তাহলে তাঁদেরও বোঝা উচিত যে তাঁদেরও ক্ষমা চাইতে হবে আমাদের কাছে কারণ এখানে আমরা হেরে গিয়েছি। এখানকার মান্য স্থৈরতন্ত্রকে চিনে গিয়েছে। আর ভোটের ব্যাপার, অন্য রাজ্যের কথা আমরা জানি হিটলারও ভোটে জিতেছিলেন, ক্রাইস্টার্চকে পুড়িয়ে দেবার পরে, পার্লামেন্ট ভবন পুড়িয়ে দেবার পরে একটা হঠাৎ উন্মাদনা সৃষ্টি করা হল যে ভোটে জিতেছিল। সারা ভারতবর্বের অন্যত্র মানুষের চেতনা সেই পর্যায়ে ছিলনা। এখন অন্য জায়গাতে আইন শঙ্কালা নেই, কার্যত ছিলনা, তাই মানুষ পরিবর্তন চেয়েছিল এবং ইন্দিরা গান্ধীকে সেখান থেকে সরিয়ে দিয়েছিল প্রচন্ডভাবে। সেই পরিবর্তনের পরে, নতন যে পরিবর্তন হল, সেই পরিবর্তনে মানুষ ভাবতে আরম্ভ করলো যে এই পরিবর্তন দিয়ে তো মানুষের কোন কাজ হলনা, মানুষের কল্যাণ তো সাধিত হলনা, যাদের নির্বাচিত করেছিলেন দিল্লীতে তাঁরা নিজেদের মধ্যে মারামারি করলেন, খেয়োখেই করলেন, ভেঙ্গে দিলেন, কোন কাজ করলেন না, অতএব আর একটা পরিবর্তন দরকার। পরিবর্তন কোন দিকে যাবে সেখানকার মানুষ পশ্চিমবাংলায় দিলো নেতৃত্ব, কেরলে দিলো নেতৃত্ব, ত্রিপুরায় দিলো নেতৃত্ব। কেরলের নেতৃত্বে মাঝখানে ভাঙ্গচর হয়েছিল, সেখানে সি.পি.আই. একত্রে আসার ফলে মানুষ তখন আশা পেলেন কাকে বাহন করে সামনে যাবো, অতএব পরিবর্তন প্রগতির পথে গেল। সেই দিকে আচ্চকে তাকিয়ে ভয় পাচ্ছেন স্বৈরতন্ত্র। আজকে ভারতবর্ষের দদিকে দটো গন্ডগোলের চিহ্ন পরিস্ফট। আফগানিস্তান-পাকিস্তানকে কেন্দ্র করে পাকিস্তানের ভমিতে সেখানে মার্কিন সাম্রাজ্যবাদ এবং আরও অনেকে প্রচন্ড ষড়যন্ত্র করছেন, বিশ্বের শান্তি বিঘ্লিত করার জন্য চেষ্টা করছেন। আর একদিকে উত্তর া পূর্বে আসামকে কেন্দ্র করে পাঁচটি রাজ্যকে কেন্দ্র করে সেখানেও সাম্রাজ্যবাদীরা একটা মারাত্মক চক্রান্ত সৃষ্টি করেছে। সেখানে শেষ গ্লোগান উচ্চারিত হয়েছে, ইউনাইটেড স্টেটস অফ আসাম। তার পিছনে বিগ পাওয়ারস, গ্রেট পাওয়ারসদের সাহায্য থাকবে— এই কথাও সেখানে ইস্তাহার বিলি করে বলা হচ্ছে। একটা বিপদ সেখানে আসছে। তার মাঝখানে সেই <u> पिरक नम्बत ना पिरा. एएए ते उन्निकित पिरक नम्बत ना पिरा कि करत निर्वाठिक সরকারকে.</u> নির্বাচিত বিধানসভাকে ভেঙ্গে দেওয়া যায়, এই দিকেই নম্বর দেওয়া হল। আর এইখানে হুমকি দেওয়া হচ্ছে, তোমাদেরও ভেঙ্গে দেওয়া হবে, তোমরা ভয় পেয়ে যাচ্ছো। ভয় বামফ্রন্টের শরিকেরা পায় না, ভয় কম্যুনিস্টরা পায় না। তাদের কাছে প্রশ্ন হচ্ছে, গণতন্ত্রকে আর একবার হত্যা করে কোন জায়গায় নিয়ে যাছে। সংবিধানের পথ, গণতন্ত্রের পথ কি এরা নষ্ট করে দেবে ? ১৯৭২ সালের নির্বাচন এরা কিভাবে করেছিল তা সকলেরই জ্বানা আছে।

বন্দক. পিস্তল নিয়ে নির্বাচন করেছিল কংগ্রেস (আই)রা। নিয়ম-নীতি মানে নি। সংবিধানের পথে না গিয়ে, নিয়ম নীতির পথে না গিয়ে যদি অন্য পথে এরা যায় তাহলে সারা দেশের মানুষের কাছে অন্য ভাবনা এসে যাবে। এইখানেই বিপদ। এই বিপদ থেকে মুক্তি পাবার জনাই এই চিন্তা আসছে। ভয় পাবার কথা নয়। ভয় বামপন্থীরা পায় না, ভয় কম্যুনিস্টরা পায় না। কিছ্ক তাঁরা যা করছেন তাতে জনসাধারণের স্বার্থ বিপন্ন হবে, জনসাধারণের ভবিষ্যৎ বিপদ্ন হবে। এই কথা মনে রাখবেন। কম্যুনিস্টরা জনসাধারণের কথা মনে রেখেই চলেন। তাই রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে আমরা তুলে ধরেছি ছোট ছোট কাজের কথা। গ্রামের মানুষ, সাধারণ মানুষ আলোড়িত হবে এই সরকারের একটি কাজে সেটি হচ্ছে বিধবা ভাতা। গ্রামের গরীব, অগণিত দরিদ্র মানুষ আজ অভাবী। সেখানে বয়স্ক বিধবাদের ভিক্ষা ছাড়া কোন রাম্ভা নেই, কোন উপার্জনের পথ নেই। সামান্য সাহায্য পেলেই তাতে বিস্তর উপকারে লাগে। এই ছোট ছোট কাজ, ছোট ছোট সাহায্যগুলির ভিতর দিয়ে আজকে বামফ্রন্ট সাধারণ মানুষের দৃষ্টি আকর্ষণ করতে পেরেছে। ভোটের সময় ওঁরা বলেন, কারচপির কথা। আমাদের কমরেড কমিশনারের বাডীতে ৯টি ভোট। সকলই বামপন্থী ভোট। মাত্র দৃটি ভোট উঠেছে। তার কারণ কি? এত তাড়াহুড়া করে ভোটের তালিকা করা হয়েছে, এত আন্ধ সময়ে করা হয়েছে যে, এই রকম হয়েছে। শেষ যখন করবার সময়, সে সময় এতো আল সময় যে করা হয়তো সম্ভব হয়ে উঠে নি। তবে কিছু গাফিলতি থাকলেও থাকতে পারে। তার মধ্যে বামপন্থী, দক্ষিণপন্থী, বিভিন্ন ধরনের কর্মচারী আছেন, তারাই হয়তো বাদ দিয়েছেন, কিছু হয়তো ইচ্ছা করেও ঘটতে পারে। কিন্তু বামপন্থী ভোটারও বাদ পড়েছেন, ডান ভোটারও বাদ পড়েছেন, কোন দলভুক্ত নন, এমন ব্যক্তিও বাদ পড়েছেন। বৃদ্ধ মানুষ কষ্ট করে ভোট দিতে এসে দেখেন ভোটার নয়। ভোটার লিস্ট এই রকম হয়েছে। এতো অল্প সময়ের মধ্যে লিস্ট হয়েছে, সেই জন্য এই রকম রয়েছে। কিন্তু এটা দেখা গিয়েছে মান্য নিরাপদে, নির্বিঘ্নে ভোট দিয়েছে। আমি দেখেছি দুর গ্রামাঞ্চলে সাড়ে ১ মাসের পোয়াতী ভোট দিতে এসেছে, কাঁপছে। তাকে তাড়াতাড়ি ভোট দেবার ব্যবস্থা করেছি। ৮২ বছরের বৃদ্ধ ভোট দিতে এসেছেন, কাঁপতে কাঁপতে লাইনে দাঁড়িয়েছেন। আগে ভোট দেওয়াবার ব্যবস্থা করলাম। কিন্তু এই যে মানসিকতা তার অধিকার যেটা এসেছে সেটা প্রয়োগ করবার এবং নির্ভয়ে, নিরাপদে ভোট দিতে পারার, এটা ১৯৭২ সালে দেখেছি ছিল না। তখন তারা ভোট দিতে পারেন নি।

# [5-30 — 5-40 P.M.]

১৯৭২ সালে দেখেছি মানুষ ভোট দিতে পারে নি ভোটস্থলে গিয়েছে, সেখানে তাড়া খেয়েছে, তাদের বলে দেওয়া হয়েছে যে তাদের ভোট দেওয়া হয়ে গেছে। এ সমস্ত সকলেই জানে। সেদিন যারা এই সমস্ত কান্ড করেছেন, ভয় দেখিয়েছে, মানুষকে শঙ্কাগ্রস্ত করেছে, তারাই সেখানে বলছে ভোটে কারচুপি হয়েছে। কোন মুখে একথা বলছেন? ভূতের মুখে রাম নাম শোভা পায় না। জানি তাঁরা একটা ইস্যু করতে চাইছেন, এই অবস্থা সৃষ্টি করতে চাইছেন যে এখানে গন্ডগোল হচ্ছে, এখানে অরাজকতার সৃষ্টি হচ্ছে, এখানে আইন-শৃঙ্খলা নাই, দেশের মানুষের প্রতি ন্যায় বিচার হচ্ছে, চতুর্দিক থেকে এই রকম একটা আওয়াজ্ব তুলতে চাই, একটা পটভূমিকা তৈরী করতে চান, একটা অবস্থা এমন সৃষ্টি করতে চান যাতে ৯টি রাজ্যে বিধানসভা যেমন করে ভেঙে দিয়েছেন, সেই রকম এখানেও বলতে পারেন যে

এখানে জনমত তাদের বিরুদ্ধে রায় দিয়েছে, জনমত এদের বিরোধী। কিন্তু যেখানকার কথা বলছেন জনমত বিরোধী সেখানে ইন্দিরা গান্ধীর দল কত ভোট পেয়েছেন? শতকরা ৪২ ভাগ। শতকরা ৫০ ভাগ নয়, শতকরা ৪২ ভাগ এই হচ্ছে সারা ভারতে গড। কিন্তু পশ্চিম বাংলার কথা কি বলবেন? এখানে বলার কোন যক্তি? এখানে শতকরা ৫৩ ভাগ ভোট পেয়েছে বামফ্রন্ট এবং তাদের সহযোগী সি. পি. আই. অন্য যারা বাইরে আছেন তাদের যোগ করলে দাঁডায় ৫৬ ভাগ। এই যেখানে অবস্থা সেখানে ইন্দিরা গান্ধীর বলার কোন যক্তি নাই. কি বলবেন? আমরা অসবিধা ভোগ করছি। কেন্দ্রের কাছ থেকে আরও আর্থিক ক্ষমতা পেয়ে এক একটা উন্নয়ণমূলক কান্ধ, উন্নয়ণমূলক কর্মসূচী বাডিয়ে দিতে পারি, আরও ভালভাবে নিতে পারি তার জন্য দাবী ছিল। কিন্তু আমি আজকে যেটা আপনার সামনে বলতে চাচ্ছি সেটা কেন্দ্রে আরও বিরূপ সরকার প্রতিষ্ঠিত হল। এই সরকার সব সময় ভ্রকটি দেবে, ভয় দেখাবে, নানাভাবে গন্ডগোল পাকাবার চেষ্টা করবে। বহুভাবে — মাঠে ঘাটে গন্ডগোল পাকাবার চেষ্টা হচ্ছে। একটা ঘটনা বলি। কিছ নাই আমার এলাকায় জ্বমি সংক্রান্ত ব্যাপারে মাঠে গেছিল জমি চাষ করতে সেখানে একজন মারা গেল। পরের দিন সংবাদপত্তে দেখলাম বেরিয়েছে, ইন্দিরা গান্ধীর দলের একজন সব চেয়ে বড নেতা নাকি বলেছেন — সেখানে একজন কংগ্রেসী চাষীকে গ্রামের সি. পি. আই (এম)-এর লোকেরা মেরে ফেলেছে। আমি তাष्क्रव वत्न शंनाम। चंद्रेना शिष्मान शास्त्रव, जामात धनाकात। स्म धमन लाक कान ताष्ट्रतिष्ठिक দলের সঙ্গে যুক্ত নয়, কোন সম্পর্ক তার নাই। কিন্তু হঠাৎ সে কি করে কংগ্রেসী বনে গেল, যেই মারা গেল অমনি সে কংগ্রেসী হয়ে গেল। কিছই বঝতে পারলাম না। এইরূপ প্রত্যেকটি ক্ষেত্রে ঘটনাকে বিকত করে মতলব হাসিল করার চেষ্টা হচ্ছে এবং এই রাজ্যে গভগোল হচ্ছে এটাই প্রমাণ করার চেষ্টা হচ্ছে। যেমন করে ৯টি রাজ্যে সরকার ভাঙা হয়েছে, এই রাজ্যে তেমনি করে ভাঙা হোক এটাই বলার উদ্দেশ্য।

প্রামের খাদ্য প্রকল্পের মধ্য দিয়ে সাহায্য পেত, গ্রামের ক্ষেত মন্ত্রুর কান্ধ পেত, কান্ধের অভাব যে সমন্ত চাষীদের তারা কান্ধ পেত। তাদের সেই সামান্যতম সাহায্য থেকে বঞ্চিত্ত করা হচ্ছে, তা না হলে প্রামে বাস হবে না। বৈধব্য ভাতা দেবার যেটা চেষ্টা হচ্ছে হয়ত টাকার অভাবে সেটা হবে না। কৃটির শিল্প বিভাগে চেষ্টা ছিল যাতে সেখানে মহাজনদের খগ্পরে তাঁতীরা না পড়ে। হাতলুমকে সূতো সরবরাহ করব, তাদের কাছ থেকে কাপড় নেব, আরও কো-অপারেটিভ গঠন করা হবে, কিন্তু এগুলি বন্ধ করে দেবার চেষ্টা হচ্ছে। টাকা আটকে রেখে, কেরোসিন আটকে রেখে, ডিজেল আটকে রেখে এখানে একটা ক্রাইসিস্ সৃষ্টি করার চেষ্টা করা হবে এবং এই পথেই তাঁরা নিয়ে যাবার চেষ্টা করছেন। আপনার কাছে কথা হচ্ছে — রাজ্যপাল মহোদয় যে বক্তব্য রাখলেন, সেই সঙ্গে মুখ্যমন্ত্রী মহাশয় বক্তব্য রেখেছেন এখানে যে ১৯৬৯ সালে যখন আমাদের বামফ্রন্টকে ভেঙে দেওয়া হয়েছিল আমরা জনসাধারণের কাছে গিয়েছিলাম, এবারে ভাঙলেও আমরা সেই জনসাধারণের কাছেই যাবো, আমাদের লক্ষ্য একমাত্র বিধানসভার কক্ষের দিকে নয়, আমাদের নজর হচ্ছে জনসাধারণের ভবিষ্যত, তাদের উন্নয়ন। আমাদের শক্তি হচ্ছে জনসাধারণ এবং সেই শক্তিই হচ্ছে আমাদের প্রধানতম। কে বলল ধনিক শ্রেণী আক্রান্ড হচ্ছেং শ্রমিক কৃষকদের সংঘ শক্তি দেখে তাঁরা ভয় পাচ্ছেন।

তারা আমাদের কি ভয় দেখাতে পারেন? আমরা মানুষের কাছে গিয়ে হাঞ্জির হ'ব, মানুষরা আমাদের পাশে আসবে, লড়বে এবং তাদের ভবিষ্যৎ তৈরি করবে। তোমাদের ভয়ের পরোয়া আমরা করি না, দেশবাসী জবাব দেবে তাদের সংগ্রামী শক্তির ভেতর দিয়ে। তার বামফ্রন্ট তাদের ভবিষ্যৎ শুধু পশ্চিম বাংলায় নয়, কেরল বা ত্রিপুরাতে নয় সারা ভারতবর্ষে প্রসারিত করবে। সারা ভারতবর্ষের ভবিষ্যৎ হচ্ছে বামপন্থা এটা যেন তারা জেনে রাখেন। ইতিহাস, তার শিক্ষা আছে। ২/১ বছরের ঘটনা সেটা বড় ঘটনা নয়, অতি দ্রুত ইতিহাস পরিবর্তিত হচ্ছে। আজ ইন্দিরা কংগ্রেস কেন্দ্রে ক্ষমতায় এসেছেন কিন্তু পরিবর্তন ঘটবেই এবং অতি দ্রুতই সে পরিবর্তন ঘটবে সে যে পথেই হোক না কেন, আগামী দিনের ইতিহাস সেখানে রচিত হবেই। এই কথা বলে মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী রেণুপদ হালদার :- মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপাল মহাশয় এই রাজ্যের সাফল্যের কথা বলে এবং এই রাজ্য সরকারের আগামী বছরের নীতি ঘোষণা করে যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের সঙ্গে আমি একমত হতে পারছি না। আমি প্রথমেই বলি, এই রাজ্যের যে ভয়াবহ বেকার সমস্যা সেই বেকার সমস্যার সমাধানের জন্য যেটুকু পথ গ্রহণ করা উচিত ছিল এই সরকার তা গ্রহণ করতে সক্ষম হন নি। আমি এ কথা জানি যে পুরোপুরি বেকার সমস্যার সমাধান করা আমাদের দেশের এই পুঁজিবাদী ব্যবস্থায় সম্ভব নয়। এই ব্যবস্থার পরিবর্তন না হলে, সমাজতন্ত্রে বা সাম্যবাদে না পৌছালে বেকার সমস্যার সমাধান হবে না। কিন্তু তব্ও একথা বলতে হচ্ছে তার কারণ এই সরকারের পক্ষ থেকে সামানাতম ব্যবস্থা গ্রহণ করার কথা বললেও তারা সেটাকে কাজে রূপায়িত করতে পারে নি। আমি একটি উদাহরণ এই প্রসঙ্গে দিতে চাই। জব এ্যাসিস্টেন্ট নেবার জন্য এই সরকার ঘোষণা করেছিলেন। তাদের এক বছর আগে চাকরি হবার কথা। যদি হত তাহলে নিশ্চয় আমাদের দেশের কিছু বেকার ছেলের চাকরি হত। কিন্তু সরকারের পক্ষ থেকে সে ব্যবস্থা আজ পর্যন্ত গ্রহণ করা হয় নি। এখানে বেকার সমস্যা দিনের পর দিন বেডেই যাচ্ছে এবং সেকথা সরকার নিজেই স্বীকার করেন। মাননীয় শ্রমমন্ত্রী তাঁর এক প্রশ্নের জবাবে বলেছিলেন যে শিক্ষিত বেকারদের সংখ্যা ১৯৭৬-১৯৭৭ সাল পর্যন্ত ছিল ৬ লক্ষ ৩২ হাজার ৩৫২ জন। তারপর ১৯৭৮-৭৯ সালে তার সঙ্গে আবার যুক্ত হয়েছে ১ লক্ষ ৫৪ হাজার ৮০০ জন। এই দৃটি মিলিয়ে বর্তমানে শিক্ষিত বেকারের সংখ্যা দাঁড়িয়েছে ৭ লক্ষ ৮৭ হাজার ১৫২ জনে। এ ছাড়া আমাদের দেশে অশিক্ষিত বেকারের সংখ্যা এর আরো কয়েক গুণ রয়েছে। এই বেকার যা আমাদের দেশে আছে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা কতটা হল সে ব্যাপারে রাজ্যপালের ভাষণে আছে ১১ হাজার ৯ শোর মতন ব্যবস্থা হয়েছে। শিক্ষিত বেকারদের অশিক্ষিত বেকারদের মধ্যে এই চাকরির ব্যবস্থা হয়েছে। ফলে কি ভয়াবহ অবস্থার মধ্যে দিয়ে দেশ চলেছে সেটা বোঝাই যাচেছ। প্রতিনিয়ত এই বেকার সমস্যা বেড়েই চলেছে। কিন্তু তার সমাধানের জন্য যে পথ গ্রহণ করা দরকার সেটা করা হয়নি। ডায়মন্ডহারবারে একটি মহকুমা নিয়োগ কেন্দ্র আছে, সেই নিয়োগ কেন্দ্রে ৪২ হাজার ৭ শো জন নাম রেজিস্টি করেছে কিন্ধ গত এক বছরে সেখানে মাত্র ৭৯ জনের চাকরি হয়েছে বিভিন্ন সরকারী ও বেসরকারী

প্রতিষ্ঠানে। এই যদি অবস্থা হয় তাহলে সমস্যার সমাধান কি ভাবে হবে?

[5-40 - 5-50 P.M.]

বেকারদের বেকার ভাতা দেবার ব্যবস্থা হয়েছে। সরকার পক্ষ থেকে বলা হয়েছিল প্রতি বছর আমরা দেড় লক্ষ বেকারকে বেকার ভাতা দেব। কিন্তু রাজ্যপালের হিসাবের মধ্যে দেখছি ২ লক্ষ ২০ হাজার মত বেকারকে বেকার ভাতা দেওয়া হচ্ছে এবং আগামী বছর আরো ৮০ হাজার বেকারকে বেকার ভাতা দেওয়া হবে। আমার বক্তব্য হল প্রতি বছর যদি দেড লক্ষ করে দেওয়া হত তাহলে আজ্ঞ পর্যন্ত ৩ লক্ষের উপর বেকারের বেকার ভাতা পাবার কথা। কিন্তু সেই জ্ঞায়গায় মাত্র ২ লক্ষ ২০ হাজার বেকার বেকার ভাতা পেয়েছে। এই যে বেকারদের বেকার ভাতা দেওয়া হচ্ছে এটা ৩ বছরের বেশি দেওয়া হবে না। ফলে অনেকের এই সুযোগ হারাবার দিন আসছে। ১৯৮০ সালের মধ্যেই অনেকের মেয়াদ শেষ হয়ে যাবে। আমাদের ডায়মন্ডহারবার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসে দেখলাম প্রায় ২ হান্ধার মত বেকারের বেকার ভাতার মেয়াদ ১৯৮০ সালের মধ্যে শেষ হয়ে যাচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় ৪৮ টি মহকুমা আছে এই কলকাতার এই বিরাট জনসমুদ্রের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে। এইসমস্ত জায়গায় বেকারদের ধরলে তারা এর থেকে অনেকে বাদ পড়ে যাবে। এই সব বেকারদের যে বেকার ভাতা দেওয়া হচ্ছে তাদের কিছু বাধ্যতা মূলক কাজ করতে বলা হয়েছে। এর জন্য যে পরিমাণ মজুরি বা মাইনে তাদের দেওয়া দরকার তা দেওয়া হচ্ছে না। ২ টাকা করে দৈনিক তাদের টিফিন খরচ বা যাতায়াত খরচ দেওয়া হচ্ছে। দুর দুরান্তের বিভিন্ন ছেলেদের বিভিন্ন পরিকল্পনার সঙ্গে যুক্ত করে দেওয়া হয়েছে। কিন্তু তাদের যে পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া দরকার তা দেওয়া হচ্ছে না। ঠিকাদারী প্রথা বিলোপ করা শ্রমিকদের দীর্ঘদিনের দাবী। কিন্তু ৩ বছর হতে চলল আজ পর্যন্ত এই ঠিকাদারী প্রথা বিলোপের কোন ব্যবস্থা সরকার পক্ষ থেকে করা হয়নি। প্রশাসনকে দুর্নীতি মুক্ত করবেন বলেছিলেন, কিন্তু দেখা যাচ্ছে প্রশাসনের মধ্যে আজ্বও দুর্নীতি বেড়ে চলেছে। আগে যে পরিমাণ দুর্নীতি হত এখন তার চেয়ে আরো অনেক বেশি বেড়ে গেছে। এখন সর্বক্ষেত্রেই দুর্নীতি দেখতে পাচ্ছি। আগে পুলিশ বিভাগে যে দুর্নীতি হত, এখন সেখান থেকে জে. এল. আর. ও. অফিস, বিভিন্ন ডিপার্টমেন্টে দুর্নীতি ছড়িয়ে পড়েছে। অন্যান্য ডিপার্টমেন্ট পুলিশের চেয়ে আরো বেশি দুর্নীতি পরায়ণ হয়েছে। শিক্ষা দপ্তরে স্কলের বিল পাশ করাতে গেলে না দিলে পাশ হয় না। এটা শুধু আমার কথা নয়, বামপন্থী এম. এল. এ. কৃষ্ণপদ হালদার, তিনি একটি মিটিং-এ দাঁড়িয়ে ডি. এম. এর সামনে বলেছেন আমার কাছে পর্যন্ত টাকা চাওয়া হয়েছে—তিনিও এই অভিযোগ করেছেন। মিটিংয়ে দাঁড়িয়ে এইসব কথা বলেছিলেন। কাজেই আমি এই কথা বলতে চাই যে শিক্ষা দপ্তরের মধ্যে দুর্নীতি চলছে। সেখানে পারসেন্টেজ দিলে তাদের স্কুলের विन्छिः शार স্যাংশান হবে, টিউশান कि স্যাংশান হবে। আর তা না দিলে হবে না। এই রকম ধরনের অবস্থা সেখানে চলছে। এই যে দুর্নীতি চলছে, এটা বন্ধ করার জন্য সরকারের কোন ব্যবস্থা নেই। দুর্নীতি কমান দূরের কথা, এটা ক্রমাগত বেড়েই চলেছে। এই সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছিল যে এক হাজার প্রাথমিক স্কুল করা হবে। গত ৩ বছর ধরে এই কথা শুনে আসছি। অথচ আমি আমার নিজের জেন্সার কথা জানি সেখানে দেখছি না যে একটিও প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে। যে সমস্ত গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই.

সেই সমস্ত প্রামে প্রাথমিক বিদ্যালয় দেওয়ার যে পরিকল্পনা ছিল, আজ পর্যন্ত সেখানে দেওয়া হয়নি। আবার ঘোষণা করা হয়েছে, রাজ্যপালের ভাষণের মধ্যে দেখছি যে ১২ শত প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে। আমি যদি প্রতি বছরের হিসাব ধরি তাহলে দেখবো যে ৩ হাজ্ঞার ২ শত স্কুল হওয়ার কথা সেখানে আজও অনেক ক্ষেত্রে স্কুল হয় নি বিশেষ করে ২৪ পরগণা জেলার মধ্যে একটিও দেখছি না। আজও সকালে এই ব্যাপারে একটা প্রশ্ন ছিল যে কয়টা স্কুল হয়েছে কিন্তু তার কোন জবাব মেলেনি। মন্ত্রী মহাশয় বলতে পারেন নি যে কতগুলি স্কুল হয়েছে। এই ধরনের প্রতিশ্রুতি দেওয়া সন্তেও সেগুলি কার্যকরী হচ্ছে না। যদি এগুলি কার্যকরী হত তাহলে শিক্ষিত যুবকদের বেকারত্ব ঘূচতো এবং শিশুরা লেখাপড়া শিখতে পারত এবং গ্রামের যে অসুবিধাগুলি আছে সেগুলি দুর হত। কিন্তু সরকারের পক্ষ থেকে সেই ব্যবস্থা করা হয়নি। এখন দশম শ্রেণী পর্যন্ত তাদের আর মাহিনা দিতে হবে না বলা হয়েছে—এটা খুব ভাল হয়েছে। কিন্তু অন্য দিকে তাদের ব্যয় বাডছে, জিনিস পত্রের মূল্য বাড়ছে সেগুলি দুর করার কোন ব্যবস্থা দেখছি না। আমি দেখেছি যে গত বছর জানুয়ারী মাসে যেখানে এক রীম কাগজের দাম ছিল ১৮ টাকা, আর এই বছর জানুয়ারী মাসে সেটা দাঁডিয়েছে ২৮ টাকা। তারপর বই পত্রের দাম গত বছর যা ছিল তার থেকে ২০/২৫ ভাগ দাম বেড়েছে। এই যে ব্যয় ভার বাড়ছে, জ্বিনিস পত্রের দাম বাড়ছে, এটা না কমালে, তথু সামান্য একটু সুবিধা দিলে তাদের উপকারে আসবে না। তাই আমি মনে করি তাদের এই সমস্ত বিষয়ের প্রতি নজ্কর দেওয়া, শিক্ষার ব্যয় কমান এবং শিক্ষা ব্যবস্থা যাতে উন্নত হয় তার জন্য ব্যবস্থা করা দরকার। অন্যান্য ক্ষেত্রে, এই দেশের গরীব চাষী। ভমিহীন চাষীদের সাহায্য করার ক্ষেত্রে সরকার পক্ষ থেকে যে সমস্ত ব্যাঙ্ক থেকে ঋণ দেবার কথা বলা হয়েছিল, অনেক ক্ষেত্রে তারা তা থেকে বঞ্চিত হয়েছে। আমি আর বিশেষ কিছ বলতে চাই না। আমি মনে করি রাজ্যপালের ভাষণের মধ্যে পশ্চিমবাংলার বাস্তব চিত্র পরিষ্টে হয়নি এবং ভবিষ্যতের যে কর্মপন্থা নির্ধারণ করা হয়েছে তাতে জনসাধারণের যে সমস্ত সমস্যা আছে সেগুলি সমাধান করতে বেশি দূর সাহায্য করবে না। তাই আমি রাজ্যপালের ভাষণ সম্বন্ধে এক মত হতে পারি নি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-50 - 6-00 P.M.]

শ্রী শটীন সেন :- মিঃ ডেপুটি স্পীকার, আমি হাউসকে একটি ইনফর্মেশন দিতে চাই, যদিও এখানে কোন কংগ্রেস আই এর সদস্যকে দেখতে পাচ্ছি না। শ্রীরামপুরে বামফ্রন্ট প্রার্থী এখনও পর্যন্ত ২৬ হাজার ভোটে এগিয়ে আছে।

শ্রী সুনির্মণ পাইক ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত কয়েক দিন ধরে রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক শুনলাম। রাজ্যপাল যে ভাষণ আমাদের সামনে উপস্থাপিত করেছেন তাতে বহু উন্নয়নের কথা বলা হয়েছে। উন্নয়নের কথা পড়ে রবীন্দ্রনাথের একটা গানের কলি মনে পড়ছে, "এ" শুনি যেন চরণ ধ্বনি রে, শুনি আপন মনে"। অর্থাৎ যে কাজশুলো হ্বার কথা, যে কাজশুলো বাস্তবায়িত হলে জনসাধারণের সৃষ্ঠ উপকারের দিকে এগিয়ে যাওয়া

যাবে। উন্নয়নের একটা বিশেষ ধাপ, একটা বলিষ্ঠ পদক্ষেপের দিকে এগিয়ে যাবে, তাতে অনেকখানি ফাঁক থেকে গেছে। সেই জন্য আমার মনে হয় রাজ্যপালের ভাষণের মধ্যে আরও কিছু যুক্ত হওয়া উচিত ছিল। সেই বক্তব্য আরও কিছু সুম্পন্ত হওয়া উচিত ছিল। যেমন আমি বলছি, ভূমি সংস্কারের কথা বলা হয়েছে, অত্যন্ত আনন্দের কথা, এটা আমরা সকলেই চাই যে ভূমি সংস্কার হোক, ভূমি সংস্কারের একটা সূষ্ঠ ব্যবস্থা হোক। সেই সূষ্ঠ ব্যবস্থা হিসাবে রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাচ্ছি, তিনি বর্গা অপারেশনকে বিশেষ স্থান দিয়েছেন। কিন্ধু আমরা দেখতে পাছি, অপারেশন বর্গা হাইকোর্টে খব একটা ভাল সবিধা করতে পারেনি এবং জনসাধারণের ক্ষেত্রে যেটা আমরা দেখি, বিভিন্ন বর্গাদার যারা আছে. যারা চাষী, প্রান্তিক চাষী, তাদের নিরূপণ করবার একটা সৃষ্ঠ উপায় আজকে করা হচ্ছে না। প্রকত যারা চাষী তারা বাদ পড়ে যাচেছ বর্গাদার নিরূপণের ক্ষেত্রে। তাদের নাম লেখানো থেকে বিরত রাখা হচ্ছে, তারা কিছুতেই নিজেদের প্রতিষ্ঠিত করতে পারছে না। আর একটা জ্ঞিনিস হচ্ছে, যারা প্রকৃত চাষী, তাদের স্বার্থ যাতে সুরক্ষিত হয়, তার জন্য ১৯(বি) ধারা বলে একটি ধারা ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস এ্যাক্টে আছে, সেটা পানিশেবল সেকশন, দন্তনীয় সেকশন বলে বলা হয়েছে। কিন্তু পরিতাপের বিষয়, তা বলা হলেও পুলিশ কিভাবে তার তদন্ত করবে, সেটার জন্য কোন প্রসিডিয়োরে বলা নেই। এই পানিশেবল সেকশনটা ঠিক ভাবে ফুটে ওঠেনি, যদিও বামফ্রন্ট সরকার অত্যন্ত উদ্যোগী হয়ে দাবী করছেন যে বর্গাদারদের স্বার্থ এর দ্বারা সুরক্ষিত হবে। ১৬১ আই. পি. সি. অনুসারে পূলিশ কি ভাবে স্টেটমেন্ট নেবেন সেটা বলা নেই। আরও একটা পরিতাপের বিষয়, বহু জায়গায় দেখতে পাচিছ, ডিভেস্টেড জমি ভেস্ট করা হয়েছে। কোন জমি ভেস্ট করা হলেও অনেক জায়গায় ডিভেস্টেড হয়ে গেছে। ডিভেস্টেড কেন হয়েছে, তার কারণ হিসাবে আমরা দেখতে পাচ্ছি, প্রাথমিক ভাবে জেলা কোর্ট থেকে আরম্ভ করে হাইকোর্ট পর্যন্ত গভর্ণমেন্ট পক্ষ হেরে গেছেন।

অনেক ক্ষেত্রে গভর্ণমেন্ট নিজেদের ব্যয়ে ইন্ডিয়ান লিমিটেসন এ্যাক্টের সাহায্যে এটা করবার চেষ্টা করেছেন। আবার অনেক ক্ষেত্রে তা পারেন নি। যেসব ক্ষেত্রে পারেন নি সেসব ক্ষেত্রগুলি এখন পর্যন্ত ডাইভেস্টেড হয় নি। সেগুলি ভেস্টেড অবস্থাতেই আছে। অনেকে ডাইভেস্টেড করে রেকর্ড কারেকশন করে ঝামেলা মিটিয়ে দেবার জন্য দরখান্ত করেছিলেন। কিন্তু তাদের বিষয়ে এখনো পর্যন্ত কিছুই করা হয়নি। সরকারের কাছে কিছু জমি ভেস্টেড হয়েছে, কিছু জমি বন্টনও করা হয়েছে, কিন্তু তথাপি এ বিষয়ে সঠিকভবে কোনো কিছুই নির্মাপিত হচ্ছে না। ফলে আমার মনে হচ্ছে জমি বন্টনের ব্যাপরে অসুবিধা দেখা দিছে। ভূমি সংস্কারের ব্যাপারে এখনো পর্যন্ত বিরাট বিরাট আইন-গত বাধা রয়েছে। আমরা রাজাঘাটে, সর্বত্র শুনতে পাই যে, বামফ্রন্ট সরকারের বেনামী জমি উদ্ধারের একটা বিরাট কর্মসূচী রয়েছে। কিন্তু বেনামী জমি উদ্ধারের জন্য যেসব আইন প্রথমন করা দরকার ছিল, তার জন্য আইনগত পদ্ধতিতে যেভাবে এগিয়ে যাওয়ার দরকার ছিল, ইন্ডিয়ান লিমিটেশন এ্যাক্ট এবং ইন্ডিয়ান স্পেসিফিক এ্যাক্টের বিভিন্ন ধারা বা উপ-ধারার যেভাবে সংশোধনের প্রয়োজন ছিল এবং এগুলি করার জন্য যে ইচ্ছা বা প্রয়াসের প্রয়োজন ছিল, সেভাবে ইচ্ছা বা প্রয়াসের

কথা একবারও রাজ্যপালের ভাষণের মধ্যে প্রতিফলিত হয় নি। সূতরাং রাজ্যপালের ভাষণের মধ্যে ভূমি সংস্কার সম্বন্ধে যে সমস্ত কথা বলা হয়েছে তাতে আমরা সন্তুষ্ট হতে পারছি না।

রাজ্যপালের ভাষণের মধ্যে তিনি বলেছেন যে, তাঁর সরকার সিভিউলভ কাস্টানের জন্য একটা বিশেষ পদক্ষেপ নিয়েছে এবং তিনি দাবী করেছেন যে তাঁর সরকার সিভিউলভ কাস্টানের উন্নয়নের জন্য বিশেষ ভাবে এগিয়ে গেছেন এবং তাদের এডুকেশনের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন। তাদের মধ্যে যাতে শিক্ষাকে ছড়িয়ে দেওয়া যায় তার জন্য এই সরকার খুবই সচেষ্ট, এই দাবী তিনি করেছেন। কিন্তু কার্যত আমরা দেখছি যে, সিভিউলভ কাস্টাদের ব্যাপারে যে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার দরকার ছিল তা এখনো পর্যন্ত নেওয়া হয় নি। আমরা জানি এডুকেশন বলতে তথু স্কুল বিল্ডিং বোঝায় না। স্কুল বিল্ডিং-এর মধ্যে এডুকেশন সীমাবদ্ধ নয়। এডুকেশনের বিভিন্ন দিক আছে। ক্লাব, লাইব্রেরী, থিয়েটার হল ইত্যাদি বিভিন্ন মাধ্যমের মধ্যে দিয়েও এডুকেশনের প্রসার ঘটানো যায়। আমি এই প্রসঙ্গে এখানে ভূদেব মুখার্জীর একটি কথা স্মরণ করছি, 'শিক্ষার ক্ষেত্র, বিদ্যালয় মনুষ্য-সমাজ এবং বহির্জগত''। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদি একথা ঠিক হয় তাহলে আমরা দেখতে পাছিছ যে, সিভিউলড কাস্টের জন্য এখনো পর্যন্ত কিছুই হয় নি। রাজ্যপালের ভাষণের মধ্যে এডুকেশন অর্থে স্কুল বিল্ডিং ইত্যাদি করবার কথা বলা হয়েছে, কিন্তু ক্লাব, লাইব্রেরী. থিয়েটার হল ইত্যাদি আরো যে সমস্ত শিক্ষার মাধ্যম রয়েছে সেগুলি সম্বন্ধে কোনো কিছুই উদ্রেখ করা হয়নি।

[6-00 - 6-10 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটি কথা অত্যন্ত দুংখের সঙ্গে বলতে হচ্ছে যে, রাজ্যপালের ভাষণের মধ্যে চাকুরীর সম্বন্ধে যে সমস্ত কথা বলা হয়েছে সে সমস্ত সম্বন্ধে আমি বলব যে, ১৯৭৬ সালে যে আইন করা হয়েছিল তাতে বলা হয়েছিল সিডিউলড কাস্টদের জন্য রোস্টার মেনটেন করতে হবে। কিন্তু আমি বিভিন্ন জায়গায় খোঁজ নিয়ে দেখেছি, বিভিন্ন এস্টা-লিসমেণ্টে খোঁজ নিয়ে দেখেছি যে, কোনো জায়গায় কোনো রোস্টার মেনটেন করা হচ্ছে না রিজ্ঞার্ভেসন কোটা সম্বন্ধে। সূতরাং আমরা দেখছি চাকুরীর ক্ষেত্রে কোথাও সুষ্ঠু ভবে রোস্টার মেনটেন করা হয় না। আমাদের পশ্চিমবঙ্গের এ বিষয়ে যিনি বর্তমানে চার্জে আছেন সেই ডঃ ইউ. কে. রায়-কে আমি জিজ্ঞাসা করেছিলাম যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় রোস্টার মেনটেন করা হচ্ছে না কেন? তিনি আমাকে বলেছিলেন, সব জায়গায় রোস্টার মেনটেন করা যাচ্ছে না, আমাদের লোকের অভাব। কর্মচারীর অভাব সেইজন্য রোস্টার মেনটেন করা যাচ্ছে না। আমি তখন বললাম, সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদে: বেলায় তো দেখছি সেন্ট্রাল গভর্ণমেন্টের বিভিন্ন জায়গা থেকে অর্থ পাছেছন না তবে কর্মচারীর অভাব সেইজন্য এইরকম ধরনের রোস্টার মেনটেন করা যাচেছ না। যাক্র ফলে রাস্টার মেনটেন করা যাচেছ না। যাক্র ফলে রাস্টার মেনটেন করা যাচেছ না। যাক্র করে রোস্টার মেনটেন করা যাচেছ না। যাক্র করে রোস্টার মেনটেন করা যাচেছ না। যাক্র করে রোস্টার মেনটেন করা যাচেছ না। যাক্র করে রাস্টার মেনটেন করা যাচেছ না। যাক্র ফলে প্রমেশনের রোস্টার মেনটেন করা যাচেছ না। যার ফলে প্রমেশনের বেলায় অথবা চাকুরীর ক্ষেত্রে এই যে সুযোগ-সুবিধা দেওয়ার যে

বিধি যে আইন পাশ হয়েছিল ১৯৭৬ সালে তাতে এটা ঠিক মানা হচ্ছে না। আমি সেইজ্বন্য বলবো, রাজ্যপালের ভাষণের মধ্যে এই ব্যাপারে একটা সুস্পষ্ট ইঙ্গিত, সুস্পষ্ট বক্তব্য থাকা উচিত ছিল বলে আমি মনে করছি তা না হলে ঠিকভাবে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদের যে উন্নয়ন সেই উন্নয়ন ব্যাহত হবে। আমরা যেভাবে উন্নয়নের আশা করছি ঠিক সেইভবে উন্নয়ন করা যাবে না এবং উন্নয়ন সম্ভবপরও হবে না। এ ছাডা আর একটা জিনিস সেটা হচ্ছে, সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদের যে সমস্ত ছেলে-মেয়েরা মানে স্কুল গোইং চিলডেন-একবার কথা হয়েছিল তাদেরকে কিছু টিফিন দেওয়া হবে, হেভি টিফিন দেওয়া হবে। এই রকম ধরনের কথা বিভিন্ন জায়গায় আমরা বলেছিলাম এবং এস. সি. এবং এস. টির মধ্য থেকেও এই দাবী করা হয়েছিল কিন্তু আমার মনে হয় আজও পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন জায়গায় সৃষ্ঠভাবে বন্দোবস্ত হয়নি অথচ রাজ্যপালের ভাষণের মধ্যে এইসবের ইঙ্গিত সন্থ ভাবে পরিস্ফুট হয়নি যেটা আমি সারা পশ্চিমবাংলায় সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদের উন্নয়নের পথে একটা বাধা-স্বরূপ বলে মনে করছি। দ্বিতীয়তঃ রাজ্যপালের ভাষণের মধ্যে একটা জিনিস দেখতে পাচ্ছি—তাঁর গভর্ণমেন্ট চাকরী দেওয়ার व्याभारत थुवरै এगिरा চলেছে। এवং विनष्ठं अमरक्कं निराहिन- এर वल मावी कत्रहिन। কিন্তু আমার মনে হয় ঠিকভাবে নেওয়া হয়নি কারণ একটা জিনিস বিশেষ ভাবে লক্ষণীয় সেটা হচ্ছে বিভিন্ন সময়ে সরকারী কাজের জন্য অনেক জায়গায় লোক নেওয়া হয়েছিল যারা ভলেন্টারী ওয়ার্ক করেছে অবশ্য আমি ক্যাসুয়াল এবং কনট্রাক্ট লেবারদের কথা বাদ দিচ্ছি—এই সমস্ত ওয়ার্কাররা যারা সরকারের বিপদের দিনে মানে বন্যার সময়ে বা অন্যান্য সময়ে ৪/৫ বছর ধরে বিভিন্নভাবে সাহায্য করে এসেছেন অবশ্য বিচ্ছিন্নতা থাকতে পারে। আমার মনে হয় ক্যাজ্বরেল লেবার এবং কন্ট্রাক্ট লেবারদের ক্ষেত্রে তাঁর যে বক্তব্যটা সুস্পষ্ট হওয়া উচিত ছিল এবং স্টেট গভর্ণমেন্টের যে সারকুলার আছে ৩ বছর পরে তাদের পার্মানেন্ট করা হবে আমার মনে হয় সেটার ২ বছর সময় সীমা করা উচিৎ, এই দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রী ব্রজ গোপাল নিয়োগী :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপাল মহাশয়ের ভাষণ কে সমর্থন করতে গিয়ে ২/৪টি কথা বলব। বামফ্রন্ট সরকার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে গত ৩ বছর ধরে যেভাবে জনপ্রিয়তার সঙ্গে কাজ করছে এবং তার মধ্যে দিয়ে গরীব মেহনতি নিপীড়িত মানুষের মধ্যে একটা নৃতন জাগরণ সৃষ্টি হয়েছে। শুধু পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষের গরীব মেহনতি মানুষের কাছে একটা আশার আলো দেখিয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার তার যে কৃতিত্ব, সাফ্রন্স সারা ভারতবর্ষের মানুষের কাছে ছড়িয়ে পড়েছে তাই পশ্চিমবঙ্গের পরে ত্রিপুরায় বামফ্রন্ট সরকার হয়েছে এবং কিছুদিন আগে কেরালাতে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে। এখন এই যে জাগরণ সৃষ্টি হয়েছে তাই দেখে প্রতিক্রিয়াশীল শক্তি এবং কায়েমী স্বার্থবাদীদের মধ্যে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। এ' আতঙ্কের সৃষ্টি হয়েছে বলেই আজকে আইন শৃত্বলার কথা রিগিং ইত্যাদির কথা এখানে বলা হচ্ছে। আইন শৃত্বলার কথা বলতে গেলে বলতে হয় ওঁদের রাজত্বের সময়ে

শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায়ের সময়ে ১৯৭২ থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কংশ্রেস এম. এল. এ'রা চলতেন সব সময় দুটি করে বডি গার্ড নিয়ে, ওঁদেরই কংগ্রেস এম. এল. এ শ্রী চন্তী মিয়, নেপাল রায় ওঁদের দলের লোকের হাতেই খুন হয়েছিলেন, সেই সময় এ' সমস্ত কংগ্রেস গুভারা সমাজ বিরোধীরা এই বামফ্রন্ট সরকারের প্রায় ২ হাজার কর্মীকে খুন করেছিলেন। সেইজন্য আজকে আইন শৃঙ্খলার কথা বলা হচ্ছে, অত্যন্ত লক্জার কথা। আজকে সারা ভারতবর্ষের মধ্যে অনেক সর্বভারতীয় নেতাই স্বীকার করেছেন যে পশ্চিমবঙ্গের অবস্থাই সব থেকে ভাল। শ্রেণী বিভক্ত সমাজে চুরি, ডাকাতি কিছু হবেই। চুরি, ডাকাতি এবং বিদ্বিত আইনশৃঙ্খলা এই দুইয়ের মধ্যে আকাশ পাতাল তফাৎ। ভোটের কারচুপির কথা বলছেন এলাহাবাদ হাইকোর্টের রায়ের কথা ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে সেটা একবার ভাবুন। গত লোকসভা নির্বাচনের সময়ে ওঁরা দেওয়ালে দেওয়ালে লিখেছিলেন যে

"পেঁয়াজ আপেল এক দর,

### প্রমোদ জ্যোতি মাতব্বর"

কিন্তু প্রশ্ন হচ্ছে জিনিস পত্রের দাম বাড়ার কারণটা কিং জিনিস পত্রের এই যে মূল্য বৃদ্ধি এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। দেড় মাসের উপর কেন্দ্রীয় সরকার এসেছেন কোন জিনিসের দাম তাঁরা কমাতে পেরেছেনং সত্য বাপুলী মহাশয় বললেন কেরোসিন, ডিজেলের কথা, সঙ্কটের কারণ কিং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ডিজেলের সরবরাহ বন্ধ হয়ে গেল। আসাম সরকার তেল পাঠান বন্ধ করে দিয়েছেন, উত্তরবঙ্গে সরবরাহ একেবারে বন্ধ হয়ে গেছে।

#### [6-10 - 6-20 P.M.]

সরবরাহ হবার জন্য যে সঙ্কট সৃষ্টি হয়েছে এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। অথচ ইন্দিরা কংগ্রেসের নেতারা রাজ্য সরকারকে এর জন্য দায়ী করছেন। আগেকার কংগ্রেসী সরকার যে ভাবে পরিকল্পনা করেছেন তারজন্য আজ এই অবস্থা। তাঁরা কোন যন্ত্রপাতি মেরামত করেন নি, সমস্ত নন্-টেকনিক্যাল লোক ঢুকিয়ে দিয়ে গেছেন যারা কোন কাজই করে না। অথচ আজ্ব গনি খান সাহেব অনেক বড় বড় কথা বলছেন। আমরাও দেখতে চাই কেন্দ্রীয় সরকার এ ক্ষেত্রে পঃ বাংলাকে কতখানি সাহায্য করেন। ভোলাবাবু একটা পোস্টার দেখালেন যাতে লেখা আছে জনসাধারণের দুই শক্র সাম্প্রদায়িকতা ও বৈরতন্ত্র। সাম্প্রদায়িকতা ও বৈরতন্ত্র। সাম্প্রদায়িকতা ও বৈরতন্ত্র যে জনসাধারণের শক্র সে কথা বলায় ওঁদের আপত্তি কেন? নির্বাচনের আগে ইন্দিরা গান্ধী বলেছিলেন জরুরী অবস্থায় যা হয়েছিল তিনি তার সংশোধন করবেন। কিন্তু নির্বাচনের পর দেড় মাস যেতে না যেতেই দেখলাম ৯টি রাজ্য সরকার বাতিল হয়ে গেল। কিছু কিছু রাজ্যের মুখ্যমন্ত্রীদের কাছে দৃত পাঠিয়ে চেষ্টা করেছিলেন তাঁদের দল পরিবর্তন করা যায় কিনা। অর্থাৎ যাঁরা দল পরিবর্তন করলেন না তাদের তিনি বাতিল করলেন। পঃ বাংলার উন্নত চেতনা সম্পন্ন মানুষ সাম্প্রদায়িকতা, জাতপাত, ইত্যাদিও বিশ্বাস করে না হরিজন ইত্যাদি নিয়ে এখানে গোলমাল হয় না। ভোলাবাবু এখানে অনেক অসত্য কথা বলে

গেলেন। তিনি হরিঞ্চনদের উপর অত্যাচারের কথাও বলে গেলেন। যা সর্বৈব অসত্য। তিনি वमामन यात्रता यपि याद्दैन त्याजात्वक काक कति ठा दृश्य यात्रापत वैष्ठितः त्रांथा दृर्तः। তिनि रान वाणे मत्न तार्थन रा काक्षत प्रगाग्न जामता वर्धात तारे। जिनि वन्नरान अभिन्मवारमा না কি জঙ্গলের রাজত্ব। কিন্তু তিনি বা ইন্দিরা কংগ্রেসের কেউ আসামের কথা বললেন না। আসাম এখন কেন্দ্র শাসিত। সেখানে আইন শৃঙ্খলা একেবারে বিপন্ন। ভারতবর্ষের কোথাও যদি আইন শৃঙ্খলা না থাকে সেটা হল আসাম রাজ্য। সূতরাং নিজেদের আগে আপনারা সমালোচনা করুন। আসামে বাঙালী নির্যাতন হচ্ছে। মেঘালয়ে সংখ্যালঘদের উপর আক্রমণ চলছে। কিন্তু এখানে সে সব সংকীর্ণতার স্থান নেই। প্রধানমন্ত্রী হবার পর শ্রীমতী গান্ধী উত্তরপ্রদেশে নারায়নপুরে গেলেন এবং সেখানে গিয়ে উস্কানী দিয়ে এলেন যাতে আইন শৃদ্ধলা আরও বিদ্বীত হয়। কিন্তু আসামে যাবার সময় তাঁর হলো না। ৯টা রাজ্য বাতিল করার ব্যাপারে তাঁরা বলেছেন জনতা সরকারও ১৯৭৭ সালে এই কাজ করেছিলেন এবং তাতে বামপন্থী সরকার সমর্থন করেছিলেন। তার অধিকাংশগুলি ৫ বছর শেষ হয়ে গিয়েছিল। সূতরাং এটা তাদের বোঝা দরকার। ১৯৭৬ সালে ৪২ তম সংবিধান সংশোধন করে. সেন্সারশিপ চালু করে সংবাদপত্র গুলির কন্ঠরোধ করা হয়েছিল। এ ছাড়া মিসা সংশোধন করে সে সময় এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। প্রধানমন্ত্রীর বিরুদ্ধে কোন বিচার হবে না। তাই ১৯৭৭ সালের নির্বাচন ছিল জরুরী অবস্থার বিরুদ্ধে। তাই সেদিন সারা ভারতবর্ষের মান্ব রায় দিয়েছিল স্বৈরতন্ত্রের বিরুদ্ধে।

আজকে বলবার চেষ্টা করা হচ্ছে যে লোকসভার জয় ইন্দিরা গান্ধীর জয় ও জরুরী অবস্থার অপকর্মগুলি জনসাধারণ সমর্থন করেছে। কিছ কিছ জায়গায় এই ধরনের কথা বলবার চেষ্টা হচ্ছে জনসাধারণের কাছে যে জরুরী অবস্থার সময় যে কাঠামো ছিল সেই রূপ সাজানোর চেষ্টা করা হচ্ছে। এমনকি কর্তব্যরত অফিসারদের শান্তি দেবার চেষ্টা হচ্ছে। এই কথা মনে রাখা দরকার যে ইন্দিরা গান্ধী এবার শতকরা ভোটের হিসাবে কম ভোট পেয়েছেন। মাত্র ৪২ ভাগ ভোট পেয়ে ভোট ভাগাভাগি হবার জন্য তিনি নির্বাচিত হয়েছেন। বিহারে মাত্র ৩৬ ভাগ ভোট পেয়ে, ইউ. পি তে ৩৫ ভাগ ভোট পেয়ে, তামিলনাডতে ৩১ ভাগ রাজস্থানে ৪২ ভাগ, উডিয়ায় ৪৩ ভাগ, মধ্যপ্রদেশে ৪৭ ভাগ ভোট তাঁরা পেয়েছেন। এটা বোঝা দরকার যে ইন্দিরা গান্ধী জয়ী হলেও শতকরা হিসাবে কম ভোট পেয়ে ইন্দিরা বিরোধী ভোট ভাগ হয়ে যাবার জন্য তিনি জিতেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ঠিক যে স্বৈরতন্ত্রের জন্য গণতম্ব বিপম । সেই গণতম্ব রক্ষা করবার জন্য সমস্ত ঐক্যবদ্ধ প্রয়াস চালানো উচিত। সমস্ত বিরোধীদের একই প্লাটফর্মে আজ ঐক্যবদ্ধ হওয়ার একান্ত প্রয়োজন। এটা শুধু পঃ বাংলার ক্ষেত্রে নয় সারা ভারতের ক্ষেত্রে প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি শুনলে আশ্চর্য হবেন যে দেশ স্বাধীন হবার পর থেকে যোজনা কমিশন যে ভাবে কাজ করতেন প্রত্যেক প্রদেশের মুখ্যমন্ত্রীদের ডেকে নিয়ে রাজ্যের পরিকল্পনা সম্পর্কে সিদ্ধান্ত নিতেন সেই যোজনা কমিশনকে আজকে গুটিয়ে নেওয়া হচ্ছে। তাঁরা আজ আর বিভিন্ন মুখ্যমন্ত্রীদের ডাকছেন না রাজ্যের অফিসারদের ডেকে নিয়ে গিয়ে সেই কাজ করার কথা বলা হচ্ছে। এই

সমস্ত অফিসাররা রাজ্যের স্বার্থ পুরাপুরি রক্ষা করতে পারবেন না কারণ তারা তাদের হায়ার অফিসারদের কাছে গিয়ে—ইয়েস স্যার, ছাড়া আর কোন কথা বলতে পারবেন না। এত দিন ধরে যোজনা কমিশন বিরোধী হলেও সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীদের ডেকে নিয়ে গিয়ে তাদের কথা শুনতেন এক্ষেত্রে তা করা হচ্ছে না। এতে রাজ্যের অভাব পুরনের ক্ষেত্রে সহায়তা হতো কিন্তু তা হতে দেওয়া হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঃ বাংলা অতীতে সংগ্রামের ইতিহাস রচনা করেছে এবারও তারা তাই করবে। পঃ বাংলায় ১৯৬৭ সালে, ১৯৭১ সালে এবং শেষ এই ১৯৮০ সালে নৃতন ইতিহাস রচনা করেছে। গণতত্ম হরণ করতে ইন্দিরা গান্ধী পঃ বাংলায় পারেন নি—ভারতবর্ষেও পারবেন না। আন্তে আন্তে শেষ হবেই। বামপন্থীরা শুধু পঃ বাংলায় নয় সারা ভারতবর্ষের নেতৃত্ব দেবে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে। আমি রাজ্য পালের ভাষণকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-20 - 6-32 P.M.]

শ্রীমতী অপরাজিতা গোপ্পী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে রাজ্যপালের ভাষণের উপর আমরা আলোচনা শুনছিলাম, কয়েকদিন ধরে আলোচনা চলছে, রাজ্ঞাপালের এই ভাষণকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে রাজ্যপালের ভাষণের মধ্যে বামফ্রন্ট সরকার সম্পর্কে যে সমস্ত কথা বলা হয়েছে সীমিত ক্ষমতার মধ্যে তিনি সেই সমস্ত কথা উল্লেখ করেছেন। তিনি বাড়িয়েও কিছু বলেন নি। এই কথা ঠিক যে আজকে যাঁরা বিরোধী আসনে বসে আছেন তাঁরা যে সমালোচনা করেছেন আমি তাঁদের বলি আমাদের বামফ্রন্ট সরকারের যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী তাঁদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর সঙ্গে নিশ্চয়ই মৌলিক পার্থক্য আছে। আমরা জানি যে, আমরা নির্বাচনের মধ্য দিয়ে এসেছি—বিপ্লবের মধ্য দিয়ে আসি নি। তাই আমরা শোষণহীন সমাজ ব্যবস্থা এই সংবিধানের মধ্য দিয়ে এই মুহুর্তে প্রতিষ্ঠিত করতে পারবো না। কিন্তু যেটুকু আমরা করতে পেরেছি সেটা হচ্ছে আমরা সাধারণ মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম ৩৬ দফা কর্মসূচীর মধ্য দিয়ে সে দিকে আমরা অগ্রসর হচ্ছি এই সংবিধানের সীমিত ক্ষমতার মধ্যে থেকে। আমরা জানি যে আমাদের দেশে শতকরা ৭০ জন মানুষ আজকে দারিদ্রা সীমার নীচে বাস করছে এবং শতকরা ৯৫ ভাগ মানুষ গ্রামে বাস করে। এই মানুষদের জন্য স্বাধীনতার পর ৩২ বছর ধরে কি করা হয়েছে সেটাই তো আমাদের প্রশ্ন। সে ক্ষেত্রে আমি বলবো যে আমরা দৃঢ় পদক্ষেপ নিয়েছি কতকগুলি কর্মসূচীর ভেতর দিয়ে সেটা নিশ্চই উল্লেখ করা চলে, যেমন আমাদের ভূমিহীন মজুরের সংখ্যা আছে ৮৪ ভাগ, ক্ষেত মজুর পশ্চিম বাংলায় আছে ৩৫ লক্ষ, বর্গাদারের সংখ্যা ২৫ লক্ষ, এবং ৭৯ সালের ৩০শে নভেম্বর পর্যন্ত ৭ লক্ষ ৩০ হাজার বর্গাদারের নাম রেকর্ড করা হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গে যে বর্গা অপারেশান করা হচ্ছে আমি একে সর্বান্তঃকরণে সমর্থন জ্ঞানাই। আমি মনে করি এটা একটা বৈপ্লবিক পদক্ষেপ। কারণ আমাদের দেশে যারা অবহেলিত উপেক্ষিত বঞ্চিত মানুষ পুঁজিবাদী কাঠামোয় দাঁড়িয়ে শোষিত হচ্ছে ধনতান্ত্রিক শাসন ব্যবস্থা কেন্দ্রে কেন্দ্রীভূত হচ্ছে সেই অবস্থায় আজকে বামফ্রন্ট সরকার সেই সব মানুষদের কথা চিন্তা করছেন। কারণ ৩২ বছরের মধ্যে তাদের কথা ভাবা হয় নি। এখানে যে কথা বলা হয়েছে সে সম্বন্ধে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর যে অবস্থাওলির সৃষ্টি হচ্ছে সে দিকে একটু সতর্ক দৃষ্টি রাখতে হবে। আমাদের যে সমস্ত সরকারী আমলা রয়েছে যারা এই অপারেশান বর্গার কাজগুলি করেন দেখেন নির্বাচনে ইন্দিরা গভঃ ক্ষমতায় আসার পর এই বৈপ্লবিক কাজগুলি ব্যহত হচ্ছে। আমি সরকাবের দৃষ্টি আকর্ষণ করে বলবো যে বর্গা অপারেশন যত দ্রুত হত্তমা উচিত ছিলো সেটা এখন হচ্ছে না। আমি এই সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে আমাদের এই বৈপ্লবিক কাজগুলি ব্যহত না হয়। আর একটা কথা আমি বলতে চাই সেদিন এখানে আলোচনা করার সময় মাঃ সদস্য শ্রী হরিপদ ভারতী বললেন যে আমাদের যে বেকার ভাতা দেবার জন্য সরকার সিদ্ধান্ত করেছেন ও দিচ্ছেন এই বেকার ভাতা দিয়ে কি বেকার সমস্যার সমাধান হবে?

ওঁবা খব আস্ফালন করছেন, কিন্তু একটা বেদনার কথা জানাচ্ছি যে ১৯৬৯-৭০ সালে সি.পি.এম. পশ্চিমবাংলায় বৃথজাম শিখিয়েছিল— হয়ত কোথাও কোথাও ১৯৭২ সালে বৃথজাম হয়ে গিয়েছিল। আর এবার যে ভোটার লিস্ট হয়েছে তা থেকে ওঁরা নাম বাদ দিয়েছিলেন। এই ভাবে আগামী নির্বাচনে যদি জ্যোতিবাব, প্রমোদবাবুর নাম না থাকে তাহলে আমি একটু চোখের জল ফেলব। অর্থাৎ আপনাদের এ জিনিস বুমেরাং হবে। যা হোক নির্বাচনের কথা না বলে পঃ বাংলার মানুষ কতটা সুখে আছে রাজ্যপাল বলতে গিয়ে তা বলেন নি। ৮এর প্যারায় শেষের দিকে এসব আছে। সেদিন সি.পি.এম.-এর এক বন্ধু আমার সঙ্গে ট্রেনে আস্ছিলেন। সেই ট্রেনের প্যামেঞ্জাররা নিজেদের মধ্যে আলোচনা করছিলেন আমরা কত শান্তিতে আছি জানি না, এখানে গণতন্ত্র নেই, শান্তিতে ঘুমাবার পথ নেই এবং কেন এখনও যে কেন্দ্রীয় সরকার এই সরকারকে থাকতে অ্যান্সাউ করেছেন তা বুঝতে পারছি না। সেদিন অপনাদের এম.এল.এ. ধীরেন সেন মহাশয় ছিলেন, তিনি বললেন সুনীতি বাবু আপনার মনের কথা ওঁরা বলছেন। এটা হচ্ছে মানুষের অন্তরের কথা। আজ্ঞও বিধানসভায় ডাক্তার সদস্য বললেন সমাজবিরোধীদের অত্যাচারে পঃ বাংলা উৎপীড়িত। এই সমাজ বিরোধীরা সি.পি.এম.-এর ক্যাডার দ্বারা পরিস্ফুট। আরও অনেক সদস্য পঃ বাংলায় ল এণ্ড অর্ডারের কথা বলেছেন। যুগান্তর, আনন্দবাজার, স্টেটসম্যান ইত্যাদি কাগজগুলোর প্রথম পাতায় দেখবেন এখানে ল এণ্ড অর্ডারের কি অবস্থা। পশ্চিম বাংলার ল এণ্ড অর্ডারের এখানে ভীষণভাবে ডিটিওরেট করেছে। এক দিকে মুখ্যমন্ত্রী এ বিষয়ে এক রকম স্টেটমেন্ট দিচ্ছেন, অন্যদিকে

পুলিস কমিশনার অন্য স্টেটমেন্ট দিচ্ছেন। অর্থাৎ ২টাই কন্টাডিক্টারি। প্রশাসনিক অফিসারদের সঙ্গে ওদের গোলমাল লেগেছে, যেমন জ্যোতিবাবুর সঙ্গে প্রমোদবাবুর লেগেছে। প্রশাসনের ওপরতলায় জ্যোতিবাবু প্রমোদবাবুর গোলমালের জন্য পশ্চিমবালোয় আজ শান্তি শৃষ্মলা ব্যহত হচ্ছে। জি.ডি বলে একজন এম.এ. পাশ ছেলে সি.পি.এম.-এর লোক দ্বারা স্ট্যাবড্ হলো। তাঁর ভি ভি নং ডেট আমার কাছে আছে। সে ইনজিওরড হল, স্ট্যাবড্ হল, হাঁসপাতালে আ্যাডমিশন হল এবং বর্তমানে সে এখন মরণাপন্ন। থানায় ডাইরি করা হল, কিন্তু ডাইরি করার পর দেখা গেল পুলিস জি, ডি ভট্টাচার্যক্রেই গ্রেপ্তার করে বসে আছে। কারণ হচ্ছে ওপর থেকে প্রমোদবাবুর নির্দেশ পুলিশ শান্তিপ্রিয় মানুষকে কোন প্রটেকশান দেবে না। থানায় জ্ঞোনারেল ভাইরী এফ, আই, আর করার আগে দেখে নেয় যে সে সি.পি.এম-এর ক্যাডার কি না? এই রকম ন্যাচরল জান্টিস পশ্চিমবঙ্গে এই বর্বর সরকার আসার পর হয়েছে।

আমি দায়িত্ব নিয়ে বলছি যে এই বর্বর সরকার যত দিন আছে পশ্চিম বাংলার মানুষ সৃষ্ট ভাবে বাস করতে পারবে না। স্যার আমার জেলার আর, এস, পি, ও ফরোয়ার্ড ব্লক বন্ধদের কাছে ঘটনা শুনেছি যে সি.পি.এম. যে ভাবে অত্যাচারের রোলার চালাচ্ছে তাতে আমরা সরকার পক্ষে আছি বলে কোন প্রটেস্ট করতে পারছি না কিন্তু পঃ বাংলার মানুষ প্রটেস্ট করতে আরম্ভ করেছে। আজকে বিভিন্ন জায়গা থেকে ডকুমেন্ট আসছে যেখানে লিপিবদ্ধ আছে মানুষ প্রোটেকশন পাচ্ছে না। একটা কথা বলতে আমি বাধ্য হবো। এরা যতই চিংকার করুন পঃ বাংলায় ল এশু অর্ডার ডিটোরিয়েট করেছে। সেখানে সেন্ট্রাল থেকে যদি জ্যোতি বাবুকে দুটো চিঠি দেন তাহলে জ্যোতিবাবু বিধানসভায় উত্থা প্রকাশ করেন যে किन देगोतरम्यात—यज्यञ्च कत्रह, किन द्याण व्यापानत रक्त एत्। व्यवकर्म यपि कर्तन তাহলে কেন্দ্র ফেলে দেবে। অপকর্ম যদি না করেন তাহলে কেন্দ্র দয়া করে রাখতে পারেন মানুষের মঙ্গলের কথা চিন্তা করে। কিন্তু বলছি আর্টিক্যাল ৩৫৬ ইন্ডিয়ান ক্র্যাটিট্রুন্রের যেখানে ক্লিয়ারলি বলা হচ্ছে কোন স্টেটে যদি ইন্ডিয়ান কনস্টিটিউশনের কোন আর্টিক্যাল পংখানুপুংখ রূপে মানুষের পক্ষে না যায়, যদি ইন্ডিয়ান কনস্টিটিউশন পূর্ণ ভাবে মানুষের জন্য ব্যবহার করা না যায় তাহলে কেন্দ্র সেই স্টেট কে চুমু খাবে না, তাকে উল্টে দেবে। এটা আটিক্যাল ৩৫৬ তে আছে। আপনি স্যার, ইন্ডিয়ান কনস্টিটিউশনের ২৫৬ দেখুন। সেখানে বলছে কোন মানুষের ভোটাধিকার কেড়ে নেওয়া চলতে পারে না, যদি কেড়ে নেওয়া হয় তাহলে দ্যাট ইজ আন কনস্টিট্টিশনল। কিন্তু বিগত নির্বাচনে, এই শ্রীরামপুর নির্বাচনে আমরা লক্ষ্য করলাম কি ভাবে মানুষের ভোটাধিকার কেড়ে নেওয়া হয়েছে। স্যার আর্টিক্যাল ১৯ ক্লজ ওয়াইজ দেখুন। এই পশ্চিমবাংলায় আর্টিক্যাল ১৯কে পদদলিত করা হয়েছে। এই পশ্চিম বাংলায় আর্টিক্যাল ১৯এ যেখানে মানুষের ফ্রিডম অফ রাইট টু মুভ উইদিন দি টেরিটরি অফ ইন্ডিয়া আছে সেখানে আমরা লক্ষ্য করছি— আমরা মরিচঝাঁপির কথা বলবো না, আমরা বিধানসভার সদস্যরা পঃ বঙ্গ টেরিটরির মধ্যে ফ্রিলি মুভ করতে পারি না। কাশীকান্ত মৈত্র বিধানসভায় বক্তব্য রেখেছেন, আপনারা কানে আঙ্গুল দিয়ে ছিলেন, আমরা ইন্ডিয়ান টেরিটরি সেই জায়গার মধ্যে প্লঃ বঙ্গের অগণতান্ত্রিক বর্বর— অত্যাচারী সরকারের জন্য মরিচঝাঁপিতে সেই মানুষের কাছে যেতে পারি নি। আর্টিক্যাল ১৯ সেখানে পদ দলিত করা হয়েছে। আর্টিক্যাল ১৯ ফাণ্ডামেন্টাল রাইট টু মুভ উইদিন দি ইন্ডিয়ান ইউনিয়ন—ক্লব্জ

সি তে আছে দেখবেন কি হচ্ছে, পশ্চিমবাংলায় দেখছি (গোলমাল) আর্টিক্যাল ১৯কে পদদলিত করা হয়েছে। স্যার এইমাত্র টেলিগ্রাম পেলাম টি এস্টেটের লেবারদের কাছ থেকে দার্জিলিং এ ওখানে এম এল এ আছেন, ওখানকার লেবাররা বরখান্ত করে দিয়েছে আমাদের ইউনিয়ন ফর্ম করার জন্য। আাডমিনিস্ট্রেশন যেখানে ফাণ্ডামেন্টাল রাইট হচ্ছে আমাদের ইউনিয়ন ফর্ম করা, দার্জিলিং এর লেবাররা যখন বলছে তোমরা ইউনিয়ন ফর্ম করো, ওরা করলো কি ১১ই ফ্রেক্সয়ারী আমাদের দিবাকর রায়কে পেরেক দিয়ে ঠুকে ঠুকে মারলো। তার অপরাধ যে সে ইউনিয়ন করতে গিয়েছিলো। এই ভাবে আর্টিক্যাল ১৯কে পদদলিত করা হয়েছে। তাই বলি এখানে ফ্রিডম অফ প্রপাটি নেই, ফ্রিডম অফ একসপ্রেশান আমাদের সঙ্কৃতিত, ফ্রিডম অফ মুতমেন্ট আমাদের রেষ্ট্রিকটেড, ফ্রিডম অফ মেকিং ইউনিয়ন আমাদের নেই। আজকে এই ভাবে কর্ম্বিক্টেউট্নেক্রেক যদি পদদলিত করা হয়—এখানে অন্যান্য ৯টা স্টেটকে ভেঙ্গে দিয়েছে বলে এরা রেজলিউশন আনছেন— কিন্তু ভারতবর্ষের মধ্যে পঃ বাংলার নাগরিকরা ট্রেন, বাস, ট্রাম পথে ঘাটে আলোচনা করছে যে কেন্দ্র কেন দয়া করে এই অগণতান্ত্রিক সরকারকে কনটিনিউ করতে দিছে। আমি বলি কনটিনিউ করতে দেওয়া হোক কিন্তু পশ্চিমবঙ্গের মানুষের কস্টে নয়ে।

আমরা কি দেখছি সেন্ট্রাল থেকে যত রিলিফ পাঠান হয়েছে, ল এণ্ড অর্ডারের কথা পরে আসবো— মানুষকে কিভাবে সিজ করে সেই মানুবের বিনিময়ে কি ভাবে এই রিলিফে নিজেদের পার্টি ফাণ্ড গড়ে উঠেছে এই ঘটনা পশ্চিম বাংলায় ভূরি ভূরি উঠেছে। আজকে কোশ্চেন আওয়ারে আমাদের ভদ্র মন্ত্রী দেবব্রত বাবু ক্লিয়ারলি শ্বীকার করলেন যে, একজন গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে রিলিফের টাকা তছনছের অভিযোগ পেয়েছি। সাার, এরা মানুবের বিনিময়ে কি ভাবে মূল্যায়ন করছেন সেটা দেখা দরকার। আমি এদের নেতা ও পশ্চিম বাংলার মুখ্য-মন্ত্রী জ্যোতি বাবুর কাছে ভূরি ভূরি দলিল পার্টিয়েছি এই অভিযোগে যে পঃবঙ্গে রিলিফের টাকা বিতরণ না করে সেই টাকা আত্মসাৎ করে কি ভাবে পার্টি ফাণ্ড করা হয়েছে। এই এক্সজাম্পেলের ডকুমেন্ট দিয়ে পার্টিয়েছি কিন্তু নো রেজান্ট। ওঁরা ভাবছেন যতক্ষণ থাকবো নিজের দাপটে চালিয়ে যাবো। কিন্তু আপনাদের মধ্যে যাদের শুভ বৃদ্ধি আছে তাঁদের বলি আপনারা সৃষ্ঠ ভাবে সরকারকে পরিচ্বলনা কর্রন এটা মানুষ চায়। কিন্তু আপনারা কোন দিন সৃস্থা হবেন না।

আপনাদের মধ্যে শুভবুদ্ধি আসেনি এবং গঠনমূলক কথা শোনবার মত মানসিকতাও আপনাদের নেই। স্যার, কিছুক্ষণ আগে লবিতে বসে ফরওয়ার্ড ব্লকের একজন বিশিষ্ট ব্যক্তি আমাকে সূ.পি.এম.-এর অগণতান্ত্রিক কাজের কথা বলছিলেন। সি.পি.এম-এর মাননীয় সদস্যরা বুকে হাত দিয়ে আমাকে বলুন তো আপনারা জ্যোতিবাবু এবং প্রমোদবাবুর ঝগড়ায় সুখে আছেন কিনা, শাস্তিতে আছেন কি না?

শ্রী কমল কান্তি ওহ : মাননীয় স্পীকার মহাশয়, সুনীতিবাবু বললেন ফরওয়ার্ড ব্লকের একজন বিশিষ্ট নেতা ওঁনাকে ওইসব কথা বলেছেন লবিতে বসে। আমি মনে করি এইভাবে বলা যায় না।

মিঃ স্পীকার : শ্লীজ টেক ইওর সিট। লেট হিম ফিনিস হিজ স্পীচ এান্ড দেন ইউ স্পীক।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনি হাউসকে কট্টোল করেছেন বলে আপনাকে ধন্যবাদ দিচ্ছি। তবে আমি এমন কোন গুরুতর কথা বলিনি। যাহোক, আমি লক্ষ্য করে দেখেছি কেন্দ্রীয় সরকারের তরফ থেকে পশ্চিমবাংলায় মানুবের মঙ্গলের জন্য যত টাকা পাঠান হয়েছে তার একাংশও কাজ হয় নি, সমস্তই অপচয় হয়েছে। অবশ্য এই ব্যাপারে তদন্ত আরম্ভ হয়েছে তবে রাজ্যপালের ভাষণে যদি একথা থাকত যে এরকম ভূরি ভূরি অভিযোগ পাওয়া গেছে এবং তা তদন্ত হচ্ছে তাহলে আমি বুঝতাম। মন্ত্রীরা এখানে দাঁড়িয়ে বলছেন আমরা অভিযোগ পেয়েছি, অথচ রাজ্যপালের ভাষণে সেসব কথা কিছু নেই। তারপর, রাজ্যপালের ভাষণে রয়েছে পশ্চিমবাংলার মানুষ এই সরকারের আমলে অত্যন্ত শান্তিতে নিজের জমির ধান নিজের ঘরে তুলতে পেরেছে। স্যার, একথা শুনলে যে কোন সুত্ত মানুষ পাণল হয়ে যাবে। কিন্তু আমরা এই ভূমি সংস্কার এবং ধান তোলার ব্যাপার নিয়ে পশ্চিমবাংলায় কি দেখেছি? আমরা দেখেছি যারা ছোটখাট জমির মালিক অর্থাৎ ১/২/৩/৪/৫ বিঘা জমির মালি তার; তাদের জমির ধান সম্বভাবে, শান্তিতে ঘরে তলতে পারেনি।

[4-40-4-50 P.M.]

স্যার, যে কথাটা বলছিলাম, জমির ধান আজকে সুষ্ঠভাবে মালিকরা তাদের খামারে তুলতে পারেনি। আমি, স্যার বক্তব্য দীর্ঘায়িত করবো না আপনি যখন সময় দেবেন না। আমি ফরোয়ার্ড ব্লককে আঘাত করেছি, জানি অনেকের মনে আঘাত লেগেছে কিছু এটা ঘটনা। আমি লাস্ট কথাটা বলছি, আজকে পশ্চিম বাংলার বুকে ল'এণ্ড অর্ডার নেই। জমির মালিক তার জমির ধান তুলতে পারছে না, কলটিটিউশন সমস্ত পদদলিত করা হচ্ছে, পশ্চিম বাংলার মানুষ আজকে শান্তিতে ঘুমাতে পারছে না এবং সেই পরিবেশে থেকে রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারবো না। এর জন্য যারা চিৎকার করছে সেই চিৎকারের কাছে মাথা নত করবো এই রকম যুবক আমরা পশ্চিমবাংলায় জন্ম গ্রহণ করিনি। স্যার, স্পষ্ট ভাষায় বলছি আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে, জ্যোতি বস, কমরেড জ্যোতি বস, যিনি ওদের মুখ্যমন্ত্রী, তিনি একটা ঘটনাকে কেন্দ্র করে এক জায়গায় বলেছেন—আমরা ডকুমেন্ট দেবো, মুখ্যমন্ত্রী বলছেন, কড়েয়া থানায় মিঃ ডালমিয়ার ঘটনা, আপনিও জানেন, এক মন্ত্রী—আমি তাঁর নাম করছি না, আর এখানকার মন্ত্রীর যোগসাজসে, যে কেসে সাক্ষী আছে ঐ ডালমিয়ার পক্ষে যতীন চক্রবর্তী এবং ডি.সি.সাউথ, সেই কেসে—কাগজ আছে, মুখ্যমন্ত্রী বলছেন, থানা থেকে কি করে আসামীকে জামিন দিয়ে দেওয়া হল এটা আমি ঠিক বুঝতে পারছি না। সঙ্গে সঙ্গে পুলিস থেকে কণ্ট্রাডিকশন হল যে জামিনযোগ্য অপরাধ সেইজন্য তাকে জামিন দেওয়া হয়েছে, এই জামিন দেবার ক্ষমতা পুলিসের আছে। ৬ই তারিখ থেকে কি লক্ষ্য করছি আমরা, স্যার একই বামফ্রন্টের মধ্যে প্রমোদ বাবুর সঙ্গে জ্যোতি বাবুর গভগোল, ফরোয়ার্ড ব্লকের সঙ্গে বামফ্রন্টের গভগোল, পুলিস কর্মজনিক্র সঙ্গে সি.পি.এম., বামফ্রন্টে গন্ডগোল লেগে গিয়েছে, এক ভয়াবহ ব্যাপার। আমরা নাগরিকরা আগ্নেয়গিরির মধ্যে আছি। সেইজন্য আপনাকে অনুরোধ করছি আমরা এখানে সুষ্ঠভাবে বাঁচতে চাই এবং কেন্দ্রকে আমরা ইনফর্ম করি যে সে আমাদের দিকে যেন একটু নজর দেয় যাতে আমরা এখানে সন্থভাবে বাঁচতে পারি। এই সব কারণে আমি আপনার মাধ্যমে জ্ঞানাতে চাই যে রাজ্যপালের যে ভাষণ, যেটা তাঁর নিজের ভাষণ নয়, যেটা ওঁকে দিয়ে বলানো হয়েছে সেই

ভাষণকে সমর্থন করতে পারছি না।

শ্রী কমলকান্তি গুহ । মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, উনি যেকথা বললেন যে ফরোয়ার্ড ব্রকের কোন সদস্য নাকি এই সব কথা বলেছেন, এটা একদম অসত্য কথা, উনি একটা খারাপ উদ্দেশ্য নিয়ে এই কথাগুলি বলেছেন হাউসকে মিসলিড করবার জন্য। ওঁর ফদি সাহস থাকে তাহলে নাম বলে দিন।

শ্রীতি চট্টরাজ ঃ অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্ল্যানেশন, স্যার,

মিঃ ডেপটি স্পীকার : আমি এই ইস্তে ডিবেট করতে দেবোনা।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ আমি পার্সেনাল এক্সপ্ল্যানেশন দিচ্ছি, সাার। কমল বাবুর কথায় অত্যন্ত ব্যাথা পেলাম। কথাটা হচ্ছে একজন মাননীয় মন্ত্রী বলছেন যে আমার সঙ্গে ফরোয়ার্ড ব্লকের সদস্যর কথা হয়েছে এটা অসত্য কথা। স্যার, বিগত দু'বছরের মধ্যে কমল বাবুর প্রেজেনসে কোন সদস্যর সঙ্গে আমি কথা বলিনি।

শ্রী অমরেন্দ্র রায় ঃ স্যার, আমি একটা পয়েন্ট অব অর্ডাব তুলেছিলাম। গর্ডণর সম্পর্কে সুনীতি বাবু যে মন্তব্য করেছেন সেটা আনপালামেন্টারি, সেটা এক্সপাঞ্জ করা দরকার। ৩২৮(৭) যে উপধারা আছে আমি সেইমত তুলছি। আমি ডিক্স্নারী এনেছি, বেচারা কথাটার মানে হচ্ছে helpless or wretched or a pitiable person, a harmless or an innocent person... mean. I understand Mr. Deputy Speaker, Sir,...

উনি ইংরাজীতে কোনটা মিন করছেন বেচারা বলতে? আই আনভারস্ট্যান্ড মিঃ ডেপুটি স্পীকার, স্যার, হয়তো আপনার অসুবিধা হবে বাংলা বোঝায় সেইজন্য ডিক্সনারী এনেছি বাধ্য হয়ে যে বেচারা কথাটার মানেটা কি।

মিঃ ডেপুটি স্পীকার ঃ বাংলা আমি সব বুঝি।

শ্রী অমরেন্দ্র রায় ঃ উনি একথা বলতে পারেন না। এটা আনপার্লামেন্টারি undignified, deregatory, defamatary.. এটা ওর জানা উচিত এই সব ব্যক্তিদের ক্ষেত্রে কি ধরনের ভাষা ব্যবহার করা উচিত। সেই শালিনতারোধ যদি তার না থাকে তাহলে এটা এক্সপাঞ্জ করে দিন এই হচ্ছে আপনার কাছে আমার অনুরোধ।

শ্রী সভ্যরঞ্জন বাপুলী ঃ স্যার, আমার পরেন্ট অফ অর্ডার আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আর.এস.পি. সদস্য ডিক্সনারী এনে বাংলা শিখিয়ে দিলেন। এইটাই তো ডিফেমাটোরি। আপনি যেন বাংলা জানেন না। It tantamounts to insult to the Chair. উনি যেটা পাঠ করে বলেছেন তার প্রথম কথাটার প্রসঙ্গেই বলছি। আমাদের বক্তব্য আপনি হাউসের ডেপুটি স্পীকার, শুধু ওদের নয়, আপনি সকলেরই। আপনি বামফ্রন্টের হয়ে হয়তো নিবাচিত হতে পারেন, কিছু আপনি আমাদেরও ডেপুটি স্পীকার। আপনাকে কিছু বললে আপনি মনে না করতে পারেন, কিছু আমরা মনে করছি, আমরা ফিল করছি যে, উনি চেয়ারকে অপমান করেছেন। আপনার তারজন্য রুলিং দেওয়া উচিত হাউসে।

মিঃ ডেপুটি স্পীকার ঃ অমলবাবু যে পয়েন্টা তুলেছেন সেটার ব্যাপারে রেকর্ড দেখতে হবে। সেটার ব্যাপারে রেকর্ড দেখার দরকার আছে। আমি রেকর্ড দেখবা, তারপর যা কিছু করাব দরকার হবে, তাই করবো।

শ্রী রামনারায়ণ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর বিতর্কের শেষ দিনে অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমেই আমি আজ্ঞকের শতকের সর্বাধনিক এবং সাম্প্রতিক এক আবিস্কারের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি হয়তো লক্ষ্য করেছেন যে গত ৯ই ফেব্রুয়ারী যগান্তরে বেরিয়েছে যে শ্রীমতী গান্ধী নিজেকে একজন নারী বলে দাবী করেছেন। আপনি জানেন যে এই নারী সেই বাংলাদেশের কবি নজরুলের নারী নন, যিনি ছল করে দেখা অনুক্ষণ নজরুলের সেই তম্বী তনয়া নন, এই নারী জগদানন্দের চূল কার. কবে কার অন্ধকার বিদিশার নেশা', সে নারীও নয়, এই নারী রবি ঠাকুরের সেই মহিয়সী কৃষ্টী নন যিনি ধতরাষ্ট্রের দরবারে লাঞ্চিতা দ্রোপদীর হয়ে বিচার প্রার্থী হয়ে দাঁডিয়েছিলেন। আজকের এই নব আবিষ্কৃতা নারী তিনি নিজেই আজকে ওকালতি করছেন উত্তরপ্রদেশের নারায়ণপুরের হয়ে, আর নিজেই তার বিচার করে সেখানকার সরকারের পতন ঘটিয়ে দিয়েছেন। আজকে যেমন করে হতভাগা সেই নারায়ণপরের কিছু মহিলা তাঁর কাছে গিয়েছিল, এমনি করেই পশ্চিমবাংলার ১৯বছরের অসীমা পোন্দার, সোনারপরের গীতা চ্যাটার্জী যাকে বলাংকার করা হয়েছিল তার মত স্বামীর পাশে এবং সেই গীতা চ্যাটাঞ্জীদের হয়ে আমাদের এখানকার মহিলানেত্রী শ্রীমতী কনক মখার্জী এবং শ্রীমতী পংকজ আচার্য সেদিন যখন ইন্দিরা গান্ধীর কাছে গিয়েছিলেন সেদিন বোধ হয় তিনি নারী ছিলেন না। সেইদিন বোধ হয় তিনি পরুষ ছিলেন। তাই নারীর সেই আর্তনাদ সেদিন তাঁর কানে ঢোকে নি। সেদিন বোধ হয় শ্রীমতী গান্ধী নারী ছিলেন না। যেদিন অন্ধকারে অন্ধপ্রদেশের তেলেংগানায় ১০জন নারীর উপর ধর্ষণ করার অভিযোগ নিয়ে আমাদের পার্টির সাধারণ সম্পাদক তখন ছিলেন শ্রী সন্দরায়া, তিনি সেদিন শ্রীমতী গান্ধীর কাছে গিয়েছিলেন। সেদিন বোধ হয় ইন্দিরা নারী ছিলেন না— যেদিন এই পশ্চিমবাংলায় এম.এল.এ. হোস্টেলে রাতের অন্ধকারে ধর্ষণ করার জনা চিৎকারের আওয়াজ উঠেছিল, সে আওয়াজ ইন্দিরা গান্ধীর কানে যায় নি। সেই নারী সেদিন তিনি নারী ছিলেন না। যখন আসামে হাজার হাজার বাঙালী মা-বোনের উপর অত্যাচার হচ্ছে, তখন ইন্দিরা গান্ধী আসাম যেতে পারলেন না। তিনি নারায়ণপুরে চলে গেলেন সেখানকার মহিলাদের কালা শুনে। আপনি আশ্চর্য হয়ে যাবেন, একথা যুগান্তর বলেছে, নারীর লজ্জায় বিচলিত নারী এবং বলা হয়েছে, এই মুহুর্তে তিনি শুধু প্রধানমন্ত্রী নন, একজন নারীও। আর তিনি নারী বলেই তো নারায়ণপুরের সেই সর্বম্ব হারানো মেয়েরা এমন করে এগিয়ে এসেছে তার কাছে। শুধ একজন প্রধানমন্ত্রী হলে কি এমনভাবে মেলে ধরতে পারতেন তাদের এই গোপন লজ্জার কথা?

## [4-50-5-00 P.M.]

মাননীয় উপাধাক্ষ মহাশয়, আপনি জানেন এই মহীয়সী নারী যিনি আজকে নারীত্বের দাবী করছেন, তিনি যেখানে তাঁর সরকার থাকেনা সেখানে যত কিছু অপরাধ, সেখানে আইন শৃদ্ধলার যত কিছু ঘটনা তাঁর নজরে পড়ে। কিন্তু যেখানে তাঁর নিজের দলের সরকার, প্রতিদিন প্রতি মুহুর্তে হাজার হাজার মায়ের সর্বনাশ করছে বলে কালো অক্ষরে লেখা আছে, সেই সব কথা ইন্দিরা গান্ধীর কানে ঢোকে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে আজকে রাজাপালের ভাষণের উপর বিতর্ক চলছে এবং আজকে যাঁরা ঐ বিরোধী দলে বসে আছেন, তাঁদের যা কিছু দল ছুটদের নিয়ে তৈরী হয়েছে, তাঁরাই আজকে চীৎকার করছেন

আইন শৃঙ্খলা নাই বলে। আমি ধন্যবাদ জানাবো জনতা পার্টির তরুণ সদস্য শ্রী কির্গায় নন্দকে এবং প্রবীন সদস্য হরিপদ ভারতী মহাশয়কে যে আজকে তাঁরা পরিবর্তিত পরিস্থিতিতে মনে করছেন, অন্যভাবে তাঁরা চিস্তাভাবনা করছেন এবং তা প্রতিফলিত হয়েছে বলেই তাঁদের আমি ধন্যবাদ জানাই। আইন শৃঙ্খলার কথা তুলেছেন ইন্দিরা গান্ধীর ছা-পোষারা। আপনি স্যার, জানেন আজকে এখানে যারা আইন শৃঙ্খলার কথা তুলছেন গত ৭ই জানুয়ারী বীরভূমের লাভপরের চৌহাট্রার কালী নগর কলোনীতে ২৮টি বাড়ী পুড়িয়ে দিয়েছে এই সমস্ত গুন্ডারা, আর আজকে এরাই আইন শৃঙ্খলার কথা বলে চীংকার করছে। যারা গত ২৬শে ডিসেম্বর সবোধ মল্লিক স্কোয়ারের নিকট আমাদের প্রিয় নেতা আবদুল হালিমের উপর আক্রমণ করেছে, তারাই আইন শৃष্খলার কথা বলছে। আপনি জানেন গত ২৪শে নভেম্বর শুক্রবার কাবা মসজিদের ঘটনাকে কেন্দ্র করে এই সমস্ত মস্তানরা ঐ সূত্রত মুখার্জী বাস ট্রাম পোড়ানোর উসকানি দিয়েছিল, আজকে ওরাই আইন ও শৃঙ্খলার কথা বলছে। যারা মেটিয়াক্রজকে অন্ধকারে পরিণত করছে, প্রতিদিন কলকাতার বিভিন্ন এলাকায় ওদেরই নেতৃত্বে গুন্তাবাহিনী দৌরাষ্ম্য করছে। আজকে তাদের লজ্জা করেনা আইন শঙ্খলার কথা বলতে ? ভাবতে পারেন. ওদেরই নেতা, ভারতবর্ষের আইনের যে শাসক সুপ্রীম কোর্টের বিচারপতি চন্দ্রচডকে টেলিফোন করে হুমকি দিয়েছে, সঞ্জয় গান্ধীর বিরুদ্ধে মামলা করতে যেয়োনা। এই যারা হুমকি দিয়েছে, তারাই আজকে আইন শৃঙ্খলার কথা বলহে। জনতা পার্টির নেতা জেঠমালানীর বাড়ী ঘেরাও করে তাকে খুন করার ছমকি দেওয়া হয়েছে এবং যারা ছমকি দিয়েছে, তারাই আজকে আইনের শাসনের কথা বলছে। এই কদিন আগে বর্ধমানের মেমারিতে বসতপুর গ্রামে গণেশ মুর্ম বলে একজন কর্মীকে রাত সাড়ে বারটার সময় কাপুরুষের মত গুন্ডারা খুন করেছে যারা. তারাই আজকে আইন শৃষ্খলার কথা বলছে। লচ্ছা করেনা? এই কয়দিন আগে খন্ডকোষ-এর ঘরপুরা বলে একটা গ্রাম আছে, সেখানে কি করেছে? নিজের জমিতে চাষ করে যে ধান क्लिय़िष्टल, स्मेरे थान खडाता करते निष्ठ शिला वाथा पिय़िष्टल, स्मेरे अनताथ तक्षन भी-কে তারা খুন করেছে। আজকে তারাই আইন শৃঙ্খলার কথা বলে চীৎকার করছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ওরা নারায়নপুরের কথা বলছেন অথচ আমরা দেখেছি জামা মস্জিদের সাবাত সিং এর নেতৃত্বে ২৬ রাউন্ড গুলি চালিয়েছিল, সেখানে কলেজের ছাত্রী ফরিদার রক্ত এখনও দেওয়ালে লেগে আছে। আজকে শ্রীমতী গান্ধীর ছা-পোষারা আইনের কথা বলছে, শৃঙ্খলার কথা বলছে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন, শুধু বিরোধীপক্ষ কেন আমরা দেখলাম খ্রী অজিত পাঁজা, তিনি নির্বাচনে দাঁড়িয়েছিলেন এই ছিল তাঁর অপরাধ, ইন্দিরা কংগ্রেসের একদল লোক যারা অজিত পাঁজার বিরোধী তারা তাঁকে আক্রমণ করলো এবং তাঁকে হাসপাতালে পাঠিয়ে দিল। এই যেখানে অবস্থা সেখানে তাঁরাই আবার আইন শৃষ্কালার কথা বলছেন। তারপর ঐ বর্ধমান থানার ইরপাড়া গ্রামে বসস্ত বাগদীকে প্রকাশ্য দিবালোকে, কারা খুন করেছিল? ঐ ইন্দিরা কংগ্রেসের লোকেরা। যারা এইসব কান্ধ করেছে তারাই আবার আইনশৃষ্কালার কথা বলছে। আমাদের পার্টির সম্পাদক কমরেছে প্রমোদ দাশগুপ্তকে কারা নির্বাচনের সময় হত্যার ছমকী দিয়েছিল? সেই হত্যার ছমকী দিয়েছিল আনন্দমার্গীরা এবং তাদের পেছন থেকে উক্ষে দিয়েছিল ঐ মস্তান বাহিনী। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়,

আপনি জানেন, আজকে পশ্চিমবাংলায় আইনশৃদ্খলা যা আছে গোটা ভারতবর্ষে তা নেই। স্যার, আনন্দবাজ্ঞার পত্রিকা, যেটা আমাদের পত্রিকা নয়, আমাদের পার্টির মুখপত্রও নয়, বরং সুনীতিবাবুরা দাবী করতে পারেন যে তাঁদের কথাই বেশী করে এতে লেখা হয়. সেই আনন্দবাজার পত্রিকায় ৬ই নভেম্বরের সংখ্যায় লেখা হয়েছে যে ''দুঃম্বপ্লের নগরী তুলনায় নিরাপদ" সেখানে বলা হচ্ছে, খন, জখম, রাহাজানি, চরি, ছিনতাই, দাঙ্গা-হাঙ্গামা, ধর্ষণ সব ব্যাপারেই দিল্লী, বোম্বের তুলনায় কলকাতা ঢের ঢের পিছিয়ে আছে। আমরা গর্বিত। তবে তারা যে আইনশন্ধলা চান, তারা যে আইন চান যাতে করে সুনীতিবাবুর দলবলেরা প্রকাশ্য দিবালোকে নারী ধর্ষণ করতে পারবে, তারা রাহাজানি করবে অথচ পূলিশ কিছু বলবে না আমি তাঁদের বলতে চাই এটা জেনে রাখুন, সেই শৃঙ্খলা, সেই আইন পশ্চিমবাংলায় আর কোনদিন ফিরে আসবে না। পশ্চিমবাংলায় নতুন আইন শৃঙ্খলা তৈরী হচ্ছে তাই তাঁরা আতঙ্কিত হয়ে উঠছেন। তারপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ভোটার লিস্টে কারচুপির কথা বলা হয়েছে। তাঁরা বলেছেন, ভোটার লিস্টে আমরা নাকি ইচ্ছাকৃতভাবে কারচপি করেছি। তাঁদের অঙ্কবিশারদ ভোলা সেন মহাশয়—অবশ্য আগে শুনেছিলাম তিনি ভাল আরু বঝতেন কিন্তু এখন নানা কারণে হয়ত তাঁর বন্ধিভ্রংশ ঘটেছে- তিনি বেলিয়াপ্লার কাছে গিয়ে একটা অঙ্কের হিসাব দিলেন যে পশ্চিমবঙ্গে প্রতি বছর ২।। পারসেন্ট করে লোক বাডছে অথচ ভোটার বেডে হয়ে গেল ১৭।। পারসেন্টা এটা কি করে হয়? মাননীয় ডেপটি স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, বলন, ১৯৬৫ সালের পর ডোর টু ডোর এনুম্যারেশন কবে হয়েছে? ১৯৬৫ সালের পর পশ্চিমবাংলায় বাড়ীতে বাডীতে গিয়ে এই ভাবে ভোটার লিস্ট আর কখনও তৈরী করা হয়নি। তাছাডা আমরা যদি ভোলাবাবর কথা মেনেও নিই তাহলে ১৯৬৫ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত ২।। পারসেন্ট করে বাডলে কত পারসেন্ট ভোটার। বাডার কথা সেটা কি চিম্বা করে দেখেছেন? এঁরা চিৎকার করলেন এত ভোটার বেড়েছে, ভুতুড়ে ভোটার আবার কালকে দেখলাম সত্য বাপুলী মহাশয়—অনেকে আবার অসতা বাপলী বলেন বাইরে— বললেন কলকাতা কপোরেশনের কোন একটি ওয়ার্ডে সেখানে নাকি ভোটার ছিল ৩৬ হাজার না কত সেটা কমে এখন ২৬ হাজারে দাঁডিয়েছে। তাহলে বাডলেও বিপদ কারণ ভোলাবাবু চিৎকার করবেন, আবার কমলেও বিপদ সত্যবাব চিৎকার করবেন। তাহলে তাঁরা কি চান? তাঁরা কি চান ১৯৭২ সালে তাঁরা যে ভোটার লিস্ট তৈরী করেছিলেন সেটা আমরাও করি। কিন্তু সে কাজ তো আমরা করতে পারবো না। সাার আপনি জানেন ভোটার লিস্ট নিয়ে অনেক কথা উঠেছে। আমাদের চিফ ছইপ দীনেশবাব তাঁকে জডিত করে বলে দেওয়া হল বনহুগলীর কোন এক জায়গায় তাঁর বাডীতে নাকি ৯ জনের জায়গায় ৩০২ জনকে ভোটার করা হয়েছে। শুধু তাই নয়, আনন্দবাজার পত্রিকায় দীনেশবাবুর প্রতিবাদ বিবৃতি যেদিন ছাপা হচ্ছে সেইদিনই তারা সম্পাদকীয় লিখে দিলেন ৯ থেকে ৩০২। মা ষষ্ঠীর কল্যাণে এত কান্ড সেখানে হচ্ছে। ভারতবর্ষের সবাই জানে যে এটা ছাপার ভূল হয়েছে অথচ সেখানে ইচ্ছাকৃতভাবে বিকৃত করে তথা প্রকাশ করা হল। তারপর বর্ধমানে মহাজনটুলি বলে একটা জায়গা আছে। কলকাতায় যেমন সোনাগাছি বলে একটি পরিচিত জায়গা আছে বর্ধমানেও তেমনি মহাজনটলি বলে একটি পরিচিত জায়গা আছে। আনন্দবাজারের সাংবাদিক সেই জায়গাটিকেই বেছে নিলেন এবং তিনি সেখান থেকে খবর নিয়ে এলেন যে অমুক অমুক লোকের নাম বাদ গিয়েছে। তার ৪ দিন বাদে ওখানকার

[5-00-5-10 P.M.]

ডি.এম. শ্রী জে.ভি.আর প্রসাদ রাও, তিনি প্রতিবাদ করে সেই সমস্ত **লেংকের কাছ** থেকে সই নিয়ে এলেন যে তারা সবাই জীবিত এবং তারা সবাই সেখানে খাকেন। তারা রিক্সা পূলার, তারা দিনের বেলায় কাজ করেন রাত্রিবেলাতে সেখানে থাকেন। স্থার, জ্ঞামি একথা বলতে গিয়ে একথা বোঝাতে চাই না যে কোন ভূল নেই। কি**ন্ধ আঞ্চকে গুব** অতিরঞ্জিত করা হচ্ছে। আপনি জানেন খবর বেরিয়ে গেল প্রণববাবর নাম মাকি ভোটার লিস্টে নেই। হৈ হৈ ব্যাপার। তারপর দেখা গেল প্রণববাবুর নাম নাকি এ**কজারু**গায় নেই শ্রীমান প্রণব মুখার্জ্জীর ২/৩ জায়গায় নাম আছে। এই সমস্ত করতে কেরেছিলেন এবং এইভাবে ভোটার লিস্টে কারচুপির কথা বলছেন। আমরা বলতে চাই আমানের মন্ত্রী জ্যোতিবাবু ও অন্যান্য নেতারা বলেছেন মিস্টেক থাকতে পারে ছাপার ভুল থাকতে পারে, তাডাডাডি করে কাজ করা হয়েছে। তারা একটা মোটিভ করছেন। শুধু তাই নয়, আজকে 🖼 হয়েছেন, গণিখান চৌধুরি যার লম্বা লম্বা চল ছিড়ে ফেলে দিয়েছিল, তিনি বলে দিলেন ভোটার জিস্ট পোডাও। মাননীয় সদস্যরা জানেন কংগ্রেস কর্মীদের কাছে এটা খুব টাচি প্লোগাল হয় নি। কেন না, জ্যোতিবাবু ঠিকই বলে দিয়েছিলেন, কেন পোড়াবে, ভোটার লিস্টের দাম আছে—সঙ্গে সক্ষে মস্তানরা বুঝলেন এটা বেচে দিলে মদের খরচ তো উঠে যায়। সেই জনা তারা লিস্ট পোডান নি. দোকানে বেচে দিয়েছিলেন। এইভাবে তারা ভোটার লিস্টের কথা বলছেন। রাজনারায়ণ কোথায় ছিলেন? তাকে তো মাসাধিককাল হাসপাতালে থাকতে হয়েছিলো। জগজীবন রাম. মোরারজী, ইন্দিরা গান্ধী যেখানে গেছেন সেখানেই সভা বন্ধ করার জন্য ইট পাটকেল ছোঁডা হয়েছে। পশ্চিমবাংলায় বিরোধী দলের নেতারা আছেন, ইন্দিরা গান্ধী, মোরারজী, জগজীবন রাম এসেছেন, আমাদের পার্টির নেতবন্দ, বাম ফ্রন্টের বিভিন্ন নেতবন্দ এসেছেন—কিন্তু একটা উদাহরণ দিতে পারেন যে এখানে গোলমাল হয়েছে, জগজীবন বাবুর মাথা ফেটে গেছে, ইন্দিরা গান্ধীর মাথা ফেটে গেছে? কোথাও হয় নি। কিন্তু গণিখান চৌধুরী শাসকদেরকে বললেন এখানে মিটিং করা যাচেছ না। আপনি জানেন নির্বাচন কমিশনার সাকদের তিনি প্রতিনিধি পাঠিয়ে দিলেন। সেই প্রতিনিধি তদন্ত করে বললেন মিথা। কথা— হবছ মিথা। কথা, মালদহে ১৭বার গণিখান চৌধরী তাঁর দলের মিটিং করেছেন। এই ভাবে তারা আজকে বাজার মাত করতে চান যে আমরা নাকি ভোটার লিস্টে কারচপি করেছি। আমি এই কথা বলতে চাই পশ্চিমবাংলার প্রত্যেকটি পত্রিকার ৭ই জানুয়ারী খবরটা দেখুন। আনন্দবাজার, যুগান্তর, স্টেটসম্যান, অমতবাজার, সত্যযুগ, বসুমতি ইত্যাদি প্রত্যেকটি পত্রিকাই বলছে এই রকম ভোট পশ্চিমবাংলায় কেন ভারতবর্ষের কোথাও কখন দেখিন। এমন নিরুপদ্রবে শান্তিপূর্ণ ভোট আর কখন কোথাও হয়নি। আমরা গর্ব করতে পারি—শুধ আমরা নই, ইন্দিরা কংগ্রেসের নেতা সূত্রত মুখার্জী তিনি সন্ধ্যার পরে বক্ততা দিলেন, রেডিও, আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে— তিনি বলেছেন এমন যে শান্তিপর্ণ ভোট হয়েছে এবং জনগণ ধৈর্য ধরে ভোট দেবার জন্য তাদেরকে তিনি অভিনন্দন জানিয়েছেন। যেই ফল উল্টো হয়ে গেল অমনি তিনি চীৎকার আরম্ভ করে দিলেন। অবশ্য এবার শুনছি শ্রীরামপুরে নাকি গোলমাল হয়ে গেছে। হাওয়া তো এখানে ঢোকেনি, হাওয়া ঢকবেও না পশ্চিমবাংলায়। আমরা কি করব, পশ্চিমবাংলার মান্য ইন্দিরা গান্ধীর এই সমস্ত লোকদের যদি না চায়—আমরা কি করবং

[ 26th February, 1980

দেখাবেন কালকে শ্রীরামপুর-এর বিভিন্ন বুথে রিগিং হয়েছে, গোলমাল হয়েছে, এই সমস্ত কথ তারা বলতে চান। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একদিকে যেমন ভোটার লিস্টে কারচুপি কথা বলছেন তেমনি অন্যদিকে অবশ্য দৃঃখ লাগে এযে ওরা আমাদের দুর্নীতির কথা বলেন সনীতি চট্টরাজের কাছে আমাদের নীতি শিখতে হবে? ওয়াংচু কমিশনে যিনি বাদ পথে গিয়েছিলেন এবং যিনি বাদ পড়ে যাবার পর সিদ্ধার্থ রায়ের বিরুদ্ধে নারী ঘটনার কেলেঙ্কার্র থেকে আরম্ভ করে সমস্ত কিছু কেলেঙ্কারী ছড়িয়ে দিয়েছিলেন, তার কাছে আমাদের নীতি কথ শিখতে হবে? আপনি জানেন যুগান্তর কাগজ, অন্যান্য কাগজে বেরিয়েছে যে সুইস সরকা? জানিয়েছেন ইন্দিরাগান্ধী ও তার পুত্র সঞ্জয় গান্ধীর নামে সুইস ব্যাঙ্কে ৩ কোটি ৪৫ লব ডলার জমা আছে। এই টাকা কোথা থেকে এল? তিনি তোঁ ১১ বছর ধরে ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন স্যার, আপনি জানেন সত্যয়গ পত্রিকায় কল্পতরু সেনগুপ্ত একটি আর্টিকেন্ निर्धिक्तिन। त्रिधान पर्धिक देनिता शासी ১৯৭৬-৭৭ সালে যে तिটার্ন দাখিল করেছে তাতে ইন্দিরা গান্ধী নিজে আটটি কোম্পানীর শেয়ার হোল্ডার এবং তাঁর স্বনাম ধন্য প্র সঞ্জয় গান্ধী ১১টি কোম্পানীর শেয়ার হোম্ভার। শুধু তাই নয়, ১৯৭৭ সালে লোকসভা? জ্যোর্তিময় বোস এর একটি প্রশ্নোন্তোরে জানানো হয়েছে, এই যে ১১টি এবং ৮টি, মোঁ ১৯টি কোম্পানী, এই কোম্পানীগুলো বিভিন্ন ব্যাঙ্ক এবং বিভিন্ন সাহায্যকারী যে সব প্রতিষ্ঠান আছে যেখান থেকে টাকা পাওয়া যায়. ফিনাালিয়াল কর্পোরেশন, সেখান থেকে কোটি কোটি টাকা তারা সাহায্য নিয়েছে। জ্যোর্তিময় বোসের প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী লোকসভায় এই সং কথা জানিয়েছেন। আজকে আমাদের নীতির কথা বলবেন, তাঁর কাছ থেকে আজকে আমাদের নীতি শিখতে হবে। ওরা বলছেন যে পঞ্চায়েতে নাকি আজকে ভয়ঙ্কর রকম দুর্নীতি চলছে অথচ আপনি জানেন আজকে সত্যযুগ কাগজে বেরিয়েছে সারা ভারত পঞ্চায়েত পরিষদের সাধারণ সম্পাদক শ্রী এস আর তেওয়ারী বর্ধমান, মর্শিদাবাদ, হুগলি জেলার কতকগুলো গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির কাগজ পত্র দেখে খুব তারিফ করেছেন এবং তিনি বলেন পশ্চিমবঙ্গে এই পঞ্চায়েত প্রশাসন অন্যান্য সমস্ত রাজ্যের পক্ষে একটা মডেল হওয় উচিত । শুধু তাই নয়, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন, বন্যার সময় বিলিফ নিয়ে একই ভাবে ভাঙ্গা কাঁসির মত ওরা চিৎকার করেছিলেন, অনেক দনীতি হয়েছে। কি বেরিয়েছে যগান্তরের ১৮ই নভেম্বর তারিখে? যুগান্তরে সম্পাদকীয়তে লেখা হয়েছে রিলিফে ক্রটি বিচাতি থাকা অস্বাভাবিক নয়। কিন্তু এত বড বিপদে দেশের মানুষ, সরকার মারফত যে দুঃখী মানুষের জন্য কিছু করা হচ্ছে, তা অস্বীকার করার অর্থ বাস্তবকে অস্বীকার করা, যুগান্তর কাগজে এই জিনিস বেরিয়েছে। আপনি জানেন, এর আগেও আমি বলেছিলাম পশ্চিমবঙ্গ পত্রিকার ১লা ডিসেম্বর ১৯৭৮ সালের সংস্করণে, বীরভূম জেলার কংগ্রেস কমী ধীরেন প্রামাণিক, তিনি পশ্চিমবঙ্গ পত্রিকার সাংবাদিক শ্যামল সেনগুপ্তের সঙ্গে এক সাক্ষাৎকারে বলেছেন, বিরোধী দলের সমর্থক হয়েও ডাঃ প্রামাণিক স্বীকার করেছেন যে প্রাকৃতিক বিপর্যয়ে স্বাধীনতার পরবর্তীকালে এমন রিলিফ আর হয়নি। শাসক দলের বছ ক্ষতিগ্রস্থ কর্মী নিজের। রিলিফ না নিয়ে হাসি মুখে অপরের হাতে তা তুলে দিয়েছেন। এমন আত্মত্যাগের নজীর স্বাধীনতার পরবর্তীকালে আর দেখী যায়নি। এটা আমার কথা নয়, ডঃ ধীরেন প্রামানিক মহাশয়ের কথা। মাননীয় উপাধাক্ষ মহাশয়, আপনি জানেন যে কেন্দ্রীয় সরকার, জনতা পার্টির সরকার, তারা কাজের বদলে খাদ্য যে প্রকল্প, সেই প্রকল্পের জন্য গম আমাদের জন্য সাহায্য

দরেছিলেন এবং পশ্চিমবঙ্গে সরকারের যে সীমাবদ্ধ অবস্থা, তার মধ্যে দিয়ে তাদের কাজ্ব দরতে হয়েছে, টাকা আমাদের কম, অথচ এই অবস্থাতেও আমরা যে প্রতিজ্ঞা নিয়ে এখানে মেছি, দুঃশী মানুষ, গরীব মানুষ, সংগ্রামী মানুষের পাশে দাঁড়াবার যে প্রতিজ্ঞাতি আমরা নয়ে এসেছি, সেই প্রতিশ্রুতি রক্ষার জন্য আমরা আমাদের এই তহবিল থেকে কোটি কোটি কা এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে গম পেয়েছি, তা নিয়ে আমারা কাজ্বের রিনিয়য়ে খাদ্য প্রকল্প চালু করেছি এটা কি আমরা অপরাধ করেছি? মূল্যায়ন করতে পারেন রয়া? যোজনা কমিশনের যে সমীক্ষা হয়েছে, সমীক্ষকরা বলছেন, ২০ টা জেলার তারা বেছে বিভেন্ন রাজ্যে এবং ২০টা জেলা নীতি বাচক ফল সেখানে লাভ করা গেছে এবং ারা সূপারিশ করেছেন যে কেন্দ্রীয় সরকারের উচিত হবে খাদ্যের বদলে কাজের প্রকল্পকে। ত্রীয় সূপারিশ তারা করেছেন যে কুড ফর ওয়ার্ক স্কীম সেটা যাতে পঞ্চায়েতের মারফং হয় দটাও তাদের দেখতে হবে। আমরা অপরাধ করলাম? যোজনা কমিশন যে সূপারিশ করেছেন, শিচমবঙ্গ সরকার, পশ্চিমবাংলার মেহনতী মানুষের, সংগ্রামী সরকার পঞ্চায়েতের মারফং দই কাজগুলো তারা করছে।

# [5-10-5-20 P.M.]

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই ভাবে খাদ্যের বদলে রিলিফের প্রোগ্রাম নিয়ে ামরা কাজ করে যাচ্ছি। আর ওরা কোথায় ২ কে.জি.গম চলে গেছে, কোথায় ১ টাকার গালমাল হয়েছে, এই সব খুঁজে বেডাচেছ। অথচ যখন বাংলাদেশ থেকে হাজার হাজার দ্বান্ত এখানে এসেছিল তখনকার ত্রিপলের হিসাব কোথায় গেল, কোটি কোটি টাকার ম্বলের হিসাব কোথায়? কোনো হিসাব নেই। আর স্নীতিবাব তো ওয়াংচ কমিশন থেকে দ হয়ে গিয়েছিলেন। লজ্জা করেনা ওঁদের? ওঁদের লজ্জা নেই। গোটা ভারতবর্ষের মাথা হেট রে দিয়েছেন ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী। আমেরিকার রাষ্ট্রদূত হিসাবে ইনিহাম এখানে ছিলেন, তিনি একটা বই লিখেছিলেন, সেই বই তে তিনি বলেছেন ইন্দিরা াদ্ধীকে তাঁরা কেরালার কমিউনিস্ট সরকারকে ভাঙার জন্য দু'বার টাকা দিয়েছেন। মাননীয় ্পটি স্পীকার, সাার, আপনি জানেন আর একজন আমেরিকান টমাস পাওয়ার এর একটি ই থেকে জানা যাচেছ যে, ইন্দিরা গান্ধীর ক্যাবিনেটে একজন সি.আই.এ.-র গুপুচর ছিল। দের লক্ষা করছে নাং ওঁরা আবার আমাদের নীতি শেখাবেনং মাননীয় ডেপুটি স্পীকার. ার, আপনি জ্ঞানেন ওঁরা কি উদ্দেশ্য নিয়ে আজকে আইন-শৃঙ্খলার কথা বলছেন। আইন-খুলাকে বিপর্যস্ত করতে চাইছেন, যাতে করে কেন্দ্রীয় সরকার এখানে হস্তক্ষেপ করে এবং है উल्पना नियारे जास्त्रक धर्मात धरे भव करहान। धरा वनहान मूना वृक्षि रयाहा। गीया ায়ে গিয়ে নির্বাচনের সময় বলেছিলেন— ওঁদের একটা স্লোগান ছিল, ''দাম বাড়ছে কেন, ন্যাতিবাবু জবাব দাও"। তা ওঁরা এখন ওঁদের মায়ের কাছ গিয়ে একথা জিজ্ঞাসা করুন। খন তো বলেছিলেন যে, মা-কে ভোট দিলে পরে আর মূল্য বৃদ্ধি হবে না। তা পশ্চিমবঙ্গে, দরল আর ত্রিপুরা ছাড়াও মা তো অনেক আসনে জিতেছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার. াপনি জ্বানেন নির্বাচনের পূর্বে চিনি কলের মালিকরা শ্রীমতী ইন্দিরা গান্ধীকে নির্বাচনের জনা নেক টাকা দিয়েছিল, আর সেই টাকা আজকে তোলার জন্য চিনির দাম সাড়ে পাঁচ টাকা

৬ টাকায় উঠেছে। কয়েক দিন আগে প্রণববাব এখানে এসেছিলেন, তাঁর সঙ্গে জ্যোতি বাবর আলোচনা হয়েছে, প্রণব বাবু নিজে স্বীকার করেছেন যে, চিনির উৎপাদন কমে গেছে। তাহলে কি স্যার, ১৯৮০ সালের ৬ই জানুয়ারীর আগে উৎপাদন খুব বেড়েছিল? আর ইন্দিরা গান্ধী আসবার পর উৎপাদন খুব কমে গেল? সেই জন্যই কি চিনির দাম খুব বেডে গেছে? আজকে এই সব যুক্তি ওঁরা দিচ্ছেন। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ওঁদের সঙ্গে তর্কে গিয়ে কোনো লাভ নেই। আমাদের বামফ্রন্ট সরকার অনেক দিন আগে থেকেই বলে আসছেন যে. ১০-টি নিত্য প্রয়োজনীয় জিনিসের পাইকারী বাণিজ্য রাষ্ট্রায়ত্ব করতে হবে এবং তা যদি করতে পারা যায় তাহলেই এই মূলা বৃদ্ধিকে রোধ করা যাবে। আজকে প্রণববাবুও সেকথা জ্যোতিবাবর কাছে স্বীকার কবে গেছেন। তাঁদের যদি সেই সদিচ্ছা থাকে তাহলে আমরা তাদের ধন্যবাদ জানাব। আজকে ১০-টি প্রয়োজনীয় জিনিসের পাইকারী ব্যবসাকে রাষ্ট্রায়ত্ব করুন। কিন্তু স্যার, আপনি জানেন এসব ইচ্ছে ওদের নেই। তাই যদি থাকত তাহলে উত্তর প্রদেশের সরকারকে, বিহারের সরকারকে ভাঙত না। কি যুক্তিতে ইন্দিরা উত্তর প্রদেশের সরকার ভেঙেছিল? সেখানে বলেছিল যে. রায়বেরিলিতে ২ টাংকার ডিজেল এবং পেটুল পাঠানো হয়েছিল, কিন্তু তা রায়বেরিলিতে পৌছায়নি মাঝ পথে তা আটক করা হয়েছিল। এই হচ্ছে উত্তরপ্রদেশ সরকারের অপরাধ। বিহার এবং উত্তরপ্রদেশের সরকার কেন্দ্রের সঙ্গে নাকি সহযোগিতা করছিল না, এই ছিল ওঁদের যুক্তি। শুধু তাই নয় মাননীয় ডেপটি স্পীকার মহাশয়, ওঁরা লোড শেডিং এর কথা, অন্ধকারের কথা বলছেন এবং ইতিপূর্বে এই হাউসে হ্যারিকেন নিয়ে ঢুকেছিলেন। এই সেদিন গণিখান চৌধুরি রাইটার্স বিশ্ভিংস-এ জ্যোতিবাবুর সঙ্গে কথা-বার্তা বলতে এসেছিলেন এবং সেই সংবাদ যগান্তর, আনন্দবাজার, সতায়গ প্রভতি সব কাগজে প্রকাশ হয়েছিল এবং তার সঙ্গে আরো একটা খবর বেরিয়েছিল যে, হরিয়ানার ফরিদাবাদ এলাকায় বিদাতের অভাবে কল-কারখানা বনধ হয়ে যাচ্ছে এবং লক্ষ লক্ষ শ্রমিক সেখান থেকে চলে যাচ্ছে। জ্যোতিবাবু কিন্তু সেখানকার মুখ্যমন্ত্রী নন এবং সেকথা বরকত স্বীকার করেছেন। শুধু তাই নয় আমি একটি পুরনো প্রসিডিংসে দেখছিলাম যে ১৯৭৭ সালে এই বিধান সভায় তখনকার বিদ্যুৎমন্ত্রী বরকত গণিখান চৌধুরী কোন্চেন আনসারের সময়ে বলেছিলেন যে. বিদাতের প্রচণ্ড অভাব, তার জনা রেশনিং করতে হচ্ছে। সূতরাং আজকে সমস্ত জিনিসটা ওঁদের বুঝতে হবে, এখানে শুধু ঐ সমস্ত চিপ স্ট্যান্ট দিলে চলবে না। সব শেষে আমি একটা কথা বলব যে, জ্যোতিবাবু ইন্দিরা আসার সঙ্গে সঙ্গে, বলেছেন যে, গণতন্ত্রের বিপদ দেখা দিয়েছে। ওঁরা এই কথা নিয়ে বললেন যে, জ্যোতিবাবু কেন একথা বললেন, জ্যোতিবাবুকে ক্ষমা চাইতে হবে। কেন তিনি গণতন্ত্রের বিপদ বললেন?

আনন্দবাজার পত্রিকায় ১৭ই জানুয়ারী বেরিয়েছে ইন্দিরা গান্ধী আসার ফলে বামফ্রন্ট সরকারের বিপদ আরও বাড়বে, গণতন্ত্রের পক্ষে বিপদ আরও বাড়বে এই কাগজ আমার কাছে আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত কয়েক বছর ধরে বামফ্রন্ট সরকার যেভাবে চলছে সেই রথের চাকা ঠেকাবার সাহস কারোও নেই। এই সরকারের বিরুদ্ধে বারবার ছমিক দেওয়া হচ্ছে। যদি এই বামফ্রন্ট সরকীরের গায়ে আঘাত লাগে তাহলে পশ্চিমবাংলার লক্ষ্ণ কোটি মানুষ সেই আঘাতের মোকাবিলা করবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর ধনাবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বন্ধবা শেষ করছি। শ্রী সুনীতি চট্টরাজ ঃ মাননীয় উপাধাক্ষ মহাশয়, আমার পয়েন্ট অফ অডরি হচ্ছে, একজন মাননীয় সদস্য—আমি জানি না উনি ইন্দিরা গান্ধীর এক হাত কাছে যাবার সুযোগ প্রেছেন কিনা...

মিঃ ডেপটি স্পীকার ঃ হোয়াট ইজ ইওর পয়েন্ট অফ অর্ডার?

শ্রী সুনীতি চট্টরাজ ঃ আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, উনি হাউসের সামনে বললেন ভারতের প্রধানমন্ত্রী তিনি নাকি চিনি কলের মালিকেব কাছ থেকে টাকা নিয়েছেন— আমি চ্যালেঞ্জ জানাচিছ উনি এটা প্রমাণ করুন— আমি বলছি এই কথাটা এক্সপাঞ্জ করে দেওয়া হোক—এটা অবৈধ কথা।

মিঃ ডেপটি স্পীকার ঃ আপনার পয়েন্ট অফ অডরি শুনলাম, এটা পয়েন্টলেস আছে।

শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, এই হাউসের একজন মাননীয় সদসা— আমি মাননীয় বলছি এবং এখনও বলবো—উনি বক্তৃতা দেবার সময়ে—আমরা অসভা নই—উনি বরকত সাহেবকে বরকত বলে বলছেন আমরা জ্যোতি বাবুকে জ্যোতি বলবো না, জ্যোতিবাবুই বলবো। এই হাউসে রুলিং আছে যে সদসা এখানে থাকবে না তার সম্বন্ধে আলোচনা করা যাবে না। আমি প্রমোদ দাশগুপ্ত সম্বন্ধে বলেছিলাম কিন্তু রুলিং দেওয়া হয়েছিল প্রমোদবাবু সদসা নন তার সম্বন্ধে বলা যাবে না। বরকত সাহেব এখন সদস্য নন অথচ মাননীয় সদস্য বরকত বলছেন। শালীনতা বোধ থাকলে বরকতবাবু বলা উচিত। মাননীয় উপাধাক্ষ মহাশয়, একটু আগে যে সদস্য বক্তৃতা রাখলেন তিনি ইন্দিরা বলে কথা বলেছেন ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে নাম ধরে বলে কৃ-কৃচির পরিচয় দিয়েছেন। আমি ঐ মেঘারকে অসভা মেম্বার হিসাবে চিহ্নিত করছি। সভাতা জানে না, ভদ্রতা জানে না, শিক্ষা নেই, জ্ঞান নেই তাই ভারতের প্রধানমন্ত্রীকে নাম ধরে ডাকছে— এটা অসভা উজি…... (গভগোল)

মিঃ ডেপ্টি স্পীকার : Please take your seat. I am on my leg. Please take your seat.

শ্রী সত্যরঞ্জন বাপুলী : এটা এক্সপাঞ্জ করবেন, আমবা অভদ্র ব্যবহার করতে চাই না, আমরা ভদ্র সন্তান..... (গণ্ডগোল)

মিঃ ডেপুটি স্পীকার : I am on my leg. Please take your seat. আমি বলছি আপনি বসুন।

[5-20-5-30 P.M.]

শ্রী অরবিন্দ ঘোষাল ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নিবেদন হচ্ছে আপনি এই হাউসকে কন্ট্রোল করুন। এটা কি পরিষদীয় নীতিতে আছে যে অপোজিশান কোন নীতি জানাবেন না? ইন্দিরা গান্ধীর পিতার যুগে আমি পালামেন্টে ছিলাম তখন ঠিক ঐ সময় অপোজিশনের মধ্যে এ রকম অসভ্যতা ছিল না। তাই অনুরোধ করব আপনি হাউসের শৃষ্কালা বজায় রাখুন।

শ্রী কিরনময় নন্দ ঃ স্যার, আজকে হাউসে এমন কতকণ্ডলি কথা ব্যবহার করা হয়েছে সেগুলি যদি সংবাদপত্র বা রেডিওর মাধ্যমে প্রচারিত হয় তাহলে হাউসের সম্মান নস্ট হবে। সে জন্য সে সমস্ত কথাগুলি এক্সপাঞ্জ করতে অনুরোধ করছি।

মিঃ ডেঃ স্পীকার ঃ আমি রেকর্ড এগজামিন করার পর কি করতে হয় করব।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় উপাধাক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে আমার বক্তব্য এই হাউদে উপস্থিত করছি। তবে আগে যে প্রস্তাব উত্থাপন করেছেন মাননীয় পরিষদীয় মন্ত্রী তাঁর উপর যে সংশোধনী আমার আছে, আমি ফরম্যালি তা মৃভ করছি। এই দশক বিগত দশক বলা যায় ভারতবর্ষের ইতিহাসে অনেকগুলি গুরুত্বপর্ণ ঘটনার জন্য বিখ্যাত ইতিহাস তার সাক্ষ্য দেবে। একজন বিদেশী লেখক তাঁর একটা বইয়েতে লিখেছিলেন ২টি শহর সম্বন্ধে এবং লিখতে গিয়ে বলেছেন ইট ওয়াজ দি এজ অফ উইসডম, ইট ওয়াজ দি এজ অফ ফুলিশনেস। আজও এখানে সেই ইতিহাস। কিছু নির্বাচনের ফলাফলের সংবাদ বন্ধুরা দিলেন। এই নির্বাচনের ফলাফল খুব শুরুত্বপূর্ণ সমস্ত দিক থেকে— ভারতবর্ষের পক্ষেও, পশ্চিমবাংলার পক্ষেও এবং গণতন্ত্রের পক্ষেও বটে। ৪টি নির্বাচনে কেন্দ্রের রুলিং পার্টি মেজোরিটি পেয়েছে। সেখানকার মানব ভঙ্গ করেছে? কি মনে করব? এই পশ্চিমবাংলায় ইভন আফটার দি ডিসলিউশান অফ নাইন এসেম্বল। এখানকার রুলিং ফ্রন্ট জয়ী হয়েছে। এখানকার মানুষ কি ভল করেছে? সেজনা যুগপৎ এই প্রশ্ন আমার মনে উত্থাপিত হচ্ছে। হোয়েদার দিস ইজ দি এজ অফ উইসভম অর ইট ইজ দি এজ অফ ফুলিশনেস। কিছ বলবার কিছু নেই। মাননীয় মুখ্যমন্ত্রী নির্বাচনের পর তাঁর অবজারভেশনে বলেছিলেন মানুষ ভল করেছে। ভবিষ্যৎ ইতিহাস প্রমাণ করবে ভারতের মানুষ ভল করেছে না পশ্চিমবাংলার মান্য ভল করেছে। মহামানা গোখেল একবার বলেছিলেন হোয়াট বেঙ্গল থিংস টডে রেস্ট অফ ইন্ডিয়া থিংস টমরো। আজ রুলিং ফ্রন্ট যদি সঠিক পথ দেখাতে পারে তাহলে আমি তাদের কনগ্রাচলেট করবো। হরিপদবাব এই বিতর্কের সচনায় বলেছিলেন মেজরিটি ম্যাসিভ. ম্যানডেট কেন্দ্রীয় সরকার পেয়েছেন এবং তারপর পশ্চিমবাংলায় যা হয়েছে তাতে এখানকার রুলিং ফ্রন্ট নিশ্চয় অভিনন্দনযোগ্য। এই অভিনন্দন খুবই যোগ্য যদি না এর সঙ্গে কিছ কিছ অভিযোগ হত। এখানে বলা হয়েছে ভোটার লিস্ট, কারচপি ইত্যাদি এ সম্বন্ধে আমরা লিখিতভাবে প্রতিবাদ জানিয়েছি। কিন্তু এরপর একটা রাজ্য শুধ তার রাজ্যে একটা ইলেকশন বাঞ্চাল করতে পারে কিংবা আত্মসাৎ করতে পারে। আমরা দেখেছি যে সমস্ত ট্রাটেটেরে সংস্থা কলটিটিউশনাল অথবিটি ইলেকশন পরিচালনা করেছেন তারাও কি নিরপেক্ষভাবে ইলেকশন পরিচালনা করেছেন? কোন ইতিহাসে আছে থার্ড ডিসেম্বর ইন্ধ্র দি ডে অব ফাইলিং নোমিনেশন, ২৬শে নভেম্বর আপনি এই হাউসে আছেন একটা পার্টির একটা সিম্বল ফরফিট হয়ে গেল, একটা পার্টির নাম বাদ চলে গেল? আম আর আমডা এক নয়, জাম আর জামরুল এক নয়, কংগ্রেস (আই) আর কংগ্রেস (ইউ) এক নয়। I am a member of the Indian National Congress. You find your record right from 1962. আপানার কাছে আমার জিজ্ঞাসা By whom by what authority, under what circumstances I have been rendered, as a member of the Indian National Congress (u)? Sir, 'I' is there, 'J' is there but where are we?

আজকে কারচুপির যে অভিযোগ উঠেছে তার চেয়ে আমার অভিযোগ আরো গুরুতর. আমার নালিশ আরো উপরে। গোটা ভারতবর্ষের নির্বাচন কারচপিতে পরিপূর্ণ এবং এই কারচপিতে নিযুক্ত আছে এমন সব শক্তি যার বিরুদ্ধে নালিশ করার কোন উপায় নেই। সারে. আপনি জানেন ১৯৭৯ এর ২রা ফেব্রুয়ারী এখানে নির্বাচন হয়েছে। শাস্তিরাম মাহাতো কাফ এন্ড কাউ প্রতীকে নির্বাচনে দাঁডিয়েছিল. পঞ্চায়েত যে নির্বাচন হয়েছে we have got calf and cow. We have been recognised as the Indian National Congress but how we are members of Indian National Congress (u). Did we ask for it? Did we become obsulete. সূতরাং এই নির্বাচনে একদিকে যাঁরা মনে করেন স্টেট লেভেলে কারচুপি হয়েছে আমি বলি স্টেটের উপরে হায়েস্ট বডি, দে আর নট ফ্রি ফ্রম ইনফ্রামেল। কিন্তু বলবার উপায় নেই। এটা নাকি কমপ্লেন, এটা নাকি ফরফিচার व्यव तरिंहै। किन्नु धारिमध्यो ख्रात वयल है छैं छैं ने वि हिक्न है के किहा और অধিকারে এই প্রোটেকশনে বলতে চাই এই অভিযোগ আমার গুরুতর অভিযোগ। সতরাং নির্বাচন কোথায় ? কারচপির অভিযোগে জ্যোতি বাব কি করতে পারেন ? তাঁরা ৩৮ টা আসন পেয়েছেন, আর একট বেশী করলে না হয় ৪টা বেশী পেয়ে ৪২ টা পেতে পারতেন। কিছ গোডায় যে ষডযন্ত্র যে কন্সপিরেসি যে ফরফিচার ড ইউ থিংক, স্যার ইট ইজ জাস্টিফায়েড? সেইজন্য বলছিলাম ভারতবর্ষের মানুষ যে রায় দিয়েছে এই রায় মেইনলি ইমোশনল এবং ইমোশনল ইলেকশন, ইমোশনল মিটিং ডাজ নট অলওয়েজ ক্রিয়েট এ গুড গভর্নমেন্ট। আজকে স্যার, মেইনলী আমার মনে হয়েছে বাঙালিরা কি মুর্খ, না, রেস্ট অব ভারতবর্ষ মর্থ ? সেইজন্য আমার চার্লস ডিকেন্সের টেল অব টু সিটিজের কথা মনে পড়ল—It is the age of wisdom; on it is the age of foolishness আমরা কি অম্বীকার করব সেই রাইট নিয়ে যারা ওখানে নির্বাচন করেছে ইভেন আফটার দি ডিসোলিউশন অব দি নাইন স্টেট এ্যাসেম্বলীজ, যেখানে সর্বত্র প্রোটেস্ট হয়েছে, আমরা দেখলাম এখানে তাই শ্রীরামপুরকে দমান গেল না। আমি ধরে নিলাম ১লক্ষ ৬০হাজার না কত ভোটে কোন একজন বন্ধ বললেন জিতেছে, এর অর্ধেক যদি জাল হয় তবুও তো ৬০ হাজার ভোটে জিতেছে। বেঙ্গল হ্যাচ্ছ গিভেন দিস ভার্ডিকট। কিন্তু এর ব্যাকগ্রাউন্ড কোথায়? শুধু এই অবস্থা নয়, আমরা দেখেছি ইনফর্মেশন মিডিয়া রেডিও, টেলিভিশন এবং নিউজ্পেপার এদেরও দেখেছি নিরপেক্ষ ভমিকা কার্যত করত না কখনই করত না। ভারতবর্ষের দুর্ভাগ্য এই মিডিয়াগুলি ইভেন গভর্নমেন্ট মিডিয়াগুলি পর্যন্ত প্রভাবিত হয়ে বাই এক্সটারনল ফোরসেস, বাই ইনডাষ্ট্রিয়াল ফোরসেস। আমরা দেখেছি নিউজ মিডিয়াগুলি একটা পত্রিকায় সমীক্ষা বের করে দিল যে হি ইচ্ছ গেটিং সিওর ফিগার। আজকে নিউজপেপার, টেলিভিশন, রেডিও আমরা দেখলাম দিজ ওয়ার নট ফ্রি. দিজ ওয়ার নট ইনডিপেনডেন্ট।

# [5-30-5-40 P.M.]

ভারতবর্ষের দূর্ভাগ্য ইন্ডান্ট্রি প্রেস কন্ট্রোল করে, মাসেস কন্ট্রোল করে, পার্সোনল এম কন্ট্রোল করে এই মিডিয়াগুলো। সমীক্ষা বেরিয়ে গেল, বললে ২ পার্সেন্ট, এত হাতুড়ি মেরেও দেখা গেল ৫ পার্সেন্টের নিচে নামান গেল না। কংগ্রেস (ইউ) বললে ইট ইন্ড দি নামানল ভার্ডিক্ট এন্ড আই এ্যাম প্রাউড অব ইট। গুধু কি তাই, এখানে রিলিজয়স

ইন্সটিটিউশন, উই হ্যাভ নট ফাউভ দেম ফ্রি ফ্রম ইনফ্লয়েন্স। আমরা দেখলাম এরা চলে আসল। কোথায় কে নামাজ পড়ার দায়িত্বে আছে. সে চলে এল ভোটের ক্যানভাস করতে। শুনলাম নাকি দাদন নিয়ে আসা হয়েছে। এই টাকা কোথা থেকে পেল গ টাকা কোথা থেকে এসেছে আমরা জানিনা, কিন্তু এটা অবৈধ টাকা, ফরেন মানি প্লেড হয়েছে। এটা অস্বীকার করার উপায় নেই। আপনি যদি প্রমাণ চান, উপায় নেই। কিন্তু চোখ দিয়ে দেখতে পাচ্ছি এত টাকা কোথা থেকে আসছে। হোয়াই দিজ কান্টিজ আর ইন্টারেস্টেড? আমরা কে জি বি. সি আই এ'র নাম অনেক দিন ধরে শুনে আসছি, কিন্তু এই নির্বাচনে এমন সব দেশের কথা শুনতে পাচ্ছি এর ভিত্তি যদি সত্য হয় তাহলে We are afraid for the future of India. Whatever may be the strength of the government but the influence all around are dangerous and inimical. স্যার, আপনি জানেন কামিং ইভেন্টস কাস্ট দেয়ার স্যাড়োজ আর্লিয়ার আজকে একথা অল রাইট থিঙ্কিং পিপলদের চিন্তা করার সময় এসেছে। সূতরাং এই নির্বাচনে কারচুপির অভিযোগ, ভোট জালিয়াতির অভিযোগ, নাবালক সাবালকের অভিনে। গ ছাড়াও আমার মূল অভিযোগ তিনটি জায়গায়- Is the body conducting elections are free from this influence? The news media or the media of public information were not free from this influence and not only Indian industrial money but money from foreign land played major vote in Indian election this time. এবং যে ফোনে এই ইনফ্রমেন্স বেশী করে খাটান হয়, যেখানে ডেভেল্যাপড এন্ড প্রোগ্রেসিভ এলিমেন্ট যত কম সেখানে আমরা দেখেছি স্লেটের উল্টো পিঠ, রেজাল্ট জাস্ট দি রিভার্স। আমরা একথা কি করে বুঝব যে আমাদের এই দেশে গণতন্ত্র খুব মজবুত হয়ে গেছে? একথা মনে করার এখনও সময় আসেনি। উই ডু নট নো হোয়াট ইজ গোইং টু হ্যান্ডল নেক্সট। আমাদের এখানে বিতর্কিত আলোচনা ৩৫৬ ধারা নিয়ে। দীর্ঘ কংগ্রেস শাসনের পর ইন্টার্মিডিয়েট পিরিয়ডে যেটাকে অনেকে সেকেন্ড লিবারেশন বলে, পিস ইজ দি ডিফিট অব ১৯৭৭ ফর দি ইন্ডিয়ান নাশেনল কংগ্রেস সেখানে জনতা পার্টি এসেছিল। আজকে পশ্চিমবঙ্গে রুলিং ফ্রন্ট সেখানে পাঁচ মেশালী দল যারা জনতার নাম নিয়ে এসেছিল দে হ্যাভ রুলড দি কান্ট্রি ফর নিয়ার এ্যাবাউট দি ইয়ার্স কিন্তু দে হ্যাড নট ফাউন্ড ইট নেসেসরি টু ডিলিট দিস আটিক্যাল ৩৫৬। তার মানে আর্টিক্যাল ৩৫৬ এর নিউ ইন্টারপ্রিটেশন কিংবা নিউ এ্যাপ্লিকেশন যতক্ষণ না আসে ততক্ষণ বুঝতে হবে ভারতবর্ষের মত ফেডারল স্ট্রাকচারে ইউনিটারি পাওয়ার, ইউনিটারি মেথডে প্রিডোমিন্যান্ট করছে। I shall not be surprised if some day my friends in the ruling front here, have captured power at the centre all these possibilities are not very near and not very bright, possibly they will find it necessary forgiving this article 356 in the constitution.

কিন্তু যদি করে পসিবলি এ্যাট লিস্ট মাই ফ্রেন্ড হরিপদ বাবুর দল এটাকে ডিলিট করার কোন প্রয়োজন মনে করেননি। স্যার, যন্ত্র যদি পড়ে থাকে লক্ষ জনের মাঝে যান্ত্রিক বিহনে যন্ত্র কিবা করে বাজে? স্যার, আজকে যান্ত্রিক এসেছে, যন্ত্র বাজতে শুরু করেছে ইভেন আফটার ডিসলিউশন অব বাইন এ্যাসেম্বলীজ।

আই এাম নট গোয়িং ইন দি মেরিট, কিন্তু তার পরেও যে রেজান্ট হয়েছে আজকে

রাইট টু সোবার কন্টেম্পলেসনের প্রয়োজন হয়েছে ফর অল রাইট থিচ্চিং পিপল। নেক্সট দাার. আই এ্যাম নট নিউ টু দিস হাউস, দীর্ঘদিন ধরে এই হাউসে আমি আছি, আজকে ফুলিং ফুন্টের বন্ধদের স্পেশালি দোজ ইনচার্জ অফ দি ক্যাবিনেট এয়ন্ড কাউন্সিল অফ মনিস্টারস, তাঁদের কাছে জিজ্ঞাসা করি আপনারা নিজেরা বলুন আমরা যখন ওদিকে ছিলাম তখন যে ভাষণ রচিত হয়েছিল আজকে আপনারা ওখানে বসেছেন, কোন মৌলিক পার্থকা আছে কিং আমি তো দেখতে পাচ্ছি না। ইট ইজ দি সেম ডকুমেন্ট। ইট ইজ দি প্লেজেন্টেশন গ্রফ দি রেকর্ডস অফ পারফরম্যান্স এনন্ড দি ফিউচার প্রোগ্রামস এনন্ড পলিসিস অফ দি গভর্নমেন্ট। কিন্তু এতে তো আমরা দেখতে পাচ্ছি না. পশ্চিমবঙ্গে যেখানে ইট হাজ বিকাম গ্রান আইল্যান্ড অফ লেফট গ্রান্ড প্রোগ্রেসিভ ফোরসেস এখানে উই ড় নট ফাইন্ড দি বিফ্রেকশন অফ দেয়ার থটস এ্যান্ড আইডিআালস। ইজ দি এ্যাড্রেস প্রেজেন্টেড বাই হিজ এক্সেলেন্সি গভর্নর? এতে কিছু নৃতন জিনিস দেখাতে পাচ্ছি না। কি বলুন বিনয় বাবু— আপনি বলুন কৃষ্ণদাস বাবু আপনারা তো দুজনে গুরুত্বপূর্ণ দৃটি দপ্তরের দায়িত্বে আছেন। ১৯/২০ মাত্র তফাৎ। ১৯/২০ এর বেশী তফাৎ দেখতে পাচ্ছি না। সমাজের মৌলিক পরিবর্তন আসবে কোথা থেকে? আমাদের এখানে যে মূল সমস্যা পভার্টি এবং নিরক্ষরতা। ইললিটারেসি এ্যান্ড পভার্টি, আনএমপ্লয়মেন্ট এ্যান্ড পভার্টি। মার্রজিনল গেন, ৮০ হাজার মানুষকে ৫০টাকা করে বেশী দেবেন, ইন মাই ওপিনিয়ন ইউ আর ট্রাইং এগেইন টু রুইন ত্রফ দি ফিউচার অফ এ্যানাদার ৮০,০০০ পিপল। আপনি ৩ বছব পরে তাকে ছেডে দিচ্ছেন আর ইউ নট মেকিং দেম হ্যান্ডিক্যাপড ইন দি সোসাইটিং আজকে ক্রাইম এয়ন্ড ক্রিমিনল এর প্রশ্ন উঠেছে, ল এনান্ড অভারের প্রশ্ন সঙ্গত কারণে উঠেছে। এ সমাজ ব্যবস্থায় এ প্রশ্ন আসবে, যেখানে বৈষমা এতথানি, যেখানে দারিদ্র ব্যবধান এতথানি যেখানে স্কোপ অফ এমপ্লয়মেন্ট নীল সেখানে চরী, ডাকাতি, রাহাজানি ইত্যাদি হবে। আমার বাড়ীতেও হয়েছে, বছবার হয়েছে, ধরে দিয়েছি, জেলও খাটছে বাট আই এ্যাম পেন্ড, তারা করবেটা কিং দে ভু নট ফাইন্ড এনি অপ্যারচুনিটি, তাদের সামনে ভবিষাৎ কিছু নেই। আপনারা যে প্রোগ্রাম নিয়েছেন তা নির্ভুল নয়, আপনারা ইউ আর ব্লেসড, আমরা এতদিন চালিয়েছি ৬০০ কোটি টাকার বেশি চালাতে পারিনি, আপনারা ফোর্থ, ফিফথ প্ল্যানে ১২০০ কোটি ২৪০০কোটি টাকা পেয়েছেন। মহারাষ্ট্র ৫০০০ কোটি টাকা টপকে গেছে আমরা পেছিয়ে আছি কিন্তু তাতে এমপ্লয়মেন্ট অপ্যারচুনিটি, এমপ্লয়মেন্ট পোটেনশিয়াল জেনারেশন কোথায়ং সেখানে সে প্রোগ্রাম নেই। সেই প্রোগ্রাম নিন। আপনারা বছ বিতর্কিত বছ ধিকৃত যে পথ আমাদের পৌরমন্ত্রী রয়েছেন, উনি করিতকর্মা মানুষ, কাজ করতে গিয়ে আংত হয়েছেন, আঘাতও পেয়েছেন। আমাদের পূর্ণ সহানুভূতি আছে আমরা আশা করি আমবা যেখানে ব্যার্থ হয়েছি আপনারা সেখানে সফল হবেন। মানুষ আমাদের পরিত্যাগ করেছেন আপনাদের গ্রহণ করেছেন কিন্তু আপনারা তার বদলে সমাজকে কি দিচ্ছেনং কমল বাবু রয়েছেন এগ্রিকালচার মিনিস্টার আমরা যেখানে ব্যর্থ হয়েছি সেখানে তিনি সফল হবেন এই তো আশা করি, কিন্তু জিজ্ঞাসা করতে পারি সফল হয়েছেন কি কোথাও, নৃতন কোন সংযোজনা নেই, কোন বিকল্প দিতে পারেন নি সমস্যা সংকল পশ্চিমবাংলার যাতে সমস্যার সমাধান হতে পারে। আমার আরও নালিশ, আজকে সবচেয়ে মারাত্মক আঘাত এসেছে গ্রাডমিনিস্ট্রেটিভ নিউট্রালিটি নট ইন অল ম্পেয়ারস। বোধ করি কম এসেছে। আমরা দেখেছি ডেস্ট্রয় হয়েছে, ইউ হ্যাভ ডেস্ট্রয়েড ইট

পারপাসফুলি অর ইট হ্যাঞ্চ বিন অটোমেটিকালি ডেক্ট্রয়েড। ভাবুন আজকে ভবিষ্যৎ সম্পর্কে আমার নিজের কিছু অবজারভেশন মনে করিয়ে দেব চিহ্নিত করে। ফরটিসেকেন্ড এ্যামেন্ডমেন্ট যখন আমাদের পার্টি এ্যান্ড লেজিসলেচার কমবাইন্ড আলোচনা করি আমি সেদিন দেখেছিলাম আমাদের সাপোজ্জ ইন দি রিভার্স সিচুয়েশন উই বিকাম দি অপোজ্জিশন, আজকে আপনাদের একই প্রশ্ন করতে চাই শাসন ব্যবস্থা যে মূল নীতি এ্যাডমিনিস্ট্রেশন নিউট্রাল হবে, এ্যাডমিনিস্ট্রেশটিভ নিউট্রালিটি যদি একবার আপনারা ধ্বংস করার প্রবণতাকে প্রশ্রয় দেন তাহলে হোয়েন ইউ আর ইন দি অপোজ্জিশন ফাইন্ড দি ওয়ে।

[5-40-5-50 P.M.]

সেইজন্য সর্বশক্তি দিয়ে আপনাদের এ্যাডমিনিস্ট্রেটিভ নিউট্রালিটি মেনটেন করা উচিত। কিন্তু আমি দুঃখিত We find there is a tendency in some quarter, in some department, in some situation, in some office that the element of administrative neutrality is being attacked and disturbed and destroyed.

এটা কিন্তু মারাত্মক জনতার বন্ধরা ৩ মাস আগেও ক্ষমতায় ছিলেন। কিন্তু তারা যে নীতি প্রবর্তন করে গেছেন ইট ইচ্ছ বিকামিং এ বমেরাং এগেন। আপনারা যখন ভবিষাতে স্রষ্টা তখন আমি আপনাদের সতর্ক করে দিচ্ছি এবং বলছি এই পথ ভাল নয়। স্যার, পাওয়ার বড ক্ষণস্থায়ী, বড আনসার্টেন— স্পেশালি ইন এ কলটিটিউশন আন্তার হুইচ উই ওয়ার্ক। মানুষ কাজ করতে গেলে ভুল ক্রটি করে এটা আমরা জানি, সাধু সন্ম্যাসীরা ভল করেন না। আমি মনে করি বিচারকের যে দঙ্কিভঙ্গী সেটা আপনাদের থাকা উচিত ছিল। কিন্ত আমরা দেখছি ক্রাইম হচ্ছে অথচ পলিশ কেস নেয়না। তাডিয়ে দেয়, কিছ দেখেনা। দে ইগনোর দি কমপ্লেইন। তারপর, আপনাদের কারুর কারুর ক্ষমতা দেখছি ভগবানের চেয়েও বেডে গেছে. যেকথা হরিপদবাব বলেছেন। পলিশ অফিসারদের তো দেখছি তারা যেন ইলেকটিক সক পেয়েছে, একেবারে লাফিয়ে লাফিয়ে চলেছে। এতে কিন্তু আপনাদেরই বমেরাং হবার সম্ভাবনা রয়েছে এবং ভবিষাতে যারা আসবে তাদেরও বমেরাং হবার সম্ভাবনা রয়েছে। তারপর, এই ইলেকশনের ডাইরেক্ট ফল আমরা কি দেখতে পাচ্ছি? জনতা দলের কমিটমেন্ট ছিল, তাঁরা রেডিও টেলিভিশন এবং তাদের ইলেকশন ম্যানিফেস্ট-এ বলেছিলেন, জনতা যে ভল করেছে সেই ভলগুলি আমরা আন্ড করছি। কিন্তু দঃখের বিষয় আমি দেখলাম সেই কাজগুলিই তাঁরা করছেন। অবশ্য আমি জানিনা এটা আনডান কিনা। চিনির দাম হয়েছে 🗸 ৭টাকা এবং তাঁর প্রভাবে দেখছি আমাদের প্রবীন সাহিত্যিক এবং শিক্ষক হরিপদবাব রবীন্দ্র সঙ্গীত গাইয়ে হয়ে গেছেন। আমি জানতে চাই কেন এটা কট্টোল করা যাছে না. কনডেম করা যাচ্ছেনা? হোয়্যার আর দিজ মানি গোয়িং? ছইস্ আর দি মেসিন্যারি? আপনারা বলছেন ডিজেল নেই, কিন্তু ইউ পে মি রুপিস্ সিক্স এগান্ড গেট দি ডিজেল। আপনি টাকা দিলে আপনার বাড়ীতে মাথায় করে এনে পৌঁছে দেবে। তবে এই যে খেয়ে ফেলছে এখানে ভধ **ट्रिंग वर क्सी**य সরকারের রেম্পনসিবিলিটি নয়, এখানে প্রয়োজন কো-অপারেশন এবং राष्ट्राक्टिट चोटाल अवर विराम करत हैन अ स्माजातम क्रीकात है। हेक जावनि स्नास्त्राति। কিন্ধু আমি দেখতে পাচ্ছি সেই ভেরি বেসিক জিনিস অর্থাৎ কোঅপারেশন এয়ান্ড কো-অর্ডিনেশন তার দিকে এঁদের কোন ঝোঁক নেই। এর কারণ হচ্ছে এ সাসপিসন ইঙ্ক অপওয়েজ

হ্যাংগিং ওভার যে, আমি কখন আছি, কখন নেই। কাজেই হরিপদবাবু গান গেয়ে সান্ধনা পেতে পারেন, কিন্তু সাধারণ মানুষ আজকে ওয়াস্ট সাফারার। ডিজেল, মাস্টার্ড অরেল এবং অন্যান্য জিনিস যা মানুষের লাগে তার দাম যে এইভাবে বেড়ে গেল তাতে সব ক্লেট্রেই অসুবিধা হচ্ছে। আমরা আজকে এই যে মিক্সড় ইকনমি থিওরি পার্সু করলাম তাতে আমাদের প্রশ্রেসিভ ইকনমিস্ট বাঁরা রয়েছেন তাঁদের আজকে ভাববার সময় এসেছে ইন্ডিয়া ইজ অন দি ক্রস রোড নাউ।

পশ্চিমবঙ্গ একটা Isolated island, I tell you, among 22 states. ত্রিপুরার উপর নির্ভর করার কিছু নেই। আজকে সময় এসেছে ওয়েস্ট বেঙ্গলকে পথ দেখাতে হবে whether it has faith on the theory of mixed economy or not. कानादक আপনাদের যে চেয়ারম্যান বা নেতা তিনিও বলেছেন, ইয়েস, উই ইনভাইট মাল্টিন্যাশনল। আমার কাছে এটা কন্ট্রাডিক্টরি মনে হল, দুটি পাশাপাশি হতে পারেনা, আইদার You adopt it fully or reject it, আজকে আমাদের ঠিক করতে হবে যে আমরা সেই সিস্টেম অব ইকনমিতে যাবো না. লেসি ফেয়ারি যেখানে freedom of investment, freedom of employment, freedom of profit, freedom of manu facture, freedom of sale, freedom of everything. অর আপনাদের ইনফ্লয়েন্সে আপনারা আপনাদের রেজিমেন্টেড ইকনমিতে যাবেন। দটি কিন্তু পাশাপাশি চলতে পারেনা। যদি চলে তাহলে আমরা যে রোগে ভগছি তাই ভগতে হবে এবং তা না হলে পেঁয়াজের দাম ৬টাকা হয় কেন? অনেকে তো খায়না কিন্তু তার দাম ৬ টাকা হল কেন। যারা গ্রোয়ার তারা তো পয়সা পেলোনা। বিশ্বনাথ বাব বলছিলেন এগ্রিকালচারল প্রাইস কমিশনের কথা, আমরা তো দেখছি ভদ্রলোক যারা ওখানে বসে তাদের মাথায় কি আছে জানিনা কিন্তু যে রায়গুলি বের হয়েছে সেগুলি কৃষক মারার তাল, সেগুলি নট ইন ফেভার অব দি ফারমার্স, এগ্রিকালচারল প্রাইস কমিশনের যতগুলি প্রনাউন্সমেন্ট, যতগুলি ডিক্রারেশন দিয়েছে নেভার ইন ফেভার অব দি ফারমার্স। আমি জানিনা এখানে মিল লবি কাজ করে কিনা। আমরা তো দেখেছি জুটের ক্ষেত্রে ১৫শত কোটি টাকা প্রত্যেক বৎসরে, এবার হয়তো ১৫হাজার কোটি টাকা মুনাফা করবে। আমরা দেখেছি গৃহস্তের ঘরে যখন থাকে তখন তারা মালের দাম পায়না. পণ্য জিনিসের দাম পায়না. দাম পায় ফডিয়া কিম্বা ইন্টারমিডিয়েট মহাজনদের ঘরে তা চলে যায়। এটাকে কাউন্টার আষ্ট্র করার জনা সেট্ট ওয়াার হাউসিং এর দরকার হয়, এটাকে কাউন্টার আন্ত্র করার জনা রেগুলেটেড মার্কেট করার পরিকল্পনা. আমি কমল বাবকে জিজ্ঞাসা করতে পারি কি are these in operation even after nationalisation of the 14 leading banks in the country? এতগুলি ব্রাঞ্চ, এতগুলি ফিনানসিয়ল ইন্সটিটিউট অপারেট করছে তথাপি কৃষকের রেহাইটা কোথায় হচ্ছে? থ্যাঙ্কস টু এগ্রিকালচার মিনিস্টার তিনি একটা শস্যবিধি চালু করেছেন, যদিও সেটা ট্যান্টালাস কাপের মত, অনেকে হয়েতো এতে পৌছতেই পারবে না। নেক্সট বাজার দর শুধু নয়, আইন শৃঞ্চলা শুধু নয়, আজকে আমাদের ভাইটাল যে প্রশ্নটা আমি আগে তলেছিলাম এমপ্লয়মেন্টের ক্লেত্রে, সম্ভবত কৃষ্ণপদ বাবুর উত্তর দেবার দায়িছ. তাঁকে আমি জিজ্ঞাসা করি either in agriculture sector-saturated and no further scope of employment in these at all. ইন্ডাসট্রিয়ল সেক্টরে, অনেকই তো কটেজ ইন্ডাঙ্গিকে নষ্ট করে দিতে চাচ্ছেন, আপনি এখানে কি এমন বক্তব্য রেখেছেন সরকারের

তরফ থেকে এখানে বাংলার আন এমপ্লয়েড বেকাররা কিছু সুবিধা পায়, কিছু ভবিষ্যৎ দেখতে পারে? ইন্ডাস্ট্রিকে ইচ্ছে করলে যখন খুশী তখন ঘোড়ার মত একটা লাইন ধরে চালান যায়না, ইট ইজ্ব নট এ মোটর কার যে স্টিয়ারিং ছইল দিয়ে ডানে বাঁয়ে নিয়ে যাওয়া যাবে, ইন্ডাস্ট্রির নিজের একটা ইমপাল্স আছে, তার ইনফ্রাস্ট্রাকচারের প্রয়োজন আছে এবং অব দিস মিনিমাম নিসেসিটি প্রথম হচ্ছে কমিউনিকেশন এন্ড সেকেন্ড ইলেকট্রিসিটি। দুর্ভাগ্যের কথা এখানে রেল কমিউনিকেশন তো বাড়েইনি, আপনাদের সহকারী ছিলেন জনতা তারা এই তিন বৎসরে এক ইঞ্চি রেলও এখানে বাড়াননি, ইন্ডেন হাওড়া-আমতা মাটিন রেলওয়ে যেটা দীর্ঘ দিনের একটা দ্বন্দ্ব তারও বোধকরি এখনো কাজ শেষ হয়নি। এক ইঞ্চি রেল বাড়েনি। আই কাম ফ্রম এ ডিস্ট্রিক্ট যেখানে এক ইঞ্চি রেলও বাড়েনি, ঐ ব্রিটিশ আমলে একটা মার্জিনাল ফ্রিঞ্জ দিয়ে meter gauze line গিয়েছে তাই আছে এবং তা দিয়ে চলে না। road transport is impossible because of high price and non-availablity of fuel. Road condition becuase of the flagrant monsoon these are beyond repairs. দেখবারও মানুষ নেই, আপনাদের লোক নেই। আমাদের এই একটিই লাইফ লাইন তাছাড়া যাওয়াই যায়না। হাসানুজ্জামান সাহেব, আপনাদের এম.এল.এ. কিছু বিপদে আপদে পড়লে তিনিই সাহায্য করেন।

### [5-50 — 6-00 P.M.]

एमथवात कथा तन्हे, किकिश्रेण एमवात कथा तन्हे, कान प्रानक्ष्माण द्रश्न ना। अस्मिनिशालि ভাইটাল লিঙ্ক রিপেয়ার হয় নি. আটেনশন পায় নি। আমার বক্তব্য হচ্ছে কমিউনিকেশন বাডছে না। আর ইলেকটিসিটি লজ্জার কথা কি আর বলবো? সাঁওতালডির কথা, স্টেটসম্যানে দটো সংবাদ বেরিয়েছে। শোম্বাল সেন্টার যেখানে একজন ডাইভার আডাই হাজার টাকা ওভার টাইম নেয়, আর একজন খালাসী নাকি তিন হাজার টাকা ওভার টাইম নেয়। যদি ৮ ঘন্টা করে কাজ করে তিরিশ দিন কাজ ক লে ২৪০ এর বেশি হয় না। ৩০০ আওয়ারস ওভাব টাইম। এইটা শকিং। জ্যোতিবাবুকে অামরা দক্ষ প্রশাসক বলে মনে করি। আমরা যা পারি নি, মানুষ মনে করেছে, আপনারা তা পারবেন, সেইজন্য আপনাদের দায়িত্ব দিয়েছে। It is your solemn responsibility. এই পবিত্র দায়িত্ব আপনাদের উপর নান্ত হয়েছে। যে মেস এখানে হচ্ছে, সেই মেস আপনাদের খুলতে হবে। ওয়েল ম্যানেজ করতে হবে, ম্যানেজমেন্টকে স্ত্রীমলাইন করতে হবে জেনারেশনকে বাডাতে হবে। নৃতনের কথা পরে, ইনস্টলড ক্যাপাসিটি কেন জেনারেট করতে পারবে না? আমার সামান্য সুযোগ হয়েছিল দুর্গাপুর চালাবার। History will prove and records will show. যে ম্যাক্সিমাম জেনারেশন হয়েছিল। আপনারা বলবেন দফারফা করে শেষ হয়ে গিয়েছে। আপনাদের তিন বছরের পরে, কংগ্রেসের ৩০ বছরের ইতিহাসের কথা কিন্তু আর খাটে না। You cannot put forward, this excuse of 30 years of congress misrule to avoid your responsibility. >>0 মেগাওয়াটের যে নতন ইউনিট এর Scheme নিয়েছিলাম কথা ছিল within twenty-eight months it will be commissioned. জিজ্ঞাসা করতে পারি কেন হয় নি was there any constraint on financial resources?-No. একটা দেশ গড়তে গেলে আমরা নিজেরা জানি তিনটে জিনিস দরকার হয়। মেটিরিয়াল রিসোর্সেস। বোধকরি আবোনডান্ট ইন

দি...country মানিটরি রিসোর্স বিদ্যুতের ক্ষেত্রে উদ্দিপ্ত আহান জানিয়েছেন কেন্দ্রীয় সরকার জনতার রিজিমে। কেন্দ্রীয় সরকারে বর্তমানে রুলিং পার্টি যারা আছেন. তাঁরাও বলেছেন, পশ্চিমবাংলাকে সর্বশক্তি দিয়ে সাহায্য করবো। এইখানে আমাদের সবচেয়ে অভাব। অথচ ভারতবর্ষ আজকে of the ten developed countries India is one. এর সুযোগ আপনারা নিতে পারছেন না কেন? এই সঙ্গে ব্যর্থতার দায়িত্ব তো আপনাদেরই নিতে হবে। সতরাং যেকথা বলছিলাম, এমপ্লয়মেন্ট জেনারেশান করতে গেল, ইন্ডাস্ট্রিলাইজেশনে যেতে হবে। ইন্ডাপ্টিলাইজেশনে যেতে গেলে মিনিমাম ইনফ্রাস্টাকচারল ফেসিলিটি—ইলেকট্রিসিটি আর কমিউনিকেশন দটোতেই কিন্তু আপনারা দিশেহারা। আমি প্রেসকাইবড করতে চাই, I was a medical man once. যে ভিটামিন 'এ' খান। রাত কানারাও দৃষ্টি শক্তি ফিরে পাবে। আই উইল ট্রাই। কপালকুগুলাতে ছিল, পথিক তুমি পথ হারাইয়াছ। আমি আপনাদের বলবো. পথিক তুমি পথ হারিয়েছ। এই পথ আপনাদের খোজ করে বের করতেই হবে। স্যার, আমাদের এখানে আরও সংকট। দুর্ভাগ্যের কথা, গভর্নরের এ্যাডেসে সামানা ইক্সিড আছে। ভারতবর্মের ক্ষেত্রে যদি এই কথা সতা হয়, ভারতবর্ষ সব সভাতা, সমস্ত হিউম্যান বিয়িংস. যেখানে মানুষের ধারা এসেছে সবাইকে নিয়ে কম্পোজিট স্টাকচার, কম্পোজিট কালচার, কম্পোজিট হিউম্যানিটি গড়ে উঠেছে. তবে বলবো, বাংলার ক্ষেত্রে, বিশেষ করে কলকাতার ক্ষেত্রে এটা ডবলি সতা। এখানে বিভিন্ন ধারা, বিভিন্ন রাজা, বিভিন্ন মান্য, জীবিকার সন্ধানে, জীবনের সন্ধানে, শিক্ষার সন্ধানে মিলিত হয়েছেন। এটা একটা সমদ্র বিশেষ। পশ্চিমবন্ধ যেটা বহত্তর বাংলা ছিল সেটার কথাই আমি বলছি। আমার দুর্ভাগ্য একথা শুনতে হচ্ছে, There is an oblique reference of the Assam incidents. It is painful for us. আমরা প্রদেশ কংগ্রেস থেকে একবার এই সম্পর্কে সিদ্ধান্ত নিয়েছিলাম। আসামের কিছ বন্ধ এসে বলেছিলেন, আপনারা বাইরে বলবেন না, আপনারা যতই এটা নিয়ে হটুগোল করেন, আমাদের উপর অত্যাচার ততই বাডে। কিন্তু আজকে আপনাদের কাছে আমার জিল্ঞাসা, আপনার মাধামে যে অথরিটি দিল্লীতে এবং যে অথরিটি রাইটার্স বিশ্ভিংসে—এদের কাছে আমার জিজ্ঞাসা, পবিত্র সংবিধান থাকতে কোন অধিকারে, আসামের ক্ষেত্রে ডিফারেনিয়েশন হবে Whether 1951 or 1971, এই প্রশ্ন সরাসরি জিজ্ঞাসা করছি, এই মতি কেন, এই দর্বলতা কেন। গোটা বাংলাকে আপনাদের সঙ্গে পেতে পারেন। Government should come forward. আমি আগেই বলেছি, It is a peculiar island. West Bengal is a peculiar island and so much is happening in the rest of India. আজকে বাঙালিকে উৎপীড়ন করা হবে, অত্যাচার করা হবে, উৎখাত করা হবে, বহিষ্কার করা হবে, আর আমারা ঠণ্ডা ঘরে মৌজ করে অবলিক রেফারেন্স করে শান্ত থাকব, একটা প্রস্তাব হয়ত সামনের দিনের জন্য আসবে, কিন্ধ তাই কি যথেষ্ট ? আজকে কেন নেগোশিয়েশন ফোর্স করা হবেনা? কিসের জনা নেগোশিয়েশন ফোর্স করা হবেনা? ভারতের সংবিধান কি পাল্টে গেছে? তা যদি হয় বাঙালী কি ক্লীব? আজকে প্যারোকিয়োলিজ্ম এর কথা উঠে, নট ইট নিসেসিটি ট রেইজ ভয়েস অব প্রটেস্ট। এক সময় অরন্ধন করেছিলাম, আজকে এই জাতীয় ডাক কেন দিচ্ছেন না, আমাদের বন্ধরা। যারা আজকে কলিং ক্লাস তারা তো হিংসায় বিশ্বাসী. একদিনের জন্য তারা অহিংস আন্দোলনের নেতৃত্ব দিননা, গোটা বাঙালী জাতি জেগে উঠক. বাঙ্গালির উপর এ কি অত্যাচার। They are human beings. They may be Muslims,

they may be Christians, they may be Nepalies, they may be Hindus, they may be any things else but they are human beings, they are citizens of India . ভারতবর্বের নাগরিকত্ব যদি বরখান্ত না হয়, তাহলে আমাদের স্থায়িত্ব আমাদের বসতি, আমাদের জীবিকা সম্বন্ধে আই এ্যাম ফ্রী টু ড এন্ড পার্স এ্যানিহোয়ের ইন ইন্ডিয়ান রিপাব্রিক, আজকে একথাও বিচারের সময় এসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছ কিছ এখানে অসন্তোষের মনোভাব প্রকাশ পেয়েছে, আমি এদের বলব রুলিং ফ্রন্টকে, রুলিং ক্রাসকে যে আপনাদের আত্ম সম্ভোষের স্কোপ নাই। নট ইন দিস রেকর্ড, মুখ্যমন্ত্রী মহাশয়ের একটা অবজারভেশন আমার চোখে পড়েছিল য়্যানি প্রীয় অব ট্রাইফল উইল ফাইন্ড এক্সকিউজ অব ডিসোলিউশন। আপনাদের আমি অনুরোধ করব আপনারা যদি রুল অব ল স্ট্রিক্ট্রী মেনটেন করে চলেন. Let the whole world see what fate awaits you, what comes to you, আজকে ট্রাইফলের ব্যাপার কেন। এই রুল অব ল আপনারা বাউন্ড, ইউ হ্যাড টেকেন অব ওথ অব এফারমেশন, ওথ অব সিক্রেসী, য্যাঞ্চল্য এস্টাবলিসড আপনারা মেনে চলবেন why do you furnish any execuse, any trifle. এটা আমি আপনাদের অনুরোধ করব লাস্ট বাট নট দি লিস্ট, এখানে আপনারা ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলেছেন, আপনাদের পঞ্চায়েত রাজের কথা বলছেন। আমি যদিও পঞ্চায়েত রাজের সঙ্গে সংশ্লিষ্ট নই, কিন্তু ওদের কার্যকলাপ দেখবার আমার সুযোগ হয়েছে। এখন তাগাদা দিচ্ছেন পার্টি লেভেল থেকে, গভর্নমেন্ট লেভেল থেকে হিসাব দিতে, তার মানে এতদিন তা দেওয়া হয়নি। আজকে যে অর্থ বায় করার অধিকার দিয়েছিলেন, তার প্ল্যান এন্ড প্রোগ্রাম রচনা করার এক্সপার্ট হ্যান্ড কোথায়? এবং এর একাউন্টেবিলিটি কার কাছে এবং কখন দিতে হবে. তার পেরিওভিসিটি কোথায়? এটা কি ফলো করেছে? তা যাদি না হয় তাহলে You are again brewing corruption at the grass root level. আপনারা পঞ্চায়েতের হাতে ক্ষমতা দিয়েছেন, আপনারা রিসোর্স দিয়েছেন, কিন্তু চেক্স এন্ড ব্যাদেশ যদি না থাকে, রেণ্ডলার পিরিয়ডিকাল চেক্স এন্ড ইলপেকশন যদি না থাকে, এর জন্য যদি জবাবদিহী না থাকে, তাহলৈ You are creating a breeding ground for corruption. এ কিন্তু আপনারা পারেন না। আর বিনয় বাব ওখানে বসে আছেন, ওঁর সম্বন্ধে এখন বলার দরকার। বিনয় বাবু ভূমি এবং ভূমি সংস্কার মন্ত্রী। আপনাদের এক মহামনিষীর কথা বলি। তিনি বলেছেন প্রপার্টি ইজ দি বোন অব অল কন্টেনশন, যতগুলো বিবাদ বিসম্বাদের মূল কারণ হল প্রপার্টি। আপনার আইন ফলো করছেন, কিন্তু সেওলো tit bit. These are not massive changes in the Legislation or in the structure of monarchism.

[6-00 - 6-10 P.M.]

আপনারা দেখেছেন বিবাদ এতে বাড়ছে, কমছে না। Why don't you think of a comprehensive legislature on Land? আপনারা তো একাধিকবার বলেছেন কিন্তু তার ঠাই ঠিকানা আমরা পাছিছ না। আপনাদের যদি মুখ শুকিয়ে গিয়ে থাকে কেন্দ্রে পরিবর্তনে তাহলে আমার কিছু বলার নেই। কিন্তু যে কথাটা আমি গোড়াতেই বলেছি সেকথাটা আবার আপনার কাছে নিবেদন করবো, আপনি একটা পুরানো মানুষ, আপনি ভো একটা প্রপ্রেসিন্ড চিন্তা করবেন যে চিন্তা একে অপরের গলাধাকা দেবে না, শ্রমিকের রক্তেক্ষক, কৃষকের রক্তে কৃষক, কৃষকের রক্তে ক্ষেম্বন্ন মালিক হাত রাঙ্গা করবে না। এ

বাবস্থা তো আপনি করবেন কিন্তু আপনি এতদিন যা করে এসেছেন These are all piecemeal Legislations and reforms. খেণ্ডলি Mere Pursue of the old legislations. আমরা ভূল করেছিলাম বলেই তো আপনারা দায়িত্ব পেয়েছেন। আপনি বা আপনারা যদি এগুলি সংস্কার করতে যান, সংশোধন হবে না। আপনারা যে আমূল সংস্কারের কথা বলেছিলেন আমরা বিনিদ্র রজনী যাপন করছি, চোখ মেলে বসে আছি দেখবার জন্য সেই ব্যবস্থা কবে প্রবর্তন করবেন। প্রশান্তবাবু এখানে আছেন, উনি বলেছেন, এখানে জ**ঞ্জালে**র হিন্দুকুশ, নীলগিরি, ধবলগিরি, কাঞ্চনজঙ্ঘা ইত্যাদি যা কিছু হয় হচ্ছে। আমাদেরও মাঝে মাঝে ট্রেন ধরতে যেতে হয়, বাসে যেতে হয়, জীপে যেতে হয় কিন্তু আমরা কখনও কখনও যেতেও পারি না। আপনি তো করিতকর্মা লোক, কিছু উদ্যোগও আপনি নিয়েছিলেন কিছ সেগুলি ব্যাহত হচ্ছে কি করে? Why do you allow this garbage to accumulate. আমরা বানতলাতে একটা প্রকল্প নিয়েছিলাম, আমাদের ধারণা ছিল এরকম ১৬টি প্রকল্প হলে আমাদের ঐ খরচে কলকাতার যত গারবেজ ইন এ পপুলেশন অব থাটি ল্যাক্স এগুলি We can convert it into organic manure, বানতলাটি কমলবাৰ চালাচ্ছেন কিনা জ্বানি না কিন্তু এই ধরনের প্রকল্প নিয়ে আপনারা তো আপনাদের এই তিন বছরের কার্যকাঙ্গের মধ্যে করলেন না। আপনাদের কোন কৈফিয়ৎ কিন্তু মানুষ শুনবে না, মানুষ যদি শোনেও তাহলে আমরাই বলব, ভাই ভূল শুনেছ, এটা সংশোধন করো। Why it is being recurring. এই একই জিনিস চলে আসছে। একটা দুর্বিসহ অবস্থা চলে আসছে। ভাবুন একবার আলো নেই, বৃষ্টি এলো সেই সময় আপনার জঞ্জালের হিন্দুকুশ, তাহলে অবস্থাটা কি দাঁড়ায়। তা ছাড়া আমাদের যে ডাব খাবার প্রবৃত্তি আছে সেই ডাবের খোলা যে কি অবস্থা করে সেটা আর বলার নয়। আর এই প্রচেক্ট এটা নাকি ভাায়াবল। এটা আমরা তখন নিয়েছিলাম, why don't you persue, তারপর আর একটা কথা বলি, 92 Municipalities and Corporations are under supersession. কংগ্রেস ভীষণ অন্যায় করেছিল এবং সেজনা আপনারা সমালোচনাও করেছিলেন এবং ১৯৭৭ সালের ভোটের সময় এই বলে কিছ বাডতি ভোটও পেয়েছিলেন যে এই দেখ, গণতন্ত্রে হাত দিয়ে দিয়েছে। কিন্তু আপনারা তো তিন বছরেও নির্বাচন করতে পারলেন না। লোকসভার কৈফিয়ং তো তিন মাসের, কিন্তু এর আগেও পারেন নি, পরেও পারেন নি। আপনারা বলছেন ১৮ বছরকে অধিকার দিচ্ছি সেইজন্য পারছি না, এটাই ঠিক, না, আপনাদের আর কোন রাজনৈতিক মতলব আছে, না কি এর দ্বারা আপনারা কোন রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করতে চান এবং সেইজনাই বিলম্বিত হচ্ছে এই মিউনিসিপালিটিগুলির নির্বাচন? শিক্ষা দপ্তরের কোন বন্ধকে দেখছি না। দুঃখের কথা ৯টি এ্যানেশ্বলি ডিসলভ হলে আপনারা ত্রাহি তাহি চিৎকার করেন, আমরা ব্যাথা পাই-গণতন্ত্রের উপর আঘাত আসলে নিশ্চয় ব্যাথা পাবার কথা— কিন্তু আপনারা যে ছটি বিশ্ববিদ্যালয়কে সূপারসিড করে রেখেছেন এটা কি গণতন্ত্রের মহিমা প্রচার করে? আর সেখানে যাঁদের বসিয়েছেন তাঁরা কি খুব বিজ্ঞ সব শিক্ষাবিদ? যাঁদের বসিয়েছেন তাঁদের কি ইউনিভাসিটি চালাবার ক্ষমতা আছে? এই প্রশ্নগুলি আমি আপনাদের সামনে রাখছি। এখানেও যদি শেষ করে দিতেন তাহলেও ব্রুতাম Apex body is the University. কলেজ, স্কুলগুলির কি অবস্থা? সেখানে দৃটি করে কমিটি, দৃটি করে হেডমাস্টার। তারপর প্রাইমারী खन राष्ट्रात ना वाद्यात्मा रूत। याप्रि यापात ध्याप्रस्टरमुखे वर्त्माह, यावात वन्नाह, उन्हें

বেকার ছেলেগুলি যারা অর্গানাইজ করেছে মাথার ঘাম পায়ে ফেলে তাদের নাম নেই। প্যানেল নেই, ওরা ঘুরে ঘুরে বেড়াচ্ছে। এখন রাধিকাবাবু যদি রিলিফ দেন তাহলে সুবিধা হয়, তা না হলে কোন উপায় নেই। এটা দলবাজীর ইতিহাস। আমি আপনাদের বার বার অনুরোধ করব সামনে ভারতবর্ব যে রূপ নিচ্ছে তাতে কিন্তু ফার্স্ট, এলিমিনেসান অব পার্টিজ্যান আউটলুক, সেকেগু এ্যাডমিনিষ্ট্রেটিভ নিউট্রালিটি রেস্টোর, এ্যাভ থার্ড, ভায়াবল অলটারনেটিভ, এটা আপনারা সব সময় চিন্তা করুন। ডেমোক্রেসিতে সরকার আসবে, যাবে। আপনাদের আমি এই কথা বলতে চাই আপনারা ফুল টার্মস থাকুন, দীর্ঘদিন বাঁচুন, আমাদের সহযোগিতা আছে। কিন্তু আমি আপনাদের অনুরোধ করব এই দোষগুলি আপনারা গ্রহণ না করলেই পারতেন। ১লক্ষ ৬ হাজার ভোটে না জিতে যদি ৬০ হাজার ভোটেই জিততেন তার জন্য এমন কিছু এসে যেত না হোয়াই ডু ইউ এ্যালাও ইওর অপোনেন্টস টু ক্রিটিসাইজ ইওর এ্যাক্টিভিটিজ এভ ইওর এ্যাচিভমেন্টস? এই কথা বলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের বন্ধু এ পক্ষ, ও পক্ষের বন্ধু এবং বিশেষ করে আজকে আপনি অত্যন্ত সহিষ্কৃত্তার সঙ্গে আমাকে যে বলবার সুযোগ দিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাবের সম্বন্ধে আমার যে সংশোধনগুলি আছে প্রত্যেকটি মৃভ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সত্যরঞ্জন বাপুশী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে বলবার সুযোগ দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এর আগে সি.পি.এম.এর মাননীয় সদস্য বক্তব্য রাখবার সময় সঞ্জয় গান্ধী এবং ইন্দিরা গান্ধীর সূইস ব্যাস্কে টাকা আছে, এই কথা বললেন।

মিঃ ডেপুটি স্পীকার : আপনি কোন রুলে বলছেন? আপনি কি পয়েন্ট অব অর্ডারে বলছেন?

শ্রী সত্যরঞ্জন বাপুলী: আমি স্যার, পয়েন্ট অব অর্ডারে বলছি। উনি বলেছেন সঞ্জয় গান্ধী, ইন্দিরা গান্ধীর সুইস ব্যাক্ষে টাকা আছে। মাননীয় মন্ত্রী যখন জবাব দেবেন তখন বলবেন এই সরকার এই বিষয়ে কোন তদন্ত করেছেন কিনা, কোন কমিশন বসাবার ব্যবস্থা আছে কিনা। কেন না কৃষ্ণপদবাবু তো জবাব দেবেন।

মিঃ ডেপুটি স্পীকার ? It is not point of order. You can not direct the Minister to reply to your points. It is not point of order.

শ্রী সত্যরপ্তান বাপুলী : সাার, আমি ডাইরেক্ট করছি না। আপনি আমার পয়েন্ট অর্ডারটা বলতেই দিচ্ছেন না। আমার বক্তব্য হচ্ছে মাননীয় মন্ত্রী গভর্নর'স এ্যাড্রেসের উপর জবাব দেবেন। যেহেত উনি লেবার মিনিস্টার সেইজনা তাঁকে জানানো প্রয়োজন।

মিঃ ডেপুটি স্পীকার : You have directed. I will not allow you to speak.

**এ। সত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমার পয়েন্ট অব অর্ডার শেষ হয়নি। স্যার, আমাকে বলতে না দিলে কি করে আমি বলবং আমি যা বলছিলাম ভবানিপুরে ও.এম.কে. কোম্পানীর শেয়ার কার কার আছে, এই কোম্পানীর ডাইরেক্টর প্রোপ্রাইটর কে, উনি যেন এটার জবাব

দেন। আর সেই সঙ্গে ব্রিটানিয়ার ব্যাপারটাও তিনি যেন তাঁর জবাবী ভাষণে বলেন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন সাহেব আজকে অনবদ্য বক্তৃতা করেছেন। উনি নৃতন ধরনের তাঁর স্বভাব বিরুদ্ধ খুব ভাল বক্তৃতা করেছেন। স্যার, আমি বলছি ওঁকে একটা বৈরাগ্য ভাতা দেবার ব্যবস্থা করুন।

[6-10-6-20 P.M.]

শ্রী আতাহার রহমন : মাননীয় অধাক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে আমি সর্বাস্তঃকরণে সমর্থন জানাচ্ছি। রাজ্যপালের ভাষণের উপর দীর্ঘ চারদিন আলোচনা হয়েছে, তর্ক বিতর্ক হয়েছে, এই আলোচনার মধ্যে যেটুকু আমরা দেখেছি বা বুঝেছি সেটা হচ্ছে মাননীয় বিরোধী দলের সদসারা এই কথা বলার চেষ্টা করছেন যে আইন শঙ্খলা আমাদের দেশে বিপন্ন। এটা খব সোচ্চার হয়ে বলছেন। যারা দদিন আগে কংগ্রেস (ইউ) বেঞ্চে বসতেন, আজকে ১০ই জানয়ারীর পর, ভারতবর্ষের রাজনৈতিক পরিম্বিতির পরিবর্তন হবার পর তাঁরা তাঁদের চেহারা পাল্টেছেন। ছিলেন গাই-এ, এখন গিয়েছেন আই'তে। আমাদের দেশে একটা চলতি কথা আছে, যে হিন্দু মসলমান হয়, সে মসলমান হয়ে অসম্ভব রকম গরু খায় এবং হাটে, মাঠে, গাঁয়ে, সমস্ত জায়গায় বলে বেডায়, ব্যাপক প্রচার করে যে আমি হিন্দু থেকে মুসলমান হয়েছি। তাই আজকে ওঁরা অসম্ভব চিৎকার করছেন, সত্য বাপুলি এবং সুনীতি চট্টরাজ মহাশয় বলছেন যে আইন শন্ধালা বিপন্ন এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীর নামে ওঁরা শুরু করেছেন, ভজ ইন্দিরা, লহ ইন্দিরা, কহ ইন্দিরা। এই পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলার আইন শৃদ্বালার প্রশ্ন তলেছেন। আমি মনে করি রাজ্যপাল তাঁর যে বক্তব্য এখানে রেখেছেন. এই দ্বিধাবিভক্ত সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে, বামফ্রন্ট সরকারের পক্ষে যেটুকু করা সম্ভব, সেটুকু তিনি তুলে ধরার চেষ্টা করেছেন। যেটা বাস্তবে সম্ভব নয়, সেটা তিনি বলার চেষ্টা করেন নি। এই দ্বিধা বিভক্ত সমাজ ব্যবস্থায় আমরা যদি মনে করি যে আমাদের পশ্চিমবাংলার সাধারণ মানুষের সামনে যে মৌলিক সমস্যা আছে, সেই সমস্যার মৌলিক সমাধান করা সম্ভব, তা সম্ভব নয়। কেন না আমরা বিপ্লবের মধ্যে দিয়ে আসিনি, আমরা এসেছি ভোটের মধ্যে দিয়ে। সংসদীয় গণতন্ত্রের চৌছদ্দির মধ্যে থেকে আমাদের কাজ করতে হবে। কাজেই এই পরিস্থিতিতে যেগুলো করা সম্ভব, সেইগুলি করা হয়েছে। ওরা যে বিতর্ক শুরু করেছে, আইন শৃষ্ট্যলার প্রশ্ন তুলেছেন —আমি কয়েকটি ঘটনা বলতে চাইছি, আজকের আইন শঙ্খলা বিপন্ন করার জন্য যারা ষড়যন্ত্র করছে, তার প্রস্তুতি চালাচ্ছে, তার কয়েকটি জাজুলামান উদাহরণ আপনার সামনে আমি রাখছি। কংগ্রেস আই-'র পক্ষে যারা বলছেন, তারা রাজাপালের ভাষণের উপর বলতে গিয়ে আইন শৃষ্খলার প্রশ্ন তুলেছেন, প্রশ্ন তুলেছেন মেনশনের মাধ্যমে, এমন কি যে অগণতান্ত্রিক ভাবে ভারতবর্ষে ১টি অকংগ্রেসী রাজ্য সরকারকে ভেঙ্গে দিয়েছেন, সেখানেও একই প্রশ্ন তলেছেন, আইন শৃদ্ধলার প্রশ্ন। আমাদের নির্বাচনের আগে এবং নির্বাচনের পরে যে সমস্ত ঘটনা ঘটেছে, বিশেষ করে মূর্শীদাবাদ জেলায় ওরা ঘটিয়েছেন. তার কিছু প্রকৃষ্ঠ উদাহরণ আমি তুলে ধরার চেষ্টা করছি। কংগ্রেস (আই) যেটা বলতে চাইছেন, সমস্ত ঘটনার মধ্যে দিয়ে, খুন, জখম, রাহাজানি, ছিনতাই, মারদাঙ্গা, যা হচ্ছে, তা একমাত্র মার্কসবাদী কমিউনিস্ট পার্টি করছে এবং সম্পূর্ণ দায় দায়িত্ব তাদের, এই কথা বলার চেষ্টা করেছেন। আমি নির্বাচনের আগে কতকগুলি ঘটনার কথা বলতে চাইছি। মুশীদাবাদ জেলার

[ 26th February, 1980 ]

নবগ্রাম থানার ইটেশ্বরী গ্রাম পঞ্চায়েত, গ্রামের নাম ইটোর, সেখানে বর্গাদার ছিলেন নাওশাদ শেখ, যিনি জমির মালিক তিনি বহরমপরে থাকেন, তার নাম জ্যোৎসা ঘোষ এবং নাওশাদ শেখ হচ্ছেন তার একজ্বন বর্গাদার। জ্ঞ্যোৎসা ঘোষ চেষ্টা করলেন নওশাদ শেখকে উচ্ছেদ করে একজন নৃতন বর্গাদার সাব্যস্ত কিন্তু নাওশাদ শেখের পক্ষে সমস্ত সাক্ষী প্রমাণ হওয়ার ফলে তাকে নকল বর্গাদার প্রমাণ করতে পারেন নি। নাওশাদ শেখ সঠিক বর্গাদার প্রমাণ হয়েছে এবং সে দীর্ঘদিন ধরে চাষবাস করছে সেই জমিতে। সেই জমিতে সে ফসল লাগিয়েছে এবং ফসল কাটার সময় ফসল কেটেছে ২০শে ফেব্রুয়ারী সকালে নাওশাদ শেখ তার জমি থেকে क्षत्रम करते निरंत्र वाफि हरू यान। दक्ना ५०ठा. ५५ठात समस्य स्नौत्राम राध धत सहकर्मी ও বন্ধুরা জানতে পারল যে নৌসাদ শেখকে খুন করতে আসছে সাগরদীঘি ও নবগ্রাম থানার অনেক লোকজন আক্রমণ করার জন্য ২০০ গান্ধীবাদী লোক মারাত্মক সব আগ্নেয়অস্ত্র নিয়ে এগিয়ে আসছে। নৌসাদ শেখ সেই সময়ে বাড়ী ছিলেন না, তিনি অন্য জায়গায় ছিলেন, কিন্তু কংগ্রেসী গুন্ডা বাহিনী বিভিন্ন জায়গায় তাঁর খোঁজ করে করে শেষ পর্য্যন্ত তাঁকে খুঁজে বের করে প্রকাশ্য দিবালোকে রাম্ভার ওপর তাঁকে হত্যা করে। সেই ছবি আমার কাছে আছে. আমি সেই ছবি আপনার কাছে পৌছে দিচ্ছি। এই সেই ছবি। এই সময়ে একটি ছবি দেখানো ২য়। তারপর ওখানে আমাদের লোকাল কমিটির সদস্য এবং কৃষক সমিতির নেতা কমঃ আবদুল মাল্লান তাঁর গ্রামের মানুষদের সঙ্গে কথা বলছিলেন, তখন তাঁকেও এই গুন্তা বাহিনী আক্রমণ করে এবং তাঁকে ঘরে নিয়ে গিয়ে প্রকাশ্য দিবালোকে নৃশংসভাবে হত্যা করে। ভধু তাই নয় তার মৃত্যু ঘটে যাবার পরেও তার দেহে অসংখ্য ক্ষতের সৃষ্টি করে। মৃতের ওপরও তারা প্রচণ্ড অত্যাচার চালিয়েছে। তারপর মানিক ঘোষ নামে গ্রামের আর একজন কৃষককে কংগ্রেসী স্যাঙারে বাহিনী খুন করে। এই তিনজনকে খুন করেই তাদের অত্যাচার শেষ হয় না। এ ছাডাও প্রচুর মানুষকে তারা আক্রমণ করে, অসংখ্য বাডিতে আগুন লাগিয়ে দেয় এবং গ্রামের মানুষ যখন গ্রাম ছেড়ে পালিয়ে যায় তখন তারা গরু, ছাগল ইত্যাদি পশুগুলিকেও কেটে কেটে খণ্ড বিখণ্ড করে রেখে আসে। এই হচ্ছে গান্ধীবাদী আইন-শৃদ্ধলার নমুনা। আজকে ওরা এই সমস্ত পরিস্থিতি সৃষ্টি করার চেষ্টা করছে। তারপরে সাগরদীঘি থানার গ্রাম পঞ্চায়েতের সদস্য কমঃ ওয়াজির শেখ যখন গ্রাম পঞ্চায়েতের সভায় যোগদানের জন্য সকাল ৮ টার সময় যাচ্ছিলেন গ্রামের মাঠের মধ্যে দিয়ে, তখন কংগ্রেসী গুন্ডা বাহিনীর লোকেরা লুকিয়ে থেকে তাঁর ওপর ঝপিয়ে পড়ে এবং তাঁকে খুন করে এবং তিনি মারা যাবার পরেও তাঁর দেহে প্রচণ্ড আঘাত করে। এই হচ্ছে ওদের আইন শৃঙ্খলার নমুনা।

১০ই জানুয়ারীর পর যখন নির্বাচনের ফলাফলের ভিত্তিতে ভারতবর্ষের রাজনৈতিক চেহারার একটা পরিবর্তন হয় মুর্লিদাবাদ তথা পশ্চিমবাংলার কংগ্রেস (ইং) গুন্ডা বাহিনী উৎসাহিত হয় এবং উৎসাহিত হয়ে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় মানুবের মধ্যে আতদ্ধ সৃষ্টি করার চেষ্টা করে। সেই চেষ্টা তারা এখনো মুর্লিদাবাদ জেলায় চালিয়ে যাচেছ। সৃতি থানার হারোয়া গ্রামের আমাদের একজন কর্মীকে ওরা আক্রমণ করে ইতিমধ্যে জখম করেছে এবং আমাদের কর্মীদের বাড়ী বাড়ী গিয়ে তাদের ভয় দেখাচেছ। কয়েক দিন আগে রঘুনাথ গঞ্জধানায় আমাদের পার্টির গ্রাম পঞ্চায়েত প্রধান মানস রায়কে কংগ্রেস (ই) গুন্ডারা আচমকা তুলে নিয়ে গিয়ে আটকে রাখে। তাঁর কোনো খোঁজ না পেয়ে পূলিসকে খবর দেওয়া হয়।

পুলিশ তাঁকে সেই গুন্ডা বাহিনীর কাছ থেকে উদ্ধার করে নিয়ে আসে।

[6-20-6-30 P.M.]

এই রকম ধরনের অত্যাচার বিভিন্ন জায়গায় শুরু করা হয়েছে। নির্বাচনের আগে আমরা যখন রাণী নগর থানা এলাকায় এসে ঝাড়গ্রামে নির্বাচনী প্রচারে যাই, আমাদের পার্টির নেতা দ্রী মদন রাই-কে কংগ্রেস-আই অতর্কিতে আক্রমণ করলো এবং জ্বখম করলো-পার্টির লোকেরা বিচ্ছিম হয়ে গেলো। তখন দেখা গেল প্রতিটি বাড়ীতে বাড়ীতে গিয়ে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করছে। আজকে দৈনিক বসুমতীতে দেখলাম রঘুনাথগঞ্জ থানা এলাকায় মিঠিপুর গ্রাম পঞ্চায়েত সদসা আল্লারাখা তাঁকে কয়েকদিন ধরে আটকে রেখেছে, খোঁজ-খবর পাওয়া যাছে না। আমাদের পক্ষ থেকে থানায় ডায়েরী করা সত্ত্বেও তাঁকে উদ্ধার করা যায় নি। কংগ্রেস আইর পক্ষ থেকে এই কথা বলা হছে তিনি পদত্যাগ করেছেন কিন্তু তিনি জীবিত কি মৃত সেটার খোঁজ পাওয়া যাছে না। এ ছাড়া নির্বাচনের পর মুর্লিদাবাদ জেলার রাজাপুর এলাকায় আমাদের লোকেদের (দুই জনকে) ছুরি মারা হয়, জখম করা হয়, তাদেরকে অজ্ঞান অবস্থায় হাসপাতালে স্থানান্তরিত করা হয়। মুর্শিদাবাদ জেলার মেলানপুর গ্রামে মালিবাড়ী গ্রাম পঞ্চায়েতের লোকেরা বসে আলাপ-আলোচনা করছিলো এবং আলোচনা করার পর যখন তারা বাড়া ফেরে একা পেয়ে খুন-জখম করার চেষ্টা চলছে। সবশেষে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সন্তোষ রাণা : মাননীয় উপাধাক মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ এই বিধানসভায় রেখেছেন আমি তার উপর কয়েকটি কথা বলতে চাই। এই বিধানসভা গঠিত হবার পর থেকে এই সর্বপ্রথম এমন কতকগুলি ঘটনা ঘটেছে যার উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে থাকা উচিত ছিল বলে আমি মনে করি। এই বিধানসভা গঠিত হবার পর এই সর্বপ্রথম এই রকম ঘটনা ঘটলো—একজন কেন্দ্রীয় মন্ত্রী তিনি প্রকাশ্যে বললেন এখানে যে গভর্নমেন্ট আছে সেই গভর্নমেন্টকে বঙ্গোপসাগরে ছড়ে ফেলে দেবো— এই ঘটনার উল্লেখ রাজাপালের ভাষণের মধ্যে থাকলে ভাল হতো। এটা শুধ কথার কথা নয়। একজন এম.এল.এ. বা একজন পার্টির লোক যদি এইসব কথা বলে তাহলে তার এক রকম অর্থ দাঁড়ায় কিছ যদি একজন কেন্দ্রীয় মন্ত্রী বলেন তাহলে সেটা গুরুতর অর্থ বহন করে এবং সেটা একটা বিপদের চিহ্ন সূচিত করে। তার একটা উল্লেখ থাকা উচিত ছিল এবং বলা উচিত ছিল এই রকম ঘটনা গত ৩০ বছরেও ঘটেনি। মাননীয় উপাধাক মহাশয়, আরও একটি বিষয়ে বলছি, যে লোকসভার নির্বাচন হয়ে গেল সেই লোকসভার নির্বাচন সম্পর্কিত ব্যাপারে। একটা বিষয় উদ্রেখ করার দরকার আছে বলে মনে করি। রাজ্যপালের ভাষণে এটা বেরিয়েছে এবং অনেক মাননীয় সদদ্যের বক্তৃতা থেকে এই রকম বেরিয়েছে যে ঐ ইন্দিরা কংগ্রেসের বিজয় রথ সারা ভারতবর্ষ গ্রাস করছে। পশ্চিমবঙ্গে তাঁকে রুখে দেওয়া হয়েছিল। রুখে দেওয়া হয়েছিল এটা সত্য কথা। খুব ভাল ব্যাপার, কিন্তু আমি যে বিষয়টার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে এই সরকার বা এই সরকার যাঁরা চালাচ্ছিল তাঁদের আত্মপ্রসাদ লাভ করার কিছু নেই। লোকসভায় কয়েকজন সদস্য গেলেন, সেই বিচারে অবশ্য এখানে ইন্দিরা কংগ্রেস পর্যদন্ত হয়েছে, কিন্তু ভোটের হিসাব করলে দেখা যাবে বিহার, উত্তরপ্রদেশ ইন্দিরা কংগ্রেস যে

[ 26th February, 1980 ]

পরিমাণ ভোট পেয়েছে পশ্চিমবঙ্গে তার থেকে বেশী পরিমাণে পেয়েছে। কেন পেলাং কোন প্রগতিশীল নীতি অনুসরণ করার জন্য তাদের থেকে বেশী সংখ্যক মানুষ ঐ স্থৈরতন্ত্রী শক্তির দিকে গেলাং আমাদের আদ্মসমীকা করতে হবে। আমার মনে হয় সরকারে যাঁরা আছেন এই শুরুতর বিষয়টি তাঁরা ভাবুন, তা না হলে এই খারাপ অবস্থা আরও খারাপের দিকে যাবে।

আইন শৃঙ্খলার প্রশ্ন আলোচনা হয়েছে। আমার ধারণা রাজ্যপাল তাঁর ভাষণে ঠিকই বলেছেন, আইন শৃঙখলার পরিস্থিতি খুবই চমৎকার। আমাদের দেশে বিভিন্ন শ্রেণীগুলির মনোভাবের উপর তা নির্ভর করে, আমার অভিজ্ঞতা থেকে বলছি। শ্রমিকার যদি আন্দোলন করে তখন গভর্নমেন্ট দেখেন তারা সীমার মধ্যে রয়েছে কিনা। সীমা ছাড়ালেই পুলিস গিয়ে লাঠি চার্জ করে বন্ধ করে দেয়। ক্ষেতমজুরদের বেলাতেও তাই। ক্ষেতমজুররা মজুরী বৃদ্ধির দাবী করলে পুলিশ গিয়ে জ্ঞাতদারের হয়ে তাদের আন্দোলন বন্ধ করে। তাদের বিরুদ্ধে বহু মামলা এই तक्य तुराहा। जाता यि मि.भि.धम. भार्टित लाक्ख इस जाइल्ख मामला करत्। লোকসভার নির্বাচনের পর মামলাগুলি বেশী করে চালান হচ্ছে। আইন শৃঙ্খলা কোন দিকে ভেঙ্গেছে আমি বৃঝতে পারছি না। গ্রামাঞ্চলে চুরি, ডাকাতি হচ্ছে। আমার এলাকায় সাঁকরাইল, ঝাড়গ্রাম, নয়াগ্রাম, জামবুড়ি প্রভৃতি গ্রামে চুরি ডাকাতি হচ্ছে এবং শুধু একটি দুটি বাডীতে নয়, এক-এক রাতে প্রায় ৪০/৫০ ঘরে ডাকাতি হচ্ছে। গ্রাম রক্ষী বাহিনী থাকা সত্তেও কিছ করা যাচ্ছে না। কেননা ডাকতরা আগ্নেয় অস্ত্র নিয়ে আসছে, সেখানে গ্রামবাসীরা লাঠি, তীর, কাঁড নিয়েও কিছ করতে পারছে না। কাজেই তাদের যদি রাইফেল দেওয়া যায় তাহলে তারা নিজেদের রক্ষা করতে পারে। আমি এই বিষয় নিয়ে মেদিনীপুরের ডি.এমের সঙ্গে কথা বলেছিলাম। তিনি বলেছিলেন এই প্রভিসন আছে, আইনগত কোন বাধা নাই—দেওয়া যায়। দিলে গ্রামের লোকেরা নিজেরাই নিজেদের ডিফেন্ড করতে পারে, ডাকাতি বন্ধ করতে পারে। আমি আশা করি এটা গভর্নমেন্টের কাজ, জনসাধারণের কাজ এবং জনসাধারণের সাহায্যের জনা তাঁরা এটা করবেন।

খরা এলাকার প্রসঙ্গে রাজ্যপালের ভাষণে এটার উল্লেখ রয়েছে এবং এটা দাবী করা হয়েছে খরা এলাকাগুলোতে যেমন বাঁকুড়া, পুরুলিয়া জেলার ঝাড়গ্রাম মহকুমা খরা এলাকা বলে ঘোষিত হয়েছে। ঝাড়গ্রাম এলাকায় সরকারী হিসাব মতে শতকরা ৭০ ভাগের বেশী ফসল নম্ভ হয়েছে। সুতরাং এই এলাকাগুলোও খরা এলাকা বলে ঘোষণা করে কো-অপারেটিভ খণের ব্যবস্থা করা হোক বা গভর্নমেন্ট বেনিফিট যেটা দেওয়া হয় সেটা দেওয়া হোক। অস্ততঃ খরা এলাকা বলে ভিক্রিয়ারেশন করা হোক। চাষীরা এইজন্য একবার ডি.এমের কাছে ডেপুটেশনে গিয়েছিল-ডি.এম. পুলিস লেলিয়ে দেন, পুলিসরা কৃষকদের উপর অত্যাচার করেন।

# [6-30-6-40 P.M.]

খরা এলাকা বলে এমন অবস্থায় ঝাড়গ্রাম থেকে বছ লোক গ্রাম থেকে কলকাতায় গিয়ে পাতাল রেল, সি.এম.ডি.এ.তে কান্ধ করছে। ফুট ওয়ার্কের কান্ধ সেখানে ৩মাস হয়। এই কান্ধ পেয়ে মানুষ বাঁচতে পারে নাঁ। আবার অনেক মাঝারি চাষী হাল, বলদ বিক্রি করে দিয়েছে। সেজন্য বলছি খরা এলাকা বলে ঘোষণা করে ঋণ মুকুব করা দরকার। কোআপারেটিভ

সোসাইটিগুলি যেটা জমি ক্রোকের নোটিশ যাচ্ছে ফেরত না দিলে জমি ক্রোক হবে। যেখানে চাষ হয়নি সেখানে তারা টাকা কিভাবে ফেরত দেবে? এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের প্রয়োজন আছে। রাজ্যপালের ভাষণে অপারেশন বর্গার কথা বলা হয়েছে। এটা বছ কৃষকের স্বার্থ রক্ষা করছে। এটা ঠিক যে পৃথিবীতে বিশুদ্ধ ভাল জিনিস কিছু হয় না। এতে কতকণ্ডান্ত খারাপ ফল দেখা গেছে। অর্থাৎ কতকগুলি জায়গায় এর প্রয়োগ এমন ভাবে হয়েছে যে ক্ষক আন্দোলনের অনেক মিত্র শক্তিকে শত্রু করা হয়েছে। যেমন ছোট ছোট ছুমির মালিকের জিমি বর্গা হয়েছে, সে নিজে চাষ করে না গরীব চাষী জমি চাষ করে তার নামে নিশ্চয়ই রেকর্ড করা উচিত। কিন্তু এতে একটা অসুবিধা দেখা দিয়েছে। জমি উৎপাদনের হাতিয়ার শুধু নয়, তার কাছে এটা একটা এসেট। অর্থাৎ বিপদের সময়, রোগের সময় সে ছুমি বিক্রি করে কিন্তু ঐ রেকর্ড করার পর তার আর বিক্রির অধিকার থাকে না। এর ফলে মধাবিত্ত মানুষের পক্ষে একটা অসন্তোষ সৃষ্টি হয়েছে। এই কারণে অনেক মানুষ এই সরকারের বিরুদ্ধে লোকসভার নির্বাচনে ভোট দিয়েছে। এর একটা সমাধান করা যায় কিনা চিন্তা করা উচিত যে ছোট ছোট জমির মালিকের ক্ষেত্রে তার জমি যদি সে বিক্রি করতে রাজী থাকেন তাহলে সেই জমি সরকার তার কাছ থেকে কিনে নেবেন ন্যাযা মূলো। ভাগচাষীর কাছ থেকে ভাগ আদায় করবেন যতদিন না দাম শোধ হয় এবং যখন শোধ হয়ে যাবে জ্বমি চাষীকে সরকার আবার দিয়ে দেবেন। এ ছাড়া অপারেশন বর্গার ক্ষেত্রে তা অনেক ক্ষেত্রে ভুল ভাবে ব্যবহার করা হচ্ছে। অর্থাৎ সত্যিকারের বর্গা নয় ভুয়া বর্গাদার হিসাবে লেখান হয়েছে। ২-৩-৪বিঘা জমির মালিক তার জমিকে জোর করে বর্গা করা হয়েছে। আশা করব এগুলি সংশোধন করা হবে এবং সংযত করা হবে। তারপর পঞ্চায়েতের ক্ষেত্রে অনেক ভাল কাজ হয়েছে। কিন্তু পঞ্চায়েতের ক্ষেত্রে দর্নীতি হয় নি তা নয়। কোন জায়গায় ব্যাপক ভাবে দর্নিতি হচ্ছে। আমার গোপীবল্লভপর ২ নং ব্রকে ৭টা গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৩টি গ্রাম পঞ্চায়েতে সি.পি.এম.-এর লোকের হাতে, ৪টা তাদের হাতে নেই। সেই ৪টা গ্রাম পঞ্চায়েতকে টাকা পয়সা দেওয়া হচ্ছেনা। এখানে আমরা প্রস্তাব নিয়েছি সেম্ট্রাল গভঃ অযৌক্তিক ভাবে রাজ্যসরকার গুলি ভেঙ্গে দিচ্ছেন। পঞ্চায়েত মন্ত্রীর কাছ থেকে অনেকবার শুনেছি পঞ্চায়েতগুলি পোস্ট অফিসের কাজ করে। ইমপ্লিমেন্টেশনের কাজ করবে। কিন্তু কোন গ্রাম পঞ্চায়েত যদি আমার দখলে না থাকে তাহলে তাকে দিয়ে কাজ করানো হবে না। সরাসরি পঞ্চায়েত সেই কাজ করবে। এ বিষয়ে অনেকবার বলেছি. কিন্তু কোন কাজ হয় নি। এটা একটা খারাপ ব্যাপার। এই রকম সরকারের পলিসি কিনা জানি না। কিন্তু এতে সরকারের দুর্নাম হচ্ছে। আর একটা হচ্ছে ঝাডগ্রাম উন্নয়ন— এর প্রশ্ন রাজ্যপালের ভাষণে আছে। এই মহকুমায় শতকরা ৯০ ভাগ মানুষ যেখানে কৃষক তাদের অবস্থার উন্নতির চেষ্টা করা। সারা পশ্চিমবাংলায় মজুরীর হার বৃদ্ধি হলেও এখানে দেড় টাকা দু টাকা মজুরী আছে। এখানে জমিতে সেচ ব্যবস্থা নেই বলে চাষবাস হয় না। সূতরাং সেখানে উন্নয়ন করতে গেলে প্রথমে সেচ ব্যবস্থা করা দরকার। সেখানে সুবর্ণরেখা নদী আছে, সেখানে দূলং নদী আছে, সেখানে কুয়াড়ি, দীয়া, চাপাখাল. নহর ইত্যাদি খাল ও নদী আছে। এগুলিকে কাজে লাগিয়ে যদি সেচের ব্যবস্থা করা যায় তাহলে জমিগুলিতে চাষ হবে ও লোকজন কাজ পাবে। ঝাড়গ্রামের উন্নয়ন করতে গেলে এটা প্রাথমিক ও পূর্ব সন্ত। গত ৩ বছরে উল্লেখযোগ্য একটাও কোন সেচ পরিকল্পনা হয় নি। রিভার লিফট ইরিগেশনের কথা আমি একটু বলি কারণ মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত

[ 26th February, 1980 ]

আছেন। রিভার পিফট ইরিগেশনের টাকার অসুবিধা হয় না। ঝাড়গ্রাম সেল থেকে টাকা পাওয়া যায়। আই টি ডি পি থেকে টাকা পাওয়া যায় ডি.এ.ভি.পি. থেকে টাকা পাওয়া যায়। কিন্তু টাকাগুলি খরচ করার মত ওখানে সংস্থান নেই। কারণ ওখানে এগ্রিমেকানিক্যলের যে অফিস আছে তারা কাজের এত লোড টানতে পারছে না। ওরা বারবার করে বলছেন যে ওধু ঝাড়গ্রাম সাবডিভিসনকেই যদি সেপারেট ডিভিসন করা হয় তাহলে আমরা কাজ করতে পারি তা না হলে এত কাজ আমরা করতে পারবো না। আমি ব্যাপারটা ভেবে দেখার জন্য সরকারের কাছে অনুরোধ করি। আর সর্ব শেষ কুঠিঘাট ব্রীজের কথা উল্লেখ আছে—তার কাজ হচ্ছে। আমি এরজন্য সরকারকে ধন্যবাদ জানাই। মাঝে মাঝে সি.পি.এম.-এর লোকেরা গগুগোল করছে। ওটা যেন না করে আপনারা দেখবেন। এই বক্তবাগুলি রেখে এবং মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**প্রী কৃষ্ণপদ ঘোষ :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্ঞ্যপালের ভাষণের উপর কয়েকদিন ধরে যে বিতর্ক হচ্ছে আজকে তার সমাপ্তি। বিতর্কের উত্তর দেবার দায়িত্ব আমার উপর পড়েছে কারণ মুখ্যমন্ত্রী এখন কলকাতায় নেই। যা হোক আমি প্রথমে দু-একটি কথা বলে নিতে চাই। এই বিতর্কে যতদূর শুনলাম ৩৮জন মাননীয় সদস্য অংশ নিয়েছেন। তাঁরা সকলে যে সমস্ত প্রশ্ন উত্থাপন করেছেন তার জবাব বা উত্তর দেওয়া সম্ভব নয়। তা ছাডা প্রয়োজনও বোধ হয় অতটা নেই। কারণ রাজ্ঞাপাঙ্গের ভাষণের পর বাজেট বিতর্ক শুরু হবে সেখানে বিভিন্ন দফায় আলোচনা হবে, বিভিন্ন বরান্দের উপর আলোচনা হবে। সেই সময় অনেক প্রশ্ন আলোচিত হতে পারে। একটা ছোট কথা বলে নিই সেটা হচ্ছে মাননীয় সদস্য সন্তোষ রানা মহাশয় একটা সঠিক কথা তুলেছেন। তিনি বলেছেন যে আপনারা আত্মসন্তুষ্ট হবেন না—আত্মপ্রসাদে লাভ নেই। এটা ঠিকই তো, এটাই তো বলা হয়েছে। নির্বাচনে যে দিন দেখলাম যে স্বৈরতন্ত্র জয় লাভ করেছে সেদিনই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনি ইশিয়ার দিয়েছিলেন যে গণতন্ত্রের সমূহ বিপদ। এ দিকে আমরা দৃষ্টি দিয়েছি। এ ছাড়া আমাদের অন্য কোন দৃষ্টিভঙ্গী হতে পারে না এবং কার্যতঃও তাই। আর একটা কথা উল্লেখ করেছেন যে কথা আমাদের কেন্দ্রীয় মন্ত্রী গণিখান চৌধুরি বলেছেন মানে বলে ফেলেছেন। হয়তো ঐ সময় वनात टैक्टा हिला ना-किन्ध जिनि वल स्मलहन- नागरतत जल हुँए स्मल দেবো—অথবা চল তোরে দিয়ে আসি সাগরের জলে। ঐ কথাটা বেফাস বলে ফেলেছেন। ঐ সময়ে বলার হয়তো ইচ্ছা ছিলো না— বলে ফেলেছেন। এটা তো আমরা জানি ইতিহাসে যে, স্বৈরতন্ত্র যখন জয় লাভ করে তখন গণতন্ত্রের যে টুকুন অবশিষ্ট থাকে তাকে ধ্বংস করবার জন্য তারা উদ্যত হয়। তাকে ধ্বংস করতে না পারলে absolute dictatorship of the autocracy, তা প্রতিষ্ঠা করা যায় না। এবং সে দিকেই যাচ্ছে— যদি আপনারা घটना लक्का करतन प्रश्रापत (अपिरक्टे याट्या। आप्रि এই সব कथाग्र श्राप्त आमरवा, किन्न घটना সে দিকে যাচ্ছে। এটা যারা বামপন্থী সরকার চালায় তাদের সম্পর্কে বিপদ নেই। শুধু সে কয়েকটি দল- এরই বিপদ নয়। এটা সমস্ত গণতন্ত্র প্রিয় মানুষের কাছে বিপদ এটা আমাদের বোঝা দরকার। মাননীয় সদস্য এবং আমাদের বন্ধুও বটে মাননীয় জ্বয়নাল সাহেব তাঁর বক্তব্য একটু আগে বললেন। কয়েকদিন আগে বললেই ভাল হতো কারণ একেবারে লেবে এত মূল্যবান কথা বলে লাভ নেই। তাঁর সব কথার জবাব দেওয়াও যাবে না। দু তিন দিন আগে

-বললে বিবেচনা করতে পারতাম। উনি মৌলিক প্রশ্ন তলেছেন। যা হোক পরে দ একটা কথা বলবো. আর বাজেট বিতর্কের সময় কথা তুললে আলোচিত হবে। মৌলিক প্রশ্ন যে কথা বলেছেন তা অত্যন্ত পরিষ্কার-অত্যন্ত ক্রিয়ার। একটা ছোট কথা বলে নিই। মৌলিক প্রশ্ন সমাধানের জন্য আমরা এখানে আসি নি। আমরা এই কথা কাউকে বলে ধোঁকা দিই নি-মিথাা বা অসত্য বলি নি যে আমরা রাজ্য সরকারে থেকে সীমাবদ্ধ ক্ষমতার ভেতরে থেকে যেখানে কেন্দ্রীয় সরকার একটা স্বৈরতন্ত্রী সরকার প্রতিষ্ঠিত হয়েছে তার ভেতরে থেকে আমরা মৌলিক প্রশ্নের সমাধান করতে পারবো। আমরা কোনবারই বলি নি নির্বাচনে যতবার অংশ গ্রহণ করেছি। আমরা যতবারই দাঁডিয়েছি ততবারেই বলেছি যে মৌলিক প্রশ্নের সমাধান করা ঘাবে না যতদিন না সমাজের অর্থনৈতিক কাঠামোর পরিবর্তন করা যাচ্ছে এবং সেটা সীমাবদ্ধ ক্রমতার মধ্যে থেকে সেই মৌলিক প্রশ্নের সমাধান করা যাবে না। সতরাং আপনি বেকার সমস্যা বলন, শিল্পের সমস্যা বলন, কষির সমস্যাই বলন বর্তমান সমাজ ব্যবস্থার ভেতরে থেকে যতখানি করা সম্ভব সেটুকুই আমরা করব এবং জনগণের স্বার্থে দাঁডিয়েই সেটা চরব। আমাদের সঙ্গে তফাতটা এখানেই। কিন্ধ যাঁরা এখানে ছিলেন তাঁরা যা করছেন সেটা গারা কায়েমী স্বার্থের স্বার্থ রক্ষাই করেছেন। আমি ডাঃ আবেদিনকে ধন্যবাদ দিচ্ছি কারণ এখনও তিনি ওইদিকে যোগদান করেননি এবং আশা করি তিনি গণতন্ত্রের দিকে থাকবেন. ্যানবের দিকে থাকবেন। আদ্ম সমালোচনা করবার অধিকার যেমন আমাদের আছে আপনাদের সই অধিকার আছে। বিধানসভায় আপনাকে আমি অনেকবার দেখেছি আপনিও আমাকে চয়েকবার দেখেছেন। কাজেই আপনাকে বলছি আপনারা যা করেছেন সেটা ঠিক করেছেন কনা সেটা একবার ভাবা দরকার। আমরা মৌলিক সমস্যার সমাধান করবার জন্য এখানে আসিনি। আমরা বলেছি মৌলিক সমস্যার ভেতর দিয়ে আমরা মানুষের আংশিক সমস্যার সমাধান করব এবং সেইসব সমস্যা নানা দিকের হতে পারে। প্রকত সমাধানের রাস্তা যতক্ষণ না অমরা খাঁছে পাচ্ছি ততক্ষণ আমাদের এই আংশিক পথেই চলতে হবে। আমাদের দেশের মানষের যেদিন অর্থনৈতিক, রাজনৈতিক সমস্যার সমাধান হয়ে যাবে তখন আর আংশিক সমস্যার সমাধানের পথে যেতে হবেনা। গণতন্ত্রের ডাকে, সমাবেশের ডাকে, জমায়েতের ডাকে অভ্যত্থান হবে। অবশ্য এই অভ্যত্থান বলতে আমি অন্ত্রের অভ্যত্থানের কথা বলছিনা, মানুবের অভ্যুত্থান এবং দেখছি চেতনা সেইদিকেই যাচ্ছে। এখানে আমি আমাদের এই বামফ্রন্টের বিরুদ্ধে মখাতঃ যাঁরা বক্তব্য রেখেছেন সেই কংগ্রেস (আই) সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। প্রথম ধরুন, শালীনতা এবং শিষ্টাচারের কথা বলা হয়েছে যে, এটা মানা উচিত কিনা। আমি মনে করি সংসদীয় গণতন্ত্রে শালীনতা এবং শিষ্টাচার থাকা উচিত। আমি জিজ্ঞাসা করি যাঁরা সরকার পক্ষের দিকে ইঙ্গিত করছেন তাঁরা কি সেকথা নিজেদের ক্ষেত্রে রেখেছেন? রাজ্যপাল এখানে এসে যখন ভাষণ দিতে উঠলেন তখন তার বিরুদ্ধে প্রতিবাদ করার অধিকার কি আমার নেই? হাাঁ, নিশ্চয়ই আছে। কিন্তু কথা হচ্ছে সেই প্রতিবাদের পদ্ধতিটা कि হবে? রাজ্ঞাপালের মুখের সামনে কাগজ নাড়িয়ে নাড়িয়ে একথা কি বলা হবে. গণতন্ত্র নেই, গণতত্ত্ব নেই, আইন শৃঙ্খলা নেই, আইন শৃঙ্খলা নেই। এটা কি ভদ্ৰতা, শালীনতা? অবশ্য যাঁরা এটা করেছেন তাঁরা এখন এখানে নেই, কাজেই কাকে আমি জবাব দেব। তিনি এক সময় মন্ত্রী ছিলেন অথচ তিনি বললেন রাজ্যপালের এই ভাষণ রাজ্ঞাপালের নয়। তাহলে এটা কার ভাষা? তিনি সসম্মানে এখানে এলেন, নিজে ভাষণ পডলেন। এরপরও

26th February, 1980

বলছেন এটা তাঁর ভাষণ নয়। তাহলে এটা কার ভাষণ? তাঁর এটুকু জানা উচিত ছিল্ব রাজ্যপাল রিফ্রেক্ট্রস দি পলিসি অব দি গভর্নমেন্ট। ওখানে তো লেখাই রয়েছে মাই গভর্নমেন্ট নট আদার গভর্নমন্ট। কাজেই রাজ্যপাল যে ভাষণ দেবেন সেটা সরকারের পলিসি অনুসারেই হবে।

## [6-50— 7-00 P.M.]

রাজাপালের ভাষণ রিফ্রেক্ট্রস দি পলিসি অব দি গভর্নমেন্ট। এখানে লেখা আছে মাই গভর্নমেন্ট অর্থাৎ আমার গভর্নমেন্ট, আমার সরকার, আমার সরকারের যে ভাষণ সেট আমার সরকারের পলিসি অন্যায়ী হবে। রাজ্যপালের ভাষণ হবে সরকারের পলিসির উপর এই তো চিরাচরিত কথা। তিনি একজন মন্ত্রী ছিলেন তিনি কি এটা জানেন না? জানেন কিন্তু এইভাবে প্রেক্লেন্ট করলেন, উপস্থিত করলেন যাতে ওঁর সুবিধা হয়। তাহলে রাজ্যপালের ভাষণে কি থাকরে? কংগ্রেস (আই-র) প্রোগ্রাম থাকরে, স্বৈরতন্ত্রের বিভিষীকা থাকরে, তাদের ভয় দেখান হবে এটা কি থাকবে, এটার জনাই কি রাজাপালের ভাষণ ? না, রাজাপালের ভাষণে তার গভর্নমেন্টের পলিসির বিবরণ থাকবে, এটাই রীতিনীতি এবং যিনি এটা জানেন না তিনি তাঁর অজ্ঞতা প্রকাশ করছেন এটাই ধরে নিতে হবে। এখানে ধরুন মূল কথাটা কি. ডাইরেকশ : হচ্ছে কংগ্রেস (আই), ইন্দিরা কংগ্রেস কোন দিক দিয়ে যেতে চান। অনেক কথা বলার দরকার নেই, দৃটি কথা ধরুন রিগিং এ্যান্ড ল' এ্যান্ড অর্ডার, কিসে প্রমাণ হল রিগিং ৪ একজন একটি বালট পেপার দেখিয়ে বললেন, মাননীয় সদস্য, এই যে রিগিং হয়েছে তার প্রমাণ আমার পকেটে এই ব্যল্ট পেপার। এতে এর উল্টোটাও তো প্রমাণ হয়। উল্টোটা কি. আপনি ভোট দিতে গিয়ে ভোটের কাগজটা বাক্সে না দিয়ে পকেটে নিয়ে এসেছেন এও তো বলা যেতে পারে। তাহলেই কি রিগিং হল? অনেকেই তো করেন। ভোটপত্র না দিয়ে যখন বাব্দে ফেলেন তখন তো কেউ সেখানে থাকে না তখন সেটা মডে পকেটে রাখলেন ভোট দিলেন না, এটাকে কি বলবো, এটা কি রিগিং হল ? রিগিং কোন সময়েই গোপন করা যায়না। আমরা তো দেখেছি '৭২ সালে রিগিং কাকে বলে, কারচুপি কাকে বলে। এখানে কথা বলেছেন যে ভোটার তালিকা যখন করা হয়েছে আর একটা হচ্ছে ভোট দেবার সময় কারচুপি করা হয়েছে। ভোটার তালিকা কারা করেছে? এটা সকলের দ্বারাই স্বীকৃত যে অতি আল্প সময়ের মধ্যে ওঁরা নির্বাচন করতে চেয়েছিলেন ফলে এত তাড়াতাড়ি ভোটার তালিকা করতে হয়েছে। কারা করেছে? ইলেকশন কমিশন, তার নিযুক্ত বাক্তি, ইলেক্টোরাল অফিসার, চিফ ইলেক্টোরাল অফিসার তিনিই নিযুক্ত করেছেন এনুমারেটর থু ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং সম্ভবতঃ থু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, এই তো হয়েছে আর অতীতে যারা ভোটার তালিকায় কাজ করেছে এনুমারেটর হিসাবে তারা হয়েছে। তারা সব লেফট ফ্রন্টের ক্যাডার হয়ে গিয়েছে কি করে ধরা যাবে? তা হয়নি। তাহলে ভোটার তালিকা যথারীতি যার। তৈরি করতো এবারও তারাই তৈরি করেছে। তবে সর্বাঙ্গীন সুন্দর হতে পারেনা, এত অন্ধ সময়ের মধ্যে করলে সর্বাঙ্গ সম্পর হয়না, ত্রুটি বিচ্যুতি থেকে যায়। ত্রুটি বিচ্যুতি এক কথা আর রিগিং অনা কথা, এই পার্থক্যটা ওঁদের বোঝা উচিত। যারা বলেছেন আমরা যদি গভর্নমেন্টে থাকতাম তাহলে এটা হতে দিতাম না. হাা, ছিলেন তো আপনারা গভর্নমেন্ট। আমরা দেখেছি '৭১ সালে আপনারা গভর্নমেন্ট ছিলেন, অতীতে আমরা দেখেছি

'৭১ সালের নির্বাচনে, আমি বলছি আমার অভিচ্ছতার কথা, আমার চারটি কর্পোরেশন ওয়ার্ড তখন ছিল এখন পাঁচটি হয়েছে, তার দুটির মধ্যে আমি ঢকতেই পারিনি। তখন লিমিটেড ফোর্স অর্থাৎ ওরা মনে করলেন কিছু গুলি করবো, কিছু পাইপ গান দেখাবো তাতেই জ্বিতে যাবো। হয়নি যতদিন গভর্নমেন্ট ছিল আমার যতদর মনে আছে মসলিম লীগ िछ। সব नित्य '95 সালে একটা **एगर्স श्राक्षात्म** इत्याह्निल, रमार्गरून विशिश इत्याह्निल किन्न সর্বত্র সফল হয়নি। তার থেকে ওরা শিক্ষা গ্রহণ করে '৭২ সালে ওরা ঠিক করলো ভোটের বাব্দের ধারে কাউকে আসতে দেবো না, শুধু যাদের রিভালভার আছে, পাইপগান আছে, তারা এসে ভোট দেবে এবং দেখলাম বেলা ১০টার ভিতর ভোট হয়ে গেল। জ্যোতি বাব ৩৬ হাজার ভোটে হারলেন, তার থেকে বেশী ৪৪ হাজার ভোটে আমি হারলাম। চমৎকার, জয় জয়কার গণতন্ত্রের। একেই বলে রিগিং। রিগিং মানে এই নয় যে শান্তিপর্ণ ভাবে লাইন দিয়ে বাত্রি ৭টা পর্যন্ত ভোট দিয়েছে এবার। এবার যেটা দেখলাম যে জায়গায় ভোট দিতে গিয়েছি, আমি দেখলাম যারা কোনদিন ভোট দেয়নি, কংগ্রেসী লোক আমি জানি তাদের আমার পাশের বাড়ীতেই থাকে তারা এবার এলেন। আমি বললাম এবার এসেছেন তো. বললেন যে হাা এবার শান্তিপর্ণ ভাবে ভোট হয়েছে এবং যারা ভোট দিতে চেয়েছেন তারা সকলেই ভোট দিতে পেরেছে, এটাই ঘটনা। এইটাই ঘটনা, এইটাই বাস্তব অবস্থা। ভোট দেওয়ার পরে আশা করেছিল কি? সর্বত্র ইন্দিরা হাওয়া বইছে, এখানেও ইন্দিরা হাওয়া বইবে। যখন দেখা গেলো ইন্দিরা হাওয়া নেই, তখন বললেন, রিগিং, কেননা আমি ভোট পাই নি। নিশ্চয় এরা রিগিং করেছেন সেইজন্য আমি ভোট পেলাম না। এটা আগে মনে হয় নি। কিছ রিগিং বা কারচপি যদি বলেন এক জায়গায় বললে হবে না। পশ্চিমবাংলায় বললেই হবে না। তাহলে কেরালায় জিতলেন না কেনং কেন ত্রিপরায় জিতলেন নাং একটা লজিক থাকবে তো। তাহলে রিগিং দিয়ে এক্সপ্লেন করা যায় না। এক্সপ্লেন করা যায় এইভাবে—ভারতবর্ষের মধ্যে অন্ততঃ দু-তিনটি রাজ্য আছে যেখানে গণতান্ত্রিক চেতনা মানুষের মনে গেঁথে গিয়েছে। সেখানে মানুষ গণতন্ত্রকে ভালবাসে, বামফ্রন্টকে ভালবাসে এবং জনসমর্থন তার পক্ষে বেডেছে এবং বামপন্থীরা জয়লাভ করেছেন। ভোটের ব্যাপারটা একটু দেখা যাক। কত পারসেন্ট ভোট ইন্দিরা গান্ধী পেয়েছেন? অনেক আসন পেয়েছেন ঠিকই। কিন্তু ভোটের সংখ্যাটা কিং ৪২.৫৮ তাই তোং আমার মনে হয় তাই অল ইন্ডিয়াতে। এখানে ৩৬ পয়েন্ট সামান্য কিছ পেয়েছেন। আর লেফট ফ্রন্ট কত ৫৩.৭৫ পারসেন্ট। তাহলে জিতবেন কি করে? যোগ-বিয়োগ আমি বঝি না। আমার মাথায় অত ঢোকে না। সূতরাং আমি যদি জিতি তাহলে ঠিক আছে, আর আমি যদি না জিতি তাহলে রিগিং। এই রিগিংটা যদি থিওরিটিক্যাল প্রমাণ করতে না পারি, তাহলে কি করে সরকার ভাঙ্গবো? রিগিং কথাটা কোথায় ওঠে নি, म এছে অর্ডার কোথায় ওঠে নিং দু জায়গায় ওঠে নি। আমি এক জায়গার কথা বলছি। যেখানে তোমরা আত্মসমর্পন করবে বিনা শর্তে সেখানে রিগিংয়ের কথা তুলবো না। সেখানে আইন-শৃঙ্খলার কথা তুলবো না। এইসব প্রসঙ্গ তুলবো না। স্বৈরতন্ত্র এই পর্থেই অগ্রসর হয়। ডেফিনিট রুল এই। সতরাং যারা গণতন্ত্রপ্রিয় মানুষ, গুধু বামফ্রন্টই নয়, অন্য সকলেরই ইশিয়ার হওয়ার দরকার আছে। রিগিংয়ের কথা একটা ষড়যন্ত্রমূলক কথা. একটা মনগডা কথা। তার কোন সততা নেই। এইবার আসুন আর একটা কথা তুলে ধরছি। হাই প্রাইসের কথা, কেন জিনিসপত্রের দাম বাডছে? আমি বলি জিনিসপত্রের দাম কবে কমেছে। বর্তমান

[ 26th February, 1980

অর্থনৈতিক ব্যবস্থায় পশ্চিমবঙ্গে কেন সর্বত্র দাম বেড়েছে। কোন জায়গায় একটু বেশি, কোন জায়গায় একটু কম। কেন এটা হয়? এটা তো অর্থনীতির কথা। এই যে অর্থনীতি এটা দেশের মানুষের স্বার্থে নয়।

## [7-00-7-10 P.M.]

**एम्ट्रांत मानुरात अछाव एपाठावात जना এই अर्थनी** करतनि, राथान এই श्रें जिवामी অর্থনীতি এক সময় সেভেনটিম্ব সেঞ্চরিতে কি এইটিম্ব সেঞ্চরিতেই বলুন, আংশিকভাবে স্বার্থে लिशिष्ट, अर्थन जा मानिना। मानुखर शए जमि नारे, माम मिरा जाता किनए भारतना. কেনবার তাদের ক্ষমতা নাই। শ্রমিকদের ক্ষমতা নাই তাদের পার্চেজিং পাওয়ার নাই। দুনিয়ায় আজকে অর্থ সংকট, আমাদের দেশেও সংকট। সূতরাং কেনবার ক্ষমতা কমে যাচ্ছে মানুষের. আর যে প্রডাকশন তা, তার ফলে, গুদামজ্ঞাত হয়ে যাবে। সূতরাং নতুন থিওরি ইকনমি মাস্ট বি বেসড অন এক্সপোর্ট, এক্সপোর্ট ওরিয়েন্টেড ইকনমি, বাজারে কম্পিটিশন করবে, দাম কমিয়ে বিক্রি করতে হবে, তার জন্য ইনফ্রেশন বাডছে আভ্যন্তরীণ বাজারে এবং এই ইনফ্রেশন যদি হয়, প্রাইস লাইন চেক করতে পারবেন না। শ্রীমতী ইন্দিরা তো বলেছিলেন. জনতা সরকারের থাকার অধিকার নাই, কেন? সাংঘাতিক মূল্যবদ্ধি হয়েছে এবং তাঁরা প্রতিশ্রুতি পালন করতে পারেন নি। আমিও এখানে দাঁডিয়ে বলতে চাই, তাঁর সরকার এখানে আসলেন, তিনিও প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি পালন করা সম্ভব হবে না। সূতরাং মূল্যবৃদ্ধি হবে। গণতান্ত্রিক ব্যবস্থায় মূল্য বৃদ্ধি হবেই। তাছাডা কিছক্ষণ আগে শুনছিলাম. প্রশ্নতোরের সময় স্থীন কুমার বিবৃতি দিলেন— রিক্য়ারমেন্ট, এলটমেন্ট, সাপ্লাই যেখানে রিকয়াারমেন্ট যা প্রয়োজন রাজ্যে, সেই প্রয়োজনের তলনায় এলটমেন্ট হয়না, আর যদি এলটমেন্ট হয়ও তা আসেনা। সেদিন আমাদের কেন্দ্রীয় মন্ত্রী প্রণব মখার্চ্জী এসেছিলেন আমাদের মুখামন্ত্রীর ঘরে, আলোচনা হচ্ছিল, আমি একটা ছোট্র কথা বলব, কংগ্রেসীদের শোনা উচিত, কেন্দ্রীয় মন্ত্রী কি বলছেন—প্রণববাব বললেন চিনি কেন্দ্র পাঠাবেন, অভাব হবে না. তবে ট্রান্সপোর্ট বটন্সনেক, নরি আসে না, ওয়াগান আসে না, তাহলে এই যে পাঠাবে। তিনি বললেন— আমি জানি না ট্রান্সপোর্ট মিনিস্টার দায়ী। তাহলে কেন্দ্রীয় মন্ত্রী বলছেন-একটা বড কারণ হচ্ছে ট্রান্সপোর্ট বটলনেক, এবং সেটা দেখার দায়িত্ব তাঁর নয় তিনি বললেন তিনি গিয়ে বলবেন শর্মা সাহেবকে, তিনি যেন দেখেন। কিভাবে রাজ্যের প্রতি ব্যবহার করা হচ্ছে । তিনি একথা বললেন পশ্চিমবঙ্গে চিনি কোথা থেকে আসবে, যেখানে সংকট দেশে সেখানে তাড়াতাড়ি আসার দরকার। তিনি খোলাখুলি বললেন চিনি এখানে আসবে মহারাষ্ট্র থেকে। কত নিকট জায়গা। ওয়াগানে করে আসবে, মাঝখানে লুট হবে কিনা কেউ জানেনা, শেষ পর্যন্ত পৌছবে কিনা কেউ জানে না। একেতো ট্রান্সপোর্ট বটলনেক तराइटेहि। जामात्म त्मचामारा हिनि काथा थ्याक गाउँ विदात थ्याक এवः উত্তর প্রদেশ থেকে যাবে, কেননা সেখানে ল এন্ড অর্ডার আছে, ভাল আছে, তাই সেখানে পাঠান দরকার আগে, সেখানে শান্তি বিরাজ করছে। কিন্তু উপ্টোটা কেন করা যায় না? আসামে এবং মেঘালয়ে কেন মহারাষ্ট্র থেকে যাবে না, আর পশ্চিমবঙ্গে কেন বিহার এবং উত্তর প্রদেশ থেকে আসবে নাং না সেটা হবে না, কেন্দ্রীয় সরকার থেকে চিনির ব্যাপারে এই জিনিস স্থির করেছে। কিন্তু কি জনা হবে নাং এই তো গেল আসেনসিয়াল কমোডিটিস সম্প্রে হাই প্রাইস সম্পর্কে

এই হচ্ছে ঘটনা। এখন ধরুন বঙ্গা হচ্ছে, বিনা বিচারে আটক আইন প্রয়োগ করেন নি কেন? আমরা বলি, প্রয়োগ করে কি হবে? আজকে বিনা বিচারে আটক আইন আমরা ব্রাক মार्किंगित्रातरमत त्राचात कना श्रातां कत्रत्वा कामर्क रमिंगेरे युक्ति रूत वामारक धरत ताचात জন্য। তাই তো হয়েছে। এমারজেশির সময় কি হয়েছে? কোন যুক্তি নেই, কৈফিয়ৎ নেই, কারণ নেই, চল। কত বছর? কোল বছর ঠিক নেই। আবার সেটাই কি করে আনা যায় সেই চেষ্টা চলেছে। প্রথমে একটু পপুলার ওয়েতে আনো অর্থাৎ ব্ল্যাক মার্কেটিয়ারদের নামে আনো তারপর যা হবার তাই হবে। এসেনশাল কমোডিটিস আাই অনুযায়ী কত লোকের বিরুদ্ধে আমরা মামলা করেছি? রিপেটিটা অসম্পূর্ণ কিন্তু মামলা হয়েছে ১৯ হাজারেরও বেশি। কিন্তু তাতে জিনিসপত্রের দাম কি কমছে? না। কিছু ধরে রাখলে কমবে? না। কারণ এদের সাথেই তো জোট। বহৎ ধনি গোষ্ঠী, জোতদার, কালোবাজারী, মহাজন এরাই হচ্ছে ওদের সমর্থক। ইলেকশনের সময় এক জায়গা থেকে আর এক জায়গায় যেতে হলে আমরা ১০ বার চিন্তা করি. আমাদের ফ্রন্টের অন্যান্য পার্টির ও করেন, কি করে যাওয়া যায়, গাড়ী काथाय, गांछी ना थाक ख्रांत हला, तिब्राए हला, वास्त्र हला हैजापि किन्न क्यांत कि আমরা দেখলাম? আমরা দেখলাম, এরোপ্লেন, হেলিকপ্টার হুড্ছড় করে চলছে। তার কোন সময় নির্ঘন্ট নেই. কখন আসবেন কখন যাবেন তার কোন ঠিক নেই কিছু সেগুলি চলছে। এখন টাকা কোথা থেকে আসে এরজন্য? যদি বৃহৎ ধনিক গোষ্ঠী, জোতদার, বড বড মহাজন ইত্যাদির। টাকা না দেয় তাহলে এই টাকা কোথা থেকে আসে? এক সংবাদপত্র লিখেছিল টাকা কিছ আমেরিকা থেকে আসছে। তিনি তার জবাব দিয়েছেন, বলেছেন, আমি আমেরিকার টাকা নিই না। এটা কি জবাব হল থ আমেরিকার টাকা আপনি নেন নি কিছ আপনাব দল নিয়েছে কিনা সেটা বলুন। সে কথা বলার সাহস তার নেই, অস্ততঃ এখনও পর্যন্ত বলেন ১ নি। মানুষের মেরুদণ্ড ভেঙ্গে দেবার পর সেকথা বলবেন কিনা জানি না। তবে এটা জ্ঞার করে বলা যায় যে পশ্চিমবঙ্গে ইলেকশন কমপ্লিটলি পিসফুল- সম্পূর্ণ শান্তিপূর্ণভাবে ইলেকশন হয়েছে, অশান্তির একটিও ঘটনা ঘটে নি। বাইরের অনেক লোক আশ্চর্য হয়েছেন, যারা হেরে গিয়েছেন কংগ্রেস (ই) জিতেছে, তারা বলেছেন, আপনাদের ওখানে ইলেকশন এত শান্তিপর্ণ হল কি করে, আমাদের ওখানে তো হয়নি। তারা বলেছেন, আমাদের ওখানে জাতের, ধর্মের ঝগড়া, অনেক কিছুই হয়েছে। আমরা বলি, শান্তিপূর্ণ তো হবেই কারণ আমরা গরিব মানুষদের क्षना किছू कति। তবে আমরা একথা বলি না, আমরা কেউ দাবি করি না যে আমাদের যা কিছু করণীয় তার সব কিছুই আমরা করেছি। আমাদের কোন ডিফেক্ট নেই তাও নয়। অপারেশন বর্গায় কোন ডিফেক্ট হয়নি, ভল হয়নি তাও নয় কিন্তু মলতঃ আমাদের ডাইভটা হচ্ছে, গরিবদের জন্য কিছু করা। তারপর শিল্পে শান্তির কথা বলা হয়েছে। কোথায় শান্তি আছে? আপনি যান বম্বেতে সেখানে শিল্পে শান্তি আছে? আপনি যান পাঞ্জাবের পাশে ফরিদাবাদে বা হরিয়ানাতে, সেখানে শিক্সে শান্তি আছে? সেখানে তথু স্টাইক নয়, এমপ্লয়াররা সেখানে সশান্ত গুভাবাহিনী তৈরি করেছে এবং পূলিশ তাদের সাহায্য করছে, শ্রমিকরা নিহত হচ্ছে। কোন খবরের কাগভে সেসব খবর বেরোয় না। তবে এসব কথা বলতে গিয়ে আমি একথা বলছি না যে আমাদের এখানে চরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানি এসব কিছু হয়না, মোটেই তা নয়। কিন্তু এর সঙ্গে সঙ্গে একথাও আমি বলব, আমরা সাধারণ মানুষের জন্য দাঁডিয়েছি, তাদের স্বার্থে দাঁডিয়েছি। আমরা এরজন্য দাঁডিয়েছি বলেই শ্রমিকরা লাভবান হয়েছে।

[ 26th February, 1980 ]

গত ২।। বছরে কয়েক শত এগ্রিমেন্ট হয়েছে। চটকল মালিকরা দাঁড়িয়েছিল লড়াই করবার জন্য আমাদের সাথে।

[7-10-7-20 P.M.]

শ্রমিকের সাথে, হেরে গেছে। ফড ফর ওয়ার্ক-এর কোন জায়গায় একটু গলতি হয়েছে. সেটা বড় কথা নয়, ফুড ফর ওয়াকে কৃষক সাধারণ তারা লাভবান হয়েছে কিনা সেটাই বড কথা। অনেক পত্রিকা লিখেছিল এই যে বন্যা হল, এবারে মহামারী দেখা দেবে। ভবিষ্যৎবাণী তো অনেকেই করেছিলেন মহামারী দেখা দেবে এবং মহামারীর পরে বিরাট এরিয়ার হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ কলকাতায় আসবে। কেন দেখা যায় নিং মানুষের স্বার্থে কাজ করারা চেষ্টা করলে করা যায়, মহামারী হয় না। কারণ গ্রামে খাদ্য পৌছে দিতে পারলে, ট্রিটমেন্ট, চিকিৎসা পৌছে দিতে পারলে কলকাতায় ছটে আসবে না খরাতে তো আসে নি-- তবে কন্ট হচ্ছে এটা ঠিক। কেন্দ্রীয় সরকারের হাত ক্রমশঃ শব্দ হয়ে যাছেছে। কি বলবেন রিগিং? পঞ্চায়েত নির্বাচনে তো কংগ্রেস ধুয়ে মুছে সাফ হয়ে গেল, ইন্দিরা কংগ্রেস প্রায় নেই বললেই চলে, তাহলে বলুন কমপ্লিট রিগিং—যেখানেই কমপ্লিট ডিফিট হবে, যেখানে সম্পূর্ণভাবে পরাজিত হবেন, সেখানে কমপ্লিট রিগিং বলবেন, আর যেখানে একটায় জয়লাভ করবেন, দেখাবেন মানুষের রায় দেখং হগলীর খ্রীরামপুর কেন্দ্রের কথাই ধরুন। সেখানে আমরা জিতেছি, এটা গর্বের বিষয়। কারণ এত বড় তথা কথিত ইন্দিরা হাওয়ার পরেও শ্রীরামপুরের মানুষ বিশ্রান্ত হয়নি। তারা রুখে দাঁড়িয়েছে। ধরুন কোন কারণে যদি দীনেনবাৰ হেরে যেতেন তাহলে কি হত ? এখানে আপনারা বসতে পারতেন ? এখানে আওয়াজ উঠত তোমাদের আর বসবার অধিকার নেই, মানুষ রায় দিয়েছে। তোমরা হেরে গেছ, তোমাদের আর বসবার উপায় নেই, এই অ্যাসেমব্রী ভেঙ্গে দেওয়া হোক। এখান থেকে ছুটে যেতেন ইন্দিরা গান্ধীর কাছে এবং সেখানে তদ্বির করতেন এই অ্যাসেমব্রী ভেঙ্গে দেওয়া হোক বলে। কিন্তু দুঃখের কথা ওদের আমরা যেহেতু জ্বিতে গেছি সুখের কথা আমাদের। আমরা সমগ্র মান্যকে এই কথা বোঝাতে পেরেছি পশ্চিমবন্ধ, বিহার বা উত্তরপ্রদেশ না। পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, কেরলের অবস্থাটা অন্যরকম। সেখানকার মানুষ বুঝছেন। বিহার বা উত্তরপ্রদেশের মানুষও বৃঝবে। সেখানকার মানুষের বোঝা ছাড়া উপায় নেই। ইন্দিরা গান্ধী ভোট পেয়েছেন ৪২.২৫ পারসেন্টেজ। তাতে সংবাদপত্রে ঘটা করে ছাপা হল ম্যাসিভ ভিষ্কি. ম্যাসিভ ম্যানডেট। ম্যাসিভ ম্যানডেট ইন্ধ ইকুয়াল টু ৪২.২৫ পারসেন্টে। তাহলে ভিষ্টি অব 82.2¢ भारतम्हे ने प्रात्मिक । य कान कारति शाक विद्याधील । एव किन গেছে মানুষের দোষেই হোক বা যে কোন কারণেই হোক বিরোধীদের ভোট স্পিলিট হয়ে গেছে তাছাড়া জ্বিততে পারত? আমাদের বেলায় বলা হচ্ছে তা বলতে পারব না— সার্টেনলি. উই হাাভ গট ম্যাসিভ ভিক্টি, উই হাাভ গট মোর দ্যান ৫০ পারসেন্ট ভোটস। আমরা ৫০পারসেন্ট ভোট পেয়েছি, ইতিহাসে এটা লেখা হচ্ছে। এখানে ম্যাসিভ ভিষ্টি না-নাম্বার দেখলে বুঝতে পারবেন--বিকঞ্জ অব উিভিসন অব অ্যাণ্টি-ইন্দিরা ফোর্সেস, ডিভিসন অব আান্টি-অথরিটেরিয়ান ফোর্সেস, হাাঁ, জিতে গেছেন। জেতার পর কি করবেন সেটা তো আমরা দেখতেই পাছি। এখানেও সমস্যা আছে অনেক সমস্যা আছে। কিন্তু সব সমস্যা সমাধানের

জন্য পশ্চিমবঙ্গ সরকার দায়ী? হাাঁ, কিছুটা হয়ত আমরা দায়ী-কিন্তু সব সমস্যা আমাদের নয়। যেমন ধরুন পাওয়ার- আপনাদের ঘরের বাতি নিভে যায়, আমাদের ঘরেও নেভে। কিন্তু কথাটা কি? ইলেকট্রিকসিটি ক্রাইসিসের সমস্যাটা কি শুধু পশ্চিমবঙ্গেই সীমাবদ্ধ, দিল্লীতে নেই, দিল্লীতে লোডশেডিং হয় না? হাঁা, হয়। (ভয়েস জয়কেশ মুখার্জি :- ইন্দিরা গান্ধীর বাড়ীতেও লোডশেডিং হয়)। ওখানেও হতে পারে, ওটাও তো এর আওতার বাইরে নয়। বিহার, উত্তরপ্রদেশে আছে, সর্বত্রই আছে। কিন্তু কেন? কেন? আমাদের দোষ আমরা ঢাকার চেষ্টা কর্ছি না। দোষ আছে। হয়তো যতটা হচ্ছে, তা হওয়া উচিত নয়। আমাদের আডিমিনিস্টেশান খারাপ, আমাদের হিউম্যান রিলেশন হয়তো খারাপ, এটা হতে পারে। অনেকের সঙ্গে কথা বলেছি, অনেকেই বলেছেন, কিন্তু একটা কথা হচ্ছে, কোন জায়গায়, কোন দেশে যদি একটা প্র্যান করতে চান, প্ল্যান ফর ইকনমিক ডেভেল্যাপমেন্ট, সে কৃষিতে হোক, শিল্পে হোক, আমরা গ্রামে বিদ্যুৎ দেব, এই রকম অনেক কথা বলেছিলেন, তার মানে কি. গ্রামে ইরিগেশন দরকার, অন্য অন্য কাজের জন্য দরকার, এগ্রিকালচারালের জন্য ইলেকট্রিসিটি দরকার। শহরে দরকার, কারণ ক্রমশঃ যদি শহর বাড়ে, তার কার্যকলাপ বাড়ে তাহলে ইলেক্ট্রিসিটি দরকার। তাহলে এনার্জির যে প্ল্যানিং সেই প্ল্যানিং অরিজিনল প্ল্যানিং এর অনেক আগে হওয়া উচিত। সেই প্রাানিং হবে সারপ্লাস। অর্থাৎ সব সময় বিদ্যুতের পরিমাণ সারপ্লাস থাকবে। তা না হলে সেই প্লানিং হতে পারে না। সানতালডি ধ্বসে গেল, ব্যাস, অমনি অন্ধকার। ডি.ডি.সি. দিচ্ছে না, অন্ধকার। ডি.ভি.সি. দেয়না তো, তাদের ৯০ মেগাওয়াট দেবার কথা, তারা তা দেয়না। ১৯/২০/২১/২২/২৩, কোন কোন সময় ৪০ পর্যন্ত দেয়। এবং পাওয়ার এমন একটা জিনিস যা যে কোন সময়েই ফেলিয়র হতে পারে। তার জন্য অ্যাডভান্স প্ল্যানিং দরকার। কি হতে পারে? যে চারটি প্রকল্প আসছে, যেগুলো আমাদের এসেছে অলরেডি. তাদের কথা বলছি। ধরুন কোলাঘাট, খডদহ, হলদিয়া, ফরাক্কা। এটা যদি কমপ্লিট করা যায় তাহেল সাঁওতালভি বন্ধ হোক, অমুক বন্ধ হোক, তমুক বন্ধ হোক, তা সত্ত্বেও পাওয়ার শর্টেজ হবে না। সূতরাং একটা ফল্টি প্রোগ্রাম, ফল্টি প্ল্যানিং, যেখানে অ্যাডভান্স প্ল্যানিং নেই. অথচ অনা প্লানিং আছে, বড বড কথা আছে, অমুক করবো, তমুক করবো, তার ফলে এই যে পাওয়ার শর্টেজ, এটা হতে বাধা। এইগুলোকে কাটাতে দীর্ঘ সময় লাগবে। দীর্ঘ সময়ের মধ্যে কাটিয়ে উঠতে পারবো। এবার আর একটি কথা বলি, যার উপর কংগ্রেসীরা অত্যন্ত জোর দিচ্ছেন- ল অ্যান্ড অর্ডার, আইন এবং শৃদ্ধলা-

মিঃ ডেপৃটি স্পীকার থ আমাদের হাউসের টাইম ফিক্স ছিল ৭.২৫ পর্যন্ত। কিন্তু আমি মনে করি যে ৭.২৫ এর মধ্যে এটা শেষ হতে পারবে না। কিছু টাইমের দরকার। সেই জ্বনা আর্টিক্যাল ২৯০ অনুসারে আমি আধ ঘন্টা সময় বাড়াবার জন্য হাউসের কাছে অনুরোধ রাখছি। আমি আশা করি হাউস এটা এপ্রি করবেন।

(সমবেত স্বরে- বাড়ানো হোক)

আরও আধ ঘন্টা সময় বাড়িয়ে দেওয়া হলো।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** দুটো জিনিস হচ্ছে, চুরি, ডাকাতি তো সব সময়তেই হয়।
আমাদের ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় চুরি ডাকাতি হবে না, এটা কখনও হতে পারে? এটা

[ 26th February, 1980 ]

হবেই। কিন্তু কথা হচ্ছে আমার স্টেটে সব থেকে বেশী কেন, এই কথা কেউ বলবার সাহস পাননি। পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশী, এই কথা কেউ বলবার সাহস পাননি। বরং আমি এখানে সাহস করে বলতে পারছি এবং বলতে চাই যে পশ্চিমবঙ্গে ল এয়ান্ড অর্ডার সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ভাল। বহু জায়গায় তো আমরা যাই, দিল্লী যাচ্ছি, মান্ত্রাজ্ঞ যাচ্ছি, সব জায়গায় দেখছি যে সেখানে কি হচ্ছে। ল এয়ান্ড অর্ডার এখানে সবচেয়ে ভাল।

## [7-20-7-30 P.M.]

ওঁরা ল' এণ্ড অর্ডার নেই বলে চিৎকার করছেন। যাঁরা ল এয়ান্ড অর্ডার বিঘ্নিত করছেন. তারাই আবার ল এ্যান্ড অর্ডার নেই বলে চিৎকার করছেন। এ বিষয়ে আমাদের বেশী দুরে যাবার দরকার নেই, ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৭৯ সালের আগস্ট মাস পর্যন্ত আমাদের কর্মী কত নিহত হয়েছে সেই হিসাবটা দেখলেই এটা বোঝা যাবে। আমাদের কর্মীদের তো আর আমরা নিহত করিনি। কেউ নিশ্চয়ই করেছে। যারা নিহত করেছে তারা অর্থাৎ সেই মন্তান বাহিনী আমাদের কন্ট্রোলে নয়। ঐ সময়ে শুধু সি.পি.আই.(এম). নয় সমস্ত বামফ্রন্টের ১০৬ জন কর্মী নিহত হয়েছে। কে নিহত করল? তাহলেই বোঝা যাচ্ছে যে, একটা টেরর এস্টাব্রিস করবার জন্য আমাদের ওপর আক্রমণ হচ্ছে, ক্রমাগত আক্রমণ হচ্ছে। ওয়ার্কিং ক্লাস মুভমেন্টের ওপর, কৃষকদের আন্দোলনের ওপর, যুবক, শিক্ষক, ছাত্রদের সমস্ত আন্দোলনের ওপর আক্রমণ করা হচ্ছে। এবং তাতে আমাদের কর্মীদের নৃশংসভাবে হত্যা করা হচ্ছে। আমি এখানে একটা ঘটনার কথা উল্লেখ করব। আমাদের একজন কর্মীকে রিভলভার দেখিয়ে ধরে নিয়ে গেল কলকাতার আশপাশের একটি কলোনির ভেতর থেকে। যেদিন ঐ ঘটনা ঘটে সেদিন তাকে আর খুঁজে পাওয়া গেল না। মাননীয় মন্ত্রী প্রশান্ত শর ঘটনাটি জানেন। যখন তার মৃত দেহ পাওয়া গেল তখন দেখা গেল তার দেহের সেকি বীভৎস চেহারা, শরীরের বিভিন্ন জায়গায় ছরি, ড্যাগার ইত্যাদির স্ট্যাবের চিহ্ন এবং সেই সঙ্গে গলা পর্যন্ত কেটে দেওয়া হয়েছে। এই জিনিস কারা করেছে, আমরা করেছি? আমরা কি জানি না কারা করেছে? আর একটা জিনিস হচ্ছে, আপনি জানেন বেলেঘাটা এবং কসবা অঞ্চলে মস্তানদের মধ্যে ইনফাইট হচ্ছে। এই ইনফাইটের সঙ্গে কংগ্রেস (ই) জড়িত। তাদের একটা অংশ এক পক্ষকে মদত দিচ্ছে, আর একটা অংশ আর এক পক্ষকে মদত দিচ্ছে। ওঁদের অজিত পাঁজা মহাশয় ইলেকশন ক্যামপেইন করতে বেরিয়েছিলেন এবং তাঁর ওপর বোমা মারা হয়েছিল। সে খবর কাগন্তে প্রকাশিত হয়েছিল। অজিত পাঁজা হাসপাতালে ছিলেন এবং তিনি সেখান থেকে কি বলেছিলেন গ তিনি বলেছিলেন সি.পি.এম.-এর লোকেরা আমাকে মেরেছে। কিন্তু আসল ঘটনা কি? আমি ঐ এলাকায় থাকি, বেলেঘাটার এমন কোনো জায়গা নেই যে জায়গা আমি চিনি না, এটা সকলেই স্বীকার করবেন। আমাকে গালাগাল দিতে পারেন, মন্দ বলতে পারেন, আমি ঐ অঞ্চলে থাকি, মিটিং হলে আমি যাই, অনোরাও যায় এবং আমাকেও থাকতে হয়। কি ঘটেছিল? পাঁজা মশাই দ'জন মাস্তান নিয়ে ঘরছিলেন। এখন মাস্তানদের মধ্যেও এলাকা ভাগ করা আছে ঐ দোকান ইত্যাদি থেকে ফোর্স করে চাঁদা

ইত্যাদি আদায় করার জন্য। সূতরাং রাস্তার এক পাড়ের মাস্তান অন্য পাড়ে যাবে না। কিন্তু অঞ্চিত পাঁজা মশাই সেদিন সেই ভূল করে ফেলেছিলেন। এক পাড়ার মাস্তানদের নিয়ে তিনি অন্য পাড়ায় গিয়েছিলেন। অন্য এলাকার মাস্তানদের নিয়ে তিনি গৌরিবেড়ে গিয়েছিলেন এবং তখন তাঁর ওপর ওখানকার মাস্তানরা বোমা মারে। কারা তাঁকে বোমা মেরেছে তা পাঁজা মশাই জ্বানেন, কিন্তু বলবেন না। এই ভাবে ল' এন্ড অর্ডার যা আছে তাকে বিঘ্লিত করার क्कना भ्रानकृति এই क्रिनिम कता २एक। এकर्रे आर्श मुनीि ठर्रे ताक मश्रमा वन्तान रा. তিনি নাকি কোথায় ট্রেনে করে যাচ্ছিলেন এবং যেতে যেতে শুনলেন যে. সাধারণ মানুষ বলছে এই সরকারকে রাখা হয়েছে কেন. এদের এখনি বিদেয় করা উচিত। আসলে এটা সাধারণ মানুষ বলেনি, এটা মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্ন দেখেছেন। উনি স্বন্ন দেখেছেন বামফ্রন্ট সরকারকে তাড়িয়ে দেওয়া হয়েছে, এবারে ওঁদের রাজত্ব শুরু হবে। এইসব অন্টোকিক কথা নয়। আপনারা ২৪ তারিখের স্টেটসম্যান পত্রিকাটি পড়ন, সেখানে একজন রাইটার লিখেছেন পশ্চিমবঙ্গ সরকারকে আর সময় দেওয়া উচিত নয় বলে ইন্দিরা কংগ্রেসের একটা বড অংশ চিন্তা করছেন। কেন, এই চিন্তা কেন? ওরা বলেছেন, ওরা গণতান্ত্রিক আর আমরা স্থৈরতান্ত্রিক। স্থৈরতান্ত্রিক শক্তি সবচেয়ে বেশী নিজেদের গণতান্ত্রিক বলে। তাই যদি হয় গণতান্ত্রিক লোকেরা স্বৈরতান্ত্রিক বলে ফাঁসি দেবেন কেন? আর সময় দেওয়া উচিত নয় কেন? যে সমস্ত আন্দোলন এবং জনহিতকর আন্দোলন হয়েছে লেফট কোর্স ্লেসোলিডেটেড হয়ে এই সমস্ত আন্দোলনকে সহায়তা করছে এবং তাদের শক্তি বৃদ্ধিকে আরও সহায়তা করছে এবং তার ফলে জনগণের মধ্যে একতা বাড়চ্ছে শুধু সি.পি.এমের নয় সমস্ত গণতান্ত্রিক প্রিয় মানুষের মধ্যে একতা বাড়ছে। সেইজনোই ওদের ল' এন্ড অর্ডার, এন্ড রিগিং এই সবগুলো ওদের ফান্ডামেন্টল শ্লোগান হয়ে দাড়িয়েছে। ল এন্ড অর্ডার এবং রিগিং এই দুটোকে কম্বাইন্ড করে বলা হচ্ছে থো দেম্ আউট—ঐ বে-অফ বেদলে অথবা সাগরে নিক্ষেপ করো। কত গবেষণা হলো রিগিং হবার জন্য কমিশন হবে কিনা, দিল্লী কলিডারিং, অমুক কলিডারিং তমুক কলিডারিং তারপর দেখা গেল না কিছুই করা যাবে না—কারণ মানুষ বলবে আমরা ভোট দিয়েছি। রিগিং স্রোগান এবং ল এন্ড অর্ডার স্রোগান একই সূত্রে বাঁধা হয়ে দাঁড়িয়েছে আর ওদের উদ্দেশ্য হচ্ছে বামফ্রন্ট সরকারকে উচ্ছেদ করো। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে উচ্ছেদ করবার পর ১ মাসের ভিতর করবে ত্রিপুরা এবং তার দুই এক মাদের মধ্যে করবে কেরালা। তারপর সারা ভারতবর্ষে একচছত্র অধিপতি ইন্দিরা গান্ধীর স্বৈরতান্ত্রিক রাজত্ব ভালভাবে সূপ্রতিষ্ঠিত হবে ওরা এইরকম ধরনের প্রসেসে চলেছে। আর একটি কথা বলছেন, আপনারা এখন বিপাকে পড়েছেন বলে কেন্দ্রীয় সরকারের কাছে করজোড়ে ভিক্লা করছেন এবং বলছেন আমরা আপনাদের সহযোগিতা চাই। মোটেই তা নয়, বিপাকে পড়েছি বলে নয়-জনগণ রায় দিয়েছেন ৫ বছর থাকার জন্য এই তো। ওরা বললেন আমরা ১৯৭৭ সালের কংগ্রেসী রাজত্ব ভেঙ্গে দিয়েছি। ৫ বছরের জন্য মানুষ আপনাদের ভোট দিয়েছে, ৬ বছরের জন্য দেয়নি, ৭ বছরের জন্য দেয়নি। আমরা যদি ৫

[ 26th February, 1980 ]

বছরের একদিনও বেশী থাকি তাহলে আপনারা বলতে পারেন কিন্তু আপনাদের আসল ব্যাপার তা তো নয়। এছাড়া কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের বলার অধিকার আছে আমাদের ক্ষমতা চাই। কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস হোক এবং সম্পদ যেভাবে সৃষ্টি হয়েছে তার কতটা রাজ্যের পাওয়া উচিত সেটা ঠিক করা হোক। আমাদের এখানে কয়লা উৎপাদন হয়, আমাদের এখানে পাট হয়, চা হয়-এই যে এত সম্পদ সৃষ্টি হয় তার এক পয়সা কি পাই? কি পাই? আমাদের দেশের লোকেদের অধিকার আছে কিনা যে সম্পদ সৃষ্টি হছেছ তার একটা অংশ চাওয়ার? আসাম যখন এই কথা বলেছে তখন আপনারা কি করেছেন? কিসের এত আলোচনা, আসামের প্রতিনিধিদের সঙ্গে করং ছাত্র প্রতিনিধিদের সঙ্গে কিসের এত কথা? আর বিদেশী হটাও যদি হয় তাহলে কি হবে সেটা ওরা দেখবেন। আমি এক সময়ে আসামে গিয়েছিলাম— কংগ্রেসীরাও যাচ্ছেন সেখানে স্লোগান দেওয়া হচ্ছে অহমর হম্পদ অহমত থাকিব অর্থাৎ আসামের সম্পদ আসামে থাকবে। আমরা তো তা বলছি না, ফেয়ার ডিস্ট্রিবিউশন অফ ওয়েলথ, ফেয়ার ডিস্ট্রিবিউশন অফ আওয়ার প্রডাক্টিভ ভ্যালু এটাই চাইছি, এর বেশী তো চাইছি না তারই ভিতর কো-অপারেশন। এটা ভিক্ষা নয়, ন্যায্য অধিকার। রাজ্যগুলির এইকথা ভাববার ন্যায্য অধিকার আছে। আমি সভায় সেই কথাই বলতে চাচ্ছি, তার বেশী চাচ্ছি না। তার বেশি আমরা চাইছি না।

## [7-30 — 7-38 P.M.]

বৈষম্যমুঙ্গক আচরণ বন্ধ হোক এবং আমরা ন্যায়্য অধিকারের ভিত্তিতে অসম বন্টন বন্ধ করে এবং সুষম বন্টনের ভিত্তিতে দাঁড়াতে চাই। তাহলে আমাদের মানুষ-যারা মেহনত করে, কাজ করে তাদের প্রতি সুবিচার করা হবে। ভিক্ষা করতে তো আমরা আসিনি এখানে, ভিক্ষা করলে তো আমরা আগেই বলতে পারতাম যে আমাদের সব অপরাধ মাপ কর। দুটো রাস্তা আছে, একটা প্রথম, গণতান্ত্রিক রাস্তা, আর একটা স্বৈরতন্ত্রী রাস্তা। গণতন্ত্রের শক্তি দেখে তার ন্যায়্য অধিকারের কথা শুনে মানুষ ক্রমশঃ তার প্রতি আকৃষ্ট হবে এবং স্বৈরতন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াবে। আমরা চাই স্বৈরতন্ত্র পরাজিত হোক, গণতন্ত্রের শক্তি জয়যুক্ত হোক। এটাইতো আমরা চাই। রাজ্যপালের ভাবণে গণতান্ত্রিক শক্তিকে আহ্বান জানান হয়েছে, জয় যুক্ত করার কথা বলা হয়েছে। এই কথা বলে, যে সমস্ত অ্যামেন্ডমেন্ট এসেছে সেই সব অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করে যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বন্ধবা শেষ করছি।

Mr. Deputy Speaker. রাজ্যপালের ভাষণের উপর কিছু অ্যামেন্ডমেন্ট এসেছে, যাঁরা মুভ করেছেন তাঁদের মধ্যে অনেকে নেই। তাহলেও আমি অ্যামেন্ডমেন্টওলো পুট করছি।

Now I put to vote all the amendments except amendment No. 40 on which. I understand division will be taken.

The motion of **ডাঃ জয়নাল আবেদিন :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথা শুলি যোগ করা হউক ঃ-

"কিন্তু দুঃশের বিষয় এই যে, রাজ্ঞাপালের ভাষণে এই রাজ্যের প্রায় সমস্ত বিধানসভা নির্বাচন ক্ষেত্রের প্রায় সমস্ত নির্বাচন কেন্দ্রের ভোটার তালিকা হতে বিপুল সংখ্যক ভোটারের নাম বাতিল করা হয়েছে, যার কোন সঙ্গত কারণ নাই; পক্ষান্তরে অনেক ভুয়া ও অপ্রাপ্তবয়স্ক ভোটারের নাম সংযোজিত হয়েছে — এ সম্বন্ধে কোন উল্লেখ নাই।"

বর্তমানে রাজ্যে চিনি, গুড় এবং অন্যান্য শর্করা জাতীয় নিতাব্যবহার্য দ্রব্য সামগ্রীর অকল্পনীয় মূল্যবৃদ্ধি এবং বন্টনজনিত অব্যবস্থার জন্যে জনসাধারণের অপরিসীম দুঃখকষ্টের কথা এবং এই মূল্যবৃদ্ধির ও মুনাফাখোর মজুতদার, কালোবাজারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে ব্যর্থতার কথার কোন উল্লেখ নাই;

এই রাজ্যে সড়ক ও রেল পরিবহন ব্যবস্থায় ক্রমশঃ অবনতি ও অনিশ্চয়তা সম্বন্ধে এবং পরিবহন ব্যবস্থার উমতির জন্য সরকারী পরিকল্পনার আভাষের কথারও কোন উল্লেখ নাই:

আঞ্চলিক বৈষম্য দূর করার জন্য বিশেষ করে অবহেলিত উত্তরবঙ্গের উন্নয়নের জন্য উপযুক্ত বরাদ্দ আজও পর্যন্ত করা হয়নি—এই বিষয়ের উল্লেখ নাই;

বর্তমান জ্বালানি সংকট বিশেষ করে ডিজেলের অভাবে এই রাজো পরিবহন বাবস্থায় ও ডিজেল চালিত সেচ ব্যবস্থায় যে গুরুতর অচলাবস্থার সৃষ্টি করেছে তার সবিশেষ কোন উল্লেখ নাই:

রাজ্যে আইনশৃশ্বলাজনিত পরিস্থিতির ক্রমাবনতির কোন উল্লেখ ত নাইই পরস্তু এ বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়েছে:

এই রাজ্যে বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ ব্যবস্থায় ক্রমাবনতির সবিশেষ উল্লেখ নাই;

এই রাজ্যে ক্রমবর্দ্ধমান বেকার সমস্যা সমাধানের কোন সুপরিকল্পিত সরকারী নীতির উল্লেখ করা হয় নি যদিও বেকারভাতা প্রাপকের সংখ্যা সামান্য বৃদ্ধি করার ইঙ্গিত দেওয়া হয়েছে;

পশ্চিম দিনাজপুর জেলায় বিস্তীর্ণ সীমান্তবর্তী এলাকাসমূহে বিশেষ করে ইসলামপুর মহকুমায় গোয়ালপুকুর থানার সীমান্তবর্তী অঞ্চলে প্রায় প্রতিরাত্রে আগ্নেয় অন্ধ্র সহ ডাকাতি, গরু-মহিষ লুঠ এবং ডাকাতি ও লুষ্ঠনকালে হিংশ্র দুর্বন্তদের দ্বারা অসংখ্য ঘটনায় বহু নরহত্যার ঘটনা এবং এই সমস্ত অপরাধ দমনে সরকারী ব্যর্থতা এবং এর জন্য জনসাধারণের আতদ্ধিত ও অরক্ষিত অবস্থায় জীবনযাপনেরও কোন উদ্লেখ নাই;

এমনিতে কেরোসিন ডিজেল পাওয়া যাচেছ না অথচ দুশুণ-তিনগুণ কিংবা চারগুণ মূল্য দিলে পাওয়া যাচেছ। কেরোসিন ডিজেলের সরবরাহ ও বন্টনব্যবস্থা সুসংহত করার যেমন কোন নির্দিষ্ট সরকারী পরিকল্পনার উল্লেখ নাই তেমনি এই সমস্ত জিনিসের চোরাকারবারীদের বিক্লম্বে আবশ্যকীয় এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণেরও কোন উল্লেখ নাই;

[26th February, 1980]

এই রাজ্যের প্রামাঞ্চলে যেসমস্ত শিক্ষিত বেকার যুবক-যুবতীগণ প্রাথমিক শিক্ষার প্রসারকরে ও নিজ নিজ কর্মসংস্থানের জন্য প্রাথমিক স্কুলবিহীন গ্রামে গ্রামে প্রাথমিক স্কুল সংগঠিত ও নির্মাণ করে এবং ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করে কয়েক বছর ধরে গ্রামবাসীদের সাহায্যে ঐ স্কুলগুলি চালিয়ে আসছিলেন তাদের অনেকের স্কুল অনুমোদনের আবেদন অগ্রাহ্য করে এবং তাদেরকে নিয়োগ না করে কর্তৃপক্ষ এমন সব স্থানে এমন সব প্রাথমিক স্কুল অনুমোদন করেছেন যেখানে আলোঁ কোনও প্রয়োজন নাই—এই বিষয়ের কোন উল্লেখ নাই;

এই রাজ্যে মাদ্রাসা শিক্ষাব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণের জন্য এবং মাদ্রাসা শিক্ষকগণের চাকুরীর মান ও সুযোগ সুবিধা সঙ্গত ভাবে বৃদ্ধির জন্য মাদ্রাসা শিক্ষকগণ যে ধর্মঘট এবং অনশন ও অবস্থান ধর্মঘট করে চলেছেন তার কোন উদ্লেখ নাই;

এই রাজ্যে ক্রমবর্দ্ধমান চুরি, ছিনতাই, রাহাজানি, লুঠ-ডাকাতি এবং খুন প্রভৃতি অপরাধসমূহ দমনে পুলিস ও প্রশাসনের বৃর্থতা এবং স্থান বিশেষে নিষ্ক্রিয়তার কোন উল্লেখ নাই:

এই রাজ্যে সরকারী হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রগুলিতে প্রয়োজনীয় সাধারণ ঔষধ পর্যন্ত সবসময়ে পাওয়া যায়না, "লাইভ সেভিং" ঔষধ দূরের কথা; রোগীদের পথ্য-সেবা এবং চিকিৎসার প্রতি কর্তৃপক্ষের ঔদাসীন্য ও অবহেলার অভিযোগের প্রতিকার হয় না এই বিষয়েরও কোন উল্লেখ নাই;

এই রাজ্যে প্রামাঞ্চলে দুগ্ধসরবরাহ বৃদ্ধি, গরুর মান উন্নয়নের জ্বনা ও সংকর জাতীয় গাভীর উৎপাদনের জন্য উন্নতমানের বাঁড় বন্টন ও পঞ্চায়েত সমূহের মাধ্যমে রক্ষণাবেক্ষণের সরকারী বাবস্থা আজও কোথাও প্রায় কার্যকরী হয়নি এই বিষয়ে যেমন কোনও উদ্রেখ নাই তেমনি পশুচিকিৎসার সুযোগ প্রায় সমস্ত এলাকায় ক্রমশঃ সংকুচিত হয়ে আসছে তারও কোন উদ্রেখ নাই:

এই রাজ্যে প্রায় সমস্ত রাস্তা বিশেষ করে পাকা রাস্তাসমূহের রক্ষণাবেক্ষণের ব্যবস্থার অবনতি পরিলক্ষিত হচ্ছে; এরফলে যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ তো হচ্ছেই না বরং সংকুচিত হচ্ছে এই বিষয়ে কোন উদ্রেখ নাই; এবং

এই রাজ্যে সমবায়ের মাধ্যমে স্বন্ধকালীন ঋণদান ব্যবস্থার যে সম্ভাবনা দেখা যাচ্ছিল সরকারী হস্তক্ষেপ এবং বাধা সৃষ্টির ফলে তার সম্ভাবনা সংকুচিত হচ্ছে এই বিষয়ে কোন উদ্রেখ নাই।"

was then put and lost.

The motion of শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে
নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে, অবহেলিত উত্তরবঙ্গে উন্নয়ন কর্মসূচী বাবদ মাত্র ১৫০ লক্ষ টাকা বরাদ্ধ করার কোন কারণ প্রদর্শন করা হয় নাই;

মহানন্দা নদীর উপর নরহাট্টায় প্রস্তাবিত এবং ইতিপূর্বে যাহার শিলান্যাস করা হইয়াছিল

এবং ভাগীরথী নদীর উপর শদুল্যাপুরে প্রস্তাবিত সেতুর কোন উল্লেখ করা হয় নাই;

উত্তরবঙ্গে যে খরা হইয়াছিল তাহার কোন উদ্রেখ করা হয় নাই;

পঞ্চায়েতে দূর্নীতি এবং দলবাজী বিষয়ে সরকার মোট কতগুলি অভিযোগ পাইয়াছেন এবং সরকার তাহার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন তাহার কোনও উল্লেখ করা হয় নাই;

বিদ্যুৎ সম্বটের ফলে পশ্চিমবঙ্গে ছোট ছোট কারখানাগুলি যে ভাবে ভয়ন্কর অর্থনৈতিক সন্ধটের সম্মুখীন ইইয়াছে সে বিষয়ে কিছু উল্লেখ করা হয় নাই; এবং

মেদিনীপুর জেলার নয়া গ্রাম থানায় উপজাতি ভাইদের গণহত্যা সম্বন্ধে সামান্যতম উল্লেখ বা সমবেদনা প্রকাশ করা হয় নাই।"

was then put and lost.

The motion of **শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** উক্ত ধন্যবাদ**জ্ঞাপ**ক প্রস্তাবের **লে**ষে নিম্নর্নাপ সংশোধনী সংযোজিত হউক—

''কিন্তু দৃঃখের বিষয় যে রাজ্যপালের ভাষণে-

- (১) ভোটার লিস্টে ইচ্ছাকৃত অথবা অনিচ্ছাকৃত ব্যাপক ভূল ক্রটি থাকা সন্ত্রেও বিগত লোকসভার নির্বাচনে সহত্র সহত্র নরনারী ভোটাধিকার হইতে বঞ্চিত হওয়ায় তাহাদের যে সাংবিধানিক অধিকার ক্ষুদ্র হইয়াছে, তাহার কোন উল্লেখ নাই;
- (২) রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি এবং প্রশাসনিক ক্ষেত্রে পরিচ্ছন্নতা ও নিরপেক্ষতার অভাব বিশেষভাবে পঞ্চায়েতসমূহের হিসাব নিকাশ ব্যাপারে জনগণের মনে যে উদ্বেগ সৃষ্টি করিয়াছে, তাহার কোন উদ্রেখ নাই;
- (৩) ক্রমবর্জমান বেকারসমস্যা সমাধানে সুষ্ঠু পরিকল্পনার অভাবে লক্ষ লক্ষ কর্মপ্রার্থী যুবক যুবতীর মনে যে হতাশা সৃষ্টি করিয়াছে, তাহার কোন উল্লেখ নাই;
- (৪) বংসরের পর বংসর অতিবাহিত হইলেও পদ্মীর জনসাধারণের পানীয় জলের সঙ্কট নিরসনে জরুরী ব্যবস্থা গ্রহণে সরকারী ব্যর্থতার কোন উল্লেখ নাই:
- (৫) ক্রমবর্জমান দ্রব্য মূল্য বৃদ্ধি জনজীবনে বিপর্যয় সৃষ্টি করিলেও তাহার প্রতিরোধে কোন কার্যসূচীর উল্লেখ নাই;
- (৬) চোরা বাজারী, মুনাফা বাজ ও মজুতদারী দমনের কার্যকরী ব্যবস্থা প্রহলের কোন উল্লেখ নাই;
- (৭) খরাপীড়িত অঞ্চলে খাজনা ও ঋণ মকুবের প্রতিশ্রুতি বিশেষতঃ বর্তমান বংসর প্রাকৃতিক বিপর্যয় সত্ত্বেও বকেরা ঋণ পীড়নমূলক ব্যবস্থার মাধ্যমে আদায় স্থূগিত রাখার কোন আশ্বাসের কথার উল্লেখ নাই:

[26th February, 1980]

- (৮) নিরক্ষরতার কলঙ্ক ইইতে জনগণের মুক্তির জন্য একটি নির্দিষ্ট সময় সীমার মধ্যে যুদ্ধকালীন জরুরী ব্যবস্থার ভিত্তিতে বয়স্কশিক্ষা দানের কোন পরিকল্পনার বিষয় উল্লেখ নাই:
- (৯) প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠায় ও প্রাথমিক শিক্ষক নিয়োগ ব্যাপারে নিরপেক্ষ ভাবে সরকারী ব্যবস্থা অবলম্বিত ইইবে এরূপ কোন প্রতিশ্রুতি উল্লেখ নাই;
- (১০) যুগ যুগ বঞ্চিত জনসাধারণ পদ্মী অঞ্চলে রাস্তাঘাট নির্মাণে সরকারের সহযোগিতা লাভে সমর্থ ইইবে এরূপ কোন আশ্বাসের উল্লেখ নাই;
- (১১) 'অপারেশন বর্গা' নিরপেক্ষ ভাবে ও গণতান্ত্রিক পদ্ধতি সম্পন্ন হইবে এবং আইন শৃষ্কালা বিশ্বিত হইবে না এরূপ কোন প্রতিশ্রুতির উল্লেখ নাই; এবং
- (১২)জন শক্তির সদ্মবহারের জন্য প্রামে প্রামে কৃষির পরিপ্রক হিসাবে কুটির শিল্প ও কৃদ্র শিল্প প্রতিষ্ঠার উদ্দেশ্যে ব্যাপক পরিকল্পনার কোন উল্লেখ নাই;

was then put and lost.

The motion of **ব্রী সামসৃদ্দিন আহমেদ :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেবে নিম্নলিখিত কথাণ্ডলি যোগ করা হউক—

"কিন্তু দুংখের বিষয় এই যে, মহামান্য রাজ্যপালের ভাষণে গঙ্গা নদীর দুই পাড়ে মালদহ ও মূর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গনরোধের ব্যবস্থার বিষয়ে উদ্রেখ নাই;

মালদহ জেলার পাগলা নদীর উপর (কালিয়াচক থানায়) মজমপুর ঘাটে পাকা সেতু নির্মাণ বা কাঠের সেতুটি মেরামত করে যানবাহন চলাচলের ব্যবস্থা করার এবং মহদিপুর ঘাট সেতু নির্মাণের বিষয়ের কোন উল্লেখ নাই; এবং

মালদহ জেলায় সমাজবিরোধী গোয়ালা সম্প্রদায়ের দ্বারা মহদিপুর, খাসিমারী সমপ্র গৌড় (ইংলিশ বাজার থানা) এলাকায় ও কালিয়াচক থানার বাধরাবাদ-কুন্তিরা, চরিঅনন্তপুর, রায়পুর, আহেলাপুর ইত্যাদি এলাকায় নিয়মিত ফসল ক্ষতির প্রতিকারের জন্য কোন ব্যবস্থার এবং ঐ সমাজবিরোধীদের দ্বারা ঐ এলাকায় সন্ত্রাসের রাজত্বের অবসানের কোন উদ্লেখ নাই;

The motion of **এ। মহঃ সোহরাব ও এ। শেখ ইমাজুদ্দিন ঃ** উক্ত ধন্যবাদক্তাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাণ্ডলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে, মহামান্য রাজ্যপালের ভাষণে—

পশ্চিমবাংলার শিক্ষাজগতে যে নৈরাজ্য ও বিশৃঙ্খলা চলছে তা' নিরসনকল্পে কোন পরিকল্পনা কথার উল্লেখ নাই;

মূর্শিদাবাদ জেলার সুতী থানার অন্তর্গত হারোয়া গ্রামে কংগ্রেস(ই) সমর্থকদের উপর সি,পি,আই,(এম) - পুলিসী অত্যাচারেদ্ধ কোন উল্লেখ নাই;

বিগত লোকসভা নির্বাচনে পশ্চিমবাংলায় সি,পি,আই,(এম) প্রশাসনের সঙ্গে যোগসাজ্ঞসে যেভাবে কারচুপি করিয়াছেন তাহার কোন উল্লেখ নাই;

was then put and lost.

The motion of শ্রী **হবিবুর রহমান :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেবে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

''কিন্তু দুঃখের বিষয় এই যে, মহামানা রাজাপালের ভাষণে—

মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মিউনিসিপ্যালিটিতে ভাগিরথী নদীর উপর ব্রীচ্চ নির্মাণের কোন উল্লেখ নাই:

মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত বড়শিমূল-দয়ারামপুর প্রাম পঞ্চায়েত ও বিভিন্ন এলাকায় সি,পি,এম কর্মীদের দ্বারা কংগ্রেস কর্মীদের বাড়ীতে লুঠতরান্ত, অগ্নিসংযোগের ঘটনার কোন উল্লেখ নাই;

মূর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার বড়শিমূল-দয়ারামপুর গ্রাম পঞ্চায়েতের কংগ্রেস-(ই) প্রধান, গ্রাম পঞ্চায়েত সদস্য ও কংগ্রেস কর্মীদের সি,পি,এম কর্মীদের অত্যাচারের ফলে দীর্ঘদিন হইতে যে গৃহছাড়া হইয়া আছেন তাহার কোন উদ্রেখ নাই;

was then put and lost

শ্রী মহঃ সোহরাব : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় এই যে মহামান্য রাজ্যপালের ভাষণে জঙ্গিপুর মহকুমার হাজার হাজার বিডি শ্রমিকের দূরবস্থা নিবারণকল্পে কোন পরিকল্পনার কথার উল্লেখ নাই;

ফরাক্কা ফিডার ক্যানাল চালু হওয়ার পর মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার বিরাট জলমগ্ন এলাকার জলনিকাশী করা সম্বন্ধে কোন উল্লেখ নাই; এবং

মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন এলাকায় কংগ্রেস (ই) সমর্থকদের উপর পুলিসী জুলুমের কোন উল্লেখ নাই।"

was then put and lost.

The motion of খ্রী রেণুপদ হালদার : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত হউক—

"কিন্তু দৃঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি প্রতিরোধে রাজ্যসরকারের চরম বার্থতা সম্পর্কে কোন উল্লেখ নাই।"

was then put and lost.

The motion of **ন্দ্রী বিজয় বাউরী :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত হউক—

''কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

বিদাং সন্ধট প্রতিরোধে রাজ্য সরকারের চূড়ান্ত ব্যর্থতা সম্পর্কে কোন উল্লেখ নাই।"

[26th February, 1980

The motion of **জী প্রবাধ পুরকাইত ঃ** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেবে নি**ন্নরা** সংশোধনী সংযোজিত হউক—

"কিন্তু দুংখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

রাজ্যসরকার কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের স্বাধিকার হরণ সংক্রান্ত অগণতান্ত্রিক পদক্ষে সমূহের কোন উল্লেখ নাই।"

was then put and lost.

The motion of ্রী শশবিষ্ণু বেরা ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেবে নিম্নলিখি কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে, মহামান্য রাজ্যপালের ভাষণে—

প্রামবাংলার কৃষকদের চূড়ান্ত অর্থনৈতিক দুর্গতি ও রাজ্যে দুর্নীতিদুন্ট ক্ষমতামন্ত পূর্লি অপশাসন ও উৎপীড়ন, পঞ্চয়েতী শাসনের মধ্যে ব্যাপক দলবান্ধী এবং অন্যায়, অবিচার স্বকারী অর্থের অপচয় ও আত্মসাৎ এবং সামগ্রিকভাবে সরকারী অফিস-সমূহে ক্রমবর্জমা দুর্নীতি সম্বন্ধে কোনও পরিচয় নাই।"

was then put and lost.

The motion of **এ জন্মেজয় ওঝা : উক্ত** ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেবে নিম্নলিখি কথাগুলি যোগ করা হউক—

"কিন্তু দুঃখের বিষয় এই যে, রাজ্যপালের ভাষণে—

মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় নির্মাণের অগ্রগতির কথা বলা হয় নাই;

কাঁথিতে লবণশিক্স স্থাপনের কোন কথা বলা হয় নাই;

নরঘাট সেতুর কোন উল্লেখ করা হয় নাই; এবং

প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের ভরতুকি দানের কথা বলা হয় নাই।"

was then put and lost

The motion of Shri SHAMSUDDIN AHMAD that: The following be added at the end of the address in reply, viz:

"But regret that-

there is no mention in the Address about—unlawful Barga-recording of the lands of small and weak farmers of West Bengal and eviction of the real Bargadars and of the legal 'Pattaholders' in all the district of West Bengal; and

murders of the Congress(I) workers of Malda district, by the anti-social elements belonging to C.P.I.(M) Party."

was then put and lost.

The motion of Shri RAJANI KANTA DOLOI that: The following be added at the end of the address in reply, viz:

## "But regret that-

there is no mention of the fact about the results of the Lok Sabha elections held recently in this State indicate that the political parties which constitute the present Left Front Government in the State have succeeded in their evil designs to win a few seats, despite having lost the faith, trust and confidence of the people and to achieve this they had adopted unfair means such as large scale deletion of the names of genuine voters, inclusion of fictitious names of the ghost voters and of underaged boys in the electoral rolls, indulged in corrupt practices, resorted to atrocious threats, physical torture, intimidation, nullified democratic rights of the citizens, misused the administrative machinery of the State to serve their political interest, thereby making it practically impossible for the Lok Sabha elections in this State being held in a free and fair atmosphere;

during the tenure of the present Government the evil forces of disruption and communalism have once again succeeded in raising their heads in the State and that the spurt in the heinous activities of these reactionary communal elements has culminated in the outbreak of communal violence in Malda and Nadia districts creating a feeling of insecurity among the Muslims of West Bengal, but even then the Government has refrained from adopting precautionary and preventive measures such as imposing a ban on armed drills and other nefarious activities of the communal elements represented by R.S.S. in the State;

the Address contains no proposal for appointments of Commissions of Inquiry to inquire into the cases of numerous persons who have been murdered for political purpose during the tenure of the present Government and to probe into the cases of murders, physical torture, and other atrocities committed by persons belonging to and/or enjoying the patronage of the political parties which constitute the present Government in the State, and also to thoroughly inquire into the widespread belief that such killings, physical torture and atrocities are being committed with the encouragement and abetment of important functionaries of the present Government as a matter of policy of the Government in the State:

the Hon'ble Members of this House Mr. Abul Barkat Atawal Gani Khan Chowdhury and Dr. Golam Yazdani have recently been elected as Hon'ble Members of the Lok Sabha, as candidates of the Indian national Congress led by Shrimati Indira Gandhi, and that one of them has been

[26th February, 1980]

selected by the Prime Minister Shrimati Indira Gandhi for appointment to the august office of a fullfledged Cabinet Minister in the Central Government, and that there is no mention of these important events in his Address and/or to congratulate these two outgoing distinguished Members of this House for the distinctions conferred on them;

the intention of the Government to implement the agreed scheme of safeguards for the linguistic minorities in the State;

no proposal for appointment of a Commission of Inquiry to inquire into the cases of misuse of authority and power, malpractices and corruption at the highest level of the present Government and to inquire into the widespread belief that during the tenure of the present Government the assets and pecuniary resources of some Ministers, Ministers of State and some improtant leaders of the parties (which constitute the present Government), members of their families and the people in whom they are interested have increased to such an extent which cannot be explained by their legitimate sources of income and that the present Government has allowed these people to indulge in corruption, nepotism, favouritism, abuse of power and other malpractices on an unprecedented scale;

in the Governor's Address there is no mention of the infirmities noticed in the working of the Panchayati Raj bodies in the State during the tenure of the present Government nor there is any reference to the fact that colossal amount of funds placed at the disposal of the Panchayats including foodgrains received as Central assistance for execution of the Rural Work Programmes, Food for Work Programme, Composite Rural Restoration Programmes, etc, have been frittered away and misused by a large number of Panchayats to grant political patronage and that these Gram Panchayats have failed to submit certificates of utilisation of the funds and execution of the works from the appropriate authority, and that the Panchayats have failed to submit accounts of the expenditures they are supposed to have incurred on works in connection with the 1978 floods:

the failure to spell out any comprehensive programme measures to ensure fair deal to the members of Scheduled Castes, Scheduled Tribes and Muslims:

the present Government has miserably failed to provide proper representation to the members of the Scheduled Castes, Scheduled Tribes and Muslim Community in public services particularly in the Police forces:

the present Government has failed to take proper steps for development of Madrasah Education in the State;

appiontments have been made in contravention of the provisions of section 4 or 5 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Posts) Act, 1976; and

the clandestine manner in which deals for purchase of bus chassis for the different State Transport undertakings, components (imported) for the Gas Turbines, etc., were finalised during the tenure of the present Government and the widespread belief that persons involved in the matter have indulged in corruption, nepotism, malpractices and favouritism by abuse of power."

was then put and lost.

The montion of Shri Deba Prasad Sarkar that -

'কিন্তু দুঃখের বিষয় যে, রাজ্যপালের ভাষণে—

বিগত লোকসভা নির্বাচনে ভোটার তালিকা প্রনয়গ থেকে শুরু করে নির্বাচন কার্য পরিচালনার সর্বস্তরে যে সমস্ত নজীরবিহীন অগণতান্ত্রিক ও অবৈধ পদ্ধতি প্রহণ করা হয়েছে এবং এক সামপ্রিক প্রশাসনিক কারচুপির মাধ্যমে যেভাবে উক্ত নির্বাচনের ফলাফলকে ম্যানুপুলেট করা হয়েছে তাহার কোন উদ্রেখ নাই।"

was then put and a division was taken with the following result:

## **NOES**

Abdul Quiyom Molla, Shri Adak, Shri Nitai Charan Anisur Rahman, Shri Banerii, Shri Radhika Ranjan Basu, Shri Debi Prosad Basu Ray, Shri Sunil Bauri, Shri Gobinda Baxla, Shri John Arther Bhattacharya, Dr. Kanailal Bhattachrya, Shri Nani Bhattachrya, Shri Satya Pada Biswas, Shri Hazari Biswas, Shri Kumud Ranjan Biswas, Shri Satish Chandra Bose, Shri Ashoke Kumar Chakraborty, Shri Jatin

[26th February, 1980]

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Ram

Choudhury, Shri Subodh

Chowdhury, Shri Benoy Krishna

Chowdhury, Shri Sibendranarayan

Chowdhury, Shri Subhendu Kumar

Das, Shri Jagadish Chandra

Das, Shri Nimai Chandra

Daud Khan, Shri

Ghose, Shri Krishna Pada

Ghose, Shri Malin

Goswami, Shri Ramnarayan

Goswami, Shri Subhas

Gupta, Shri Sitaram

Haldar, Shri Krishnadhan

Hazra, Shri Haran

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Khan, Shri Sukhendu

Koley, Shri Barindra Nath

Konar, Shri Benoy

Kujur, Shri Sushil

Kumar, Shri Sudhin

Let (Bara), Shri Panchanan

M. Ansar-Uddin, Shri

Mahata, Shri Satya Ranjan

Maity, Shri Bankim Behari

Maity, Shri Gunadhar

Majee, Shri Surendra Nath

Majhi, Shri Sudhangshu Sekhar

Maji, Shri Swadesranjan

Mal, Shri Trilochan

Malik, Shri Purna Chandra

Mandal, Shri Bhakti Bhusan

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Siddheswar

Mandal, Shri Sudhangshu»

Mandal, Shri Suvendu

Mandi, Shri Sambhunath

Mazumder, Shri Dinesh

Ming, Shri Patras

Mitra, Dr. Ashok

Mohammad Ali, Shri

Mohammad Amin, Shri

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Mondal, Shri Ganesh

Mondal, Shri Rai Kumar

Mostafa Bin Quasem, Shri

Mridha, Shri Chitta Ranjan

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani

Mukherjee, Shri Mahadeb

Mukherjee, Shri Narayan

Murmu, Shri Nathaniel

Murmu, Shri Sarkar

Murmu, Shri Sufal

Naskar, Shri Gangadhar

Naskar, Shri Sundar

Nath, Shri Manoranjan

Neogy, Shri Brajo Gopal

Omar Ali, Dr.

Pal, Shri Bijoy

Pathak, Shri Patit Paban

Phodikar, Shri Prabhas Chandra

Raj, Shri Aswini Kumar

Ray, Shri Birendra Narayan

Roy, Shri Amalendra

Roy, Shri Hemanta Kumar

Rov. Shri Tarak Bandhu

Roy Barmon, Shri Khitibhusan

Roy Chowdhury, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Samanta, Shri Gouranga

Santra, Shri Sunil

Sar. Shri Nikhilananda

Sarkar, Shri Ahindra

[26th February, 1980]

Sarkar, Shri Sailen
Sen Gupta, Shri Prabir
Sen Gupta, Shri Tarun
Sing, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Sinha Roy, Shri Guru Prasad
Sur, Shri Prasanta Kumar
Uraon, Shri Punai

#### ABSTS :-

Abedin, Dr. Zainal Bharati, Shri Haripada Das Mahapatra, Shri Balai Lal Jana, Shri Hari Pada (Pingla) Ojha, Shri Janmejay Pal, Shri Ras Behari Shastri, Shri Vishnu Kant Sinha, Shri Prabodh Chandra Soren, Shri Shri Suchand

#### **AYES**

Bauri, Shri Bijoy

Halder, Shri Renupada

Sarkar, Shri Deba Prasad.

The Ayes being 3 and the Noes 102, the motion was lost.

The motion of Shri Bhabani Mukherjee that-

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুন্তরে নিম্নলিখিত মর্মে একটি সম্রাদ্ধ সম্ভাষণ পাঠানো হউক ঃ

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় অদ্য ১৫ই ফেব্রুয়ারী, ১৯৮০ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন তজ্জন্য আমরা, এই সভার সদস্যগণ, তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।'

was then put and agreed to.

## Adjourment

The House was then adjourned at 7.38 p.m. till 3 p.m. on Wednesday, the 27th February, 1980, at the "Assembly House", Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 27th February, 1981 at 3.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 20 Ministers, 3 Ministers of State and 212 Members.

[ 3-00 — 3-10 P.M. ]

# Presentation of Budget Estimates, 1980-81

ডঃ আশোক মিত্র ঃ

মাননীয় অধ্যক্ষ মহোদয়.

আপনার অনুমতি নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের ১৯৮০-৮১ সালের বাজেট বরাদ্দ বিবরণী উপস্থাপন করছি। সদ্যসমাপ্ত সপ্তম লোকসভা নির্বাচনে এ রাজ্যের নির্বাচকমশুলী বামফ্রন্ট প্রার্থীদের বিপুলভাবে সমর্থন ক'রে বর্তমান সরকার গত তিন বছর ধ'রে যে নীতি ও কর্মসূচি অনুসরণ করেছেন তার প্রতি পূর্ণ আস্থা জ্ঞাপন করেছেন। এটা আমাদের পক্ষে পরম শ্লাঘার বিষয়; যে বিভিন্ন আর্থিক ও সামাজিক লক্ষ্যের দায়ভার পশ্চিমবঙ্গের জনগণ আমাদের উপর অর্পণ করেছেন, তা পরণ করতে আমরা কতসংকর।

## [ এক ]

রাজ্যের উম্মনের ধারার সাম্প্রতিক গতিপ্রকৃতি বিদ্লোধন-সম্বলিত একটি আর্থিক পর্যালোচনা অন্যান্য বছরের মতো এবারেও বাজেটসংক্রান্ত কাগজপত্রের সঙ্গে মাননীয় সদস্যদের কাছে বিতরণ করা হছে। যে আর্থিক বছরের উপাস্তে আমরা পৌঁছেছি, দেশের অন্যান্য অঞ্চলের সঙ্গে পশ্চিমবঙ্গের অর্থব্যবস্থাও সেই বছর দু'টি বিশেষ ঘটনা দ্বারা প্রভাবিত হয়েছে। একটি হ'ল ব্যাপক খরা। গত বছরের বিধ্বংসী বন্যায় এ রাজ্যে যা ক্ষয়ক্ষতি হয়েছিল এ-শতাব্দীতে তার তুলনা মেলা ভার। বন্যারই প্রায় অব্যবহিত পরে খরা ধাওয়া ক'রে এল। পশ্চিমবঙ্গের বেশ কয়েকটি জ্বেলাই প্রবল খরাক্রান্ত হয়েছে। বিশেষ ক'রে, পুরুলিয়া ও বাঁকুড়ার মতো খরাপ্রবণ জ্বেলার মানুষ অত্যন্ত ক্ষতিগ্রন্ত হয়েছে। বিশেষ ক'রে, পুরুলিয়া ও বাঁকুড়ার মতো খরাপ্রবণ জ্বেলার মানুষ অত্যন্ত ক্ষতিগ্রন্ত হয়েছে। বিশ্বীর্ণ অঞ্চল জ্বড়ে পটি শুকিয়ে গেছে; ধানের ফসলেরও প্রভূত ক্ষতি হয়েছে; গ্রামাঞ্চলে লক্ষ-লক্ষ প্রমন্ত্রীয় মানুষ কাজ হারিয়েছেন; গানীয় ও সেচের জ্বলের ব্যাপক ঘটেতি ঘটেছে; সব মিলিয়ে পদ্মীবাংলার অর্থব্যবস্থা এক বিরাট ধাক্কা খেয়েছে। অবশ্য জনগণের মনোবল, পঞ্চায়েতের সূষ্ঠু নেতৃত্ব এবং সরকারের বিভিন্ন পর্যায়ে পারম্পরিক সহযোগিতার ফলে খরার প্রকোপের দুঃসহতা অনেকটাই কাটিয়ে ওঠা সম্ভব হয়েছে। শত-শত গ্রামে ব্রাণকার্যের বিশদ ব্যবস্থা নেওয়া হয়েছে, জরুরী ভিত্তিতে পানীয় জ্বল সরবরাহ করা হয়েছে, প্রতিটি জ্বেলায় কর্মসংস্থান এবং খাদ্য সরবরাহ সুনিশ্চিত

[ 27th February, 1981 ]

করার উদ্দেশ্যে কাজের বিনিময়ে খাদ্য এবং অন্যান্য বিভিন্ন পদ্মী-উন্নয়ন প্রকল্প ব্যাপকভাবে ছড়িয়ে দেওয়া হয়েছে; খয়রাতি সাহায়্যের মাত্রাও বহুল পরিমাণে বাড়ানো হয়েছে। জকরি ভিত্তিতে অনেকগুলি কৃষি কর্মসূচি শুরু করা হয়েছে, এবং সেই সঙ্গে কিছু কিছু বিশেষ সেচপ্রকল্পও। পাশাপাশি ক্রুত্তালে স্বল্পমেয়াদী ঋণ, বীজ এবং অন্যান্য উপকরণ বন্টনের ব্যবস্থা নেওয়া হয়েছে। দু'টি কেন্দ্রীয় সমীক্ষা দলের সুপারিশক্রমে খরাত্রাণ বাবদ আমাদের রাজ্যের জন্য এ বছর ১৪ কোটি ১০ লক্ষ টাকার মত অগ্রিম পরিকল্পনা সহায়তা মঞ্জুর করা হয়েছে। কিন্তু প্রকৃত বায় এই অঙ্ক ছাড়িয়ে যাবে বলে মনে হয়। তাছাড়া, আজ্ব পর্যন্ত এই মঞ্জুরীকৃত সাহায়্যের কোন টাকা আমাদের হাতে এসে পৌঁছয়নি। তাই রাজ্য সরকার সম্পূর্ণ নিজের সংস্থানের উপর নির্ভর ক'রেই খরাত্রাণের পুরো কাজ্ব চালিয়ে যাচেছন।

বন্যা ও খরা, প্রাকৃতিক দুর্ঘটনা। এতজ্জনিত কারণে অর্থব্যবস্থার ক্ষতি হ'লে চিন্তস্থৈর্যের সঙ্গে তা মেনে নিতে হয়। কিন্তু यथन মানুষের ভূলের জন্য, এমনকি ইচ্ছাকৃত ভূলের জন্য, জনসাধারণের মধ্যে দুঃখ-কষ্ট ব্যাপক আকারে ছডিয়ে পড়ে, তখন চিন্তষ্ট্রের্য বজায় রাখা কঠিন হয়ে পড়ে। বর্তমান আর্থিক বৎসর জড়ে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে যে লাগাম-ছাড়া मुमावृष्कि घर्টिष्ट সেটা মনে রেখেই আমি এই উক্তি করছি। এই মুদাবৃদ্ধি সাধারণ মানুষের ছ্টাক্রকার্যারে মানের উপর সুকল্পিত আক্রমণের এক প্রকৃষ্ট উদাহরণ। মাত্র ছ' মাসের মধ্যে কুড়ি শতাংশের মতো মূল্যবৃদ্ধি ঘটতে দেওয়া হয়েছে এ বছর। ১৯৭৯ সালের ফেব্রুয়ারি মাসে উপস্থাপিত কেন্দ্রীয় বাজেটের মাধ্যমে বেশ কয়েকটি মৌল ও অত্যাবশ্যকীয় পণ্যের উপর কর ধার্য করা থেকে এই মুদ্রাস্ফীতির সূচনা; অব্যবহিত পরে কয়লা, কেরোসিন, ডিজেল তেল এবং পেট্রোলিয়াম-জাত অন্যান্য দ্রব্যের মূল্য প্রশাসনিক নির্দেশ দ্বারা আরো বাড়ানোর ফলে মুদ্রাস্ফীতি বিস্ফারিততর হ'ল। তাছাড়া, এ বছর এমন কয়েকটি মাস গেছে যখন সন্দেহ হচ্ছিল যে কেন্দ্রীয় সরকার মুদ্রানীতি পুরোপুরি বর্জন ক'রে বসেছেন। মুদ্রার পরিমাণ অবাধে বাডতে দেওয়া হয়: বাডতি টাকার বেশীর ভাগই ধনী ব্যবসায়ী ও ফাটকাবাজদের কৃক্ষিগত হয়েছে। বড় ব্যবসায়ী, বড় রপ্তানিকারী, বৃহৎ ভুস্বামী এবং ধনী কৃষকদের ক্ষেত্রে অবাধ অনুদান নীতি অনুসরণের পরিণামে কেন্দ্রীয় বাচ্ছেটে ঘাটতি বিপুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে। সংকট অতএব আরো ঘনীভূত হয়েছে।

অথচ এ ধরনের মৃশ্যবৃদ্ধি মোটেই অনিবার্য ছিল না। কেন্দ্রীয় বাজেটের অবিমৃহ্যকারিতার পরেও যদি সরকারী বন্টন ব্যবস্থার মধ্য দিয়ে, কিংবা কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির সাহাযো, কেন্দ্রীয় সরকার দুই কোটি টন মজুত খাদ্যশাস্যের বেশ কিছুটা দুর্বলতর শ্রেণীর মানুষের মধ্যে বন্টনের ব্যবস্থা করতেন, তা হ'লে পরিস্থিতি অন্যরকম মোড় নিত। কিন্তু কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি মারফত মাত্র কুড়ি লক্ষ মেট্রিক টনের বেশি খাদ্যশস্য বরাদ্দ করতে কিছুতেই কেন্দ্রকে রাজি করানো গেল না। আজ আর্থিক বছরের শেষ প্রান্তে এসে দেখছি কেন্দ্রের খাদ্যশস্যের মোট মজুতের পরিমাণ এক বছর আগে যা ছিল এখনও মোটামুটি তাই। অনেক ক্ষেত্রে খাদ্যের বিনিময়ে কাজ প্রকল্পে যে খাদ্যশস্য মঞ্জুর করা হয়েছে, তা পর্যন্ত গান্তব্যস্থলে গিয়ে পৌঁছায়নি। দৃষ্টান্ত দিয়ে বলতে পারি, এ বছর পশ্চিমবঙ্গের জ্বনা ঐ প্রকল্প বাবদ ২,১৫,০০০ টন খাদ্যশস্য মঞ্জুর করা হয়েছে, অথচ সর্বশেষ হিসাব-অনুযায়ী ভারতের খাদ্য নিগম থেকে আমরা হাতে পেয়েছি মাত্র ১,৩০,০০০ টনের মতো। যেহেত আমাদের

বিদেশী মুদ্রার সংস্থান আপাততঃ ভালো, যদি কেন্দ্র দ্রুকতার সঙ্গে আরো বেশী পরিমাণ পেট্রোলিয়াম-জ্ঞাত দ্রব্যাদি আমদানি করার ব্যবস্থা করতেন, তা হ'লেও মূল্যবৃদ্ধির হার খানিকটা রোধ করা সন্তব হত। কিন্তু মুদ্রাস্থীতির এই অসহনীয় মাসগুলিতে সবচাইতে বেশি যা চোঝে পড়েছে তা অর্থনীতির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সার্বিক জ্ঞ্জা। চরম মূল্যবৃদ্ধি সম্ত্বেও হঠাৎ চিনির উপর থেকে সমস্ত মূল্য ও বণ্টন নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রত্যাহার করা এর উদাহরণ। পাশাপাশি রেল ও সড়ক পরিবহণ ব্যবস্থা ভেঙে পড়ার উপক্রম হওয়ায়, আমাদের রাজ্যে অত্যাবশ্যক পণ্য সামগ্রীর ব্যাপকতম ঘাটতি দেখা দিয়েছে। সাধারণ মানুবের অসুবিধা ফলে আরও বেড়েছে।

মুদ্রাস্ফীতি এবং অত্যাবশ্যক পণ্য সরবরাহে বিশৃঙ্খলার পরিপ্রেক্ষিতে সারা দেশে যে বিরটি দুর্গতি দেখা দিয়েছে সে সম্পর্কে জাতীয় চেতনা উদ্বন্ধ করার জন্য রাজ্ঞা সরকার গোটা বছর ধ'রে অনবিচ্ছিন্ন চেষ্টা চালিয়ে এসেছেন। কোটি কোটি শ্রমজীবী ও মধ্যবিত্ত মানুষ মুদ্রাস্ফীতির ফলে ক্ষতিগ্রস্ত হয়েছেন। ধনিক শ্রেণীর মানুষের সুবিধার্থে কেন্দ্রীয় প্রশাসন সুপরিকল্পিতভাবে জিনিসপত্রের দাম বাড়িয়েছেন, সাধারণ মানুষ এই হঠাৎ-আক্রমণে ভ্যাবাচ্যাকা, অসহায়। এই পরিস্থিতিতে গত সেপ্টেম্বর মাসে আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকার তথা অন্যান্য রাজ্য সরকারের কাছে যে কর্মসূচি পেশ করেছিলেন, তা যদি গৃহীত হতো, তা হ'লে মুদ্রাস্ফীতির গতি প্রতিহত হত, জনসাধারণও কিছুটা স্বস্তি বোধ করতেন। ঐ কর্মসূচির মৌল विষয়গুলি এখানে সংক্ষেপে উল্লেখ করা প্রয়োজন মনে করছি : (ক) প্রধান-প্রধান খাদ্যশস্য, ভাল, লবণ, চিনি, বস্ত্র, ভোজ্ঞাতেল, কেরোসিন, ডিজেল তেল, দেশলাই, কাগজ এবং কাপড়-কাচার সাবান রাষ্ট্রীয় উদ্যোগে বন্টনের সার্বিক দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে গ্রহণ করতে হবে; (খ) এই সমস্ত তৈজ্ঞস সারা দেশে সমান হারে বিক্রয়ের ব্যবস্থা করতে হবে; (গ) সরকারী সংগ্রহ ও বন্টন ব্যবস্থায় অনুদান দেওয়ার জন্য ৫০০ কোটি টাকার একটি বিশেষ তহবিদ খুলতে হবে; (ঘ) অত্যাবশ্যক পণ্য আমদানির জন্য এক হাজার কোটি টাকার সমপরিমাণ বিদেশী মুদ্রার আলাদা ব্যবস্থা রাখতে হবে; (ঙ) চিনি এবং অন্যান্য দুষ্প্রাপ্য পণ্যের রপ্তানি অবিলম্বে বন্ধ করতে হবে; (চ) চিনির মোট উৎপাদনের ৮০ শতাংশ রাষ্ট্রীয় বন্টনের জ্বন্য সংরক্ষিত রাখতে হবে, এবং চিনি রপ্তানির উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের বাজেটে নির্ধারিত অনুদানের সম্পূর্ণ অর্থ কিলোপ্রতি আড়াই টাকা দামে জনসাধারণকে চিনি সরবরাহে ব্যবহার করতে হবে; (ছ) ১৯৭৯ সালে ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় বান্ধেটে উপস্থাপনের পূর্বে কয়লা, বন্ধ, পেট্রোলিয়ামজাত দ্রব্যাদি, দেশলাই ইত্যাদি মূল্যের ক্ষেত্রে যে স্থিতাবস্থা ছিল তা ফিরিয়ে আনতে হবে: এ-সমস্ত পণ্যের উপর কেন্দ্র কর্তৃক প্রযুক্ত উৎপাদন শুব্ধ সম্পূর্ণ তুলে দিতে হবে; (জ) তেল ও ভোজাতেলের আমদানির পুরোটাই রাষ্ট্রীয় ব্যবস্থা মারফত জনসাধারণের কাছে পৌঁছে দিতে হবে; (ঝ) একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠীগুলিকে ব্যাম্ক থেকে দেয় খণের পরিমাণ কমাতে হবে; এবং (ঞ) সরকারী বণ্টন ব্যবস্থা, কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি মারফত কেন্দ্রীয় শস্যভাগার থেকে ব্যাপক হারে খাদ্যশস্য বন্টন করতে হবে।

[3-10 — 3-20 P.M.]

যে সমস্ত ব্যবস্থার কথা বলা হয়েছে নতুন কেন্দ্রীয় সরকার সেগুলি যাতে গ্রহণ করেন তার জনা অবিশ্রান্ত চেষ্টা চালিয়ে যেতে আমরা বন্ধপরিকর। এ-ব্যাপারে জনমত গ'ড়ে

[ 27th February, 1981 ]

তোলার জন্যও আমরা নিরলস আন্দোলন করব। সেই সঙ্গে, রাজ্য সরকারের সীমিত সামর্থের ভিত্তিতে নির্দিষ্টসংখ্যক কিছু অত্যাবশ্যক পণ্য সাধারণের মধ্যে বন্টনের ব্যবস্থা আমরা নিচ্ছি। এই রাজ্যের অত্যাবশ্যক পণ্যসামগ্রী কর্পোরেশনের সঙ্গে ইতিমধ্যেই কথা বলা হয়েছে। কেন্দ্রীয় সরকারের দিক থেকে যদি কোনো উদ্যোগ নাও দেখা দেয়, তা হলেও আমাদের রাজ্যের অত্যাবশ্যক পণ্যসামগ্রী কর্পোরেশন নিজের উদ্যোগে এবং ব্যাঙ্ক থেকে বাডতি অর্থ সংগ্রহ ক'রে ডাঙ্গ, ভোজাতেন, চিনি এবং আরো কয়েকটি অত্যাবশ্যক পণ্যের বন্টন সম্প্রসারিত করতে পারেন কি না তা নিয়ে আমরা পর্যালোচনা ক'রে দেখছি। পাইকারী এবং খুচরো দুই ক্ষেত্রেই বাজারের মূল্যমান যাতে অন্যায়রকম না বাড়তে পারে সেজন্য আমরা অত্যাবশ্যক পণ্যসামগ্রী আইন, গুদামজ্ঞাতকরণ নিয়ন্ত্রণ আদেশ, এবং মৃদ্যু ও মজুত প্রদর্শন আদেশের ধারাগুলি কঠোররাপে প্রয়োগ করতে বন্ধপরিকর। ওয়াগন থেকে মাল খালাস না করার প্রবণতা কিছ কিছ বিক্রেতা ও ব্যবসায়ীদের মধ্যে লক্ষ্য করা গেছে, তাদের সম্বন্ধে ইতিমধ্যেই প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে, ভবিষ্যতেও নেওয়া হবে। ফাটকাবাজ্বদের হামলা বন্ধ করবার জন্য জনসাধারণ ও গণসংগঠনের পক্ষ থেকে ব্যাপক প্রতিরোধের ব্যবস্থা করা হবে। অবশ্য এটা স্পষ্ট বলা ভালো যে অধিকাংশ অত্যাবশাক ভোগাপণা যেহেত হয় অন্য রাজ্য থেকে নয় বিদেশ থেকে আমদানি করা হয়, বন্টন তথা মলারোধের ক্ষেত্রে রাজা সরকারের ক্ষমতা অত্যন্ত সীমিত। কেন্দ্রীয় সরকার যদি পণ্য সরবরাহ নিয়মিত এবং রেল চলাচল ব্যবস্থা সনিশ্চিত না করতে পারেন, রাজ্য সরকারের পক্ষে মস্ত কিছ করা সম্ভব নয়। এমন কি ব্যাষ্ট থেকে কাকে কী পরিমাণ অর্থ ঋণ দেওয়া হবে—মজতদাররা ঋণ পাবেন কি পাবেন না—তা পর্যন্ত নির্ভর করে কেন্দ্রীয় সরকারের ইচ্ছা-অনিচ্ছার উপর।

খরা ও মুদ্রাস্ফীতি সারা দেশে আর্থিক গতিপ্রকৃতিকে ব্যাহত করেছে। এই রাজ্যেও তার প্রভাব পড়েছে। তা হ'লেও আমি কিছটা আনন্দের সঙ্গে বলতে পারছি, বর্তমান বংসরে পশ্চিমবঙ্গে আর্থিক বিকাশের অগ্রগতি আমরা মোটামটি অব্যাহত রাখতে পেরেছি। কৃষি এবং শিল্প উভয় ক্ষেত্রেই বর্তমান বৎসরে উৎপাদন ১৯৭৮-৭৯ সালের উৎপাদনের স্তর অতিক্রম ক'রে যাবে ব'লে মনে হয়: রাজ্যের গড প্রতি জাতীয় আয়ও কিছটা বন্ধি পাবে। এটা মন্ত সুসংবাদ, আরো বিশেষ ক'রে এই কারণে যে বছরের অধিকাংশ সময় জ্বড়েই ইম্পাত, সিমেন্ট ও অন্যান্য প্রয়োজনীয় তৈজসের প্রচর অভাব গেছে: বিদ্যুৎ সমস্যা তো আছেই। রাজ্য পরিকল্পনার বায় উত্তরোত্তর বন্ধির জন্য আমরা যে প্রয়াস চালাচ্ছি, এই শুভফল তারই প্রত্যক্ষ পরিণাম। মাননীয় সদস্যদের নিশ্চয়ই মনে আছে যে, গত বছর আমি যখন বাজেট বরাদ্দ পেশ করি তখন পর্যন্ত ১৯৭৯-৮০ সালের রাজ্যের বার্ষিক পরিকল্পনার পরিমাণ স্থির করা সম্ভব হয়নি। পরে কেন্দ্রের সঙ্গে মতৈকো পৌছে আমরা ৪৮০ কোটি টাকা বার্ষিক রাজ্য পরিকল্পনার জন্য বরাদ্দ নির্ধারণ করি: এই অঙ্ক আগের বছরের তুলনায় শতকরা ৩০ ভাগ বেশি। প্রধানত এই বাডতি বিনিয়োগের ফলেই খরা, জ্ঞিনিসপত্রসরঞ্জামাদির অভাব ও মুল্যবৃদ্ধি সত্তেও আমরা প্রায় সমস্ত ক্ষেত্রেই উন্নয়নমূলক কান্ধ অব্যাহত রাখতে পেরেছি। যদি কেন্দ্রীয় খাতে পরিকল্পনার বায় এবং বে-সরকারী কর্মোদ্যোগ অনুরূপ হারে বাড়তো, তা হ'লে রাজ্যের আর্থিক বিকাশের গতি আরো অনেক বেশি সম্বোষজ্ঞনক হত। এখানে যে-যে সমস্যা প্রকট, পূর্ববর্তী আমার বিভিন্ন বাজেট বক্ততায় সেগুলি আমি বিশ্লেষণের চেষ্টা করেছি। সে কারণগুলি মিলিয়ে যায়নি। পশ্চিমবঙ্গসহ গোটা পূর্বাঞ্চলে কেন্দ্রীয় বিনিয়োগের হার বরাবর কম। অন্যান্য সমস্যা আমি কমিয়ে দেখছি না; সামস্ততান্ত্রিক-ধনতান্ত্রিক কাঠামোর কথাও বিশ্বত হল্পি না। কিন্তু তা হ'লে এটা বলতেই হয় কেন্দ্রীয় সরকারের অনুসৃত বিভিন্ন নীতিই টেই রাজ্যে বে-সরকারী বিনিয়োগ সম্প্রসারণের ক্ষেত্রে প্রধান বাধাস্বরূপ হয়ে আছে। উদাহরণত মামি রেল মাশুল সমীকরণ নীতির উল্লেখ করতে পারি। রাজ্য সরকারের সার্বিক প্রয়াস বিত্তেও কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন ব্যাদ্ধ ও অন্যান্য অর্থ-সংস্থাণ্ডলি পূর্বাঞ্চলের প্রতি এবং সই সঙ্গে সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষের প্রতি, বৈষম্যমূলক আচরণ করছেন। পূর্বাঞ্চল এই রাজ্যের মানুষের জীবন ও জীবিকার প্রশ্নের সঙ্গে এই সমস্যা অঙ্গাঙ্গী জড়িত। কেন্দ্রে দত্রুন সরকার গঠিত হয়েছে তার সঙ্গে অতএব প্রসঙ্গুলি নিয়ে আমাদের আলোচনা তুন ক'রে করতেই হবে। সাম্প্রতিক লোকসভা নির্বাচনে জনগণের যে বিপূল সমর্থন প্রেছি তা আমাদের এই সম্বন্ধকে দ্যুত্র করেছে।

# प्रश

আমরা কেন্দ্র-রাজ্য সম্পর্কের পূঝানুপুঝ পুনর্বিন্যাসের উপর যে গুরুত্ব দিচ্ছি তার বিশেষ ঐতিহাসিক কারণ বিদ্যমান। ত্রিশ বছরব্যাপী আর্থিক পরিকল্পনা সত্ত্বেও আমাদের দেশে আর্থিক বিকাশের হার এমনকি তৃতীয় বিশ্বের দেশগুলির মধ্যেও প্রায় সর্বনিন্ন। এই গোটা ক্রমায়ে দেশে গড় প্রতি জাতীয় আয় বৃদ্ধির হার বাৎসরিক এক শতাংশের সামান্য কিছু মাত্র বেশি। আরও যা মারাত্মক, যতটুকু আর্থিক বিকাশ ঘটেছে তাও বিভিন্ন অঞ্চল ও রাজ্যের মধ্যে অসমভাবে ছড়িয়েছে। সারা দেশ জুড়ে ভয়াবহ বেকার সমস্যা, যার ভূক্তভোগী আমাদের লক্ষ কক্ষ তরুণ-তরুলী, এই অবরুদ্ধ এবং অসমবিস্তাত বিকাশের প্রত্যক্ষ পরিণাম।

আর্থিক বিকাশের ক্ষেত্রে এই যে বিপর্যয়, নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে তা বিশ্লেষণ করার, এবং বিকল্প শৈলী নিয়ে চিন্তা করার সময় নিশ্চয়ই এসেছে। অনেক বিজ্ঞানী-মনীধী এই মত ব্যক্ত করেছেন, অবরুদ্ধ আর্থিক বিকাশের প্রধান কারণ সিদ্ধান্ত তথা সম্পদ নিয়ন্ত্রণের অতিকেন্দ্রীকরণ। নতুন দিল্লীর প্রশাসনের হাতে এই অতিকেন্দ্রীকরণের ফলে আর্থিক অগ্রাধিকার নির্ণয়ের ক্ষেত্রে শ্লথতা ও বিশৃত্বলা লক্ষিত হয়েছে। একই কারণে বিনিয়োগ থেকে প্রতিদান অনেক কম পাওয়া গেছে। বর্তমান ব্যবস্থার অপ্রতিরোধ্য পরিণতি হিসেবে, কেন্দ্রে যাঁরা 🍑মতাশীল তাঁদের ধ্যান-ধারণায় অহমিকা ক্রমশঃ বৃদ্ধি পেয়েছে, ফলে এমন এক পরিবেশের সৃষ্টি হয়েছে যে. যে-কোনও ভিন্ন মতকে সন্দেহের চোখে দেখা হয়েছে, যে-কোন ভিন্ন মত ব্যক্ত করা হ'লে তা রোধ করার উদ্দেশ্যে দমন-পীডনের কথা ভাবা হয়েছে, দমন-পীডনের উপচার সংগ্রহের জন্য সঙ্গে-সঙ্গে বাডতি অর্থ-সংস্থানের উদ্যোগ নেওয়া হয়েছে, ফলে আর্থিক উন্নতির জন্য প্রয়োজনীয় বিনিয়োগে আর এক দফা টান পড়েছে, আর্থিক বিকাশের সম্ভাবনা অতএব আরো সন্ধৃচিত হয়েছে। এই হতদ্দশা থেকে যদি ভারতের অর্থব্যবস্থাকে উদ্ধার করতে হয়, যদি ভারতবর্বের সাধারণ মানুষ পৃথিবীর অন্যান্য দেশের মানুষের পাশাপাশি কিছু শ্রীবৃদ্ধির স্বাদ পেতে চান, তা হ'লে আমাদের অন্যতম পন্থার কথা ভাবতেই হবে; এমন বিক্রের কথা ভাবতে হবে যেখানে আর্থিক সিদ্ধান্ত এবং সম্পদবন্টন বিকেন্দ্রীকরণের প্রসঙ্গ উত্থাপন মুহুর্তেই ভচ্ছ ব'লে বিবেচিত হয় না।

[ 27th February, 1981 ]

রাজ্য সরকার তাই আর্থিক ও মুদ্রাঘটিত বিষয়াদিসহ সামপ্রিক কেন্দ্র-রাজ্য সম্পর্ক পুনর্বিন্যাসের জন্য অবিচ্ছিন্ন চেষ্টা চালিয়ে যাবেন। সেই সঙ্গে, বর্তমান সাংবিধানিক ব্যবস্থায় যতটুকু সম্পদ রাজ্যগুলির ন্যায়্য প্রাপ্য তা যাতে যথায়ত রাজ্যগুলির হাতে পৌছর তার জন্যও আমরা প্রয়াসবদ্ধ থাকবো। অতিরিক্ত পণাশুদ্ধ (বিশেষ গুরুত্বপূর্ণ দ্রব্য) আইনের প্রয়োগে রাজ্যগুলির প্রতি যে গভীর অবিচার করা হয়েছে সে সম্পর্কে আমি গত বছরের বাজ্রেট ভাষণে উল্লেখ করেছিলাম। এই আইনের প্রয়োগের ফলে রাজ্য সরকারগুলি তামাক, চিনি ও তদ্ধদ্রব্যের উপর বিক্রয়-কর আরোপ করবার সাংবিধানিক অধিকার থেকে অনেকটাই বিশ্বিত হয়েছেন। আইনজ্ঞ ও সংবিধান-বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ ক'রে আমরা এখন জাতীয় সূপ্রীম কোর্টে সংবিধানের ১৩১ ধারা অনুযায়ী এ-ব্যাপারে একটি আবেদন পেশ করেছি; উপরোক্ত আইন এবং অন্যান্য সংশ্লিষ্ট যে-সব কেন্দ্রীয় আইনে সম্পদ সংগ্রহের ক্ষেত্রে রাজ্যগুলির সাংবিধানিক অধিকার ধর্ব হয়েছে, সেগুলি অবৈধ ঘোষণা করার জন্য আমরা প্রার্থনা জানিয়েছি। স্পরীম কোর্ট কী রায় দেন তার জন্য আমরা প্রতীক্ষায় আছি।

ইতিমধ্যে আমাদের সামর্থ্যের সংস্থানে দাঁড়িয়ে যতটা সম্ভব, রাজ্ঞার উন্নয়নমূলক কাজের গতি আমরা ক্ষিপ্রতর ক'রে যাব। মাননীয় সদস্যগণ হয়ত লক্ষ্য করেছেন, এই রাছ্যে সম্প্রতি উন্নয়ন খাতে যে ব্যয়বন্ধি ঘটেছে তার অধিকাংশ অর্থই আমরা নিজেদের উদ্যোগে সংগ্রহ করেছি। ১৯৭৭-৭৮ সালের আর্থিক বছর থেকে রাজ্য সরকার কর ও কর-বহির্ভূত উভয় ক্ষেত্রেই রাজ্জ্ব বৃদ্ধির জন্য বিশেষ উদ্যোগ নিয়েছেন। সমাজের যে-অংশ বাডতি বোঝা বহন করতে পারেন তাঁদের উপর অতিরিক্ত ভার চাপিয়ে অপেক্ষাকৃত বঞ্চিত-হতভাগ্যদের জন্য ব্যবস্থা গ্রহণই আমাদের মূল লক্ষ্য। এরই পাশাপাশি, স্বন্ধ সঞ্চয় অভিযান জ্ঞারদার করার ফলে আমাদের ঈষৎ বাড়তি সৃবিধা হয়েছে। ১৯৭৮-৭৯ সালে এই রাজ্যে স্বন্ধ সঞ্চয়ের পরিমাণ সমস্ত রেকর্ড ছাড়িয়ে যায় ; বর্তমান বছরেও অনুরূপ সাফল্য আশা করছি। ১৯৮০-৮১ সালে উন্নয়ন খাতে বিনিয়োগ আরো বাডিয়ে আর্থিক বিকাশের ধারাকে অব্যাহত রাখতে আমরা বন্ধপরিকর। এ-ব্যাপারে কিন্তু কেন্দ্রের রাজনৈতিক অনিশ্চয়তা কিছুটা ছায়া ফেলেছে। মাননীয় সদস্যগণ জ্বানেন যে, ১৯৭৮-৮৩ সালের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রাক্তন কেন্দ্রীয় সরকার চূড়ান্ত রূপ দিয়ে যেতে পারেননি। কেন্দ্রের নতুন সরকার যোজনা কমিশন এখন ভেঙে দিয়েছেন। পঞ্চবার্ষিক পরিকল্পনার ভাগা তাই অনিশ্চিত। ১৯৮০-৮১ সালের বার্ষিক পরিকল্পনা সম্পর্কে আলোচনাও এখনো অসম্পূর্ণ। নতুন যোজনা কমিশন গঠিত হুফুে বার্ষিক পরিকল্পনা নিয়ে আলোচনার পরই তা জাতীয় উল্লয়ন পরিষদে বিবেচিত হতে পারে। আর্থিক বিকাশের ক্ষেত্রে এই যতিপতনের চেয়ে মর্মান্তিক কিছু হতে পারে না। সমান মর্মান্তিক সামগ্রিক আর্থিক পরিকল্পনা সম্পর্কে যে-মানসিকতা দিল্লীতে অভিব্যক্ত হতে দেখা যাচ্ছে।

[ 3-20 — 3-30 P.M. ]

আজ যে বাজেট উপস্থাপন করছি তাতে রাজ্যের বার্ষিক পরিকল্পনার যে অঙ্ক নির্দিষ্ট করা হয়েছে তা তাই কিছুটা অনিশ্চয়তায় ছাওয়া। আমরা ১৯৮০-৮১ সালে রাজ্য পরিকল্পনার পরিমাণ ৫৮০ কোটি টাকা নির্ধারণ করতে চাইছি, অর্থাৎ চলতি বছরে যে অঙ্ক স্থির হয়েছিল তার চেয়ে ১০০ কোটি টাকা বেলি। এই অঙ্কের বিনিয়োগ যদি স্থিরীকৃত হয়, তা হ'লে ১৯৭৬-৭৭ সাল থেকে ১৯৮০-৮১ সালের অঙ্কর্বর্তী সময়ে পশ্চিমবঙ্গে বার্ষিক পরিকল্পনা

বাবদ বিনিয়োগের পরিমাণ আড়াই গুণেরও বেশি বৃদ্ধি পাবে। এই বৃদ্ধির হার সমস্ত রাজ্ঞাগুলির মধ্যে সর্বোচ্চ। উন্নয়নের এই যে গতিক্রম আমরা প্রবাহমান রাখার চেষ্টা করছি, তার অবিচ্ছেদ্য অঙ্গ গ্রামীণ উন্নয়নের উপর অধিকতর দৃষ্টি প্রয়োগ, বিশেষ ক'রে গ্রামের দরিদ্রতর মানষের অবস্থার যত তাড়াতাড়ি মোড় ফেরানো সম্ভব সেই দিকে মনোনিবেশ। মস্ত গর্বের ব্যাপার, এই উময়ন প্রক্রিয়ার নেতৃত্বে আসীন নবগঠিত পঞ্চায়েতী ব্যবস্থা, যা ইতিমধ্যে সমস্ত দেশের দৃষ্টি আকর্ষণ করেছে। গণতান্ত্রিক কাঠামোর পরিপ্রেক্ষিতে যে-বিরাট কর্মোদ্যোগ আমরা ১৯৭৯ সাল থেকে পঞ্চায়েতী ব্যবস্থার মধ্যবর্তিতায় গ'ডে তলতে সক্ষম হয়েছি, তা যগপৎ প্রশংসা ও অনুপ্রেরণার উৎস হয়ে দাঁডিয়েছে। যুগ-যুগ ধ'রে যাঁরা সামাজিক আর্থিক ক্ষেত্রে নিপীডিত শোষিত ছিলেন, গ্রামীণ উন্নয়নের দায়িত্ব তাঁদের উপর অর্পণ করা হয়েছে, তাঁরা কতটা যোগতোর পরিচয় দিতে পারেন, নিজেদের অভিজ্ঞতা ও বিচার বন্ধির সংস্থানের গ্রামের অগ্রাধিকার কীভাবে স্থির করতে পারেন, কীভাবে প্রকল্প তৈরি করতে পারেন এবং সেই প্রকল্প রূপায়ণের তত্তাবধান করতে পারেন, হিসেব রাখার কাজে কতটা দক্ষতা অর্জন করতে পারেন এবং অন্যান্যদের সে-হিসেবটা কতটা সষ্ঠভাবে বঝিয়ে দিতে পারেন—এই সমস্ত নিয়েই একটি প্রকাণ্ড পরীক্ষা চলছে। হিসেব দাখিলের ক্ষেত্রে বিলম্বের কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা হয়তো ঘটেছে, কিন্তু এই ক্রটির দায়িত্ব রাজ্য প্রশাসনের অন্যান্য পর্যায়েও বর্তায়: যেমন কিনা আমরা নিজেরাই পঞ্চায়েতী সংস্থাগুলির জনা সময়মত কার্য নির্বাহক, হিসাব পরীক্ষক ও <sup>®</sup>গাণনিক কর্মী নিয়োগ করতে পারি না। বর্তমান বছরে প্রায় ১৬ হাজার পঞ্চায়েত কর্মীর জনা একটি বিরাট প্রশিক্ষণ কর্মসচি সম্পর্ণ হয়েছে এবং আমাদের দঢ় বিশ্বাস পঞ্চায়েতগুলি উত্তরোত্তর আরও অধিকতর দায়িত্ব গ্রহণ করবার মত অবস্থায় অচিরে পৌঁছবেন।

# [তিন]

খুব সংক্ষেপে আমাদের বর্ধিত বার্ষিক পরিকল্পনার অঙ্গীভত প্রধান-প্রধান কার্যাবলীর সামান্য আভাস দিচ্ছি। কষি, সেচ এবং বিদ্যুতের মত অগ্রাধিকারভুক্ত ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ অনেকটাই বাড়ানো হচ্ছে। কৃষি ও বিদ্যুৎ উৎপাদনের সমূহ প্রয়োজনের কথা চিন্তা ক'রেই এটা করা হচ্ছে। ১৯৭৯-৮০ সালে কৃষি এবং প্রাসঙ্গিক ক্ষেত্রে ৯৯ কোটি টাকা বিনিয়োগ ধরা হয়েছিল: ১৯৮০-৮১ সালে তা বেডে দাঁডাবে ১১০ কোটি টাকায়। সেচ ও বন্যা নিরোধের জন্য এ-বছর বিনিয়োগ ধরা হয়েছে ৬০ কোটি টাকা, আগামী বছরে ধরা ব্টৈছে ৬৪ কোটি টাকা। বিদ্যুৎ বিকাশের জন্য ১৯৭৯-৮০ সালে ১৩৬ কোটি টাকা বিনিয়োগ নির্ধারিত হয়েছিল, আগামী বছরে ১৪৫ কোটি টাকা ধরা হয়েছে। একশো মেগাওয়াট বাড়তি উৎপাদনের যে-সম্প্রমেয়াদী গ্যাস টারবাইন প্রকল্প আমরা গ্রহণ করেছিলাম, তা ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে। আগামী বছর জোর দেওয়া হবে সাঁওতালদি, কোলাঘাট, ব্যান্ডেল, দুর্গাপুর এবং টিটাগডের আরম্ভ ও নতন প্রকল্পগুলির দ্রুত সম্পর্তির উপর। শিল্প ও খনিজ উন্নয়নের ক্ষেত্রে এ-বছর খরচ ধরা হয়েছিল ২৫ কোটি টাকা, আগামী বছর ধরা হয়েছে ৩৩ কোটি টাকা। যোগাযোগ ও যানবাহনের ক্ষেত্রে গত বছর বিনিয়োগ নির্দিষ্ট হয়েছিল ২৩ কোটি টাকা এ-বছর আমরা সেটা বাডিয়ে ৫৩ কোটি টাকা নির্ধারণ করেছি। শিক্ষাসহ সামাজিক ও গোষ্ঠী উন্নয়নের ক্ষেত্রে বার্ষিক প্রকল্পে আমরা ১৯৮০-৮১ সালে ১৫০ কোটি টাকা খরচ করবো: এ-বছর খরচ ধরা হয়েছে ১২১ কোটি টাকা। ১৯৮০-৮১ সালে নতন যে-সমস্ত কাজ শুরু

[ 27th February, 1981 ]

হচ্ছে তার মধ্যে অপারেশন ফ্লাড-২-এর অন্তর্ভুক্ত পশুপালন বিকাশ প্রকল্প, অভ্যন্তরীণ মৎস্য উন্নয়ন প্রকল্প এবং ১০৫ কোটি টাকার কলকাতা যানবাহন প্রকল্পের উল্লেখ করতে পারি।

বিভিন্ন সরকারী বিভাগে ১৯৭৯-৮০ সালে যে-যে কাজ হয়েছে এবং ১৯৮০-৮১ সালে যে-যে নতুন কাজ হাতে নেওয়া হবে সে-সম্পর্কে কোনো বিস্তৃত বিবরণ দেওয়ার অভিপ্রায় আমার নেই। আমার সহকর্মীরা যখন তাঁদের বিভাগীয় ব্যয়বরাদ্দের অনুরোধ নিয়ে উপস্থিত হবেন, তাঁরা তখন এ-ব্যাপারে বিস্তারিত বলবেন; আগামী বছর নতুন কী-কী প্রকল্প শুরু করা হচ্ছে তাও জানাবেন। আমি শুধু আপনাদের অনুমতি নিয়ে কয়েকটি বিশেষ বিষয়ের উল্লেখ করবো।

মাননীয় সদস্যরা জানেন, এ-বছর রাজ্য সরকার ভারতের সাধারণ বীমা সংস্থার সহযোগিতায় আমন ধান্যশস্য সম্পর্কে একটি বীমা প্রকল্প পরিক্রান্ত্র্বিত শুরু করেছেন। এখন পর্যন্ত ফল যা পাওয়া গেছে তা অত্যন্ত আশাব্যঞ্জক। এ-বছরের অভিজ্ঞতার ভিন্তিতে আমরা ১৯৮০-৮১ সালে বীমা প্রকল্পটি সম্প্রসারিত আকারে শুধু আমন শস্যের ক্ষেত্রেই নয়, আলুর ক্ষেত্রেও প্রয়োগ করবার কথা ভাবছি। আনন্দের সঙ্গে এটাও জানাছিহ যে, ১৯৮০-৮১ সালের বাজেটে আমরা ছোট চাবী ও কৃষি কর্মীদের প্রস্তাবিত পেনশন দানের উদ্দেশ্যে ৫০ লক্ষ্ণ টাকার একটি বরাদ্দ রাখছি। এ-সম্পর্কে বিশদ বিবরণ শিগণিরই ঘোষণা করা হবে। প্রকল্পটি চালু হ'লে সমাজকল্যাণের ক্ষেত্রে গ্রাম বাংলায় একটি নতুন অধ্যায় সংযোজিত হবে।

শ্রী ননী ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় খুব কম সেই জন্য আনুপূর্বক ইতিহাসের মধ্যে আমি যাচ্ছি না। তবে এখানে মাননীয় সদস্য কমল সরকার যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের সমর্থনে দু একটি কথা বলব। একথা আমি এই জ্বন্য বিশেষ করে বলব যে, আমি আসামে গিয়েছি এবং জ্বলপাইগুড়ি, কুচবিহার প্রভৃতি জায়গায় এখনো মাঝে মধ্যে যেতে হচ্ছে এবং যশডাঙ্গায় যেতে হচ্ছে যেখানে ২০০০ আশ্রয় প্রার্থী আছেন। তাদের সঙ্গে ইতিমধ্যে আমার কিছ কথা বার্তা হয়েছে। একটা জ্ঞিনিস পরিস্কার হয়ে গেছে যে. ওখানে যেসব ঘটনা ঘটেছে নিঃসন্দেহে সেসবের বিরুদ্ধে সারা ভারতবর্ষে প্রতিবাদ হওয়া উচিত। বিশেষ করে আরো হওয়া উচিত এই জন্য যে, আজকে আসামে কায়েমী স্বার্থের লোকের এবং সেই সঙ্গে সঙ্গে বিদেশী শক্তিগুলিরও এর মধ্যে হাত আছে। ওরা আজকে ভারতবর্ষ সংহতি এবং অখন্ডতাকে চ্যালেঞ্জ করতে আরম্ভ করেছে। আমরা আজ্বকে ইতিহাসকে ज़ल गाँ**रे कि करत? जरव जा**সামে कि धत्रत्नत সমস্যা আছে, ना আছে সেগুলি বলতে গেলে সময়ের প্রয়োজন। এখানে একজন মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব বললেন যে. ১৮২৬ সালে আসামকে যখন এ্যানেক্স করা হয়েছিল, ভারতবর্ষের সঙ্গে সংযোজিত করা হয়েছিল তখন আসাম সেটা চায় নি। সেটা ছিল ১৯২৬ সালের কথা, আর এটা ১৯৮০ সাল। সূতরাং আমরা এক-জায়গায় দাঁড়িয়ে নেই। আমরা এটা লক্ষ্য করেছি যে, বিভিন্ন সময়ে ঐ আসামে যখনই কোনো প্রগতিশীল আন্দোলন মাথাচাড়া দিয়ে উঠেছে তখনই সেটা আসামের কায়েমী স্বার্থের গায়ে লেগেছে তখন তারা উগ্র প্রাদেশিকতার নামে বা ভাষার নামে তাকে বিপথগামী করেছেন। আমরা দেখেছি প্রতিবার সেখানে বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথাচাডা **मिर्स्सार**, সাম্প্रमासिक मेकि माथाठाज मिरसिंह এवः সাধারণ শুভ-বৃদ্ধি সম্প্রদ মানুষের আন্দোলনকে ব্যাহত করেছে এবং অন্য খাতে প্রবাহিত করেছে। আমরা দেখেছি সেখানে যখনই খেতমজ্জর. বর্গাদার, ভাগচাষীরা আন্দোলন করেছে বা তাদের আন্দোলনের পথে টেনে আনা হয়েছে তখনই সেই আন্দোলনকে সাম্প্রদীয়িক খাতে প্রবাহিত করার অপচেষ্টা করা হয়েছে, সাধারণ মানুষের শুভ বৃদ্ধিকে কুরে কুরে নষ্ট করে ফেলবার চেষ্টা করা হয়েছে। আজকে এখানে আমাদের সামনে আসামের ঘটনার ওপর বলতে গিয়ে মাননীয় ভোলা নাথ সেন মহাশয় বলেছেন যে. আমাদের এই প্রস্তাবকে উনি নাকি ভল বঝবেন না। আমরা কিন্তু কখনই

কোনো কিছকে ভূল বোঝার চেষ্টা করি না। আমরা আসামের নিজ্ঞস্ব সমস্যার কথা ইতিপূর্বে বলেছি এবং এই প্রস্তাবের মধ্যেও বলেছি। এই সমস্যার সমাধান করতে হবে। যদি এই রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক কাঠামোর মধ্যে না হয় তাহলে সেখানকার মানুষকে এই কাঠামো ভেঙে চরমার করে সমাজতান্ত্রিক দিকে এগিয়ে যেতে হবে। সব চেয়ে আশ্চর্যের কথা হচ্ছে সিটিজেনসিপের কথা। ৩০ বছর ধরে কংগ্রেসী শাসন চলেছিল, অথচ কি ভাবে সিটিজেনসিপ দেওয়া হবে সে সম্বন্ধে কোনো মেসিনারী তৈরী হয় নি। স্যার, আপনি জানেন আমাদের এই সংবিধানের মধ্যে এ বিষয়ে এাক্ট আছে, কিন্তু সেই এাক্টকে ইমপ্লিমেন্ট করবার क्षना य त्यिनिनात्री मतकात এवः मिट त्यिनिनात्री कतात क्षना य উদ্যোগ গড়ে তোলা দतकात, তা করা হয়নি। আর্ম্বজাতিক নিয়মের ভিত্তি-তে ১৯৭১ সাল পর্যন্ত যাঁরা ভারতবর্ষে এসেছেন তাঁরা ভারতবর্ষের নাগরিকত্ব পাবেন। সংবিধানে সিটিজেনসিপ এখনও ঢেলে সাজানো হয় নি। ধরুন, ১৯৫০/৫১ সালের এাক্ট যদি দেখা হয় এবং আসামে যদি সিটিজেনসিপ নিয়ে চ্যালেঞ্জ করা হয়, যদি বলা হয় কারা সিটিজেন—কিন্তু এটা কে বলবে? ৩০/৩২ বছর ধরে কংগ্রেস এই সিটিজেনসিপ নিয়ে কোন সমস্যার সমাধান করেন নি। সূতরাং আইনকে ঢেলে সাজানোর দরকার ছিল। সংবিধানে সেই ধরনের স্যোগ করে দেওয়া আছে কিন্তু সেটা করা হয়নি। কে এটা করবার কর্তা? রাজ্য সরকার নিশ্চয়ই নয়। কেন্দ্রের পার্লামেন্ট যখন যে অবস্থা দেখা দেবে সেই অবস্থায় তাদের—পার্লামেন্ট বলুন কিম্বা দিল্লীর সরকার বলুন—এগিয়ে এসে শেষ পর্যন্ত আইন বদলানোর দরকার। আর এইসব কথার দরকার আছে কিনা সেটা ভেবে দেখবার বিষয়। আমি সিটিজেনসিপ এাার্ট্ট পড়লাম ১৯৫৬ সালের। আমি দেখলাম. সেখানে বৃটিশ ভারতের কথা উল্লেখ আছে। বৃটিশ এ্যাক্টকে ঢেলে সাজানোর যে দরকার সেটা করা হয়নি। সূতরাং যে কথা বলছি, আজকে আসামে সেই ক্লিক্স্টেকনী শক্তি, সেই কায়েমী স্বার্থের লোকেরা এবং বিদেশী শক্তি একজোট হয়ে সেখানকার মানুষদের যে সমস্যা আছে সেই সমস্যাগুলিকে উপ্টো-খাতে বাহিত করে সেখানে উদ্মন্ততা সৃষ্টি করছে। সূতরাং সেইদিকে আমাদের দৃষ্টি বড় করে দিতে হবে। আমি আপনার কাছে দৃষ্টান্ত দেবো কারণ একটা আইনগত কভার দেওয়ার চেষ্টা হচ্ছে, আমি সেই ব্যাপারে পরে আসছি—আইনগত কভার যদি দেওয়া হয় তাহলে আমি বলবো ভারতবর্ষের যে কোন নাগরিক যে কোন জায়গায় বসবাস করতে পারেন। সে বিহারেই থাকুন, পশ্চিমবাংলায় থাকুন কিম্বা আসামেই থাকুন—সব জায়গায় থাকতে পারেন, ঘোরাফেরা করতে পারেন এমনকি বসবাস করতে পারেন। সেই ধরনের সম-দর্শিতার কথা আইনে বলা হয়েছে। সংবিধানে জনগণের অধিকার, জনগণের সুযোগ লিপিবদ্ধ আছে। কিন্তু আমরা কি দেখছি? আসামে অ-অসমীয়া বলে কথিত লোকেদের উপর এই উন্মন্ততাগুলি বেড়েছে। সেখানে দেখতে পাচ্ছি, বঙ্গ-ভাষাভাষী লোকেদের উপর অত্যাচার হচ্ছে সে হিন্দুই হোক কিম্বা মুসলমানই হোক অত্যাচার হচ্ছে। কেন এই আন্দোলন? চা-বাগানে অনেকেই কাজ করেন---চা-বাগানে আমরা জানি এই সমস্ত লোকেরা বাইরে থেকে আসে না কিন্তু তাদেরকে বিদেশী বলে আখ্যা দিয়ে তাদের উপর জ্ঞোর-জুলুম চালানো হচ্ছে। পশ্চিমবঙ্গে দাৰ্জ্জিলিং-এ বলুন কিশ্বা জলপাইগুড়ি জেলায় বলুন নেপালীরা অনেক কাল আগে থেকে বংশ-পরম্পরায় বসবাস করছে সেই রকম আসামেও বসবাস করছে কিন্তু আসামে বিদেশী আখ্যা দিয়ে তাদেরকে আসাম থেকে সরিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। আসামে শুভবৃদ্ধি সম্পন্ন মানুষের কি এটাই দাবী? কই পশ্চিমবাংলায় তো এই রকম হচ্ছে না। আমাদের রাজ্যে—সবাই তো আমরা জানি শিল্প এলাকা বেশী। আমরা তো করি না বামফ্রন্ট সরকার তো বলে না তোমরা চলে যাও আসাম ফর আসামীস, বেঙ্গল ফর বেঙ্গলীস প্রাদেশকতাবাদী শ্লোগান তো আমরা দিই না। এখন মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি নিশ্চরাই জানেন, আমাদের কাপড়ের কলে ৪৫ ভাগ হচ্ছে অ-বাঙ্গালী, জুটে ৭০ ভাগ অ-বাঙ্গালী, আয়রন এন্ত ষ্টীলে হচ্ছে ৫৩ ভাগ অ-বাঙ্গালী, পেপারে হচ্ছে ৭৭ জন অ-বাঙ্গালী, আদার ইনডাস্ট্রিতে হচ্ছে শতকরা ৫০ থেকে ৫১ জন অ-বাঙ্গালী, অল ইনডাস্ট্রিস ফিগার যদি ধরা হয় তাহলে ৫৭.৫৭ জন অ-বাঙ্গালী। কই আমরা তো এখান থেকে তাদেরকে ওঠাছি না। তার কারণ পশ্চিমবাংলার প্রগতিশীল আন্দোলন অন্যান্য দেশের থেকে অনেক দূর এগিয়ে গেছে এ কথা অস্বীকার করার উপায় নাই। যখন এই সমস্ত জ্বিনিস আসামে ঘটছে তখন জলপাইগুড়ি জেলায় শরণার্থীদের ভিড় বাড়ছে এবং সেই ক্যাম্পাদের অনেক আত্মীয়-স্বজন বন্ধা-বাঞ্ববেরা সেখানে আপ্রয় নিচ্ছে।

# [5-20 - 5-30 P.M.]

সংখ্যাটা আমি ঠিক বলতে পারছি না. কিন্তু সেখানে উত্তেজনা দেখা দেওয়া স্বাভাবিক যখন সেখান থেকে তেল আসা বন্ধ করে দিল তখন ওখান থেকে সমস্ত আসাম বয়কট করার কথাও অনেকে ভাবতে আরম্ভ করেছিল। এটাই আমরা বলি যেহেতু প্রগতিশীল चात्मान्त वे कन्रुशरे७िए (कनाए०, वे कृठिवरात (कनाए०, चार्तक विशेषा चार्ष, चार्तक শক্ত ভিতের উপর দাঁড়িয়ে আছে কোন প্রতিক্রিয়া ওখানে হয় নি. শরণার্থীদের সঙ্গে স্থানীয় যারা জনসাধারণ, চাষী, মধ্যবিত্ত, ক্ষেত-মজুর আছে সেখানে তাদের মধ্যে যে হাদ্যতা সেই হাদাতা যখন হানাহানিতে পরিণত হয় নি। আমাদের পশ্চিমবঙ্গ প্রগতিশীল আন্দোলনে এগিয়ে আছে, সেটা ওখানে মাথাচাড়া দেবার চেষ্টা করছে সতরাং নানা ভাবে ওরা এগিয়ে আসবার চেষ্টা করছে, এ' কায়েমী স্বার্থের গায়ে ঘা পড়েছে বলে কায়েমীস্বার্থ নানাভাবে বিভ্রান্তির চেষ্টা করছে শুধু তাই নয় সেখানে সরকারে থারা আছেন অসমীয়া সরকারে থারা আছেন তাদের মধ্যে অনেকে আজকে দেখতে পাওয়া যাচেছ এঁরা এই উন্মন্ততায় ইন্ধন যুগিয়েছেন। কারণ আমি তো জ্বানি গোয়ালপাড়া জেলা থেকে আরম্ভ করে কামরূপ জেলা থেকে আরম্ভ করে এবং তারও উত্তর্নিকে যদি যাওয়া যায় অনেক অফিসারের প্রত্যক্ষ এবং পরোক্ষ সহযোগিতা আছে, ইন্ধন আছে, আন্দোলনের পিছনে, এবং সেখানে বড় বড় অফিসারদের সামনে এগিয়ে যাওয়া সম্ভব হয় নি, নিজেদের বউদের এগিয়ে দিয়েছে আসাম বন্ধে। এই রকম ভূরি ভূরি দৃষ্টান্ত আছে, সেইজন্য আজকে এই জিনিসটাকে অন্যভাবে দেখা উচিত নয়। এই ভাবে চলছে আছকে যখন ভারতবর্ষের অন্যান্য রাজ্যে একটা জনমত গড়ে ওঠার চেষ্টা হচ্ছে এবং বিশেষ করে ঐ লোকসভা নির্বাচনের শেষ হয়ে যাওয়ার পর যখন সর্বভারতীয় আকার সামনে এগিয়ে আসার চেষ্টা করছে তখন উল্টো বোঝাবার চেষ্টা করা হচ্ছে। বুদ্ধিমান ব্যক্তিরা, উকিলরা চক্রাম্ভ করে কভার দ্বেবার চেম্ভা করছেন এবং সেই আইন ফরেনারস এাক্ট এর মধ্যে ফেলে তাদের ওখান থেকে তাড়িয়ে দেবার যে পলিসি সেই পলিসি গ্রহণ করছে। অনেকণ্ডলি কেস আমার হাতে এসেছে আমি চীফ মিনিস্টারকে দিয়েছি আপনারা জ্বানেন চীফ মিনিস্টার সেগুলি দেখেছেন। পশ্চিমবঙ্গ সরকার গোড়া থেকে বার বার সতর্ক করে দেবার চেষ্টা করছেন এমন কি আসামে ওদেরকে ফোনে বা চিঠি পত্তে আলোচনা করেছেন সেগুলি

আপনারা অনেকেই জানেন। সেই কেসগুলো চীফ মিনিস্টারকে দিয়েছি, গুঁাদের পার্লামেন্টের সদস্যের কাছে পাঠিয়ে দেবার কথা বলেছি, পাঠিয়ে দেওয়া হয়েছে। একটা পরিবার তারা হছেছে এ জ্যোরহাট থানার ফালাকাটা গ্রামের বাসিন্দা, আমি গুটা পড়ে দিছিছ, সুবিধা হয়ে যাবে। যাদের কে বিদেশী বলে বলা হছে, এস. পি. নালিশ করেন, তাদের নাম শ্রী অতুল দে, শ্রীমতী শাপলা রাণী দে এবং মাখন লাল ধর। of all village Falakata, P.S. Jorhat. No material inrespect of alleged foreign nationality of any of these persons was preduced by the S. P. Two witnesses each Shri Dambaru Gogoi being common in all these case were examined. From the papers filled it appears that the members of the family to which these persons belong came to Assam in 1951 and were duly registered as refugees and had been living in the Sapakhati G. P. since then. None of them holds citizenship certificate. Thus neither under constitution nor under the citizenship Act. 1955 the petitioners have acquired Indian citizenship. They remain foreigners under the law despite long residences. The cases are disposed of accordingly.

তারপর এদের তাড়িয়ে দেওয়া হচ্ছে এবং এইরপ শত শত কেস তথাকথিত আইনে, কভার দিয়ে তাড়িয়ে দেওয়া হচ্ছে। প্রথম দিকে নয় শেষের দিকে যখন জনমত গড়ে উঠেছে তখন এইরূপ ভাবে আইনগত কভার দিয়ে তাড়িয়ে দেওয়া হচ্ছে। অবিভক্ত বাংলায় নাগরিকত্ব সমস্যার ব্যাপার নয় তারা দীর্ঘকাল সেখানে আছেন এবং সংবিধানে বলেছে ৫ বছর থাকলেই তার নাগরিক হিসাবে ধরা ছাড়া গতি নেই। এটা কেন্দ্রীয় সরকারও চিন্তা করেন না যে এ সম্বন্ধে ইলাবরেট ব্যবস্থা করা উচিত ছিল এবং নাগরিক অধিকার দেওয়ার ব্যাপারে মেসিনারি সেইভাবে করা উচিত ছিল। কিন্তু তা করা হয় নি। সেইজন্য আজকে এই অবস্থা দেখা দিয়েছে। আজকে এই উন্মন্ততার য়েমন মোকাবিলা করতে হবে এই বিচ্ছিয়তা যা ভারতের জাতীয় ঐক্যকে চ্যালেঞ্চ করছে তাকে য়েমন বরদাপ্ত করা চলবে না তেমনি সঙ্গে সঙ্গে আসামে সমাজ জীবনের সমস্যার সমাধান করতে হবে। এটা কে করবে? কেন্দ্রীয় সরকারকেই এটা করতে হবে। কেন্দ্রীয় সরকার কিন্তু সেইভাবে চলছেন না। সেইজন্য আজকে এই প্রস্তাব সময়োচিত হয়েছে। শুভবুদ্ধি সম্পন্ন মানুষ আসামে যারা প্রগতিশীল আন্দোলনের সঙ্গে যুক্ত সেইসব মানুষ নিশ্চই আমাদের ভূল বুঝবেন না। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বন্ধব্য শেষ করছি।

[5-30 - 5-40 P.M.]

শ্রী জ্যোতি বসু । মাননীয় স্পীকার মহাশয়, শ্রী কমল সরকার মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন এটাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এরূপ প্রস্তাবের খুবই প্রয়োজন ছিলো তবে এতদিন বিধানসভার অধিবেশন ছিলো না বলে—বিশেষ করে আমাদের সরকার পক্ষ থেকে সুযোগ ছিলো না এরূপ প্রস্তাব গ্রহণ করার। অবশ্য সরকার থেকে ইতিপূর্বে আমরা প্রথম দিক থেকেই আমাদের যা বক্তব্য সেটা বরাবরই ঘোষণা করেছি যা প্রচেষ্টা করার দিল্লীর সে অস্তবন্তী সরকার হোক বা তার পরবর্তী সরকার হোক তাদের সঙ্গেতা করেছি। এটা ভোলাবাবু বুঝবেন না আরো অনেকে বুঝবেন। আজকে আসামে যা ঘটনা

घটছে তা বলার নয়। ভোলাবাবু বললেন যে জ্যোতিবাবু কেন নাক গলাচ্ছেন এটা রাজ্য সরকারের ব্যাপার নয় এটা কেন্দ্রীয় সরকারের ভাববার কথা। ভারতের জাতীয় সংহতি ঐক্য শুধ্ যে কেন্দ্রে যারা থাকবেন তারা এ বিষয়ে আলোচনা করবেন চিন্তা করবেন তা নয়। দেশপ্রেমিক যে সমস্ত মানুষ তাঁদেরও চিন্তা করতে হবে যে এরূপ বিচ্ছিন্নতা আন্দোলন চলবে কিনা। এরূপ চলতে পারে না। একবার পাকিস্থান হিন্দুস্থান হয়েছে আবার কি মানুষ সেই **पितक यात्व १ अक्तभ मव भवन्भव विद्याधी कथा वलालन আমा**त कुमभुखनीका मार रहाह. আমার মাথা চাচ্ছেন। (শ্রী ভোলা সেন: আমি আপনাকে ধন্যবাদ দিয়েছি ব্যক্তিগত প্রচেষ্টার জন্য। কিন্তু এই রেজলিউশানকে মানুষ ভুল বুঝতে পারে) মানুষ ভুল বুঝবেন কেন? আপনাদের কথায় আর ভূল বোঝাবুঝি হবে। সেইজন্য আমি এই কথা মানতে রাজি নই। সূতরাং আজকে এই প্রস্তাব শুধু পশ্চিম বাংলার পক্ষেই প্রয়োজন নয় সমস্ত ভারতবর্ষের পক্ষেও প্রয়োজন, এবং তাঁরা এই কথা বলবেন বিচ্ছিন্ন ভাষাভাষীর মধ্যে দাঙ্গা আমরা হতে দেবো না—তাতে আমাদের অগ্রগতি ব্যহত হবে। তিনি আবার বিলাতের উদাহরণ দিলেন। সেখানে অর্থনৈতিক অবস্থার জনা এ আক্রমণ হচ্ছে। এটা কি ঠিক—এটা ঠিক নয়। কনজারভেটিভ গভঃ সেখানে তারা এ জ্বিনিস শুরু করেছেন সেভেন্টি পারসেন্ট of their health institutions are run by the Indians of West Indies or Pakisthan or Bangladesh people. এটুকু তাঁর জানার কথা। যখন কাজ শেষ হয়ে গেল তখন ওদের উপর আক্রমণ হবে এটা কি যুক্তি যুক্ত আমাদের যেটুকু সংগঠন বিলাতে আছে তাদের বলেছি তোমরা এর বিরুদ্ধে রুখে দাঁড়াও এবং কালো আদমীরা এর বিরুদ্ধে রুখে দাঁড়াক। মরাল রেসপনসিবিলিটির কথায় বলতে পারি আমাদের দেশে এ জিনিস যদি রুখতে না পারি তাহলে অর্থনৈতিক কথাবার্তা বলে লাভ কি? অনেকে বলেছেন যে আমাদের দেশে যতদিন বেকার সমস্যা থাকবে ততদিন সমস্যার সমাধান করতে পারবেন না। গণতান্ত্রিক ও সামস্ততান্ত্রিক অবস্থার মধ্যে বড বড় দেশ এই সমস্যার সমাধান করতে হিমসিম খেয়ে গেল আমাদের দেশে যা আছে তাতে এই অসুবিধা সকলকেই ভোগ করতে হবে। বিভিন্ন ভাষাভাষী মানুষকে তা ভোগ করতে হবে। এই বেকার সমস্যার সমাধান যে সরকার দিল্লীতে আছেন তাঁদের দ্বারা হবে না কারণ যে ধনতান্ত্রিক পথে তাঁরা চলেছেন তাতে এই সমস্যার সমাধান করা যায় না। সেইজনা वनिष्ट (य এই সব कथा वर्ल जिनिमिंगोर्क ডाইভার্ট করা উচিত নয়। আসাম, মেঘালয়ে যা হচ্ছে সে সম্বন্ধে আমাদের কাছে যে খবর আছে আমার মনে হয় ইন্দিরা বা কেন্দ্রীয় সরকারের কাছেও একই বা বেশী খবর আছে। কি আছে না বিদেশীদের দ্বারা বা সাম্প্রদায়িক শক্তির দ্বারা এই সব জিনিস হচ্ছে। তারা হিন্দু বাঙ্গালী সম্বন্ধে একই কথা বলেন আর মসলমানদের কাছে আর এক রকম কথা বলেন। আমি সে সব কথা বলতে চাই না। আমার কাছে যে রিপোর্ট আছে তা কেন্দ্রীয় সরকারকে দিয়েছি। নিশ্চয়ই তাঁরা আমাদের চেয়ে বেশী জানেন। সেইজন্য এই প্রস্তাব উত্থাপন করার প্রয়োজন আছে এবং আমাদের মনে হয় কাউকে বিপাকে ফেলবার জন্য এটা নয়। দ্বিতীয় কথা হচ্ছে এই যে ভুল বোঝাবুঝির কথা হচ্ছে এর আগে আসামের যিনি মুখামন্ত্রী ছিলেন তিনি তো আমাকে একবার টেলিফোনে বললেন যে আমার বিবৃতিতে ওখানে ভুল বোঝাবুঝি হয়েছে। আমি বললাম কেন বলুন তো, আমি তো এমন কোন কথা বলিনি যাতে ভুল বোঝাবুঝি হতে পারে। আমি বলেছি কে বিদেশী তার আইন-কানুন আছে, সংবিধান আছে, কে ভোটার হতে পারে তার জন্য আইন আছে.

এগুলি আপনারা বলুন। আমি বললাম আপনি তো মুখ্যমন্ত্রী, আপনি তো জ্ঞানেন। উনি বললেন, না, আমি এখনও পরিষ্কার বুঝতে পারছি না। তখন আমি বললাম তাহলে এগুলি নিয়ে আলোচনা করি চলুন আমরা। আমি তো এইকথাই বলেছি, আর কোন কিছু বলিনি, আর কোন রকম ইন্টারফিয়ারেন্স কিছু আমার নেই। আমি একথা বলেছি যে এটা ঠিক করুন. ৬ মাস ধরে এই আন্দোলন চলছে, বিগত যে সরকার ছিল অন্তর্বতীকালীন তাঁদের কাছে ছটে গেছি যে আপনারা বন্দুন, আপনারা পরিষ্কার আছেন কে বিদেশী, কাকে নাগরিক वना रत। छंता वनलान आमता (मथिष्ट) छथात यावात खवकाम छंता (भारान ना। অন্তর্বর্তীকালীন সরকারের শক্তি সামর্থ্য নেই, কি তাঁরা করবেন। এখন তাই কথা হবে আইন সংবিধান এইসব ওঁরা দেখুন, এতে হয়ত ভোলা বাবু কিছু সাহায্য করতে পারেন, দেখে সবাই মিলে ঠিক করুন এর একটা সংজ্ঞা কি হবে, কোন সালে হবে, কি হবে ইত্যাদি। এই সম্বন্ধে আমার কিছু বক্তব্য নেই। আমি শুনেছি আসামে জাতীয় পার্টি যারা আছে তাঁরা মোটামটি একমত হতে পেরেছেন, তাঁরা দিল্লী সরকারের কাছে জৈল সিং যখন গিয়েছিলেন তাঁকে তাঁরা বলেছেন এইসব দিল্লী সরকারের কাছে তাঁরা রাখবেন। শ্রীমতী ইন্দিরা গান্ধী মিটিং ডেকেছেন ওখানে আলোচনা করবেন। আমাদের কাছে প্রস্তাবগুলি এলে তখন আমরা বলতে পারব কোনটায় একমত হতে পারি, কোনটায় পারি না, কোনটায় অসবিধা হবে, কোনটায় সুবিধা হবে এইসব আমরা বলতে পারি। এই হল আমার ২ নং কথা। ততীয় কথা হচ্ছে, যার মধ্যে এখন যাবার দরকার নেই সেটা হচ্ছে ধরুন নানা রক্তম আইন-কানন সংবিধান দেখে সবাই মিলে একটা সিদ্ধান্ত নিলাম একমত হয়ে, এইসব ব্যাপারে একমত হতে পারলে ভাল হয়, আমরা ধরে নিলাম যে এরা হচ্ছে নাগরিক। তাহলে এটা প্রমাণ হবে কি করে? প্রমাণ হওয়া খুব কঠিন। এরজন্য কোন একটা কমিসন কিছ করতে হবে। কিন্তু এমন লোক দিয়ে করতে হবে যাদের উপর আস্তা থাকবে বিশেষ করে আসামের এবং মেঘালয়ের যারা সংখ্যালঘু তাদের। সেই আস্থা না থাকলে এই যে ৬ মাস ধরে যে ঘটনা ঘটে গেল তার কিছ হবে না। কারণ, আমরা জানি এনটায়ার এাডমিনিস্টেশন আসাম এবং মেঘালয়ের তারা এইসব আন্দোলনের সঙ্গে যুক্ত হয়ে গেছে। কয়েক মাস ধরে যা চলেছে সব খবর আমাদের কাছে আছে। কাজেই সেটা আমাদের ঠিক করতে হবে। এখানে একজন মেঘালয় থেকে এম. এল. এ. এলেন। আমি যতদর জানি তিনি ইন্দিরা কংগ্রেসের সদস্য ছিলেন। তিনি আমাকে একটা রিপোর্ট দিতে এলেন যেমন আরো অনেকে এসেছেন, শ্রী মানিক দাস তিনি এখানে কতদিন ছিলেন জানি না. দিন ১৫/১৬ মত তাঁকে আমি দেখলাম. তিনি যখন এখান থেকে মেঘালয়ের দিকে যাচ্ছিলেন তাঁকে ওয়েলে করে মাঝখানে খন করে দেওয়া হল। এই জিনিস ওখানে হয়েছে। আসাম ও মেঘালয়ের মধ্যে যেখানে বিচ্ছিন্নভাবে মান্য আক্রান্ত হয়েছে এইরকম ওখানে সব ক্যাম্প তৈরী হয়েছে সেখানে বিভিন্ন ভাষাভাষীর মানুষ সব আছে। আমার কাছে আসাম থেকে একজন মুসলিম লীগের এম. এল. এ. এসেছিলেন, অন্যানারা এসেছিলেন, হিন্দু, মুসলমান সকলেই তাঁরা দিল্লীতে বলেছেন, আমাদের কাছে এসেছেন, এখানে ওখানে যাকে পাচ্ছেন তাঁরা বলেছেন যে এদের খাওয়া পরার ব্যবস্থা করুন, কতদিন আর ক্যাম্পে থাকবে। এমনভাবে জিনিসগুলি সেখানে হচ্ছে। ভোট হতে দিল না. এটা একটা অভিনব ব্যাপার ভারতবর্ষে। আমাদের যারা প্রার্থী, ইন্দিরা কংগ্রেসের যারা প্রার্থী তারা যখন ফাইল করতে গেল তাদের ঘেরাও করে রাখা হল, যেতে দিল না। যারা

আন্দোলন করছে তারা তাঁদের বাড়ীতে মহিলাদের পাঠিয়ে দিল যে আপনারা তাঁদের দুয়ারে গিয়ে বসে থাকুন যাতে ওঁরা বাড়ীর বাইরে বেরুতে না পারেন। ছিঁড়ে ফেলে দিয়ছে দরখান্ত। এই জিনিস কখনও দেখিনি। সমস্ত ভারতবর্ষে ভোট হল, কিন্তু এখানে ভোট হল না। সেজন্য বলছি যেভাবে এই আন্দোলন হচ্ছে অসমীয়া ভাষাভাষী যারা আছে তাদেরও তো বক্তব্য আছে। তাহলে কি অনস্তকাল ধরে বাংলা দেশ থেকে, বিদেশী বলতে এখানে বাংলা দেশের কথা বোঝাচেছ, অনবরত লোক আসবে আর আমরা অসমীয়ারা একেবারে সংখ্যালঘুতে পরিণত হয়ে যাব, এটা কেউ সমর্থন করতে পারে না। উইদাউট ভ্যালিড ডকুমেন্ট যারা আসে তারা মিশে যায় ওখানে তাদের যে আত্মীয়স্কেন আছে তাদের সঙ্গে। ওদের এই বিবয়ে একটা বক্তব্য আছে। কিন্তু আজকে যে আন্দোলন হচ্ছে সেটা কি সেই পর্যায়ে আছে বা কোনদিন ছিল কিনা আমি জানি না। আমরা বলেছি যে তাদের মনের মধ্যে যেটা আছে যে বর্ডার সিল করে দিন, আমি ইন্দিরাকে বলেছি, আগের সরকারকেও বলেছিলাম যাতে একটা লোকও না আসতে পারে। যদি আসে তাহলে সমস্যা আরো কঠিন হয়ে যাবে। আপনারা বর্ডার বন্ধ করে দিন, আরো বি. এস. এফ. যা কিছু প্রয়োজন আছে তার আপনারা ব্যবস্থা করুন।

# [5-40 - 5-50 P.M.]

কিন্তু আমার কথা হচ্ছে যারা বহু বছর ধরে ওখানে রয়েছে, তাদের উপর আক্রমণ হয়েছে। একজন কেন্দ্রের মন্ত্রী যে হিসাব দিলেন, জানিনা তিনি তা কোথায় পেলেন, তিনি वललन ये लाक भाता निष्ठ इत जाता छ्यु विपन्नी नय, याप्नत छता विप्ननी वलएह। जाभि জানিনা এসব কথা ঠিক কিনা। তবে এটা দেখছি ওখানে ছাত্রদের পড়াশুনা বন্ধ এবং আসামীদের ক্ষেত্রেও তাই, ঐ একই অবস্থা। আমি তাঁকে বললাম, এটা যে আমাদের সমস্যা नग्न, সেকথা আপনাকে কে वनन ? आभाएत এখানে দু হাজারের উপর লোক রয়েছে, তাদের কে খাওয়াবে? শুধু তাই নয়, আরও শুনেছি, ওদের কয়েক হাজার আশীয় স্বজ্বন এখানে এসে পড়েছে, তারা ফিরতে সাহস পাচেছ না। এই আন্দোলনের শেষের দিকে कি হল ? না, আসামের তেল বন্ধ করে দেওয়া হল। তাতে আমি বলেছি এই বন্ধ করাটা ঠিক কাচ্ছ নয়, কারণ দিল্লী থেকে আমাকে টেলিগ্রাম করে জানাল যে পশ্চিম বাংলার কোটা একট কমিয়ে সেটা বারাউনীতে পাঠাবে। এটা করলে তো উত্তর বাংলার জেলাগুলির সব কিছ বন্ধ হয়ে यात। जन्म आमि वननाम, এটা कि करत হবে, এইরকম ভাবে জিনিস বন্ধ হয়ে যাবে একটা রাজ্যের, যে জিনিস সেখানে তৈরী হচ্ছে? তখন ওখানকার স্টুডেন্ট ইউনিয়ন না ওই সংগ্রাম পরিষদ, তারা আমাকে বলল ইন্টারফিয়ারেন্স ইন এন্টায়ার আসাম ইন কানেকশন উইথ দি ন্যাচারাল রিসোর্সেস অব আসাম। তাহলে দেখুন ওরা কোথায় গেছে, ভুল পথে গেছে, না কোথায় গেছে, আপনারা চিম্বা করুন। আমি এই জ্বিনিস শ্রীমতী গান্ধীকে দেখিয়েছিলাম, তিনি বললেন হাা, শুনেছি ঐ রকম সব স্লোগান দিচ্ছে ব্লাডি ইন্ডিয়ান গেট আউট ইত্যাদি। এই সব নানা কারণে এই আন্দোলনের প্রতি আমাদের নন্ধর রাখতে হচ্ছে। তথু আমরাই নয়, নেপালী এ্যাম্বাসাডার আমার সঙ্গে দেখা করেছিলেন, নেপাল আমাদের বন্ধ রাষ্ট্র তাদের সঙ্গে আমাদের একটা চুক্তি আছে। তাদেরও লোকজন ওখানে রয়েছে, তারা টেলিগ্রাম পাঠিয়ে বলছে, আপনারা আমাদের কি সাহায্য করতে পারেন বলন, কারণ আমাদের

ওবা তাড়িয়ে দিচ্ছে তবে প্রগতিশীল মান্য যারা আসামে রয়েছে, তারা এই অবস্থাতেই মাথা ঠান্ডা করে কাজ করে যাচ্ছে। তারা এখনও মাথা নত করেনি এবং তার জ্বন্য আমরা গর্বিত। আসামেও আমাদের পার্টি রয়েছে, তারা ওখানে বিরোধী দল, সেই আসামী ভাষাভাষী লোকদের উপরও বেশী করে আক্রমণ করা হচ্ছে এবং বলা হচ্ছে কেন তোমরা এই সব পার্টিতে রয়েছে যারা বিচ্ছিন্নতা চায় না, যারা আমাদের আন্দোলনে নেই? এর ফলে তাদের জীবন পর্যন্ত দিতে হয়েছে। কিন্তু সৌভাগ্যবশতঃ তাঁরা কেউ আত্মসমর্পণ করেন নি। তাঁদের মধ্যে অনেক প্রফেসর রয়েছেন তাঁরা কাগজ বার করছেন এবং সেই কাগজে এমন কথা লিখছেন যা কেউ লিখতে সাহস পেত না। এইভাবে তাঁরা লিখে চলেছেন আমি দেখেছি দু' একটি। কিন্তু শেষ অবধি এদেরই জয় হবে. এই যে শক্তি এদেরই জয় হবে। আমরা অনেক সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা দেখেছি, মানুষ কি রকম উন্মাদ হয়ে যায় আমরা দেখেছি, তার থেকে আমরা উঠে দাঁডিয়েছি। আমরা এই রকম বিচ্ছিয়তার আন্দোলন দেখেছি অনেক জায়গায়, এই ৩২ বৎসরের মধ্যে আমরা কত জায়গায় দেখলাম কিন্তু তার থেকে আমরা একেবারে উঠে দাঁডিয়েছি এঁটাই হচ্ছে আমাদের ভরসা। এখানে আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে, আপনাদের কাছে আগেই বলেছি আগে যে সরকার ছিল তার কাছে গিয়েছিলাম, তারপর ইন্দিরা গান্ধী. যেদিন আমরা খবর পেলাম যে উনি প্রধানমন্ত্রী ঘোষিত হবেন, সেদিন আমি ওঁকে একটা চিঠি লিখেছিলাম. তার পরদিন তিনি চিঠি পান। তাতে আমি লিখেছিলাম যে এটাকে আমাদের অগ্রাধিকার দিতে হবে। অনেক সমস্যা আছে ভারত সরকারের বা আমাদের সবার কিন্তু এটাকে সব চেয়ে গুরুত্ব দিতে হবে এবং সেইজনাই এই প্রস্তাবকে আমি এত সমর্থন করছি। আমি ওঁকে যা লিখেছিলাম তার দু' একটা পোর্সান এখানে পড়ছি, I know that on the assumption of office today you are very busy indeed, and you have many urgent problems to deal with. Nevertheless I feel compelled to draw your attention to the grave situation in Assam and Meghalaya where in the last few months thousands of non-Assamia and non-khasia population are being subjected to organised intimidation, insults and eviction from their hearth and homes. As you may be aware that in the recent months, specially after the announcement of the mid-term election to the Lok Sabha, a drive was launched in Assam to evict the people in that State speaking various non-Assamese languages by branding them as foreigners. It was austensibly directed against both the Hindus and Muslims who are alleged to have entered into Assam from Bangladesh without valid travel documents. It was also aimed at eviction of Nepalese speaking people. A similar move was initiated in Meghalaya. Series of riots, arson and deadly assault on innocent people took place in most of the districts of Brahmaputra valley and in Meghalaya. What is worse, according to reports received Assam police visited settlement of Bengalees to find out whether they have any valid papers to sit that they are Indian citizens.

এই পদ্ধতি, এটা কোন পদ্ধতি হতে পারে না, কোন আইনগত পদ্ধতি হতে পারে না. এটা অসভ্যতা, বর্বরতার পথ একথা আমি ওঁকে বলেছিলাম। তারপর বলেছিলাম দি

বেসিক Point is that unity and integrity of India is being advensely affected. তারপর সেই চিঠিতে আমি ওঁকে লিখেছিলাম যে ওদের তো ভয় যে ওরা যদি সংখ্যা লঘুতে একেবারে পরিণত হয়ে যায় সেদিকটাও দেখতে হবে But the methods adopted to identify the so-called foreigners are neither constitutional, legal nor civilized. As a result various people belonging to various non-Assamese language groups who live in Assam for ages worked there and have also participated in the earlier elegations of that State are now living in great panic. ৬ মাস ধরে চলছে thousands have crossed over into west Bengal. তারপর জানিয়েছিলাম ইন বোথ states thousands of employees of Central Govt. establisments; public undertakings, banks etc. are under constant threats. I need not go into the details because I am sure you are already aware of it. তারপর আর একটা কথা বলতে চাই The situation assumed a new dimension on January 4 when Assamese students began picketing in Naharkatia oilfields and in Gauhati and other refineries. Severe scarcity of kerosene and diesel have occurred in North Bengal districts and in Bihar geopardising the normal activities of the people there. The movement of goods and passenger vehicles has virtually come to a halt and even the gas turbine of the West Bengal State Electricity Board is having a fraction of the requirements. 451 সম্প্রতি আমরা ব্যবস্থা করেছি এখান থেকে পাঠিয়ে, আই সেন্ড a message to the Governor of Assam, Shri L.P. Singh on 4th of January but have not vet received any reply.... তারপর আমি বলেছিলাম আমাদের কনসার্ন বোধ করছি. তেলের ব্যাপারে আমি এই টেলিগ্রাম করেছিলাম, আসাম অসামীয়াদের এটা তো ভয়ঙ্কর কথা। এই রকম অনেক পিছিয়ে পড়া মানু আছে যারা হয়তো অন্য পথে চলে যেতে পারে। আমি ইতিমধ্যে দেখছি যে কর্ণাটকে যে নৃতন সরকার হয়েছে তারা বলছে hundred percent jobs for the people of Karantaka, এই সব কোথায় ঠিক হল, এই সব তো কেন্দ্রীয় সরকার আমাদের ডেকে ঠিক করবে এবং তাহলে এটা ভাল করে আলোচনা করা যাবে যে বাবসা বাণিজা থেকে আরম্ভ করে কাদের হাতে কতটা আছে সেটা ভাষ আলোচনা করা যাবে। কিন্তু এই পথ যদি নেওয়া হয় তবে ভারতবর্ষ থাকবেনা, আর যাই থাক। কিন্তু এটা তো আমরা চাই না কেউ সেইজন্য এই সব কথা ওঁকে লিখেছিলাম। তারপর শিলং সম্বন্ধে লিখেছিলাম যে আমাদের যে রিপোর্ট তাতে হচ্ছে চার্চ ইত্যাদির এই সবে হাত আছে।

[5-50 - 6-00 P.M.]

আমি ডিটেলস দিতে চাই না, কিন্তু এইসব দেখা দরকার। সেইজন্য আমি ওঁকে বলেছিলাম যখন দেখা করেছিলাম, তখনও বলেছিলাম। It is urgently necessary to decide as to who should be treated as "foreigners" according to our Constitution and Laws and what the method and the agency for determining that status should be. Till this is done, however, every effort should be made to give every one equal protection of law and any

attempt to evict non-Assamese and non-Khasis population forcibly should be firmly resisted. আর তারপর আমি বলেছিলাম আমাদের এখানে যাঁরা আছেন তাঁদের নিয়ে যান। তাঁরা বাংলা ভাষা বলেন বলে আমাদের দায়িত্ব হয়ে গেলে নাকি। I realise that mere administrative and police action is not the way out for bringing about a lasting solution. Political discussion with all parties and groups in Assam and Meghalaya is urgently necessary and this can only be organised by the Govt. of India. I hope and trust that despite all your preoccupations you will give this problem top priority. এইটা শেখবার পর আমি তাঁর সঙ্গে দেখা করি এবং আমি বলি আপনি তাহলে করুন। উনি আমাকে বলেন লোকসভা শেষ হলে, আমি নিজে যাব. ইতিমধ্যে ছাত্রদের ডেকে পাঠিয়েছি. তাদের সঙ্গে আলোচনা করবো। আর শ্রী সমর মুখার্জী পার্লামেন্টে আপনাদের পার্টির লীডার তিনি একটা সুপারিশ করেছেন। সেটা আমি গ্রহণ করেছি। রাজনৈতিক দলগুলি যারা আছেন তাদের সবাইকে নিয়ে আলোচনা করুন। যেটা বোধ হয় ৪ তারিখে হচ্ছে। শ্রী সমর মুখার্জী এসেছিলেন. তিনি আমাকে বললেন। উনি যাবেন বলেছিলেন। তবে শ্রীমতী গান্ধী বললেন. এটা খবই জটিল হয়ে গিয়েছে। সেইজনা আমাদের সবাইকে ধীর স্থিব ভাবে কাজ করতে হবে। আমি পরে আর একটা চিঠি পাঠাই। কারণ আমাদের কাছে অনেক দরখান্ত আসছিল। ওই দুটো রাজ্যে যারা পড়াশোনা করতো তাদের কাছ থেকে। সেটা আমি আগে জ্বানাতে পারি নি। তারা লিখেছিলেন দরখান্তে যে আমাদের অনেক অসুবিধা হচ্ছে, আমরা ইঞ্জিনীয়ারিং কলেজ বা মেডিকেল কলেজে পড়াশোনা করতাম। কিন্তু আমরা সেখানে যেতে পারছি না। আমাদের এখানে পড়ার ব্যবস্থা করুন। ত্রিপরার কয়েকজন আছেন তারা ওখানে নার্সিং পডছিলেন। কেন্দ্রীয় সরকার তাদের পাঠিয়েছিলেন। কিন্তু তারা সেখানে ফিরে যেতে পারছেন না। তারা বাঙ্গালী মেয়ে। আমি যখন গ্রিপরায় গিয়েছিলাম, আমার সঙ্গে তারা দেখা করেছিলেন। আমি লিখেছিলাম, এদের আমি কি করবো। এটা শুধ তো আমার উপর নির্ভর করে না অতএব আমি সে ফাইলগুলো রেখে দিয়েছি। কিছ দিন অপেক্ষা করবো আপনি কি করবেন। আমি ফেব্রুয়ারী মাসের চার তারিখে লিখেছিলাম। উনি ২৩ তারিখে আমাকে জবাব দিয়েছেন। I have received your letter of the 4th February. I fully sympathise with Bengalee speaking students in Assam. We are trying to find some solution for the present situation in Assam and I do hope all concerned will respond to our efforts to create an atmosphere of peace and harmony. I appreciate your decision to watch the situation for some time. Any precipitated action on the part of any one is likely to hinder our efforts for finding a solution. এইটা উনি আমাকে লিখেছেন। আমি এর সঙ্গে একমত। এখন অতীতের উনি সমালোচনার কথা বলেছেন, যা বলবার বলেছি, এখন আমাদের সবাই মিলে সাহায্য করতে হবে যাতে করে একটা সমাধান পাওয়া যায়। আমি ওঁকে বলেছিলাম, এটা শক্ত কান্ধ। বিভিন্ন পলিটিক্যাল পারটিস, বিশেষ করে অল-ইভিয়া পলিটিক্যাল পারটিস তাঁরা হয়তো মানতে পারেন, অনেকেই তাঁরা মানবেন হয়তো, কিছ যারা আন্দোলন করছেন তারা মানবেন না। আমার ধারণা। তবে তাদের বৃঝিয়ে যেতে হবে। কিন্তু সেই সময়ের মধ্যে যদি খন হতে থাকে। এইভাবে যদি বিতাডিত হতে থাকে, তাহলে তো

অসুবিধা হবে। সেইটা এ্যাডমিনিস্ট্রেটিভলি ঠিক করতে হবে। আর তেলের ব্যাপারটা বলি। সেদিন দিল্লীতে শ্রী শেঠী আমাকে ডেকেছিলেন। আমি শ্রীমতী গান্ধীকে বলি, আমি ওই মিটিং থেকেই তো বেরিয়ে আসছি। আপনি খবর পাঠিয়েছিলেন আসছি। যখন আলোচনা হচ্ছিল উনি একটা পরিসংখ্যান দিয়েছেন সেই আমাদের ইরাক কবে তেল দেবে, আর আমরা বসে থাকবো, ডিজেল কেরোসিনের জন্য, এটা তো হতে পারে না। ওনাকে বললাম এইটা আমাদের প্রথম দেখা দরকার আসামের তেলের ব্যাপারটা। উনিও সেটা বললেন, কিন্তু এখনও পর্যন্ত কিছু হয় নি। তবে ওরা আন্দোলন স্থগিত রেখেছেন। তাও দেখলাম, না, কেরসিন ছাড়বেন না। ডিজেল নিয়ে ওদের কি অসুবিধা হচ্ছে, ওরা ডিজেল ছাড়বেন। এখন তো ওখানে প্রেসিডেন্ট রুল, রাষ্ট্রপতির শাসন।

এখনতো প্রেসিডেন্ট রুল, রাষ্ট্রপতি শাসন। তার মানে শ্রীমতী ইন্দিরা গান্ধীর শাসন. সেদিক থেকে কিছু করবেন তো, তা নাহলে মারাত্মক অবস্থার সন্থি হয়ে যাবে। পশ্চিম বাংলার মানুষ প্রগতিশীল মানুষ সেই মানুষের রাজনৈতিক চিন্তাধারার পরিচয় বারে বারে আমরা পেয়েছি এবং এভাবেই আমরা রাখতে চাই, এভাবেই আমরা চলতে চাই। কেননা আমরা জানি সমস্ত উন্মন্ততা যা ওখানে চলছে, সেটা ভুল পথে যাচেছ, দেশ ভাগ করার পথে যাচেছ, এটা বন্ধ হবে, এটা বন্ধ করতেই হবে। কিন্তু আমরা যদি পুনর্বার এর মধ্যে জড়িয়ে পড়ি, আমাদের যদি ওদের পথে উত্তর দিতে হয়, ওদের পথে চলতে হয়, তো সেটা ভাল হবে না, এভাবে হতে পারে না। আমি আনন্দিত হলাম শুনে যে, আমি যাচ্ছি শিলিগুডিতে. আমি শুনে আনন্দিত যে ওখান থেকে কিছু অসমীয়া ছেলেমেয়ে কালচারাল ট্রপ নেমে এসেছে এবং ইয়ুথ সম্মেলনে যখন তারা বক্ততা দিয়েছে, অসমীয়া ভাষায় বক্ততা দিয়েছে, তখন সেখানে মানুষ তাদের সাদরে গ্রহণ করেছে, সেখানে তাদের করতালি দিয়েছে। এটা খুবই আনন্দের বিষয় যে এটারও প্রভাব তাদের উপর পডবে। যখন যাদবপরে ফুটবল টিম এসেছিল আসাম থেকে, আমাকে খবর দিয়েছিল যে এদিক ওদিক শুনছি, আমি তখন বলেছিলাম-পুলিস টুলিস যা করার করবে, আমাদের ছেলেমেয়েদের বলুন, এটা কি তথ পুলিসের কাজ? তারা এসেছে আমাদের প্রতিবেশী দেশ থেকে খেলতে, আসামের ওখানকার জ্বিনিস এখানে হতে পারে না,আমরা সভ্যভাবে জীবন যাত্রা করতে চাই। তারা খেললেন, খেলে চলে গেলেন ভালভাবে। কাজেই দটি দিক আছে, আমরা প্রতিবাদ করছি, আমরা প্রস্তাব রাখছি কেন্দ্রের কাছে। তো, ভোলাবাবু বললেন—আপনারা কি সাজেস্ট করছেন, আমি विन-जामता विराध किছ সাজেস্ট कतव ना. कान প্রয়োজন নেই। ওঁরা দেখছেন, ওঁরা মাথা ঘামাচ্ছেন, ওঁরা দেখবেন,আইন কি, সংবিধান কি। আমি সমর বাবুকে বলেছি---আপনারা কি ঠিক করেন, সেটা আমাদের জানান, সব রাজনৈতিক দলই সেখানে থাকবে। তারপরে আমরা দেখব যে আমাদের সেখানে কিছু বক্তব্য আছে কিনা, আমাদের কিছু করণীয় আছে কিনা, আমরা কোথায় এক মত আমরা কোথায় শ্বিমত। এখন থেকে আমরা কত বেশী একমত হতে পারি, এটা দেখাই প্রয়োজন আছে। কারণ এটা হয়ে গেলে মুস্কিল ওরা আসামী এরা वात्रामी। এটা একেবারেই না। মহারাষ্ট্রে যখন আন্দোলন হয়েছে, শিব সেনা আন্দোলন করেছে মহারাষ্ট্রে বারবার, আমরা সর্বভারতীয় পার্টিগুলি বলেছিলাম, আমরা তখন সরকারে ছিলাম না. কিন্তু আমরা এর প্রতিবাদ করেছিলাম যে এ জিনিস চলতে পারে না। সেজনা অনারা

উপর তলায় কি করবেন না করবেন, ঠিক করন। কিন্তু আমরা সাধারণ মানুষের কাছে আবেদন করেছি, এটা কোন পথ নয়, এই পথে সমাধান হতে পারে না। বিচ্ছিন্নতার পথ পরস্পরের মধ্যে হানাহানির পথ. এই পথে আমরা যেতে পারি না। আমি আশা করি সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব এখানে গ্রহণ করতে পারব এবং পাঠিয়ে দিতে পারব। কারণ এতে কোন ভূল বোঝাবুঝির অবকাশ নাই, কারণ এর একটা লাইনেও, যখন প্রস্তাব পেশ হয়, আমি দেখেছি, একটা লাইনও নাই, যাতে কোন আপত্তি হতে পারে। এটুকু বলে আমি এই প্রস্তাবকে সমর্থন জ্ঞানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৃহদে মলিক চৌধুরী ঃ মাননীয় স্পীকার মহাশার, আমাদের মুখামন্ত্রী মহাশার সুবিস্বৃতভাবে এই প্রস্তাব সম্পর্কে তাঁর বক্তব্য রেখেছেন। তার আগে বিভিন্ন বক্তা এই প্রস্তাব সম্পর্কে তাঁদের বক্তব্য রেখেছেন। এই সমস্ত বক্তব্যের পেছনে আমি শুধু একটা জিনিসই দেখতে পাচ্ছি, সেটা হচ্ছে যে, আসামে এবং মেঘালয়ে যে অবস্থা দেখা দিয়েছে, সেই ভয়াবহ অবস্থাতে আমরা আজকে পশ্চিমবঙ্গ বিধানসভায় এই প্রস্তাব এনে আমাদের ভারতবর্ষ যে এক এবং অবিভাজ্য, ভারতবর্ষের সেই ভাবমূর্ত্তিকে আমরা অল্লান রাখতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী, বিভিন্ন প্ররোচনা তাঁর কাছে আসা সত্বেও তিনি সেই ভাবমূর্ত্তিকে অক্ষুন্ন রাখার জন্য চেষ্টা করেছেন কেন্দ্রীয় সরকারের কাছে তাঁর বক্তব্য রাখতে গিয়ে আজকে শুধু বামফ্রম্ট নয়, রাজ্যের দলমত নির্বিশেষে সমস্ত মানুষের মনের ভাব প্রকাশ করার জন্যই এই প্রস্তাব আমরা এখানে রেখেছি। আমি আর বিশেষ বক্তৃতা দিতে চাই না, শুধু দু/একটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00 - 6-10 P.M.]

মিঃ স্পীকার ঃ মাননীয় সদস্যগণ, আমি দুটি ঘোষণা করতে চাই। প্রথমটি হচ্ছে আগামীকাল শর্ট সেসান হবে বলে আগামীকাল এডজর্নমেন্ট মোশান, কলিং এ্যাটেনশান এবং মেনসান থাকবে না, শুধু কোয়েন্দেন থাকবে। আনফরচুনেটলি ওঁরা চলে গিয়েছেন, যাই হোক আমি আপনাদের এটা জানিয়ে দিলাম। এই প্রসঙ্গে আমি এটাও জানিয়ে দিতে চাই যে এ ব্যাপারে বিজনেস এয়াঙভাইসারি কমিটির মত নিতে পারি নি আমি, সেইজন্য এটা আপনাদের সামনে রাখলাম, আশা করি আপনারা এতে মত দেবেন। দ্বিতীয় যেটি সেটি হচ্ছে, আজকে এই প্রস্তাবের আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট ছিল তা ৬টা ৪ মিনিটে শেষ হবার কথা, কিন্তু এখনও যা বক্তা আছেন তাতে আমি দেখছি আরো এক ঘন্টা সময় বাড়াবার দরকার। আমি সেইজন্য আরো এক ঘন্টা সময় বাড়াবার দরকার। আমি

শী সূত্যদ মন্লিক টৌধুরী ঃ মাননীয় স্পীকার মহাশয়, নাগরিকত্বের প্রশ্নে আমি একথা বলতে চাই যে কেউ বলছেন ১৯৫১ সালের আগে যারা আসামে এসেছেন তাদের নাগরিকত্ব দিতে হবে, কেউ বা বলছেন ১৯৭১ সালের আগে যারা এসেছেন তাদের নাগরিকত্ব দিতে হবে কিন্তু আমার বন্দ্রবার হচ্ছে, নাগরিকত্ব সম্পর্কে তারা যে সিদ্ধান্ত নিতে চলেছেন তার পেছনে বেসিসটা কিং ১৯৭৭ সাল পর্যন্ত আমরা যে ভোটার লিস্ট তৈরী করেছি সেখানে সারা ভারতবর্বের সমন্ত রাজ্যের ক্ষেত্রে যে নিয়ম হয়েছে সেটা আসামের ক্ষেত্রে প্রয়োগ করা হবে না কেনং বলা হচ্ছে, বাংলাদেশ থেকে লোক এসেছে, নেপাল থেকে লোক এসেছে

কিন্তু এই বাংলাদেশ থেকে লোক আসবার আগে যে সমস্ত মানুষেরা এসেছেন তাদের বাধা দেবার জন্য কেন্দ্রীয় সরকারের যে পুলিসী বাবস্থা ছিল সেই ব্যবস্থা থাকা সত্বেও সেখানে কি করে লোক আসতে পারে, নেপাল থেকে কি করে লোক আসতে পারে? সূতরাং এ' অজুহাতে যদি আমরা ১৯৭৭ সালে যারা নাগরিকের দাবি নিয়ে রয়েছেন তাদের সেই দাবিকে উপেক্ষা করি তাহলে অন্যায় করা হবে। সেইজন্য আমি মনে করি, ১৯৭৭ সাল পর্যন্ত যারা সেখানে নাগরিক হিসাবে রয়েছেন তাদের দাবিকে অগ্রাধিকার দেওয়া উচিত। বিদেশী সম্পর্কে যে সংজ্ঞা কেন তারা বলছেন বিদেশী নাগরিক, কেন বলছেন বিদেশী? ভারতবর্ষের ইতিহাসের প্রথম দিকে আমরা তাকিয়ে দেখি। এই ভারতবর্ষ বিচেছদের পিছনে যত রকম চক্রান্ত ছিল সাম্রাজাবাদী শক্তি তার সঙ্গে সামিল হয়েছিল। আমাদের দেশের নেতৃবর্গ, এই সমস্ত নেতাদের জন্য দেশ বিচ্ছেদ হয়েছিল। সূতরাং তার বলি আজকে সেখানকার মানুষ কেন হবে? আসামে যারা রয়েছে তাদের কেন হত্যা করা হবে, তাদের উপর কেন নিপীড়ন, অত্যাচার করা হবে? আমি আজকে এই প্রশ্ন তুলতে চাই কেন্দ্রীয় সরকারের কাছে। সূতরাং ভারত দ্বিখন্ডিত হবার পরে পাকিস্থান, বাংলাদেশের লোকের স্থান যদি ভারতবর্ষে হতে পারে, তারা যদি ভারতবাসী হতে পারে. এখানে তাদের যদি স্থান দেওয়া যেতে পারে তাহলে ওদের কেন দেওয়া যাবে নাং এটা ভারতবর্ষেরই দায়িত্ব। আমি বলছি না যে ওখানে শুধু অসমীয়ারাই থাকুক—সারা ভারতবর্ষে এক জাতি, এক প্রাণ, একতার যে নিদর্শন আছে সেই নিদর্শন নিয়ে তারা আমাদের সঙ্গে এক হয়ে থাকবে এবং এই সঙ্গে বলতে চাই যে মেঘালয় বা আসামে যে ঘটনা ঘটছে সেখানে গিয়েছিলাম। আসাম, মেঘালয়, মিজোরাম এবং মনিপুর স্টেটছডে গিয়েছিলাম। ভোলা সেন ব্যারিস্টার মান্য, তিনি বললেন জনতা রাজের সময় এই সব ঘটনা ঘটেছে। মিজোরাম সৃষ্টি করেছিল কে? মনিপুর স্টেটছড, মিজোরাম সৃষ্টি করেছিল কে? সেখানে যে আন্দোলন গড়ে উঠেছিল সেই সমস্ত আন্দোলনের পিছনে মিশনারীরা ছিল এবং সেই সমস্ত আন্দোলনের পিছনে মিশনারীরা মদৎ যুগিয়েছিল। আমি সেখানে গিয়ে হিয়ারিং নিয়েছিলাম বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে। তারা তখন এইকথা বলেছিল যে যদি প্রয়োজন হয় তাহলে আমরা অস্ত্র সাহায্য নেব এবং অস্ত্র সাহায্য নিয়ে আমরা আমাদের স্টেটছড প্রতিষ্ঠিত করব উত্তরপূর্বাঞ্চলে। ১৯৬৯ সালের পরের কথা বলছি, আমি তখন রাজ্যসভায় ছিলাম। জনতা রাজের আগে ইন্দিরা গান্ধী সমস্ত ক্ষমতা নিয়ে কেন্দ্রে রয়েছেন। সেই সময় সেখানকার মানুষের মুখে আমি এই কথা শুনেছিলাম। সুতরাং এ ওকে দোষ দিচ্ছেন, ও তাকে দোষ দিচ্ছেন। এত বড় একটা চক্রান্ত, এত বড় একটা ষড়যন্ত্র বিদেশী শক্তি যে করছে তার মোকাবিলা সহজে করা যাবে না. আমি তাই বিভিন্ন দলের বিভিন্ন মতের মাননীয় সদস্য যারা রয়েছেন তাদের কাছে আবেদন জানাব এটা একটা প্রদেশের সমস্যা নয়, একটা রাজ্যের সমস্যা নয়, এটা হচ্ছে আমাদের দেশ, জাতির সম্মানের সমস্যা, অস্তিত্বের সমস্যা। কাজেই সেই সমস্যার সামনে যে বিদেশী শক্তির চক্রান্ত হচ্ছে তার বিরুদ্ধে মোকাবিলা করার জন্য আসন আমরা সকলে যার যতটক শক্তি আছে তাই নিয়ে রুখে দাঁড়াই। এই কথা বলে প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তবা শেষ করছি।

[6-10 - 6-20 P.M.]

শ্রী ৰম্ভিম বিহারী মাইতি : মাননীয় উপাধাক্ষ মহাশয়, আসামে যে ঘটনা ঘটেছে সেই

সম্পর্কে সমাধান কল্পে ভারতের নেতৃবুন্দের হাত শক্ত করার জন্য যে প্রস্তাব কমলবাবু এনেছে আমি সেই প্রস্তাবকে সমর্থন জানাই। সেই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আজকে এটা দেখা দরকার যে আসামে এই যে সমস্যা এটা ১৯৮০ সালেই হয় নি। এই হত্যাকান্ড, ঘর পড়িয়ে দেওয়া মানুষের উপর অত্যাচার এটা শুধ হয়েছিল ১৯৪৮ সাল থেকে এবং ১৯৮০ সাল পর্যন্ত চলছে। ইতিহাসের সেই প্রন্তর যুগে এসে পড়েছে এই ১৯৮০ সালেও কারণ তারা আজ্বকে পাথর ছুঁড়ে ছুঁড়ে মারছে। আর তখন আমাদের নেতবন্দরা দিল্লীতে স্থির হয়ে বসে আছেন। ৩০/১/৮০ তারিখে ইন্দিরা গান্ধী আসামের ব্যাপারে বললেন তিনি বিশেষ ভাবে চেষ্টা করবেন। কিন্তু আজকে শুনছি তিনি ১ তারিখে সমস্ত বিরোধী নেতাদের নিয়ে বসবেন। আবার দেখা যাচ্ছে ২/২/৮০ তারিখে সেই বিচ্ছিন্নকামী ছাত্রদল যারা তাঁর কাছে গিয়েছিল তাদের সমস্ত দাবী দাওয়া মেনে নিয়েছিলেন আর আজকে যদি বিচার করা যায় তাহলে দেখা যাবে সেই হত্যাকান্ডের সেই হিংসাত্মক কাত্র যারা করছে তাদের পিঠে হাত চাপডাচ্ছেন। আবার যারা শান্তিকামী তাদের পিঠেও হাত চাপডাছেন। সেই নীতি নিয়ে আজকে তিনি চলেছেন। ভোলাবাব বললেন গত যে মন্ত্রীসভা ছিল সেই তাদের আমলে এই জিনিসের উদ্ধব হয়েছিল অর্থাৎ তিনি জনতা দলের কথা বললেন। তিনি অবশ্য চরণ সিংয়ের কথা বলতে ভূলে গেলেন। যা হোক সে সময় কিন্তু খুনোখুনি হয় নি, গ্রামকে গ্রাম পুডিয়ে দেওয়া হয় নি সেখান থেকে মানুষদের বিতাডিত করা হয় নি। এটা হয়েছে কংগ্রেসী মন্ত্রীসভা আমলে যখন ইন্দিরা গান্ধী এলেন তখন হয়েছে ১৯৭৩ সালে এই জিনিস হয়েছে। মেঘালয় মিজোরাম নাগাল্যান্ড কে সৃষ্টি করেছিল? সেখানে ইন্দিরা গান্ধী বার বার বিদ্রোহের আগুন জালিয়েছে। পর্বাঞ্চলে তিনি এই আন্দোলন সৃষ্টি করেছিলেন। আজকে যদি আমরা বাঙ্গালিদের পাশে গিয়ে না দাঁড়াই তাদের যদি আমরা না দেখি তাহলে শুধ পশ্চিমবাংলায় বাঙ্গালিরা বাস করে না সমস্ত জায়গাতেই এই বাঙ্গালিরা আছে। এবং একে যদি এডিয়ে যাই তাহলে আসাম থেকে যেমন বাঙ্গালী বিতাডিত হচ্ছে যেমন বাঙ্গালির ঘরবাড়ী পুডছে ঠিক তেমনি মহারাষ্ট্রে হবে, বম্বেতে হবে, বিহারে হবে, উত্তর প্রদেশে হবে। কারণ সব স্টেটেই বাঙ্গালিরা আছে। আজকে সমস্ত বাঙ্গালিরা এই বিধানসভার দিকে তাকিয়ে বসে আছে—কারণ তারা দেখছে যে এই বিধানসভা তো বসছে—কি প্রস্তাব আসে কি সিদ্ধান্ত নেওয়া হয়। সেই সিদ্ধান্তের দিকে বাংলা দেশের মান্য নির্ভর করে আছে। আমি সুহৃদবাবুর সঙ্গে এক মত ভারতবর্ষ যখন দ্বিখন্ডিত হোল তখন পাঞ্জাবের সমস্যা সৃষ্ঠভাবে সমাধান হোল। তখন क्षुव्यवनान (तार्क्क जिल्ना। शाक्षात्व यान करत (मुख्या रान स्थान यानारानि काँगेकाँगि থাকলো না সেখানে কোন জমি সমস্যা নেই। কিন্তু পশ্চিমবাংলায় সেই ব্যবস্থা রেখে দেওয়া হোল। যাতে স্রোতের মত লোক আসক আসাম থেকে আসুক অর্থাৎ উদ্বাস্ত সমস্যা এই পশ্চিমবাংলায় জিইয়ে রেখে দেওয়া হোল। আজকে শুনছি যে কুচবিহার আর ঐ আসাম এলাকায় আসছে কিন্তু তা নয়। আমাদের মেদিনীপুরের ডেবরাতে কয়েক শত এসেছে। তারা ঐ আসাম থেকে এসেছে। শুধু ডেবরা নয়, আরো আছে, হিসাব করে দেখবেন যেটা হয়ত মাননীয় মখামন্ত্রীর আইনগত বাধা আছে বলতে পারছেন না. বিভিন্ন জায়গায় চলে যাচছে। এই যে ভারাক্রাস্ত উদ্বাস্ত্ররা আসছে, তাদের আসার জন্য একটা অর্থনৈতিক অবনতি ঘটবে এবং আজকে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এটা চাইছেন। এই যে বাঙ্গালিদের অবস্থা, আজকে এখানে সরকার যদি আসামের নির্যাতিতদের পক্ষে সিদ্ধান্ত নেয়. তাদের সমর্থনে আন্দোলন

করে, তাদের সমর্থনে সিদ্ধান্ত রাখে তাহলে এই সরকারকে ভাঙ্গবার পক্ষে একটা সহজ্ঞ উপায় থাকবে। তারা মনে করবে যে এরাও হিংসার পথে যাচ্ছে। সে জন্য ভোলাবাবু অনেক সিদ্ধান্তের কথা তুলেছিলেন যে আমরা যেন সেই পথে যাই। তিনি যে কথাগুলি বলেছেন সেটা ঠিক নয়। আজকে আমাদের সিদ্ধান্ত নিতে হবে এবং এই সিদ্ধান্ত ওরাই করবে। আজকে ওরা কেন্দ্রে বসে আছে, ওদের দায়িত্ব আসামকে রক্ষা করা, আসামের প্রতিটি মানষকে রক্ষা করা। সেখানে ছাত্রদল সেদিনকার ইন্দিরাকে বলেছিলেন যে ১৯৭১ সাল থেকে সেখানে যারা আছে তাদের স্থায়ী অধিবাসী করা হবে, বিদেশী করা হবে না। আর গতকাল কাগজে বেরিয়েছে যে না. ১৯৫১ সাল পর্যন্ত যারা তাদের সেখানকার অধিবাসী হিসাবে স্বীকার করবে। আর ১৯৫১ সালের পর থেকে যারা আছে তারা সবাই বিদেশী। এই যে ব্যাখ্যা দিয়েছেন, এই যে মতামত, এই যে সিদ্ধান্ত সেখানে ছাত্র সংগ্রাম কমিটি দিচ্ছেন, আমার মনে হয় ইন্দিরা সেটা মেনে নেবেন। সেদিনকার যে সিদ্ধান্ত মেনে নিয়েছেন, আজও সেই সিদ্ধান্ত মেনে নেবেন। এটা একটা ভয়ংকর ব্যাপার। তেলের যে কারখানা, তেলের যে খনি সেখানে তারা সংগ্রাম আরম্ভ করল। এর কারণ কি? না, সারা ভারতবর্ষকে অচল করে দেওয়া। এই যে একটা ক্ষতিকারক সিদ্ধান্ত, এই সিদ্ধান্তের বিরুদ্ধে আজকে প্রধানমন্ত্রী রায় দিতে পারেন। তিনি সঠিক সিদ্ধান্ত নিতে পারেন সেখানকার অধিবাসীদের রক্ষার জন্য. ভাষাভাষী অঞ্চলের জন্য যে তোমরা চাকুরীর জন্য সংগ্রাম করতে পার. অর্থনৈতিক জীবনের জন্য সংগ্রাম করতে পার—আজকে যে তেলের খনির উপর ভারতবর্ষ নির্ভরশীল. যে তেল না হলে বন্ধে, দিল্লী পর্যন্ত অসহায় হয়ে যাবে, সেই তেলের উপর যখন সংগ্রাম হচ্ছে, সেই তেলের খনিকে বন্ধ করে রেখে দিচ্ছে, আর তিনি অসহায়ের মত বলছেন যে আমি পারছি না, আমাকে সময় দেওয়া হোক, আমি ওদের সঙ্গে আলোচনা করে দেখছি। এটা হয় না। যখন উত্তর প্রদেশে কয়েকটা মাত্র ঘর পুড়ে গিয়েছিল তখন কিন্তু সেখানে ছুটে গিয়েছিলেন। বিহারে ছটে যেতে পেরেছিলেন কিন্তু আজকে আসামের বেলায় তিনি পাচ্ছেন না। এটা সেই ইন্দিরা গান্ধীর চিরাচরিত যে সামস্ততান্ত্রিক পন্থা, সেই পথেই চলেছেন। সে জন্য আমি মনে করি এই যে প্রস্তাব এখানে এসেছে, এই প্রস্তাবকে সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত নিয়ে গ্রহণ করা উচিত এবং এটা দিল্লীতে পাঠানোর বাবস্তা করা হোক। এই কথা বলে আমার বক্তব্য শেষ কবিছ।

[6-20 - 6-30 P.M.]

শ্রী বিমলানন্দ মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসাম সম্পর্কে যে প্রস্তাবটা এখানে এসেছে, আমি সেই প্রস্তাবের অন্যতম উত্থাপক। এই প্রস্তাব আনতে গিয়ে কোন বিদ্বেষ কোন ভাষা ভাষী, কোন জাতি বা রাজ্যের প্রতি, সেখানকার মানুষের প্রতি আমাদের নেই। সামপ্রিক ভাবে দেশের মঙ্গলের কথা চিন্তা করে, দেশের ঐক্য, সংহতির কথা চিন্তা করে, দেশের গণতন্ত্রের কথা চিন্তা করে এই প্রস্তাবটা আনা হয়েছে। একটা আন্দোলন অত্যন্ত বিপথগামী হয়েছে এবং শুধু তাই নয় সাম্রাজ্যবাদী শক্তি নানা ভাবে এই আন্দোলনকে কাজে লাগাছে। শুধু উপ্র জাতীয়তাবাদী নয় ভারতের উত্তরপূর্ব সীমান্তে সাম্রাজ্যবাদের অনুচরেরা ঘোরাফেরা করছে এবং আন্দোলনকে অত্যন্ত বিপদন্তনক অবস্থায় নিয়ে যাচেছ। ১৯৬০ সালে যে ভাষাগত দাঙ্গা হয়েছিল, সেই সময় যে অবস্থা ছিল. সেই সময় আমাদের পার্টি আর. সি. পি. আই র

আমরা জীপে করে আসামের নেতৃবৃন্দকে সঙ্গে নিয়ে এবং কেন্দ্রীয় নেতৃবৃন্দকে সঙ্গে নিয়ে সারা আসামে ব্রহ্মপুত্র উপত্যকার বিভিন্ন জেলায় গেছি, মানুষকে বৃঝিয়েছি, তারা বুঝেছে, তারা শুনেছে। কিন্তু আজকে সেই অবস্থা নেই। সেদিন দেখেছিলাম নওগাঁতে গ্রামের মানুষের কাছে কথা উঠেছে, কাপ্তান অহিছে, জঁই লাগাতে লেগে, তার মানে আগুন লাগাতে হবে। তার আগে তারা মানুষকে জঙ্গলে সরিয়ে দিয়েছিল, নিজেরা তাদের তৈজ্ঞস পত্র, জ্ঞিনিস পত্র নিয়ে গিয়েছিল, তারপর জুঁই লাগায়, কাপ্তান চলে যাবার পর কিন্তু তাদের আবার পুনর্বাসন তারা করে দিয়েছিল। প্রীতির সম্পর্ক সেদিন ছিল। আজকে অবস্থা সঙ্গীন। সেখানে বলা হয়েছে, মাটি, অর্থাৎ সেখানে জমিকে বলে মাটি। মাটি হবে, ঘরবাড়ি হবে, ব্যবসা হবে, চাকবি হবে, বাঙ্গালী তাডালে, তারপর হবে। আমি একটা ইস্তাহার পড়ে শোনাচ্ছি, সেটা আসামী ভাষায়, সেই ইস্তাহারের পিছনে যে সাম্রাজ্যবাদী চক্রান্ত আছে—ভাষাটা আমি হবছ পদে দিচ্চি তাহলেই বঝতে পারবেন। "নতন বছরর দায়িত্ব—ভারাঘরর পরা বাঙ্গালী এ সপ্তাহর ভিতরত বাহির করি দ্বিতীয় সপ্তাহর ভিতরত অসম পরিত্যাগ করোওয়া। তার মানে এক সপ্তাহের মধ্যে বার করতে হবে, দ্বিতীয় সপ্তাহে আসাম ছাডতে হবে। অন্যথা তোমা লোকর অবস্থা ত্রিপুরা বাসীর দরে হব। সূতরাং তাড়াতাড়ি দায়িত্ব পালন কর। অনা অসমিয়াকে মাটি বাড়ি ঘর দুয়ার বিক্রি করাটো সম্পূর্ণ বন্ধ করক। গতিকে দেশে দেশদ্রোহী দল সাবধান। লাখ লাখ বিদেশীক বাহির করাটো তোমা লোকরে দায়িত্ব—নপুংশক অসম বা ভারত সরকার-এ এই দায়িত্ব পালন করিব লৈ। মানসিক ভাবে জ্বরাগ্রন্ত, গতিকে দায়িত্ব পালন করা তরন্তে। সকলো 'বদনকে' বছরর আরভোনীর পরাই বলি দিয়া, সকল বদনকে মানে সমস্ত বিভীষণকে বছরের প্রথমে বলী দাও। এই বদনের ভিতর শরৎচন্দ্র সিংহদের কান্ত বড়য়াও আছেন। সি. পি. এম. এবং আর. সি. পি. আই. এর নেতাদের উপর হামলা করা হয়েছে। অসমের পরা তেল চাউল মূল্যবান কাঠ, মরা পাট, আদি বিদেশ লৈ, আইন প্রদেশ লই, জোয়াটো তেজ্ঞদি হলেও সম্পূর্ণ বন্ধ করি দিয়া। বছরর আরম্ভনীর পরাই অসমীয়ার জনসংখ্যা বড়োয়াও মনোনিবেশ করা। পরিবার পরিকল্পনা আচনি জহামমে যাওক। অনা অসমিয়া বিষয়া বর্গর যি কোন আদেশ অমানা করা। তোমালোক অনা অসমিয়ার গোলাম ন হয়। সিঁহত কো অসম পরিত্যাগ করওয়া অবিলম্বে। অসমিয়ায় নয় এমন সব অফিসারদের আদেশ অমান্য করবে। চাকুরি বাকুরিত্ কোনেও অনা অসমিয়াত্ সুবিধা দিব ন আরিব। বঙ্গালী স্কুল বিলাকত এবছরর পরাই মাধাম অসমীয় সব লাগিব। অনাথায় সেই বিলাকত ছারখার করি দিয়া তুরন্তে। স্কুল নাম বিলাক অসমীয়া জাতীয় বীর বীরাঙ্গনার নামে নামকরণ হব লাগিব। বঙ্গালীর দোকান বজার ঘর মাটি নিজ অধীন লই আনা। গুপ্ত বাহিনী জরিয়তে 'স্বাধীন অসম যুক্ত রাজ্য'' (ইউ. এস. এ.) গড়া। তার বাবে প্রত্যেকেই "গরিলা যুদ্ধ শিখা" জয় তোমা লোকো অনিবার্য। শেষকালে ইংরাজীতে বলা হচ্ছে, We the people of U.S.A. hope that the Govt of India can not squeeze the blood of ASSAMESE and all others and not a single drop of blood to be shed. And the people of Assam (including U.S.A.) [It means Assam, Meghalay, Mijoram. Arunachal and Tripura] should be prepared to give a FITTING REPLY for blood thirsty attitude of the Government of India. JOI A.A. I.I ASOM. এটা থেকেই বৃঝতে পারছি যে, আন্দোলনকে কোন ধারায় নিয়ে যাওয়া হচ্ছে।

আমার কাছে খবর আছে মেঘালয়ে যখন মিঃ দাসকে মারা হল তখন প্রথমে তাঁর গাড়ী আটকে দেওয়া হয়েছিল এবং পরবর্তীকালে খোঁজ পাওয়া গিয়েছে, পূলিস পরে জানতে পেরেছে যে গাড়ী দিয়ে তাকে আটকে দেওয়া হয়েছিল সেই গাড়ীতে জনৈক মিশনারী ক্লাদী ছিলেন। সেই ঘটনার সঙ্গে তিনি জডিত ছিলেন এবং পরবর্তীকালে গ্রেপ্তার ইত্যাদি হয়েছে। उখाনে বিদেশী চক্রান্ত কিভাবে কাজ করছে এই ঘটনা থেকেই তা আপনারা উপলব্ধি করতে পারবেন। তবে আসামের একটা সমস্যা আছে এবং সেটা সেখানকারই সমস্যা, সেই সমস্যাটা অন্য জায়গার মানুষ ততটা বৃঝবেন না। প্রথম কথা হচ্ছে লোক-সংখ্যা সেখানে ক্রমাগত বেডে যাচ্ছে। দ্বিতীয়তঃ বিভিন্ন দিক থেকে মানুষ আসামে গিয়েছে। এক সময়ে ব্রহ্মদেশ ভারতবর্ষের অংশ ছিল, সেই ব্রহ্মদেশ থেকে অসংখ্য মানুষ এক সময়ে আসামে গিয়েছে। অর্থাৎ পূর্ব দিক ব্রহ্মদেশ থেকে সেখানে মানুষ গিয়েছে, পশ্চিম দিক নেপাল থেকেও প্রচুর মানুষ সেখানে গিয়েছে। তারপর আমরা দেখেছি বিশেষ করে ময়মনসিংহ জেলা থেকে এবং ঢাকার কোনো কোনো অংশ থেকে মুসলমান চাষীরা সেখানে গিয়েছে। পূর্ব বাংলার জমিদারদের পীড়নই এর কারণ ছিল। সেই সময়েও এ' দুটি জেলাতে অধিকাংশ প্রজাই মুসলমান ছিলেন। সেখানে মানুষ যাবার আর একটা কারণ হচ্ছে আসামের জমি অত্যন্ত উর্বর এবং প্রথম দিকে জনবসতি সেখানে কম ছিল। সেখানকার জমিতে অল্প পরিশ্রমের ফসল ভাল হত। যার ফলে পূর্ব বাংলার চাষীরা সেখানে গিয়ে কঠিন পরিশ্রম করে আরো বেশী ফসল করতে পারতেন। অল্প চেষ্টাতেই ভাল ফসল পাওয়া যেত বলে আসামের মানুষ বেশী পরিশ্রম করতেন না। কিন্তু ঐসব চাষীরা সেখানে গিয়ে বিভিন্ন জায়গায় জঙ্গল পর্যন্ত পরিষ্কার করে আবাদ করতেন। সেটা ক্রমে ক্রমে বাড়তে থাকে এবং তার ফলে কিছু কিছু বিবাদ-ও শুরু হতে থাকে। তখন বৃটিশ আমলে ১৯২০ সালে একটা আইনের দ্বারা কিছু কিছু রেস্ট্রিকশান করা হয়েছিল। তারপর ১৯৪৮ সালে ভারত স্বাধীন হওয়ার পর উপজাতি অঞ্চলে অন্য অঞ্চলের মানুষ যাতে জমি জায়গা কিনতে না পারে তার জন্য সরকারের তরফ থেকে ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু প্রশ্ন হচ্ছে ১৯০১ সালে আসামের লোক সংখ্যা ছিল ৩৩ লক্ষ, আর সেটা ১৯৬১ সালে বেড়ে হয়েছিল ১ কোটি ৮ লক্ষ ৩৪ হাজার এবং ১৯৭১ সালে হয় ১ কোটি ৪৬ লক্ষ, আর বর্তমানে সেটা আনুমানিক ১ কোটি ৮০ লক্ষ হয়েছে, তাহলেই বোঝা যাচ্ছে সমস্যা কিভাবে দেখা দিয়েছে। এটা তো গেল জমির সমস্যা। তারপর আসামের মানুষ আন্তে আন্তে শিক্ষা দীক্ষা পেতে শুরু করে। ফলে তাদের সামনে চাকরীর প্রশ্ন এসে উপস্থিত হয়। আমরা ২৫ বছর আগে দেখেছি আসামের গাংয়ের ছেলেরা লেখা পড়া শিখে চাকুরী করতে গেলেও ৬ মাস পরে ছুটিতে বাড়ী গেলে পর আর চাকুরীর ক্ষেত্রে ফিরে যেত না। কারণ গ্রামেই তাদের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা ছিল। সেই জন্য শহরে তারা যেতে চাইত না। কিন্তু আজকে সেই অবস্থার পরিবর্তন হয়েছে। আজকে তারা দেখছে যে তাদের প্রদেশের বাইরের লোকেরা তাদের প্রদেশের চাকুরী বাকুরীগুলি দখল করে আছে। সেই জন্যই আজকে সমস্যার তীব্রতা এত প্রবল। সূতরাং এই সমস্যার সঙ্গে মাটি বা জমির সমস্যার তীব্রতা আছে।

[6-30 - 6-40 P.M.]

আমাদের সেখানে আন্দোলন করতে হয়েছে। জঙ্গল এলাকা, বন এলাকা যেখানে গাছ

**तिरे अथवा वन तिरे, यामन निवमागत, कामज़ल এवः नर्छम एक्रमाग्र आस्मामन कर्**तिह। उता জমিকে যেখানে মাটি বলে সেখানে মাটি দখল করেছি। এই রকম অনেক কান্ড হয়েছে। জমির সমস্যা আজকে সেখানে তীব্র আকার ধারণ করেছে। সেখানে চাকুরীহীন মানুষের এবং চাষী. যাদের জমি নেই তাদের সংখ্যা বেড়ে গেছে। আজকে সেখানে আবেদন করা হচ্ছে, তোমরা যদি ওদেরকে তাড়িয়ে দাও তাহলে সেইসব ছ্রমি তোমরা পাবে, সেই সমস্ত বাড়ী তোমরা পাবে, সেই সমস্ত চাকুরী তোমরা পাবে—এই কথাগুলি বৃঝিয়ে তাদেরকে উত্তেজিত করা হচ্ছে। আজকে সেখানে সাধারণ মানুষের মনে এই মানসিকতার সৃষ্টি হয়েছে। এখন আমরা কি করবো? সেখানে এডিমিনিস্ট্রেশন সোজাসুজি ওদেরপক্ষে। আগে যে সরকার ছিল, হাজারিকা সরকার, এই সরকারও সোজাসুজি ওদের আন্দোলনের পক্ষে ছিল। ওখানকার আমাদের পার্টির রাজ্য কমিটির সম্পাদক পার্টির স্টেটমেন্ট লিখেছেন 'The latest behaviour of the Government has alammed the linguistic and religious minorities in Assam. Police have been sent to villages for detection of foreign nationals with electoral rolls in their hands. This is undemocratic and unjust. Further, it has generated a feeling of insecurity and panic among the linguistic and religious minorities in Assam. পুলিস সোজাসুজি ওদের পক্ষে, সরকারী কর্মাচারী ওদের পক্ষে, তারা ধর্মঘটে সামিল হচ্ছে. সত্যাগ্রহে সামিল হচ্ছে। এখন যেহেত সেখানে প্রেসিডেন্টস রুল এখন ইন্দিরা সরকার। আমরা শুনছি এবং জানাচ্ছি যে, চীফ সেক্রেটারী আসাম তিনি একেশান কমিটি যে আছে—আসাম ছাত্র ইউনিয়নের কাছ থেকে পরামর্শ নিচ্ছেন, তাদের নির্দেশ অন্যায়ী চলছেন। এই অবস্থা সেখানে সৃষ্টি হয়েছে। সমস্ত এাডমিনিস্ট্রেশন আজকে তাদের পক্ষে আন্দোলনকে এইভাবে সাহায্য করছেন। সেখানে প্রশ্ন হচ্ছে, কারা ফরেন ন্যাশানাল-এইটা হিসাব করা খুবই মুসকিল। মঙ্গল-দইএ একটা লোকসভার নির্বাচনকে উপলক্ষ্য করে—আমাদের এখানে যেমন ভোটার লিস্টে কারচুপির কথা বলেন, ঠিক সেই রকম ওখানেও ভোটার লিস্টে কারচুপি করা হচ্ছে এই রকম দাবী করা হয়েছিল। তারা বলেছে বহু বি-জাতীয় লোক ভোটার তালিকায় তালিকাভুক্ত করা হয়েছে। হাজার হাজার ফর্ম ছাপিয়ে দেওয়া হলো। আসাম জাতীয় দল একটা হিসাব দিয়েছেন। তারা বলেছেন ৪৭ হাজার ৬৫৭ জনের অবজেকশান দেওয়া হলো। ৩৬ হাজার ৭৮০ জনের এনকোয়ারী হয়, তার মধ্যে ২৬ হাজার ৭৮০ জন হচ্ছে বিদেশী। আসলে ১৯৪৬ সালে যে এাাষ্ট্র হয়েছে সেই এাাষ্ট্র অনুযায়ী হিসাব করা হয়েছে। কেউ কেউ বলছেন ১৯৫৫ সালের ভারতীয় নাগরিকত্ব এাক্ট অনুযায়ী করা হয়েছে। কিন্তু নির্দেশ একটা ছিল, ১৯৭১ সালের निर्प्तम । ১৯৭১ সালে হোম মিনিস্টার মেমো নং ২০০১১।১৬।৭১ তে একটা নির্দেশ দিয়েছিলেন—১৯৭১ সালের ২৫শে মার্চ পর্যন্ত যে সিটিজেনসিপ তার পরের সিটিজেনসিপ দেওয়া চলবে না। কিন্তু ওরা হিসাব করেছেন ১৯৪৬: ১৯৪৮ বা ১৯৫৫ সালের। আমি ওখানকার একটি পত্রিকায় দেখছিলাম সেখানে নলবাড়ি এলাকায় যাদের বহজনকে হতাহত করা হয়েছে—যে গ্রামে বেশী লোক মারা গেছেন—এখানে ৪০০ জন বলা হচ্ছে কিন্তু **७था**न সরকারী হিসাবে বলছে ৭৪ জন। এইসব মানুষ কিন্তু ১৯৪৮ সালে এসেছেন। আর একটা দিক আছে সেটা বোঝা দরকার—এখানে অনেকেই কিছু কিছু কটাক্ষ করলেন—অত্যাচার তথু অ-অসমীয়াদের উপর হয়েছে তাই নয়, অভিযোগ আছে ওখানে আর্মিরাও করেছেন

অত্যাচার আসামীদের উপর। নিলাচল পত্রিকায় দেখলাম দুলিয়াজানে সত্যাগ্রহীদের উপর যে অত্যাচার হয়েছে সেটা উল্লেখ করলেন, করলেন না বাঙ্গালী বিজ্ঞানীকে হত্যার ঘটনা।

